Shri Bejoy Kumar Banerjee: Sir, the charge is very very serious. Why was the member allowed to enter the House? This is a serious charge against him. In the fitness of things may I request you to consider whether you would suspend him.

(গোলমাল)

আমি বলছি যে এটা একটা গ্রেব্ডর অভিযোগ, তথন আমি বলছি যে প্রিভিলেজ কমিটি এটিটটে কমিটির ধার আমি ধর্নির না। আমি চাই সমস্ত কাজ সাসপেন্ড রেখে এটা এ হাউসে বিচার হোক তানাহলে খবরের কাগজে এ সব কথা লিখেছে কেন তা জানতে পাছিছ না। আজকে মিলিটারি কেটে হলে এটা একটা কোট মার্সাল হয়ে যেত।

Shri Sailendra Nath Adhikary:

্র মার একটী পয়েন্ট অব অর্ডার আছে সেটা শানান।

Mr. Speaker:

পয়েন্ট অব প্রিভিলেজ শেষ হবার পর আপনি দয়া করে পয়েন্ট অব অর্ভার তুলে বলবেন।

Shri Sailendra Nath Adhikary:

আমার এর উপর কিছু বন্তব্য আছে।

Shri Kamal Kanti Guha:

আমরা রাজী আছি এটা প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক কিন্তু কালকের ঘটনা ক্মর্রাজং কাব্যুকে নিয়ে যেটা হয়েছে সেটাও বেন প্রিভিলেজ কমিটিতে পাঠান হয়। [2-20—2-30 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, সে সম্পর্কে আমি বলতে চাই, এই সভার ডেপ্রটি লিডার খগেন বাব্ এই ব্যাপারটা প্রিভিলেজ কমিটিতে পাঠানর কথা সমর্থন করেছেন। আমিও আপনাকে অনুরোধ করিছ যাতে এটা প্রিভিলেজ কমিটিতে যায়। আমি মনে করি এই হাউসের কোন সদস্যের নামটা পাকিস্থানে চাল পাচারের ব্যাপারের সাথে যদি জড়িত করা হয়, তারচেয়ে গার্হ ত কাজ আর কিছ্ব হতে পারে না। আগে এই বিষয়টি প্রিভিলেজ কমিটিতে পাঠান হোক, এবং সেখানে, প্রিভিলেজ কমিটিতে বিচার করে দেখা যাবে যে সমস্ত ঘটনাটি কি? কি ভবে আমাদের ইন্জং রক্ষা করতে পারি, তা চিন্তা করা উচিত। এটা অত্যান্ত লন্জার কথা, যে আজকে পাকিস্থানে চাল পাচারের ব্যাপারে এখানকার কোন এক মাননীয় সদস্যের নাম জড়িত হয়ে আছে। মাননীয় সদস্য ম্রারী মোহন মাল্লা, তিনি পার্সোন্যাল এক্সলানেসন দিতে গিয়ে, 'বীকার করেছেন যে দ্ব-হাজার কুইন্টাল নয়, ছয়শো কুইন্টাল চাল দেবার জন্য সম্পারিশ করেন, খারা বিশোপসাগরে মাছ ধরতে যায় তাদের জন্য। কারা সেখানে মাছ ধরতে যায়, সেটা দেখা,

Shri Saila Kumar Mukherjee: Both Opposition Leaders and the Government side agree that it is one of the most reckless charges. So it is a matter for the Privilege Committee.

Mr. Speaker: I have to see whether it is within the jurisdiction of the Privilege Committee.

Shri Saila Kumar Mukherjee: Of course, the Speaker will decide it.

Shri Kashi Kanta Maitra:

অন এ পরেণ্ট অব প্রিভিলেজ, স্যার, আজকে মাননীয় সদস্য শম্ভূ ঘোষ মহাশয় আপনার কাছে অনুমতি নিয়ে যেটা করবার জন্য চেয়েছিলেন, সেটা আপনি অনুগ্রহ করে তাঁকে পড়তে দিয়েছেন। (Noise and interruption). Now I realise where the shoe pinches.

স্যার, আমি আপনার কাছে পার্লামেন্টের একটা প্রিসিডেন্ট রাখতে চাচ্ছি। এই রকম একটা অভিযোগ যখন হাউসে এসেছে, এই অভিযোগ সত্য হলে, আমাদের লম্জার কথা। আমাদের হাউসের একজন সদস্যকে আমাদের মধ্যে পেরেছি, যিন এইভাবে দার্ণ অভিযোগে অভিযুত্ত হতে চলেছেন। আপনার হয়ত মনে আছে গত পার্লামেন্টের সেসন-এ, তৈল ও জর্বালানী দশ্তরের মন্ট্রী, অধ্যাপক হ্মায়্ন কবীরের বির্দ্ধে, নির্দালীয় সদস্য, মাননীয় প্রকাশবীর শাস্ট্রী একটা অভিযোগ করেন, তাতে তিনি বলেন অধ্যাপক হ্মায়্ন কবীর জামিয়েণ্ড উল উলেমা ও ওয়ার্লিফ ফান্ড-এর টাকা ইউটিলাইজ করেছেন পলিটিক্যাল রাইট্রস্, পলিটিক্যাল ইন্টারেণ্ট ফ্লেফিল করবার জন্যে। এই সিরিয়াস্ এলিগেসন যখন করা হয়, যখন এই অভিযোগ করা হয়, তখন সেখানে কেন্দ্রীয় মন্ট্রী লাভিয়ের উঠে সেটা রিফ্টুট করেন, অস্বীকর করেন, এবং প্রধান মন্ট্রী শ্রীলালবাহাদ্র শাস্ট্রী পার্লামেন্টের ক্লোরে দাড়িয়ে বলেন এ অভিযোগ সত্য নয়। তখন শ্রীপ্রকাশবীর শাস্ট্রী তাঁর কাগজপন্ত বের করে ওয়েভ করতে থাকেন।

He waved sheets of paper to show that the allegation is borne out by recorded documents and news paper reports.

থে সব থবরের কাগন্ধে এই রিপোর্ট প্রকাশিত হয়েছে, সেই সব কাগন্ধ দেখ্ন, তাতে অধ্যাপক কবীরের নাম আছে। কবীর ষেসব মিট্টিং-এ যে'গ দিয়েছেন কাগন্ধে সেই সমস্ত তথ্য এবং সংবাদ পরিবেশিত হবার পর কবীর

Did not take any step to repudiate the insinuation made in the press reports.
যথন এই অভিযোগ এল তথন পজিসন হোল পালামেন্ট-এর কাছে স্পীকার-এর সামনে এল

সেটা ওথ এগেন্সট ওথ। সেখানে স্পীকার-এর দায়িছ কি হোল সেটা আমরা দেখলাম। সেখানে এইটা ন্তন নজীর আমাদের কাছে প্রতিষ্ঠিত হোল। যদিও পালামেন্ট-এ সেদিন প্রাইম মিনিস্টার নিজে দাঁড়িয়ে বলেছিলেন, আমি মনে করি যে, প্রকাশবীর শাস্ত্রীর এই রকম অভিযোগ আনা উচিত হর্না। তিনি আমাকে ব্যক্তিগতভাবে আমার চেন্বারে গিয়ে বলতে পারতেন। এই রকম দায়িছসম্পন্ন নেতার এই কথা বলা সত্তেও স্পীকার সেদিন চুপ করে থাকেন নাই। স্পীকার সেদিন বলেছিলেন যে, আমি সমস্ত বাাপারটা একটা এনকোয়ারীর জন্য প্রিভিলেজ কমিটিতে পাঠাছি। আজকে এই হাউসে আপনি দেখনে য্গান্তর এবং অম্তবাজার পত্রিকা দ্বটো কংগ্রেসেরই কাগজ, বিরোধীদলের কাগজ নয়।

(গোলমাল) এ ভয়েসঃ—কোশ্চেন, কোশ্চেন।

ওবা স্যার, এত উত্তেজিত হচ্ছেন কেন জানিনা। ও'দের তো গল্ডারের চামড়া। এত উত্তেজিত হবার কোন কারণ তো ব্বিধনা। আমরা ইতিপ্রে বহু অভিযোগ করেছি, কই তখন তো ও'দের কায়ে লাগেনি। অতএব আমি আপনাকে বলছি, আপনি শুনুন

(গোলমাল)

Mr. Speaker:

মিঃ মৈত, এবারে আপনি বস্না। আপনি যেটা বললেন আমি তার রুলিং দিয়ে দিচ্ছি। কাগ**জে** কি রিপোটেড হয়েছে আমি জানিনা।

I will look into the actual papers of the Lok Sabha, and I reserve my ruling on this point.

Shri Kashi Kanta Maitra:

স্যার, আপনার রুলিং আগামী কাল ফুড ডিবেট আরম্ভ হবার আ**গে বদি দেন তাহলে ভাল হয়।** তার কারণ আমি বলেছি আগামীকাল ফুড ডিবেট হবে।

Out of respect for constitutional principles, if the matter is in seisin of the Speaker, and if the matter remains in your custody and a decision is to be awaited, possibly, out of regard for constitutional propriety and dignity of the House, we cannot refer to this matter in tomorrow's debate.

Mr. Speaker: There cannot be any bar to your bringing in this matter in tomorrow's debate. আপনার প্রিভিলেজ্য জবাব আমি দেব।

Shri Apurba Lal Majumdar:

্রিম্ম স্পীকার সাার, এই সিচুয়েসন-এর গ্রাভিটি সম্পর্কে বিবেচনা করে নিশ্চরাই আ**পনি এটা** প্রিভিলেজ কমিটিতে দেবেন এবং কর্নসভার করবেন। কারণ ব্যাপারটি কাগ**জে বেরিয়েছে।**

Mr. Speaker:

িঃ মজ্মদার, আপনি একজন লইয়ার। কাগজে রিপোর্ট বেরিয়েছে বলে আমি আপনাদের এই প্রেল্ট-এ না দেখেশুনে কিছু ডিসিসন দিতে পরিনা।

I have to look into the papers of the proceedings of the Lok Sabha.

Shri Apurba Lal Majumdar:

্মিঃ স্পীকার স্যার, যেটা মাননীয় সদস্য শম্ভূ ঘোষ মহাশয় তুলেছেন আমি সেটার সম্পর্কে

১ একট, আপনাকে নিবেদন করছি যে, জিনিসটা যেভাবে হয়েছে উনি সেইভাবে দ্-হাজার কুইনটাল

চালের কথা অস্বীকার করছেন। অবশ্য আমি নিজের চোখে যেট,কু দেখেছি, আমি জানি কডগ্লি

পামিটি যা ইস্যু হয়েছে সেই পামিটিগুলো যে ইস্যু করেছে তাঁর পাওয়ার নেই ইস্যু করবার। এই চালগুলো নামখানার ভেতর দিয়ে নিয়ে যাবার চেন্টা হয়েছে নৌকা যোগে। প্রায় ৮০ খানা পামিট সেই পামিটগলো আমি নিজের চোখে দেখেছি এবং সেই পামিট-এর বলে এখন থেকে চাল যখন হাওড়া কর্মাপ্লটলী ছাই, যখন হাওড়া ফেসিং ফেমিন সেই সময় শ্যামপুরে থেকে মারারীবার ব বিক্মেন্ডেসন-এ যাদের যাদের পার্মিট দেওয়া হয়েছে তাদের অধিকাংশ লোকই কারখানায় কান্ধ করে এবং তারা ওর নিন্দের লোক। তার কেউই জেলে নর এটা আমি জানি। সেই পামিট-এর মধ্যে লেখা আছে, যে তারা সব জেলে। আমি স্যার, চ্যালেঞ্চ দিচ্ছি, আমি সেই পামিটি নিজের চোথে দেখেছি। সেই পামিটের মধ্যে একথা লেখা নেই যে তারা জেলে. সেই পামিটের মধ্যে লেখা আছে তাদের নিজেদের এগ্রিকালচারাল প্রোডাক্ট এবং বে এনকোয়ারী করা হয়েছে এখন পর্যন্ত দেখাগেছে সেই নৌকা করে মাঝি যারা নিয়ে গেছে তারা কেউই নৌকার মালিক নয়, জেলেও নয়। তাদের নৌকাও নয়, তাদের এগ্রিকালচারাল প্রোডাক্ট বলতে নিজেদের কিছু নয়। প্রায় ৮০।৯০ খানা নৌকা অলরেডি পর্লেশ সিজ করেছে এবং সেই সমস্ত পার্মিটে যা লেখা আছে আমি তা দেখেছি। এই বিষয়গুলো আমি এই জনা বলছি যে, সেই সময় ডল,বেডিএর এস ডি ও ডিস্টিক্ট মাজিস্টেট-এর কাছে বার বার লিখে পাঠাচ্ছেন যে আমাদের বাগনানে, উল্পর্বোড়য়ার এম আর সপ-এ একফোটাও চাল নেই—ড্রাই। সেপ্টেম্বর-এর লাস্ট উইক থেকে অক্টোবরের ফার্ম্ট উইক পর্যন্ত এম আরু সপ-এ এক ফোটাও চাল সেই এলাকার জন্য দেওয়া হয়নি। এই সময় সেই এস ডি ও-র নির্দেশ ওখানকার যিনি সাব-ডিভিসন্যাল ক্র্টোলার তিনি আমাদের এখানকার যিনি কংগ্রেসী এম এল এ মরোরী মোহন মামা তাঁদেরই সহযোগিতায়, তাঁদেরই লোকের হাত দিয়ে এত চাল বাইরে পাচার করেছেন। সেই পামিটে **लि**था আ**ছে या.** সাগরদ্বীপ হয়ে দীঘাতে যাবে। সেই সময় সাগরদ্বীপে চালের কে জি ছিল ৬০ নয়া প্রসা আর দীঘাতে চালের কে জি ছিল ৭৫ নয়া প্রসা। অথচ সেই সময় হাওডায় চালের কে জি দেড টাকা। প্রায় ২ হাজার কইন্টাল চাল ওখান থেকে ওখানকার অফিসারদের হাতেরমুঠোর মধ্য দিয়ে বাইরে পাচার হয়ে গেল। মুরারীবাব, চালকলের মালিক, তিনি হাওড়ার অন্যতম শ্রেষ্ঠ চালের ব্যবসায়ী। মাল্লা এ্যান্ড মন্ডল কোম্পানীর অন্যতম প্রোপ্রাইটর। তিনি ২ হাজার কুইনটল-এর বেশী চাল হাওডা থেকে গোপনে পাচার করে দিলেন। ম.খামন্ত্রী সেন যখন ডি এমদের কনফারেন্স ডেকেছিলেন তখন জিনিসটা উঠল।

[2-30-2-40 p.m.]

कि ভाবে জिनियটा উঠলো স্যার, প্রফক্স সেন মহাশয় যথন জেলা মেজিন্ট্রেটদের কনফারেন্স ভাকলেন যখন হাওড়া জেলা মেজিন্টোট চীংকার করছেন যে হাওড়ায় চাল নেই তথন মেদিনীপুরের क्षमा ह्यां कार्यों अद्भ वर्तमा या आभीन हाम रनरे वर्तम हीश्याव कराइन अथह राउछा क्षमा থেকে দুই হাজার কুইনটাল চাল মেদিনীপুরে চলে যাছে। (শেম (গোলমাল উভয় পক্ষ থেকে) স্যার, এটা অত্যান্ত গ্রেছ্পূর্ণ ঘটনা। তারপর স্যার, যখন হাওড়ার জেলা মেজিস্ট্রেট তার জেলাতে এনকোয়ারী করতে সূত্র, করলেন—সাার, এটা অভান্ত মিরিয়াস ঘটনা—আমি যুগান্তর পত্রিকাকে ধন্যবাদ জানাই যে তারা সত্যিকারের ঘটনা প্রকাশ করে জনসাধারণের কাছে সরকারের মুখোশ খুলে দিয়েছেন। (সরকার পক্ষ হইতে গন্ডেগোল) তারপর স্যার, মুখামন্দ্রী যথন কনফারেন্সএ এসে এই সব কথা জানতে পারলেন এবং মেদিনীপারের জেলা মেজিম্মেট যখন এই সব ব্যাপার পয়েন্ট আউট করলেন তখন তিনি অবাক হয়ে গেলেন তারণ পার্রামট ইস, করার একমাত মালিক জেলা মেজিন্টেট-এর যদিও ডেফিসিট জেলার বাহিরে পাচার করবার অধিকার দিতে পারেন কিনা এটাও ডিবেটবল প্রশ্ন। হয়ত জেলা মৌজস্টেটের ক্ষমতা থাকতে পারে কিন্তু তিনি কোন পাওয়ার ডোলগেট করেন নি এবং সাব ডিভিশনাল ফুড কন্ট্রোলারের কোন অধিকার নাই পার্রামট ইস্কু করার। তারপর জেলা মেজিম্টেট এনকোয়ারি করে ৮০।৯০টি পার্রামট ধরে ফেলেলন। তিনি দেখলেন যে তার সীল মেরে মরোরী বাব, নিজের লোককে জেলে সাজিয়ে বাহিরে চাল পাছর করে দিচ্ছেন। আমি জানি এবং আমি আপনাকে বর্লাছ যে আপনি এই ব্যাপারটা প্রিভিলেজ কমিটিতে পাঠাবেন। স্যার, এটা অত্যন্ত ভয়াবহ ঘটনা যখন বাগনান এলাকার লোকে চালের অভাবে মুগ কলাই ইত্যাদি খেয়ে জীবন ধারণ

করছে তখন যদি এই আইন সভার কোন সদস্য এর সঙ্গে জড়িত থাকেন এবং তিনি যদি কোন রক্ম মিথ্যার আশ্রয় নিয়ে জালিয়াতি করে চাল পাকিস্তানে পাচার করে থাকেন তাহলে এটা শূন-চয়ই প্রিভিলেজ কমিটিতে যাওয়া উচিত।

Mr. Speaker: Mr. Majumdar, please take your seat

Shri Apurba Lal Majumdar:

স্যার আমার বলা এখনও শেষ হয়নি।

Mr. Speaker: Mr. Majumdar, please take your sent.

🕆 Shri Apurba Lal Majumdar:

আমি প্রিভিলেজ কমিটি সম্বন্ধে

Mr. Speaker: I hope honourable members will allow me to go on with the regular business of the day.

Shri Nikhil Das:

স্যার, আমার একটা বলার ছিল.....

Mr. Speaker: Mr. Das, please take your seat. Sufficient time has been given for discussion of this point.

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received eight Calling Attention notices on the following subjects:—

- Police excesses in a Murshidabad village—from Shri Sanat Kumar Raha.
- (2) Intrusion and firing by Pakistan during the recent conflict—from Shri Ananga Mohan Das.
- (3) Accident at the 4th Blast Furnace at Durgapur—from Shri Bejoy Pal.
- (4) Lay-off of workers of R. S. N. Co. Ltd., West Bengal—from Shri Nikhil Das.
- (5) Rapid expansion of Filaria in West Bengal—from Shri Birendra Narayan Ray.
- (6) Opening of post-graduate and law classes in Mohsin College, Hooghly—from Shri Sambhu Charan Ghosh.
- (7) Non-availability of rice in modified ration shops at Barrackpore Subdivision—from Shri Gopal Banerjee.
- (8) Rise in prices of paddy-from Shri Sanat Kumar Raha.

I have selected the notice of Shri Nikhil Das on the subject of lay-off of workers of R.S.N. Co. Ltd., West Bengal. The Hon'ble Minister-in-charge will please make a statement or give a date for making a statement.

Shri Bijoy Singh Nahar:

শ্রক্তবার দিন দেব?

Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the 27th report of the Business Advisory Committee which at its meeting held on the 2nd November, 1965, considered the question of allocation of dates and time for Government Bills and other businesses for the current session of the Assembly. The Committee recommended that the following business be taken up by the House on the 4th and 5th November, 1965:—

Thursday, the 4th November 1965-Discussion on food situation.

Friday, the 5th November, 1965—Discussion on food situation.

The Committee also recommended the allocation of time for disposal of the following Bills, namely,—

The Wset Bengal Shops and Establishments (Second Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—one hour.

The Bengal Municipal (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—half an hour.

The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing—one hour.

The Calcutta Municipal (Third Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—two hours.

The West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending and Validating) Bill, 1965. (Introduction, consideration and passing)—half an hour.

The West Bengal Panchayat and Zillo Parishads (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—four hours.

The West Bengal Highways (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—one hour.

The West Bengal (Iramdan (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—one hour.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965 (Introduction and reference to Select Committee)—four hours.

The West Bengal Molasses Control (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—half an hour.

The Bengal Co-operative Societies (Amendment) Bill, 1964 as reported by the Joint Committee. (Consideration and passing)—six hours.

The Bengal Excise (Amendment) Bill, 1964, as reported by the Select Committee (Consideration and passing)—four hours.

The West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965.

—Four hours.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—one hour.

The Bengal Public Demand Recovery (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—one hour.

Shri Ardhendu Shekhar Naskar: Sir, I beg to move that the 27th report of the Business Advisory Committee presented this day, the 3rd November, 1965, be adopted.

The motion was then put and agreed to.

Shri Somnath Lahiri: Sir, on a point of clarification. As far as I remember, it was agreed yesterday that the West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965, should be referred to a Select Committee and on that basis the time allotted was four hours. Is that correct?

Mr. Speaker: Yes.

[2-40-2-50 p.m.]

Shri A. H. Besterwitch: Sir, I wish to draw the attention of the Minister through you to the fact that I have received a wire from Kumargram, Alipur Duar which runs as follows:—

"Food situation at Kumargram extremely acute people in complete starvation arrange immediate supply".

I have repeatedly informed the Government about this. They have not taken any action.

Shri Cirish Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীতো এখানে নেই, আমি আপনার মারফত প্র্লিশমন্ত্রীর দৃণ্ডি আকর্ষণ করছি। আমাদের এম পি শ্রীভজহরি মাহাতো আমাদের একটা চিঠি দিয়েছেন, সেটা আমি পড়ে দিচ্ছি। গত ২৯শে অক্টোবর ১৯৬৫ তারিখে বেলা ৮॥ টার সময় পাহাড়গেলা প্রাফের নর্রসংহ কুমার বর্ধনকে ভূষণ মাহাতো দিং দলবলে কংগ্রেসী অঞ্চল পঞ্চায়েত সেকেটারী বন্দ্র্ত, তীর ধন্ক এবং লাঠি দ্বারা রাস্তায় মেরোয়া করে হত্যা করেছে। আন্দাজ ১০টার সময় থানা প্রলিশে সংবাদ দিলে থানা প্রিলশ বিকেল ৫ টার মধ্যে ঘটনাম্পলে গিয়ে লাস ভূলে। থানা প্রিলশ আসামীকে না ধরে—থানায় কলৌ উৎসব হচ্ছে, সেখানে তিন দিন ধরে থিয়েটার হচ্ছে, হাজার হাজার টাকা গারীব লোকের কাছ থেকে আদায় করছে এবং উৎসব করছে। এই দ্বিদ্নি এই এমারজেন্সির দিনে প্রিলশ এইভাবে অনাায় কাজ করছে। আমি প্রিলশমন্ত্রীকে অন্যুরাধ করছি এটা ভদন্ত করা হোক।

Shri Aswini Rov:

মাননীয় অধ্যক্ষ মহাশর, আমি আপনার মাধ্যমে আসানসোল অণ্ডল-এ যে চালের অভাব হয়েছে তার জন্য আমাদের ফ্রড সাংলাই মন্ট্রীমহাশয়ের দ্বিউ আকর্ষণ করছি। সকলেই জানেন যে আসানসোল, বার্ণপ্র, কুলটি এইগ্রিলি শিল্পাণ্ডল। তাছাড়া এথানে প্রায় দ্ব'লক্ষের মত কালিয়ারি শ্রমিক আছে। এই অণ্ডলে গত ২৩শে যে সংতাহ শেষ হয়েছে সেই সংতাহ শেষ হবার সংগে সংগা দেখা যাছে মডিফায়েড রাাশন সপ থেকে মাত ৫ শত গ্রাম মাথা পিছ্ব চাল দেওয়া হয়েছিল। পরের সংতাহে আসানসোল, কুলটি, বার্ণপ্রের কোন জায়গায় চাল পাওয়া গাছে না। এ সংপর্কে একটা টেলিগ্রাম পেয়েছি আয়রণ এয়াণ্ড ণিটল ওয়াকার্স ইউনিয়নের নম্পাদকের কাছ থেকে, সেই টেলিগ্রামটা ছোট, আমি তাড়াতাড়ি পড়ে দিছিল—

'Last week only half kilo rice per unit preceding week no rice at all supplied o Burnpur, Kulti workers of ISCO. Last week no rice to M.R. Shop in Asansol Area causing tremendous hardship black market rice sells at one upee four annas per kilo. Guarantee food supply at controlled rate".

Shri Kamal Kanti Cuha:

স্যার, আমার একটা প্রেণ্ট অব প্রিভিলেজ আছে সেটা হচ্ছে কালকে বিজনেস এ্যাডভাইসীর ক্রমিটির মিটিং-এ ঠিক হার্যাছল যে চিফ মিনিন্টার দিল্লী থেকে ফিরে এলে একটা ন্টেটমেন্ট করবেন যে, ১৯৬৬ সালে গভর্নমেন্টের ফ.ড পর্লিস কি হবে তার উপর একটা ডিবেট হবে। এটা আমাদের ঠিক হয়েছে কালকে অথচ আজকে পেপারে দেখছি যে গভর্ণমেণ্ট আগামী বছরে কি পলিসি নিয়েছে সেটা কার্যকরী করতে সূত্রে করেছে। বস্তমতীতে খবর বেরিয়েছে যেখানে বলা হচ্ছে জেলা ম্যাজিন্টেটনের কাছে নির্দেশ গিয়েছে যে তোমরা ধান সিজ করতে শরে, কর এবং তোমাকে যে কোটা ঠিক করে দেওয়া হয়েছে সেটা তোমাকে পরেণ করতেই হবে[।] সেই পরিমাণ ধান যদি তমি সিজ করতে না পারো এবং তারপরে তোমার জেলায় যদি অভাব দেখা দেয় ডাহলে তার জনা খাদা দণ্ডর দায়ী হবে না। এটা কি পলিসি কি ব্যাপার আমরা জানি না। সরকার যেখানে মনে করছে যে এক হাজার মণ ধান সিজ করা হবে সেখানে হয়ত ফসল খারাপ হয়েছে বা যিনি অফিসার গিয়েছেন তিনি হয়ত সেখানে গিয়ে কিছু ধান ছেড়ে দিলেন, তার **फ्टल २**ञ्चल कोत्र(गर्के **फटलिकल रुल**ना, जात्रजना कि रजलात स्नाक माकात कत्रदर? थामा मण्डत থেকে অভাবের সময় চাল দেবেন না এটা অত্যন্ত মারাত্মক কথা। কিন্ত এই ধরণের নির্দেশ গিয়েছে। যখন হাউস চলছে, মেম্বাররা এখানে উপস্থিত আছেন, ঠিক[্]হয়েছে ফুড পলিসি সম্বন্ধে ভিবেট হবে, চিফ মিনিন্টার ণ্টেটমেন্ট দেবেন, আমরা হাউসে ঠিক করবো আগামী বছর ফুড পর্লিসি কি হবে, তখন আমরা দেখছি ফুড পর্লিসি নিয়ে কাজ শুরু, করা হয়েছে। এতে আমাদের প্রিভিলেজ নন্ট করা হয়েছে, আমাদের হেয় করা হয়েছে। সেজন্য আমি জিনিষ্টা প্রিভিলেজ কমিটির কাছে আনতে চাই এবং সেবিষয়ে আপনার দুটি আকর্ষণ করছি।

আর একটা মজার কথা হচ্ছে আগামী বছর আমাদের এখানে দ্বভিক্ষ হবে সেজন্য আমাদের সজাগ থাকতে হবে এই সমস্ত বড় বড় কথা বলা হচ্ছে কিন্তু কি ধরণের অপদার্থ লোক নিয়ে এই খাদ্য দণ্ডর তৈরী হচ্ছে সেটা কাগজে বেরিয়েছে। খাদ্য দণ্ডরের একজন ম্খপাত বলছেন আর ১৫ দিন পরে অভাব থাকবে না। এ কথাত সব লোক জানে, এমন কি বাংলাদেশের গর্গালি পর্যন্থ জানে যে, ১৫ দিন পরে ধান উঠলে ন্তন বিচালি পাওয়া যাবে। এই ধরনের অপদার্থ, অযোগ্য লোক নিয়ে খাদ্য দণ্ডর চললে সামনের বছরে কি হাল হবে দেশের তা ব্রতে পারা যাছে। খাদ্য দণ্ডরের বা সরকারের যদি কোন পালিস থাকে তাহলে তাঁরা সেই পালিস এইভাবে প্রকাশ করে আমাদের হেয় করতে পারেন না এবং হাউস যদি অন্মোদন না করে তাহলে কোন পলিসিই হতে পারেন। সেইজন্য আপনার দা্ট আকর্ষণ করিছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফং আমি দৃ্টি আকর্ষণ করতে চাই আমাদের পরিষদীয় মন্দ্রী যিনি আছেন তাঁর এবং আমাদের বিধানসভার সকল সদস্যদের যে কেছু দিন আগে আমরা প্রত্যেকটি বিলের বাংলা ভাষণ পেয়েছিলাম কিন্তু বর্তমানে এতগুলি বিল আসছে, অর্ডিনেন্স হয়ে গিয়েছে, তার কোন বাংলা ভাষণ আমরা পাইনি। এর থেকে মনে হয় বাংলা ভাষার জন্য মন্দ্রীসভা মাঝে মাঝে উৎসাহ দেখান বটে কিন্তু আবার ভাটা পড়ে যায়। এই সম্পর্কে আমি সংশ্লিষ্ট মন্দ্রীর দৃষ্টি আকর্ষণ করিছি।

Shri Nathaniel Murmu:

স্যার, অন এ পরেণ্ট অব ইনফর্মেশন, সেটা হচ্ছে আমি মালদহ থেকে আসার সময় শ্নলাম মালদহের কংগ্রেসী এম এল এ শ্রীআসাদ্ধলা চৌধ্রুরী যুদ্ধের সময় পাকিস্তানে পালিয়েছেন।

Mr. Speaker: I cannot allow each and every member to rise and speak in this manner. You can raise this matter after obtaining my previous permission.

GOVERNMENT BILLS

The West Bengal Shops and Establishments (Second Amendment) Bill, 1965.

Shri Nikhil Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

প্রশীকার মহাশয়, কালকে আমাদের শ্রমমন্ত্রীর যে বক্তৃতা সেটা আমরা ভালভাবে শ্রনতে পাইনি কারণ মাইকের গোলোযোগ ছিল।

Mr. Speaker:

আপনারা যখন বলছেন যে আপনারা ভাল করে শুনতে পার্নান তখন লেট ইট বি রেড এগেন।

Shri Bijoy Singh Nahar:

সারে আমি অত বড়টা না পড়ে সামারিটা বলে দিচ্ছি। এটা অডি'নেন্স এইজন্য করা হয়েছিল আপনারা জানেন সপ এ। ए এসটাবিলসমেন্ট এ। 🕏 অনুযায়ী কলকাতা সহরকে এক একটা জোনে ভাগ করা হয়, এক একটা ওয়ার্ডে ভাগ করা হয় এবং সেই জোনগালিতে বিভিন্ন দিন দোকান বন্ধের নিয়ম করা হয়েছিল। কেউ শনিবার অধে ক দিন রবিবার পুরো দিন, আবার কেউ ব্রুম্পতিবার পূরো দিন, শুক্রবার অর্থেক দিন এই রক্মভাবে ছিল। সেখানে এক একটা এলাকায় যেসব দোকানদাররা ছিলেন তাদের বিভিন্ন রকমের দোকান ছিল, তাদের এতে নানা অসুবিধা হচ্ছিল'। সেইজন্য অনেক রিপ্রেকেন্টেশন আমার কাছে আসে। তারপর এখানে একটা ছোট এ্যামেন্ডমেন্ট করা হয় । ম্যানেজমেন্টরা বলেন যে রবিবারকে উইকেন্ড না করে মঙ্গালবারকে উইকেণ্ড করা হোক। বিভিন্ন দোকানের মালিকরা এই জিনিষ্টা বললেন যে আমাদের যদি এক দিন বন্ধ করা হয় রবিবার এবং সোমবার সকালে তাহলে আমাদের পক্ষে স্ববিধা হয়। সেইভাবে ঠিক করা হয় যে রবিবার প্রেরাদিন বন্ধ সমুহত কলকাতায় আর একটা ক্রাস শানবার বৈকালে অর্ধাদন বন্ধ করবে, আবার কেউ সোমবার সকালে অর্ধাদন বন্ধ করবে। আবার যাদের কর্নজিউমার গভেস নয় যেমন বইয়ের দোকান তাঁরা বলছেন শনিবার বিকালে বন্ধ থাক—আবার যাদের ব্যাভেকর সভেগ কারবার তাদের দোকান শনিবার বিকেলে বন্ধ করে সোমবার সকালে খোলা হোক এই অলটারনেটিভ পাওয়ার দেবার জন্য এই বিলটা এসেছে এবং এটা অনেক দিন ধরে চলছিল বলে অডিন্যান্স করা হয়েছিল। এটা আমি অপুনাদের কাছে পেশ করছি।

[2-50-3 p.m.]

Shri Nikhil Das:

মিঃ স্পীকার স্যার, আমাদের মাননীয় শ্রমমন্ত্রী যেটা বল্পেন সেটা হচ্ছে অর্ধেক দিনের ব্যাপার । সেই আর্ধেক দিনটা শনিবার না সোমবার হবে তার জন্য এই এ্যামেণ্ডমেণ্ট এসেছে—এটাই ব্রুলাম এবং সেই অর্ধেক দিনটি কে ঠিক করবেন—পশ্চিমবংগ সরকার ঠিক করবেন—না দাকানের মালিক ঠিক করবেন সেটা তিনি পরিষ্কারভাবে বলবেন।

Shri Bijoy Singh Nahar:

মামি এটা পরিজ্কার করে দিই—এই বলে রয়েছে যারা দোকানের মালিক তাঁরা যে নোটিশ করবেন সতে জ্বানিয়ে দেবেন যে পূর্ণ ছ্বটির আগের দিন বিকালে বন্ধ করবেন—না পূর্ণ ছ্বটির মিদিন সকালে বন্ধ করবেন—এই অধিকারটা মালিকদের দেওয়া আছে।

Shri Nikhil Das:

স্যার, এই বিলটি যথন এয়াক্টে পরিণত হয় তখন এটার মূল উদ্দেশ্য ছিল যে দোকানের যে কর্মচারীরা কাজ করেন তাদের দোকানের মালিকরা ঠিক ঠিকভাবে ছুটি দেন না এবং তারা ইচ্চা মত একদিন হয়তো মঙ্গলবার দোকান বন্ধ রাখেন আর একজায়গায় হয়তো বুধবার— আর এক জায়গায় হয়তো বহস্পতিবার বন্ধ রাখেন—তার ফলে জানা ধার না যে. দোকানের মালিকরা ঠিক ঠিকভাবে দোকানগালি বন্ধ দিচ্ছেন কিনা। আইনে পশ্চিমবঙ্গ সরকারের ঠিক করে দেওয়া উচিত যে এক একটা এলাকার জন্য এক একটা দিন দোকান বন্ধ থাকবে তাহ*লে* কোন দোকান মালিকের পক্ষে ফাঁক দেওয়া সম্ভব হবে না এবং ধরারও অসূবিধা হবে না। সেদিক থেকে এ্যাক্টে যেটা ছিল তার খুব বেশী পরিবর্তন এখানে করা হয় নি। কেবল অর্ধেক দিনটা দোকানের মালিকদের ডিসক্রিসনের উপর ছেডে দেওয়া হয়েছে। আর একটা এই প্রসংগ রাখতে চাই সেটা হচ্ছে এই যে রবিবারে যদি সমস্ত এলাকায় ছাটির দিন দোকান বন্ধের দিনগালি ঠিক হয়ে যায় তাহলে কিছুটা অস্ত্রবিধা দেখা যায়। যাঁরা অফিসে কাজ কর্ম করেন তাঁদের ছুটির দিন রবিবার—সেই দিন যদি দোকান বন্ধ থাকে তাহলে সেই এলাকায় যাঁরা বাজার করেন তাদের খুবই অস্ত্রিধা হয়। সেদিক থেকে পশ্চিমবংগ সরকার তারিখগলেল যখন নিদিশ্ট करत एत्वन रुथन रयन এই रथग्रामणे तारथन यार्क किन्च अमृतिथा जनमाधातरात ना रहा। यार्क লোকে ছুটির দিনে বাজার করতে পায়। এই হোল এক নং কথা—২নং কথা হচ্ছে রেশন সপ্রবাল রবিবার বন্ধ থাকতো-এবং আমরা বলার পর রেশন দোকানগালি রবিবারে খোলা থাকে। এতে অফিসে এবং কলকারখানায় যাঁরা কাজ করেন তাঁরা রবিবারে রেশন চ্চলতে পারেন। এখন এই নতেন এ্যামেন্ডমেন্টটাকে কার্যকরী করার ক্ষেত্রে এই দিকে যেন লক্ষ্য রাখা হয় যাতে ছুটির দিন লোকে বাজার হাট করতে পারে। হয়তো একটা ওয়ার্কিং ক্লাস অধ্যুষিত এলাকা - যেখানে মজুরুরা রবিবারে ছুটি পায়, সেই এলাকায় যেন রবিবার খোলা থাকে । এমন অনেক এলাকা আছে যেখানে মজ্বররা শ্রুবারে ছুটি পায় কিংবা অনা দিনে ছুটি পায় বৈদ্যুতিক গোলোযোগের জন্য--সেই এলাকা যখন নির্ধারিত হবে তখন সেই দিনটি নির্ধারিত হয়। ২নং হচ্ছে একই এলাকায় অর্থেক দিনের যে ঝাপার সেই এলাকায় কিছু দোকান খোলা থাকলে অস্কবিধা দেখা দেবে- অর্থাৎ দোকানের কর্মচারীরা অর্ধেক ছাটি থেকে বঞ্চিত হবে। কাজেই এগুলি যেন ঠিকভাবে নির্দিষ্ট করে দেওয়া হয়। এই যে ডিসক্রিসনটা মালিকদের উপর রাথছেন সেখানে আমাদের আশৎকা হচ্ছে যে হয়তো দোকান কর্মচারীরা আধবেলার ছুটি পাবেন না— তাই এই সব দিকে আমি শ্রম মন্ত্রীকে আপনার মাধ্যমে নজর র'থতে অনুরোধ করছি!

Shri Sanat Kumar Raha:

Sir, I beg to move that the Bill be circulated for the purpose of cliciting opinion thereon by the 30th November, 1965.

মাননীয় অধাক্ষ মহাশয়, যেভাবে শপ্স এাাও এসটাাবিলসমেণ্ট বিলটা এসেছে—আমরা ভেবেছিলাম আইনটা চাল্ক্ করার পর এ্যামেওমেণ্টটা কর্মাপ্রহেন্সিভ হবে। এবং আরও করেকটি
বিষয় এতে থাকবে। কিন্তু সে দিক দিয়ে না গিয়ে মাত্র একটা বিষয়—দেড় দিন ছুটির ব্যাপার
নিয়ে প্রমন্ত্রী যে আইনটা এনোছেন সেটা মোটাম্কিট সমর্থন করা যায় এবং কর্মচারীরাও
মোটাম্কিট চাইবে যেন তাদের আধ বেলা ছুটি না মারা যায়। আমি প্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ
করি—মফঃস্বল এলাকার সঞ্গে কলকাতা সহরের তুলনা করলে শপ্স এ্যান্ড এসট্যাবিলসমেণ্ট
এ্যাক্টের প্রাপ্রের অপারেশন কি হবে না হবে সে বিষয়ে আমাদের প্রশ্ন আছে। আমি এই
সম্পত কথা বলছি এই জন্য যাতে পরবতী অধ্যায়ে আরও কর্মাপ্রহেন্সিভ বিল আসে। আমি
মনে করি যে কলকাতার মত বড় বড় বাবসাদাররা ষেভাবে দোকান কর্মচারীদের শোষণ করে
মফঃস্বল এলাকাতে ঠিক সেইভাবে প্রাপ্রের এই আইনটি অপারেট করতে গিয়ে খানিকটা
অস্ক্রিবধা হয় কর্মচারী এবং ছোট ছোট মালিকদের পক্ষে। এই জন্য আমার মনে হয় কয়েকটি
বিষয়কে প্রির করে নিয়ে এর পরে একটা ক্মপ্রিহেন্সিভ বিল আনা উচিত। ষেমন আগে
দেখেছি যে শপ্স এনান্ড এসট্যাবিলসমেন্ট ব্যাপারে স্ক্র্পারভাইজিং ইন্সপেন্তারের সংখ্যা
ইন্সপেন্ত্রীরের সংখ্যা এতো কম ছিল যে ইন্সপেকসন হোত না। আইনটা আছে তা তারা কেট

জ্ञনতেন না। আবার আইনটা যথন প্রয়োগ করার জন্য সমুপারভাইজিং ইন্সপেক্টার, ইন্সপেক্টার এাপরেন্ট করা হোল তখন আবার দেখা যাচ্ছে আইনটাকে আইনের জন্য পালন করবার জন্য অতাতত উৎসাহ—যার ফলে বহু রিপোর্ট শুনা যায় যে এই আইনটা আইনের জন্য অপারেট করতে গিয়ে অনেক ছোট ছোট দোকানদারদের হয়রানি করা হয় এবং আমি জানি ৮টা তিন মিনিট হয়েছে, ইন্সপেক্টার বললেন কেন দোকান বন্ধ করো নি—তোমার বিরুদ্ধে কেস হবে, তথন আবার অন্যভাবে বাকম্থা করতে হয়। কাজেই আইন যত বেশী জোর করে চাপাতে যাবেন বাস্তব পরিস্থিতি যদি রিয়েলিস্টিক্যালি রেসপন্ড না করে অবজোঁইভ কান্ডস্ন যদি অনুক্**ল** না হয় সেথানে নিশ্চয় দুন**ীতি থাকতে বাধ্য। কাজেই এই রকম রেও**য়াজ হয়ে গেছে অনেক শপ্স এরণ্ড এসট্যাবলিসমেণ্ট ইন্সপেক্টার মাসহারার ব্যবস্থা করে নিয়েছে অনেক দোকানের সংখ্য। আমি এ বিষয়ে বিস্তৃতভাবে না বলে একটা বিষয়ের প্রতি আপনার দুটি আকর্ষণ করছি সেটা হচ্ছে—যেমন ধর্ন বহরমপুর সহরের কথা বলি—সেখানে ৯০ পারসেণ্ট দর্জির কাজ করেন—তাঁরা ফুরনে কাজ করেন কোথায়ও দুইজন কোথায়ও ৩ জন কারিগর কাজ করেন। সেখানে একজন মালিক থাকেন—সেও টেলার—বাকী লোক ফুরনে কাজ করেন। তাদের যদি শপ্স এ্যান্ড এসট্যার্বালসমেন্ট আইনের আওতায় ফেলা হয় তাহলে অনেক অসুবিধা হবে—এবং তারা বলেছে যে এতে আমাদের ইনকাম কমে গেল। এ বিষয়ে আমি শ্রমমন্ত্রীর দূল্টি আকর্ষণ করে স্থানীয় দক্তি সমিতির পক্ষ থেকে একটি মেমোরাস্ডাম দিই—তখন তার উপরে মোটামুটি জানানো হয় যে বাংলাদেশের সব জায়গায় যখন এটা চলছে তখন এখানে এটা চলবে না কেন। আমার বস্তব্য তব**্**ও আছে বে এই রকম ফ্রনের কাজ বহরমপ্রের মত আর কোথায়ও আছে কিনা সেটাও দেখা দরকার।

[3-3-10 p.m.]

তাদের অভিজ্ঞতা আমরা জানতে চাই বিশেষ করে টেলার শ্রেণীর উপর এই আইন প্রয়োগ করার ফলে তাদের আয় কমে গেছে এবং তাদের সঙ্গে আলাপ করে এই মনে হইতেছে যে নিদৃষ্ট সময় থাকার জন্য তারা যে মজ্বরী পরিশ্রম করে উপায় করে সেটাও কমে গেছে হয়তো যে যেখানে কাজ করে সেখানে হয়ত ২।১টা মেসিন আছে সেখানেও লেনদেনের ব্যাপারে অস্কবিধা হওয়ায় রোজগার বেশী হয় না। আর একটা কথা হচ্ছে ছোট ছোট দোকানের উপর ইন্সপেক্টার-রা গিয়ে বলে যে আপনাদের ভিজিটার বই ইত্যাদি কেন নেই। ক্যাজ্বয়াল-এর ছ্বটির থাতা কেন নেই, একুইজেসন রোল কোথায়। সে সম্পর্কে আমরা দেখেছি বহু দোকানে শিক্ষিত লোকের অভাব সেখানে ছোট ছোট দোকানে হয়ত ১ জন কর্মচারী আছে কিন্তু তারজন্য তাকে তাহলে ৫ খানা খাতা রাখতে হবে এবং এটা মেনটেন্ড করার জন্য তাকে ৫০।৬০ টাকা মাহিনা দিয়ে একজন শিক্ষিত কেরাণী রাখতে হবে। এই ব্যাপারে গরজ কর্মচারীর মালিকের নয়। অনেক সময় আমাদের মফঃস্বল অঞ্জলে বলতে হয় যে তোমার দোকানে নিয়ে নাও কিছু কাজ শিখ্ক। এটাই হচ্ছে একটা সামাজিক ব্যাখ্যা যা চীরকাল চলে আসছে। ই॰ডাস্ট্রিয়ালি ডেভেলাপ এলাকা যেখানে সেখানে এর্পভারে আইন প্রয়োগ করা যায় কিন্তু এগরেরিয়ান সিচুরেসান যেখানে ঠিক সেভাবে আইন প্রয়োগ করা যায় না—কিন্তু একটা ওয়েলফেয়ার দেট্টের কর্তক্য হচ্ছে এমনভাবে আইন প্রয়োগ করা যাতে কর্মচারীদের শোষিত হতে না হয় মাইন প্রয়োগ করা মানে এই নয় যে দ্নীতি প্রায়ণ কর্মচারীদের স্বিধা করে দেওয়া বা গ্রীব লোককে হয়রাণীতে ফেলে কিছা কিছা পয়সা দিতে বাধ্য করা। এই ভাবে এই আইনকে হার্যকরী করতে গিয়ে সামাজিক নিরাপ্তা কর্মচারীদের নিরাপ্তা অনেকসময় বিঘিতে হচ্ছে। সজনা আইনের প্রয়োগ সেভাবে করতে হবে। কিন্তু তার জন্য দ্নীতিপরায়ণ কতকগ্লি মিচারীকে প্রশুয় দেবার জনা যদি আইন প্রয়োগ করা হয় তাহলে সে আইন করার কোন বার্থকতা নেই এবং সেভাবে ডিরেকসান হওয়া দরকার । কলকাতা এবং বহরমপ্রে একই রকম মাইন হবে। আমি এ কথা বলছি ইমিংলমেশ্টেসান এমন ভাবে হওয়া উচিত যাতে একটা । রেলফেয়ার ভেটটের কর্মচারীর ছোট ছোট মালিকরা ব্রুতে পারে যে আমাদের উপর জাদিউস, নরা হচ্ছে। জাজমেণ্ট দেওয়া হচ্ছে। সে ক্ষেত্রে আমি মনে করি অত্যতত বিবেচনাশীল স্পত্ত-্যইজারী ইলেসপেট্রার দেওয়া দরকার। আমি এদের অনেকের সত্থে কথা বলে দেখেছি তারা **লেছেন আইন যা আছে তাতে অনেক অস্বিধা হচ্ছে যেমন ধর্ন রেজিণ্টেসানের ক্ষেত্র যাঁদ**

আমরা দেখি যে ১২ বংসর ধরে এই শপ্ এসট্যার্বালসমেণ্ট কনসার্ণ-কে সে কাগজটী তিন বংস অন্তর বিনিউ করতে হবে। কিন্ত সে কাগজটা এত পাতলা যেটা ১২ বংসর ধরে মেণ্টেন করা যায় না কাজেই যেখানে পরসা দিয়ে রেজিন্টেসান করতে হবে সেখানে সরকারের তর্ম থেকে রেজিন্ট্রেশান সার্টিফিকেটের কাগজের এমন বাবস্থা করা উচিত যাতে সেটা ১২ বংসং ধরে মেণ্টেন্ড করা যায়। কাজেই যে বিল এনেছেন সে বিল সম্পর্কে কিছা না থাকলেও এটাই হচ্চে বলার বিষয় যে এমনভাবে বাবস্থা করা উচিত যাতে করে কর্মচারীদের ১৬ আনা স্বাথ বজায় থাকে এবং যারা গরীব দোকানদার আছে তাদের কোন অস্মবিধা না হয়। অনেক সময় দেখা যায় যে বড দোকানদারদের কেস কম হয় এ বিষয়ে আমি অবশ্য পরে প্রশন করবো যে কোন এলাকায় কি কি পরিমাণ দোকানদারের বিরুদ্ধে কেস করা হয়েছে এবং তাদের সংখ্যা কিরুপ আরও বাধ্য করা হচ্ছে আইনের ব্যাপক প্রচার হওয়া দরকার। কোন কোন দোকান আইনের আওতায় আসে সে সম্পর্কে বাংলা ভাষায় প্রচার হওয়া দরকার। কিন্তু সরকার পক্ষ থেবে তার কোন বাবস্থা নেই। তার ফলে কেস দোকানদার-রা ব্রুতে পারে যে শপ্প এসট্যাবলিসমেশ এ।। রু বলে একটা আইন আছে। কাজেই মনে হয় সরকার যথন নতেন কোন আইন করবেন তথন সেটা ব্যাপকভাবে জনসাধারণের মধ্যে প্রচার করা দরকার এবং এমন কর্মচারী বাখা উচিত যারা জনসাধারণের সহযোগীতায় এ আইন প্রচার করবেন তা নাহলে দুন্নীতির সেথানে বাস বেশ্ধ উঠবে। এই কথা বলে মোটামটি এ আইনটা আমি সমর্থন করলাম।

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1966.

মাননীয় স্পীকার স্যার, এই এগামেন্ডমেন্টটা অতান্ত সংক্ষেপ। একটা দোকান দেডদিন ছ.টা থাকরে এবং সরকারের তরফ থেকে তার একদিন ঠিক করে দেওয়া হবে এবং বাকী হাফ ডে সেট শুপু কিপার-এর উপর ছেডে দেওয়া হল। তিনি ঠিক করবেন যে কবে হাফ-ডে থাকবে। এ সম্পর্কে কথা বলবার আগে প্রথমেই আমি মাননীয় শ্রমমন্ত্রীর দুচ্টি আকর্ষণ করবো যে এই বিল অনেক দিন আগেই পাশ করান হয়েছে। প্রায় দু'বংসর হল কিন্তু আমরা দেখছি এই বিলাটা আজও এনট্রি হচ্ছে না। হাওড়া জেলার বিভিন্ন এলাকায় দ, একজন অফিসার নিয়োগ করা হয়েছে ঠিকই কিন্তু আমি যখন রাতে বাড়ী ফিরি তখন ঐ এলাকার দোকানগালি দেখে মনে হয় যে এই বিলের এক্সসিকিউসান মাননীয় শ্রম মন্ত্রীমহাশয় বোধ হয় টে করে দিয়েছেন কিছু দিনের জনা। রাতে কিছু মাল কেনার দরকার হলে ঐ সমস্ত জায়গা থেকে অবাধে তা পাওয়া যায়। সেখানে যে লোকজন রয়েছে অর্থাৎ ঐ হাওড। অফিস পণ্ডাশ কিউবিক ফটের মধ্যে কিন্তু দেখা যায় যে সেখানে রাত সাড়ে নটা দশটা অবৃধি প্রত্যেক দিনই পালা করে ঠিক ভাবে দোকান খোলা থাকে। আমি চেন্টা করেছিলাম কেন এটা এনফোর্স হচ্ছে না তা দেখার জনা। আমি যা জেনেছি তা হচ্ছে যে সমস্ত লোকের উপর তার সংখ্যা অত্যধিক আজ এই অলপ সংখ্যক অফিসারের পক্ষে সমস্ত কিছ্ব দেখা সম্ভব নয়। দ্বিতীয়তঃ করাপসান সেখানে বাসা বে'ধেছে সেইজনা ইচ্ছা থাকা সত্তেও এটা হচ্ছে না। আজ দেখা যাচ্ছে সরকারী কর্মচারী-দের সহযোগিতাছ রাত সাডে নটা দশটা অর্বাধ সেখানের দোকান খোলা থাকে। আজকে সরকার य र्कार्जानिक्रिक वक्रातेन कराव कता जानतान राष्ट्रे स्क्रिनिक्रिक वक्रातेन कराज भाराहन ना তখন দোকানদারদের স্বার্থে ঐ দোকান কর্মচারীদের দিকে লক্ষ্য না রেখে এই এ্যামেন্ডমেন্টটি আনা হয়েছে। মাননীয় শ্রম মন্তিমহাশয় যে বস্তব্য পেশ করেছেন তাতে তিনি বলেছেন বে, অনেক দোকানদারদের রিপ্রেঞ্জেনটোটভ তাঁর কাছে এসেছে এবং তারা বিভিন্ন ভাবে বলেছে কেউ কেউ যে শনিবার না হয়ে সোমবার হলে অসর্বিধা হয় আবার কেউ কেউ তার উল্টো বলেছে। কাজেই আমরা দেখতে পাচ্ছি শ্রম মন্ত্রিমহাশয় যে এ্যামেন্ডমেন্ট এনেছেন যে এটা ফর দি ইন্টারেন্ট অফ দি এমপ্লয়ি ক্র্ন্স্টের্ডের স্বার্থের দিকে লক্ষ্য রেখে এই এ্যামেন্ডমেন্ট আনা হয় নি। সেজন্য আমরা দেখতে পাচ্ছি-শনিবার বা সোমবার যে দিন হোক এটা তারা ডিসক্লিয়েসান করবেন। আগে বা পিছে হোক সেই হাফ দিন বন্ধ করার অধিকার দোকানদারের হাতে তুলে দিচ্চেন তার ইচ্চামত তিনি হাফ দিনের ব্যাপারে তার ডিসক্লিয়েসান চালাবেন এবং সেইভাবেই দোকানে কেবল একটা নোটিশ টা**প্সিরে থেবেন**।

[3-10-3-20 p.m.]

আনার তথা হল যে এই ফেসিলিটি-টা আপনি ইনডিভিজ্যাল দোকানদারকে ক্লাস বেসিস-এ নয় নখানে যে ক্ষমতা দেওয়া হচ্ছে, তাতে ঐসব দোকান ওয়ালারা, কেউ বলতে পারে শনিবার আবার তেই বলতে পারে সোমবার এবং একই জিনিস বিক্রয় করে, একই ধরনের সপ যদি ক্রাস বেসিস-্র খানিকাট করতেন, তাহলেও বোঝা যেত যে এনফোর্স করতে খানিকটা সূর্বিধা হত,—পার্বালক-ত্র মধ্যে জানার সূর্বিধা হত, দোকানদার কর্মচারীদের পক্ষেও খানিকটা সূর্বিধা হত। তা না ক্র ইনডিভিজ্যাল এসটাবলিসমেণ্ট, ইনডিভিজ্যাল শপ্কিপারস, বিজ্নেসম্যান, তাদের যে কাস তাদের কোন ক্রাস বেসিস-এ না করে, অর্থাৎ দোকানদারদের ব্যক্তিগত সূত্রে, সবিধার দিকে লক্ষা বেখে ছাটি দেবার অধিকার যদি থাকে, সেইটাকে দোকান কর্মচারীর উপর চাপিয়ে দিয়ে অর্ধ দিবস বা হাফ ডে ছাটি এই আইনের মধে। দিয়ে দেওয়ার বাবস্থা হয়েছে। সেইজন। আঘ্রি বলছিলাম যে এইটা তিনি করতে গিয়ে, আর একটা অস্ক্রিধ। সূষ্টি করলেন। সেটা হল এক একটা এলাকায় গভর্নমেন্টের তরফ থেকে দিন নিদিন্ট করে দেওয়া হবে যে কার কোন দিন কার কোন এলাকায় দোকান বন্ধ থাকবে। এই হাফ ডে-র ক্ষেত্রে। যদি পূল দিবসটা গভর্নমেন্ট তার নিজের এবং দুই পক্ষেরই ইনটারেন্ট লক্ষ্য করে বালেন্সড ওয়ে-তে অর্থাৎ জনসাধারণের অধিকাংশের সূত্রে, সূত্রিধা এবং দোকানদার ও দোকান কর্মচারীর সূত্র ডে-র ক্ষেত্রে অর্ধ দিবসের ক্ষেত্রে, গভর্গমেণ্ট সেটা নিজের হাতে দায়িত্ব না রেখে, এবং দোকান কর্মচার্রার স্বার্থের দিকটা উপেক্ষা করে, শুধু দোকানদারদের স্বার্থে এত বেশী প্রিডোমিন্যাস্স দেওয়ার থাজি আমি দেখতে পাচ্ছি না। তাছাড়া, বারে বারে দোকান কোর্নাদন হাফ ডে বল্ধ থাকরে, সেটা যথন আমাদের জানা নেই, তখন সেটা আমাদের চেকিং ক্ষমতার বাইরে চলে যাবে তা করা ডিফিকাল্টি হবে। সেইজন্য বর্তমানে যতটকে এরিয়া আমাদের দুট্টিগোচরে রাখি যেখানে পার্ণ দিবস এবং অর্ম্প দিবস, সরকারী নির্দেশনামায় যে তালিকা থাকে, সেটা থেকে আমরা পাবলিকরা ব্রুতে পারি যে, ঠিক পূর্ণ দিবসের পরে, অর্ধ দিবস করে বন্ধ থাকরে তা আমাদের অগোচরে চলে যাবে। এবং আমার মনে হয় এই লাকুনা-র সুযোগ নিয়ে দোকান-দার, নোকান কর্মচারীদের ছাটি ঐ অর্ম্থ দিবস থেকে বঞ্চিত করতে পারে। তারপুর আমি শ্নভিলাম, জানিনা অবশা, এই এগমেন্ডমেন্টে নেই, আমি শ্রমনতী মহাশয়কে জিজ্ঞাস। কর্বছি সেটা হল, কিছুদিন ধরে শানতে পাচ্ছি যে কোন কোন বিশেষ ক্লাস অফ শপ্রকিপারসদের এই আইনের আওতা থেকে বাদ দেবার কথা শ্রমমন্ত্রী মহাশয় চিন্তা করছেন। আমি ঠিক জানিনা, যদি সতা হয় মণ্ডীমহাশয় জানাবেন। কারণ, আমাদের ধারণা যে, যদি ঐ রকম কোন পরিকল্পনা সরকারের থাকে, তাহলে নিশ্চয়ই এর এ্রামেন্ডমেন্ট পরে আসবে। তবে এটা ঠিক যে, যতটক ফেসিলিটি দোকান কর্মচারীদের দেবার জন্য এই আইন বিধানসভায় এনেছিলেন এবং তা ১৯৬০ সালে পাশ করে ছিলেন. সেটা এই ভাবে কেডে নেবার জন্য চেন্টা করবেন না, এই ভাবে আর. এই আইনকে এনফোর্স করবার পথে প্রতিবন্ধকতা সূণ্টি করবেন না। সেইজন্য আমি ঠিক ভাল ভাবে একটাকে গ্রহণ করতে পারিনি বলে, সারকলেশন মোশন-এ দিয়েছি। এটা ঠিক যে বিভিন্ন এলাকায় একটা ডেট ফিক্স করে দেওয়া উচিত, তা নাহলে কর্নসিউমার্স বা কাণ্টমার্স যারা তাদের খুব অস্বিধায় পড়তে হয়। আমি শুধু এইটুকু বলছি যে, এর মাধ্যমে আরও দোকান-দারদের সংযোগ দিলেন, যে তারা এই আইন ফাঁকি দেবৈ-তাতে দোকান কর্মচারীদের আরও অস্বিধার মধ্যে ফেললেন, এবং আইনকে এনফোর্সমেণ্ট করার পথে প্রতিবৃশ্ধকতা সুণিট कद्रालन । এই करत्रकीं कथा वर्तन, आभात वस्त्रवा स्मय कर्तीष्ट ।

Shri Aswini Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st December, 1965.
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আইন ১৯৬৩ সালে সম্পূর্ণভাবে ঢেলে সান্ধান হয়েছে। তারপর ১৯৬৩ সালের পর থেকে ১৯৬৪ সাল গিয়েছে, ১৯৬৫ সালে গত সেখানে এই আইনের একটা সংশোধন হরেছিল, সেটা হচ্ছে সম্ভাহের সংজ্ঞা কি হবে। আর এখন এই যে সম্ভাহের দেড় দিন কি রকমভাবে বন্ধ থাকবে—তার একটা থসড়া আইন আনা হয়েছে। ১৯৬৩ সালের থেকে

আজ পর্যত এই আইন প্রয়েগ করতে গিয়ে কোন কোন শ্রেণীর শ্রমিক ও কর্মচারীর অস্বিধা হলো সেটাকে বিচার বিবেচনা করে যদি একটা সামগ্রিকভাবে বিল আনতেন, সংশোধনী আনতেন, তাহলে খ্র আনশিত হতান। একটা অস্বিধা আমি জানি যারা ব্যাৎক এমংলীয়জ তাদের পক্ষ থেকে একটা রিপ্রেজেশ্টেশান দেওয়া হয়েছে এই আইনের প্রয়োগ সম্বন্ধে এই আইন যথন চাল্র হবে তখন এই ব্যাংক এমংলায়জনের সংতাহে ৪৮ ঘণ্টা কাজ করতে হবে। কিন্তু এর আগে তারা যে আইন অন্যায়ী চলতেন, সে হচ্ছে ন্যাশানাল ইন্ডাণ্টিয়াল ট্রাইব্নাল অন ব্যাৎকং ইন্ডাণ্টিয়াল এ্যাওয়ার্ড, তাতে তাদের সাড়ে ছবিশ ঘণ্টা সংতাহে কাজ করতে হতো এবং বছরে তারজনা তারা ১২০ ঘণ্টা ওভারটাইম করতেন। এখন সাড়ে ছবিশ ঘণ্টার জায়গায় ৪৮ ঘণ্টা নান্তম সময় করে দেওয়া হচ্ছে। যেটা আইনের ৭(২) ধায়ায় আছে, তাতে কাজ বছরে বেশী করতে হবে। বছরে ১২০ ঘণ্টা তারা ওভারটাইম পেতেন। এখন তা থেকে তারা বাণ্ডত হচ্ছেন। এই যে অস্বিধা তাদের হচ্ছে, এটা আইন প্রয়োগ করবার সময় দেখা গিয়েছে; এটা যান তিনি ভেরেচিন্তে বিচার বিবেচনা করে এই সম্পর্কে সংশোধনী আনতেন, তাহলে আমরা খ্সী

আরো বহু শ্রমিক আছে যারা হোটেলে রে'ল্ডরায় কাজকর্ম করছেন, তাদের পরিপ্রেক্ষিতে এই আইনটা দেখে মনে হচ্ছে এখনো আমরা ইন দি ডেজ অফ জাংগল-এ আছি, জাংগল ডে শেষ হয়নি। এখনো তাদের রাহি ১১।১২টা পর্য'ল্ড সেখানে কাজ করতে হয়। মাহলা শ্রমিকদের রাহি ১।১০টা অবধি কাজ করতে হয় যদি আইনে তাদের কিছুটা রক্ষার বাবদথা আছে তা থাকলেও আইন যেভাবে প্রয়োগ করা দরকার ছিল, তা হচ্ছে না। কাজেই এই রকম ট্রুকরা ভাবে জোড়াতালি দিয়ে আইনকে কার্যকরী করলে সকল সেকসনের স্মৃবিধা হবে না, বিশেষ করে ব্যাঙ্ক এঅ'লয়িজদের ক্ষেত্রে যে অসমুবিধা হয়েছে এটা মিল্মহাশয়কে একট্র চিন্তা করবার জন্য বলছি। সেখানে যে অসমুবিধা এসেছে, তা দ্রীকরণের জন্য একটা সংশোধনী তিনি নিয়ে আস্কুন।

আর সংশোধনীতে হাফ ডে এন্ড ওয়ান ডে যেটা রয়েছে, সেই সম্পর্কে এখন কিছু বলছি না পরে বলবে।।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় সভাপতি মহাশয়, শ্রীনিখিল দাস মহাশয় যে সাজেসান দিয়েছেন এবং অপ্রবলালবাব্ব যে কথা বলেছেন তারপর আমার আর নতুন করে কিছ্ বলবার নেই। যদি রবিবার বন্ধ করা হয় তাহলে যারা রবিবারে ছাট উপভোগ করেন তাদের পক্ষে অসাবৈধা হয়। অনেকে আবার রবিবার কেনাবেচা করেন, যেমন রেশনের দোকান। সেখানে ২।০ ঘণ্টা দাঁড়ালে চাল পাওয়া যায়। এখানে রবিবার করলে পরে কর্মচারীদের স্ববিধা হয় কিন্তু সোমবার মণগলবার করলে তাদের পক্ষে অসাবিধা হয়। মফস্বলের লোকেরা অনেকে ছাটিতে কোলকাতায় আসেন এবং কেনাবেচা করেন। কাজেই মন্ত্রীমহাশয়কে বলব যে তিনি এসব লক্ষ্য রাখবেন। রবিবার বন্ধ করা হলে ঠিক হবেনা। দেড় দিনের ছাটি তা দোকানদায়দের উপর ছেড়ে দেওয়া ঠিক হচ্ছে না। এর একটা ক্লাসিফিকসান করা উচিত। যা অপ্রবিবাব বলেছেন, চালের দোকান একদিন বন্ধ হবে, বই-এর দোকান একদিন বন্ধ হবে। তাছাড়া এ সম্পর্কে দোকানদারদের উপরে নির্ভর করা উচিত নয় গভর্গমেন্টের। হাফ ডে তারা বন্ধ করতে পারেন তবে সেও সাবজেক্ট টা দি এাপ্রোভাল অফ দি গভর্গমেন্ট হওয়া উচিত। স্ত্রাং তারা কথন খ্লাবেন বা বন্ধ করেনে তার ঠিক নেই। আধাদিন যেটা হবে তারও ক্লাসিফিকেসান হওয়া উচিত। বৃক সেলাররাও জানিয়ে দেবেন গভর্গমেন্টকেক কবে তারা হাফ ডে করবেন। কারণ সেটা জানিয়ে না দিলে এয়ানামেলি হবে। কাজেই এটাতে গভর্গমেন্টের এয়প্রভ্রাল প্রয়োজন।

[3-20-3-30 p.m.]

Shri Monoranjan Roy:

মাননীয় সভাপাল মহাশয়, ননীবাব, এবং অপ্রেবাব, হেমণ্ডবাব, প্রম্থ সভারা যা বলেছেন তার সংগ্যে আমি এইট্কু এাডে করে বলতে চাই যে এই বিলটা কার্যকরী করতে গিয়ে কি কি

অস্ত্রিধা হচ্ছে বিশেষ করে যে সব কর্মচারীদের জন্য এই বিলটা এসেছে তাদের কথা বিবেচনা দরে প্রব্লোজন মত অন্যান্য সংশোধন করতে পারলে ভাল হত। কিন্তু দঃথের বিষয় সে দিক থকে এটা হয়নি। একটা সংশোধনী যেটা মালিক শ্রমিক কর্মচারী সকলেরই ব্যাপার এবং চ্ছনসাধারণের স্বার্থ জড়িত রয়েছে তা সত্ত্বেও আমি ওকে স্মরণ করিয়ে দিতে চাই যে ব্যাৎক কর্মচারীরা বহুবার শ্রমমন্ত্রীর সংখ্য দেখা করেছেন, তারা আমাদের মারফত শ্রমমন্ত্রীর কাছে এসেছিলেন এবং আমি নিজেও একদিন বাাধ্ক কর্মচারী সমিতির প্রতিনিধিদের নিয়ে তাঁর সংগ্র দেখা করেছিলাম। তারা যে সমস্ত অস্ক্রিধা ভোগ করছেন সে সমস্ত ব্যাপারে। এখানে আমি তাদের কান্ধের ঘণ্টার ব্যাপারে বা ওভার টাইমের ব্যাপারে আমি বিস্তৃত ভাবে বলতে চাই না। কারণ ওগালো এই বিলের স্কপের বাইরে, কিন্তু তা সত্ত্বেও প্রমমন্দ্রীর কাছে এইটক রলর যে সে সমুহত বিষয়ের এ্যামেণ্ডমেণ্ট আনলে ভাল হত। তারপরে ডাইভারদের কথা যেটা সবকার এর থেকে বাদ দিয়েছেন এই বাদ দেওয়ার ফলে বড বড কোম্পানী যেগলো ক্রাইভ ন্টাটে আছে সেই সব কোম্পানীতে ২০।২৫ জন পর্যন্ত ড্রাইভার কাজ করে—এটা একজন ন্ট্রজন পারসোন্যাল ড্রাইভারের কথা নয়, কিন্তু তারাও কর্মচারী, তাদের দিকে তাকিয়ে দেখতে হবে যাতে তারা সংতাহে একদিন ছুটী পায়। তাদের এর থেকে বাদ দেওয়া হয়েছে এটা দর্বনেশ্র ব্যাপার। এখন যে সংশোধনী এসেছে এই সম্পর্কে আগেই তিনি ট্রেড ইউনিয়নদের ডকে আলোচনা করেছিলেন যখন এই এ্যাক্ট আসে। সেজনা আমি তাঁকে অবশাই ধনাবাদ নানার। এটার সম্পর্কেও যদি আলোচনা করতেন তাহলে সূর্বিধা হোত। কারণ দর্খেছ কর্মচারীদের অস্ববিধা কি। কলকাতা এবং মফল্বলে যে সমস্ত বড় বড় দোকান আছে गारमत वर्ट कर्म गात्री मृत्य मृताम्ख्य त्थरक अरम काक करतन । अवर अक मिन रम्छ मिरनत হটীতে তারা বাড়ী চলে যায়। বর্ধমান, বীরভূম, বীকুড়া এই সমস্ত জায়গার বহু, দোকান হর্মচারী আছেন যারা কাজ করতে এসে কলকাতায় থাকেন তাদের পক্ষে রবিবার হোল ডে বন্ধ থাকলে তাদের একদিনের ছাটী থেকে সম্পূর্ণ বঞ্চিত হতে হবে। কেননা শনিবার ছাটী হতে हत्त नावि आठें। नयुंगेत त्वभी **रा**य यात्र यािष्ठ आहेत्न आह्य स्व भीनवात आठेंगेत नमस्य मतुङ्गा ান্ধ হয়ে যাবে তা সত্ত্বেও তাদের হিসাব মিলিয়ে চাকরী বন্ধায় রাখবার জন্য অনেক বেশী সময় গ্যকতে হয়। তাহলে দাঁডাচ্ছে এই শনিবার তারা যেতে পারবেন না রবিবার সকালে তারা াড়ী যান, অন্য দিকে আবার সোমবার সকালেই তাদের রওনা দিয়ে আসতে হয় যার জন্য তারা সামবার ছুটী ভোগ করতে পারবেন না। সেজন্য ছুটীর আগের দিন অর্ম্পদিন যদি এবং ারের দিন সমস্ত দিন বন্ধ রাখা যায় তাহলে তাদের পক্ষে সূবিধা হয়। শেষ কথা যদি বিবার দিন যদি ছটৌ থাকে তাহলে কর্মচারীদের খবে অসুবিধা হবে। একথা ঠিক যে বিবার হলে পাবলিকের পক্ষে সূর্বিধা হবে। শ্রমমন্ত্রী বললেন যে দিল্লীতে রবিবার বন্ধ াকে। কিন্তু আমি ওকে বলছি দিল্লী আর কলকাতায় অনেক তফাং এবং আচার ব্যবহারে ানেক রকম পার্থক্য আছে। রবিবার দিন বন্ধ থাকলে কর্মচারীদের পক্ষে অসূবিধা হবে। বতীয়তঃ কর্মচারীদের সিভিল সাংলাই অফিসে যেতে হবে রেশন কার্ড আনবার জন্য পার্রামট ানবার জন্য এই সব কাজগালি তারা করতে পারবেন না যদি রবিবার বন্ধ থাকে কারণ আপনি ানেন যে অফিস আদালত সব কিছু রবিবার বন্ধ থাকে। অন্য দিকে রবিবারই মাত্র একটা নে যে দিন ব্যাৎক ইত্যাদির কর্মচারীরা বাড়ীর কান্স করতে পারেন। সেন্সন্য আমার কথা চ্ছে যে শুধুমাত্র মালিকদের স্বার্থের দিকে না তাকিয়ে যাদের জনা বিশেষ করে এই আইনটা রেছেন যে জন্য আমরা গতবার আপনাকে ধনাবাদ জানিয়েছিলাম তাদের দিকে আরেকট াকিয়ে দেখবেন যাতে করে অদেধক দিন ছুটী পরের দিনের সকালে না হয়। দ্বিতীয়ত সব ায়গায় যাতে রবিবার বন্ধ না হয় সেটা দেখবেন। বই এর দোকানের কর্মচারীরা আপনার ছে এসে ছিলেন তা আমি জানি, সেদিকেও একট্র লক্ষ রাখবেন। এই অন্রোধ জানিয়ে ামি আমার বক্তবা শেষ করছি।

Shri Deb Saran Chosh:

ননীয় সভাপাল মহাশয়, এই আলোচ্য বিলটা খ্ব বিতর্কম্লক নয়, তব্ত আমি দ্ই একটি । ধাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে উপস্থিত করতে চাই। পূর্ণ দিবস ছট্টী সম্পর্কে তিনি

বলছেন যে সরকার কর্তৃক নিম্পারিত দিনেই করতে হবে। তাই আমার মনে হয় এই সংশোধনীটা কলকাতার দিকেই লক্ষ্য রেখে করা হয়েছে। মফস্বলের বিভিন্ন গঞ্জে যে সমস্ত দিলোকান বাজার রয়েছে সেগ্লেল এক একটা চার পাঁচ মাইল দ্রে দ্রের অবস্থিত তাই বদি সম্ভাহে একটা দিনই ঠিক হয় তাহলে গ্রামবাসী ব্যবসায়ীদের পক্ষে অস্থিবা হবে। সেজনা আমি মনে করি সম্ভাহে একটা নির্দিশ্ট দিনে বাজার বন্ধ রাখা উচিত নয়। তারপর মালিকদের হাতে অর্ম্প দিবসের ছ্টীর ক্ষমতা ছেড়ে দিচ্ছেন তাতে এটা অভিসন্ধিম্লক বলে মনে হছে। এজন্য আমার সন্দেহ হচ্ছে অর্ম্প দিবসের যে ছ্টী তা থেকে কর্মচারীরা বাঞ্চত হবে। এমনও হতে পারে যে রবিবার প্রেদিন এবং সোমবার অর্ম্প দিবস ছ্টীর ব্যাপারটা মালিকদের ইচ্ছার উপর ছেড়ে দেওয়া হয় তাহলে সম্ভারের অনেক ক্ষেত্রে অর্ম্প দিবসের ছ্টী মারা যাবে। স্ত্রাং আমি মনে করি অর্ম্প দিবসের ছ্টীটা কর্নাটনিউয়াস হওয়া দরকার। আমি মনে করি প্রেদিবস এবং অর্ম্প দিবস ছ্টীটা এক নাগাড়ে হওয়া উচিত। আমি আবার শ্রমমন্দ্রীর দ্র্িট আকর্ষণ করতে চাই যে এই অর্ম্প দিবসের ছ্টীটা যদি মালিকের হাতে রাখা হয় এবং সেটা যদি ক্রটিনিউয়াস না করা হয় তাহলে কর্মচারীরা এই স্যোগ থেকে তারা বঞ্চিত হবে।

[3-30-3-40 p.m.]

অর্ধ দিবস কাজ করার পর আবার তাদের অর্ধ দিবস ছটে থাকছে। সেইজন্য অসূর্বিধার সন্টি হয়েছে। আমি মনে করি এটা সরকারের নিজের হাতে রাখা উচিত এবং সেদিকে লক্ষা রাখা উচিত, অর্ধ দিবস ছুটী এবং পূর্ণ দিবস ছুটী যাতে এক নাগাডে পায় সেটার বাবদ্যা করা উচিত। মাননীয় স্পীকার মহাশয়, এই আইনটা ১৯৬৩ সালে পাশ হবার পর বিভিন্ন মফঃস্বল সহরে বা গঞ্জ এলাকায় যে সমস্ত দোকান কর্মচারী আছে তারা এই আইন সম্বন্ধে এখন পর্যন্ত অজ্ঞ থেকে গিয়েছে। সেজন্য ব্যবসাদার যারা তারা আইনটা যাতে প্রচলিত না হয় সেজন্য তার সমস্ত ব্যাপারটি চেপে রাখার চেণ্টা করে। দোকান কর্মচারী যারা আছে তারা এই আইনটা সম্পর্কে সচেতন না থাকার ফলে পল্লী অণ্ডলে, বাজার, গঞ্জ, যেখানে দোকান কর্মচারী আইন চাল, হওয়া সম্ভবপর সেখানে আজ পর্যন্ত চাল, হর্মন। সেজন্য এর ব্যাপক প্রচার হওয়া দরকার। এই প্রসঞ্জে আমি একটা কথা মাননীয় শ্রমমন্ত্রীর কাছে রাখতে চাই সেটা হচ্ছে বেলডা গানা, বেলডা গার একটা বিরাট গঞ্জ এবং মুশি দাবাদের একটা বিরাট বাবসাকেন্দ্র, সেখানে হাজার হাজার কর্মচারী কাজ করে। দঃখের বিষয় ১৯৬৩ সালে এই আইন পাশ হওয়া সত্তেও, বেলডাপা গঞ্জ জায়গা হওয়া সত্তেও আজ পর্যন্ত সেখানে দোকান কর্মচারী আইন চাল, করা হয়নি। সেজন্য আমার বস্তুতার মাধ্যমে এবং আপনার মাধ্যমে শ্রমমুলীর দুলি আকর্ষণ করছি অবিপদেব যাতে এই দোকান কর্মচারী আইন বেলডাপাা গঞ্জে চালা হয় সেদিকে তিনি যেন দুখি দেন।

Shri Gour Chandra Kundu:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিলের আলোচনার স্থোগে মাননীয় মল্টীমহাশয়ের দ্ব্র্থকটি বিষয়ে দ্ভিট আকর্ষণ করতে চাই। প্রথম কথা হচ্ছে, এই যে দোকান কর্মচারী আইনটা তৈরী হল এই আইনটা এাঙ্লাই করতে গিয়ে দেখা যাছে কতকগ্বলি অস্ববিধা যেগ্র্লি অন্বধাবন করে একটা কর্মপ্রপ্রেলি স্বাহ্রির হৈছে গরমকালে রাত্রি ৮ টার সময় র্যাদ দোকান বন্ধ হয়ে যায় তাহলে তাতে পার্বালকের অস্ববিধা হয় এবং দোকানদারদেরও অস্ববিধা হয় । সেজন্য গরমকালে রাদি ওটা ৯টা করা যায়, এক ঘণ্টা বাড়িয়ে দেওয়া যায় তাহলে সকলের স্ববিধা হয় । ২ নন্বর কথা হছে এই দোকান কর্ম-চারীদের রক্ষা করবার জন্য যে ইন্সপেক্টর লাগান হয়েছে সেই ইন্সপেক্টরের সংখ্যা এক কম যে সমস্ত দোকান তারা তদারক করতে পারেন না। ফলে যে সমস্ত বড় বড় দোকানে গেলে পর ইন্সপেক্টর বাব্রের ঘ্রের ব্যবস্থা হতে পারে সেখানে তিনি যান, ঘ্রের ব্যবস্থা করে নেন। কিন্তু বহু ছোট ছোট দোকানের কর্মচারীদের বেণী খাটতে বাধ্য হতে হয়। যেমন আমি নদীয়া জেলার কথা বলতে পারি, সেখানে ইন্সপেক্টর আছেন একজন রানাঘাট মহকুমায়। ফলে

তিনি সব দোকানে যেতে পারেন না, দেখতে পারেন না, দোকান কর্মচারীদের জন্য যেসব शिक्तिक आहि आहेत जारीन जाता भारा ना। य शिक्तिक आहेत विधिवन्ध करा हम সেই প্রিভিলেজ যদি না পায় সরকারী কর্মাতংপরতার অভাবে এই আইনের উন্দেশ্য বার্থা হয়ে ষায়। সেজনা আমি বলব ইন্সপেক্টর-এর সংখ্যা কিছু বাড়ান প্রয়োজন এবং ঘাতে সমুস্ত দোকান ঠিকমত বন্ধ হয় তার ব্যবস্থা করা প্রয়োজন। তা না হলে একটা দোকান খোলা থাকল वात এको वन्य थाकन—स्य पाकान त्थाना तरेन ठात थ्र जर्राविधा रम এरे ब्रिनिमणे घारा ना বটে, সমস্ত কর্মচারী বাতে স্থোগ স্বিধা পায় সেদিকে দ্ভিট দেবার জন্য এই ইস্পংশ্রেরের সংখ্যা বাড়ান দরকার। ভৃতীয়তঃ দেড় দিন বন্ধ রাখবার জন্য যেটা এনেছেন খেপে খেপে. সেটার আমি তীর বিরোধিতা করছি। এটা যদি করা হর তাহলে দোকান কর্মচারীদের যে দ্রযোগ সূবিধা পাওয়া দরকার সেটা তারা পাবে না। কারণ, জেলাতে আমি দেখেছি একদিন অধেক দিন ছুটি, আর একদিন পুরো দিন ছুটি যদি স্থির হয় তাহলে দোকানের মালিকরা এদের ফাঁকি দেবেন এবং কোন সময়ে তাঁরা এই ছুটি দেবেন না। বহু হর্মচারী আছেন ধাঁরা বিভিন্ন জায়গা থেকে আসেন, ধাঁরা বহু দ্রেবত**ী** জায়গায় ধাকেন, তাঁরা বিভিন্ন গঞ্জে এসে হোটেলে থেকে থেরে দোকানে কাজ করেন। তাঁরা অর্ধেক দন ছাটি উপভোগ করবার জন্য একদিন বাড়ী যাবেন আবার একদিন বাড়ী যাবেন, ২।৩ ভব্তিতে যে কোন দোকান দেড় দিন বন্ধ থাকবে সেটা সরকার ঠিক করবেন সেটা আমি সমর্থন র্গর । হয়ত রানাঘাট এলাকাতে, কি কলকাতার কোন পাড়াতে ঠিক করা হল যে সোমবার এবং মঙ্গলবার বন্ধ থাক্বে, কি বৃহস্পতিবার, শ্রুবার বন্ধ থাক্বে-পার্টিকুলার এরিয়ায় পার্টি-কুলার ডেট ঠিক করে দেবেন বলছেন সেটা সমর্থনযোগ্য। কিন্তু একদিন ছুটি একবার হবে অবার অর্ধেক দিন ছুটি আর একবার হবে সেটা সমর্থনযোগ্য নয়। তাতে কর্মচারীরা সুযোগ পাবে না। এতে যদি অস্ক্রিধা হয় তাহলে যেমন আছে মাসে ৫ দিন কি ৬ দিন ছুটি দিয়ে দিন, সেইভাবে একটা বাৰস্থা কর্ন। অধে কিদিন ছুটি যাতে মারা না যায় সেটা দেখা দরকার। 🌬 ক্রেদিকে লক্ষ্য রেখে আমি বলছি ঐ ধারা পরিবর্তন করা দরকার। একটা পার্টিকুলার এরিয়ায় দেড় দিন ছুটি হোক তাতে আমাদের আপত্তি নেই, কিন্তু একদিন একসময়ে অধেকদিন আর এক সময়ে এই জিনিসটা কখনই হওয়া উচিত নয়।

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 2nd March, 1966.

Shri Bijoy Singh Nahar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের আলোচনাকালে অনেক মাননীয় সদস্য বলেছেন যে এই বিলের অনেকগ্রলি জায়গায় পরিবর্তনের আবশ্যক আছে। আমি তাঁদের কাছে নিবেদন করব কোথায় কোন পরিবর্তন তাঁরা মনে করেন সেটা যদি আমার কাছে জানান তাহলে নিশ্চয়ই আমি দৈখব। আমার কাছে বেগ্রলি এসেছে আমি দেখছি এবং যদি দরকার হয় আমরা পরিবর্তন করব। এই বিলের সম্বশ্যে যেসব কথা উঠেছে তাতে আমি একটা কথা জানিয়ে দিতে চাই ৰে কলকাতা শহরে রবিবার সম্পূর্ণ বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। কতকগ্রিল দোকান বাদের সম্ধ্যা বেলার বেশী বিক্রি বিশেষ করে কর্নজিউমার গড়েস, কাপড়, স্টেশনারী গড়েস, ইত্যাদি তালের র্যান শনিবার বিকাল এবং রবিবার বিকাল বন্ধ থাকে তাহলে তাদের বিক্রির অস্কবিধা হয় এবং সাধারণ মানুষের কেনারও অসুবিধা হয়। সেজন্য রবিবারের সংশা বাতে সোমবার সকাল বোগ করে দেওয়া বেতে পারে তারজন্য এই সংশোধন এসেছে। বেশীর ভাগ ব্যবসায়ী যারা মনে করছেন শনিবার যদি খোলা রাখেন এবং সোমবার যদি সকালে বন্ধ রাখেন তাহলে কর্মচারীদের অস্ক্রিধা হবে, আমরাও ব্বি নিশ্চরই অস্ববিধা হবে। আমাদের কাছে বেসব আলোচনা হয়েছে তাতে ্বেতে পার্লছ যে বেশীর ভাগ দোকানদারদের শনিবারও বিকাল এবং রবিবার সমস্ত দিন বন্ধ মাখতে অস্ববিধা নেই। বিশেষ করে বাদের ব্যাংকের সপো কারবার, বড় বড় কারখানার সপো পারবার তাদের সেই ব্যবস্থা রাখতে হরেছে। কেবল কাপড় বা অন্যান্য দৈনন্দিন ব্যবহার্য জিনিব বাদের তাদের অস্ক্রিধা হবে বদি দুটো বিকাল উপর্যুপরি বন্ধ হর। তারাও বেশীর ভাগ এই দ্বোগ গ্রহণ করবেন বে রবিবারের সঙ্গে সোমবার সকাল জন্তে দেওরা হোক। একদিন এক

সমরে আর অর্থেক দিন আর সমরে যে করা *হচ্ছে ভেপে*ণ তা নয়। এক সপ্পেই করতে হবে, বেদিন সম্পূর্ণ বন্ধ থাকবে তার আগের দিন বিকালে কিম্বা তার পরের দিন সকালে বন্ধ করতে ছবে। এতে কয়েকজন মাননীয় সদস্য সন্দেহ প্রকাশ করেছেন যে হয়ত ভাৰ্মান্ত্রীরয়ে স্ক্রিবিধা হবে ∼ ना पाकात्नत्र मानिकपात्र এए० मृतिया रदि। आमि अकथा वनरि हारे समन्त आराने शिक्षत সর চেয়ে প্রথম জিনিষ যেটা দেখা হয়েছে সেটা হচ্ছে দোকানের কর্মচারীরা যাতে বেশী সূত্রিধা পায়। আমার কাছে বহু, দোকান কর্মচারী এসেছেন, তাঁরা বলেছেন যে রবিবার ছুটি হলে সকলের সূর্বিধা হয়। রবিবার তাঁরা হয়ত বাড়ী গেলেন, তাঁরা আত্মীয় স্বন্ধন, বন্ধ**ু** বাধ্ধবের সঙ্গে দেখা করতে পারেন, কিল্ড অন্য দিন ছুটি হলে সেটা সম্ভব হয়না। এই রক্ষ অস্ত্রবিধা হওয়াতে আমরা সমস্ত কলকাতার রবিবার দিন ছুটির দিন ঠিক করে দিয়েছি এবং এক মাসের উপর রবিবার দিন ছুটির ব্যবস্থা চলেছে এবং তাতে কোন পক্ষের বিশেষ অসূর্বিধা হচ্ছে না এবং কর্মচারীদেরও তাতে সূর্বিধা হচ্ছে। একটা প্রশ্ন তলেছেন যে সোমবার কি শনিবার এটা কিভাবে আমরা ব্যবস্থা করবো এবং এর সুযোগ কর্মচারীরা হয়ত গ্রহণ করতে পারবে না। আমরা সে সম্বন্ধে আমাদের বিভাগে আলোচনা করেছি এবং আমরা ন তন পরিকল্পনা নেবার চেন্টা করছি—হয়ত দোকানের সামনে সাইনবোর্ডে বিভিন্ন রং দিয়ে লেখা থাকবে যে কে শনিবার বিকালে বন্ধ করবে বা কে সোমবার সকালে বন্ধ করবে যাতে বাইরে থেকে বোঝা যায় যে কোন দোকান শনিবার বিকালে বন্ধ করছে আর কোন দোকান সোমবার সকালে বন্ধ করছে। আরো করেকটা কথা বলেছেন যেমন সনংবাব, বলেছেন ইন্সপেকটারদের দুনীতির কথা। এইগ্রাল ধাদ আমাদের কাছে জানান আমরা নিশ্চয়ই দেখবো। আমরা এটক বলতে পারি এক রকম নিয়মের যেখানে ব্যবস্থা হচ্ছে সেখানে এই রকম দুন্নীতি কমে গিয়েছে। আমি আপনাদের কাছে বলতে পারি এ সম্বন্ধে আমরা অনেক প্রচার করেছি, রেডিওতে বলেছি, কাগজে ছাপিয়ে দিরেছি, আমাদের পার্বালিসিটি ডিপার্টমেন্ট থেকে নানাভাবে এইগ্রালি প্রচার করা হয়েছে। বেশীর ভাগ বর্তমানে হচ্চে না।

[3-40-4-10 p,m,]

ধাপে নিউ ইকনমিক পলিসির সময় তারা অন্যভাবে কৃষি সংগঠন করে স্পেট ট্রেডিং-এর ব্যবস্থা करतरक्त । ठारे आस्राक्त यथन मार्थामच्यी एउच्छा कतरकत. এर अव मानामारथात मस्याजनातरात र বিরুদ্ধে সংগ্রাম ঘোষণা করেছেন, আমি বলব অঘোষিত সংগ্রাম, কিল্তু এই সংগ্রাম সূত্র হয়ে শিরেছে। আজকে কলকাতা এবং শহরতলিতে এই বে বিরাট বান্ধার আছে, সেই বান্ধারে त्रभान हानः इरस्ट्रहः छात्र मात्न इटक्ट् अथन वाहेरत मन्नाकारधात, अहे जमन्छ मञ्जूछमात, अथातन স বিধা করতে পারছে না। বাড়তি অঞ্চলে তারা সূত্রিধা করতে পারছে না এই কড়নিং প্রথার हाता। काक्षास करारा भाराहा?—स्थापन धारे चार्गिक जनम सरस्रहा। किन्छ स्मथापन जामाराहर ভাক্তমণ করতে হবে। সেইজন্য মুখামন্ত্রী এই বে ঘোষণা করছেন—সংবাদপত্র মারফত দেখছি য়ে ভবিষাতে সরকার এই সমস্ত উদ্বন্ত খাদাশসা কিনে নেবেন আমি তার জন্য তাঁকে ধন্যবাদ र्गिष्ठ । এবং তার সেই কাজগুলো সফল করবার জন্য আমরা সকলেই চেটা করবো। এই भार्तामक मिक । সাংগঠনिक मिरकव कथा वस्तव । भवकाव यमि रुपेंगे र्धिप्तः करान र्थाकि धन-মেণ্ট হবে, গ্রামে যে খাদাশস্য আছে, তা সংগ্রহ করবেন। কি করে হবে? এই প্রশ্ন নিশ্চর আপনার মনে জাগছে। এই প্রোকিওরমেন্টের জন্য যদি আমরা যে সমস্ত পঞ্চায়েত আছে, তাদের হাতে দিই, নিশ্চয় একটা উপায় হতে পারে। কিল্ড পণ্ডায়েতের মধ্যে দেখছি যে গ্রামে শ্বার্থ সম্পন্ন লোক বিভিন্ন কেন্দ্রীয় পদে নির্বাচিত হয়ে অধিকাংশ পণ্ডায়েতকে কমজোরী ফরে দেবার চেণ্টা করেছেন। কাজেই পঞ্চায়েতে একটা বিপদ আছে। সেদিকে সচেতন করে দিতে চাই। দ্বিতীয় হচ্ছে কো-অপারেটিভ বা সমবায়। অতানত দুঃখের বিষয় সমবায়কে এই রাজ্যে আমরা এখনও জোরদার করে তলতে পারি নি। তার জন্য যদি সরকারী বাক্সা **मार्री थार्क**, তাহ*লে* আমরা সকলেই দারী। মাননীয় বামপন্থী বন্ধরাও দারী। কেননা, বামপন্থীরাও চেণ্টা করেন নি এই সমবায়কে জ্বোরদার করার জনা। তৃতীয় হচ্ছে, সাংগঠনিক मिटक मतकात्री वावम्था । अक्षाक महाभग्न, आर्थान झातन मतकारत्त्व **এ**हे कर्मा हातीता काता काटक . নিয়ে। তারা আমাদের ভাইবোন এবং বামপন্থীদেরও ভাইবোন আত্মীয় স্বন্ধন এ'দের মধ্যে আছেন। অর্থাৎ আমাদের দেশের যে মধ্যবিত্ত সমাজ নিম্ন মধ্যবিত্ত বা উচ্চ মধ্যবিত্ত কি বর্ষিক, ক্রমক সম্প্রদায় তাঁদের প্রতিনিধিই হচ্চে মুখ্যত এই সরকারী কর্মচারী। কাজেই আজকে ग्रंथ, नमारमाहना कदरमारे हमराय ना, जाँरमद भरतद পরিবর্তন ঘটাবার জন্য চেম্টা করতে হবে। আমাদের ত অনা দেশ থেকে লোক নিয়ে এসে চলতে পারে না। আমাদের দেশের মান্য দিয়েই भवकारी भरम्था भव हालाएँ शत । स्मर्रेक्षमा आकृत्क कि भवकारी कर्महारी कि मर्भवार कि পণ্ডায়েত সব জায়গায় প্রথম এবং প্রধান কাজ হচ্ছে মার্নাসক বিশ্লব ঘটানো। এই মার্নাসক বিশ্বব যদি আমরা ঘটাতে না পারি, তাহলে শুধু আইন পরিবর্তন করে আমরা কিছুতেই াই সমস্ত সামাজিক বিক্লব সংগঠিত করতে পারব না। সেইজনা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, াজকে এই খাদ্য বিতর্ক করে এই সমুহত দীর্ঘ মেয়াদী সমুস্যার দিকে আপনার মারফত সরকারের ে ডিট আকর্ষণ করলায়।

Shri Monoranjan Baksi:

গাননীর অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্দ্রী আমি লক্ষ্য করলাম যে জাপানের উচ্চসিত প্রশংসা বরেছেন। তিনি বল্লেন আমি যখন জাপানে গির্মোছলাম তখন প্রধানমন্দ্রীকে অনুরোধ করেহিলাম কণ্টোল তুলে দেবার জন্য—তিনি বল্লেন কণ্টোল তোলা হবে না। মাননীয় স্পীকার
মহাশয়, আমরা জানি যে এদেশে জাপানী প্রখায় চাবের প্রবর্তন করা হয়—কিন্তু এ দেশে য়ায়া
দিনের পর দিন চোরাকারবার করছে, বারা খাদ্য নিয়ে ছিনিমিনি খেলছে—যারা শিশুদের খাদ্য
নিয়ে দিনে চুরি করে বেড়াছে—তাদের শান্তিত দেবার জন্য ঐ জাপানের যে মহান প্রখা এবং মহান
রত সেই হারাকিরি সিসটেম সেটা কেন প্রবর্তন করা হছে না। আজকে বারা ধান চাল নিয়ে
চোরাকারবার করছে—বারা এক জেলা খেকে অপর জেলাতে মানুবের খাদ্য নিয়ে পাকিন্তানে
'গাচার করছে—তাদের বদি শান্তি না দেওরা হয় তাহলে আমার মনে হয় সেদিন কলকাতার
'স্কাদনে লক্ষ্য লক্ষ্য মানুবের সামনে আমাদের প্রধানমন্দ্রী যে কথা ঘোষণা করেছেন জয় কিশান,
লৈ জোরান, জয় ছিল্ল—সেগালি সমন্ত বার্থ হবে। সভিত্রারের এই গণতান্ত্রিক দেশে এই
'মেনত বারা বিজ্ঞারবার বান্ধাছী ভাষের বদি আদালতের প্রকাশ্য প্রাপ্তনে বেচাছাত করা

না হয়—ফাঁসি কাণ্ঠে ঝোলানো না হয় তাহলে আমার মনে হয় কোন দিনই আমাদের দেশের উপ্রতি হতে পারে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি জানি কিছু দিন আগে কলকাতার ব্রকে করপোরেশানের এক স্কলে ১১ জন ছাত্র না খেতে পেয়ে অজ্ঞান হয়ে যায়। মাননীয় স্পীকার মহাশয়, আঞ্চকে এই সমস্ত ছাত্ররা না খেতে পেরে বদি অজ্ঞান হয়ে যায় তাহলে ব্রুতে হবে আমাদের দেশ কোন দিকে বাচ্ছে। এইভাবে না খেতে পেরে আমাদের দেশের বহু শিশ্বে প্রাণ হানি ঘটেছে। কাজেই চিন্তা করতে হবে যে তাঁরা দেশকে কোন পথে নিয়ে যাছে। মাননীয় স্পীকার মহাশয়, আমরা কাগজে দেখেছি—আমাদের মুখামল্মী ফুলিয়ায় গিয়েছিলেন— সেখানে তাঁর সামনে ৫০০ মণ ধান-চাল বাহিরে গিয়েছিল। জানি না, এইভাবে বাংলাদেশে বতগনিল বর্জার আছে সেখান থেকে প্রতি মাসে প্রতি বছরে কত লক্ষ মণ ধান চাল এইভাবে পাকিস্তানে পাচার হচ্ছে। মাননীয় মুখামন্ত্রী যদি বলতেন যে আমি জাপানের মত হাডিকাডি কোর্ট মার্শাল এখানে প্রবর্তন করতে পেরেছি—তাহলে ব্রুবতাম যে চোঞ্চের্ডের্ডেরে দমন করবার ইচ্ছা তাদের জ্বেলা থেকে নয়—আমাদের সরকারকে এজনা সেপারেট, স্পেশ্যাল দায়িত্ব গ্রহণ করতে হবে বাবে। স্যার, আমি বর্ধমান জেলা থেকে আসছি আমি আপনার কাছে নিবেদন করছি যে বর্ধমান জেলার আসানসোলের শিম্পাণ্ডলে আমি কিছু দিন আগে পর্যন্ত দেখেছি যে সেখানে দারুন ভয়াবহ খাদ্যাভাব দেখা দিয়েছে—সেখানে ধান চালের দর প্রচর—সেখানে মান্ত্র খেতে পাচ্ছে না। আমি দাবী করবো সত্যিকারের এই শিল্পাঞ্চলকে যদি বাঁচাতে চান তাহলে শুধু বর্ধমান ख्या थारक नय-आमारमञ्ज সরকারকে এজন্য সেপারেট স্পেশাল দায়িছ গ্রহণ করতে হবে এবং আসানসোল মহকুমার শিক্পাঞ্চলকে খাদ্য দিতে হবে। যদি না পারেন তাহলে বর্ধমান জেলা অতিরিক্ত জেলা বলে নামেই থাকবে। আমরা দেখেছি যে সেখানে বহু এলাকাতে ক্যানেল त्नरे त्मराहत वाक्त्या त्नरे, वर, आरवमन निर्वामन करते किन्दू करा यास नि । श्मीकात मरागत्र, আমি আপনার সামনে একটা চিঠি পড়ে দিচ্ছি তাতে আপনি ব্রুতে পারবেন যে অবস্থাটা কি। এই চিঠিটা হচ্ছে এগ্রিকালচারাল অফিসারের

To: District Agricultural Officer, Burdwan.

On my personal enquiry it is found that the applications of the said villages would get water as usual from the bundh of the Irrigation Department in river 'Tumni' for irrigation of their crops of about 500 acres. but due to flood in the year 1956 the sluice gate of the said river bundh was totally damaged and the authority concerned has constructed the same over 4 ft. higher than the natural level.

For this reason no irrigation for the crops is being possible from the bundh at present. The villagers have already reported to the authority concerned for removing the defects but to no effect.

Further it will be much helpful for irrigation purpose for their crops if the inlet pipes would be fixed 2 ft. below the construction of the said bundh.

সেখানে ৫ শত একর জমি দিনের পর দিন শ্রিকরে যাচ্ছে ৮ স্যার, আজকে যদি তাদের সময়। মত সার, জলু বীজ দেন তাহলে তারা নিশ্চর চাষ করতে এগিয়ে যাবে।

[1-50-2 p.m.]

আমি একটা কথা বলছি সেটা হচ্ছে ১৯৫৩তে এক্লিকিউটিভ ইঞ্জিনীয়ার বর্ধামানের লেখা। তিনি লিখছেন

You are hereby informed that after investigation it has been found that no small scheme for irrigation of the fields in and around mousa Debshala is feasible. The area, however, will receive full benefit of irrigation when the

construction of the barrage at Durgapur and excavation of irrigation canals therefrom which have already been taken up are completed

সেখানে কোন ইরিগেশানের বাবস্থা করা হয় নি। সেখানে হাজার হাজার বিঘা জাম শ্রিকরে বাচ্ছে বর্ধ মান জেলা শ্র্ম উন্দর্ভ নামেই আছে। বহু জারগার ক্যানেল নেই। এ অবস্থা সেখানে চলছে। আমি আপনার মাধ্যমে কৃষি মন্দ্রী এবং সেচ মন্দ্রীর দৃষ্টি আকর্ষণ করবো যে বিদি তারা সমর মত জল দিতে পারেন তাহলে চাষী নিশ্চই এগিরে বাবে। তা বিদি না পারেন তাহলে এই যে খাদ্য নীতি ষেটা দ্র্বল নীতি তারজন্য পল্লী অঞ্জের মান্য শেষ হয়ে বাবে। এই কথা বলে শেষ করিছি।

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় স্পীকার স্যার, একটা আগে প্রতাপবাবার বস্তুতা শানে মনে হল ও'দের দল খাদ্যের ব্যাপারে ভীষণ উদ্বিশ্ন। এতই উদ্বিশ্ন যে খাদ্য সংকট যখন দেশে চলছিল তখন এয়সেত্রলী ভাকা মনে করেন্দি: আরও উদ্বিদ্য কিসে প্রমাণিত হল যে. মোটে প্রোগ্রাম পর্যন্ত ছিল না যে এটা আলোচনা হবে কিন্তু এখান থেকে বিধানসভার সকলে তীব্র দাবী করবার পর তথন বিজ্ঞনেস কমিটিতে একটা প্রোগ্রাম হল। চমংকার ও'দের উদ্বিশ্ন ভাব চমংকার ও'দের দেশের लारकत कना पत्रप । **এই প্রসংশা বলবো ১৯৪৭ সালে বাংলাদেশে চালে**র দর ছিল ১৪ ১৬ টাকা আর আ্রন্সকে ১৯৬৫ সালের শেষে যখন তিন টাকা কিলো চাল বিক্লি হচ্ছে তখন এর দর হচ্ছে ১২০ টাকা, এই হচ্ছে চালের জনা ওঁদের দরদ—অর্থাৎ ১৪, ১৬ থেকে ১২০ টাকা। এর ঠেলাতেই রোজ একবার করে সাংঘাতিক বন্ধতা দিচ্ছেন যে আমরা সাংঘাতিক কাজ কর্রছি। আমাদের বিরাট পার্টি, আমরা রেশনে ২০০ গ্রাম করে চাল দিচ্ছি। কি একবারে বক্ততার ঠেলা। দেশের লোককে একবারে দূধে মাছে রেখেছেন। ভার পর দেখি সাধারণ লোক চাল পাছে না বাচ্ছা ছেলে মেয়ে শীতের রাত্রে থাকার পরেও চাল পায় না। মৃত্যুর মূখে অনাহারে প্রাণত্যাগ করে। প্রতাপবাব্র বিবেকের দংশন একট্ থাকা উচিত ছিল কিশ্তু তার তা নেই। আপনি কার্র জবানী বলছেন কিনা জানিনা, আপনার সম্বন্ধে ধারণা ভালই ছিল, কিন্তু আপনি যা বক্ততা করলেন তাতে সেসব পাল্টে গেল। তারপর ও'রা এখন বলছেন আমরা তিনটা লংটার্ম পলিসি নিয়েছি। তিনটা পরিকল্পনা হয়ে গেল এতেও হল না? তিনটা পরিকল্পনা কি লংটার্ম ? লংটার্ম স্কেলে হবে? ২০, ২৫ বংসরে হবে? যখন আপনারা খাদা রংতানী করবেন। রফি আমেদ কিদোয়াই সাহেব বলেছিলেন আমরা ২০ বছর বাদে খাদ্য রংতানী করবো। প্রফ্লেরাব্ হিসাবে বললেন ১৪ লক্ষ টন ঢে কিতে ভাগ্গা হচ্ছে আর ১৮ থেকে ২০ লক হাসকিং মেসিনে আর ৭ লক্ষ টন মিল ভা•গছে তাহলে মোট ৪১ লক্ষ টন হয়। বাংলা দেশে বাম্পার ক্রপ ৫৭ লক্ষ টন হয়েছে তাহলে বাকি ১৬ লক্ষ টন গেল কোখায়? ভারপর মিল থেকে দিয়েছে ২ লক্ষ ৮৬ হাজার টন, বাকিটা গেল কোথায়? ২ মাসের জন্য স্টোর করে রাখা হয়েছে। আমি গত বাজেট সেসানে গভর্ণার্স স্পিচে দেখলাম তাতে একটা পলিসি হিসাবে গভণার বলেছিলেন তার ২ পাতায় আছে 'সংগ্হীত চালের দ্বারা কলকাতার রেশনিং এলাকার দাবী মেটান হবে' কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রতিশ্রত সরবরাহের ন্বারা জেলা-গুলির প্রয়োজন মেটান হবে। আজকে ওঁদের এই ফুড প্ল্যান যেটা গভর্ণার বলেছেন সেটারই ঠিক উল্টো কথা কাল তিনি বলেছেন। এটা কি এলোমেলো করে দে মা লুটে পুটে খাই, আমরা যদি এ সম্বন্ধে কিছু বলি তাহলে আমাদের দেশদ্রেছী বলা হবে এবং ডি আই আর-এ পাঠান হবে। এদিকে রেশনে ১২৫ গ্রাম করে কম দেওয়া হবে, এটা কি দেশপ্রেম দেখান হচ্ছে? এবং দেশের প্রতি তারা যে খুবই উদ্বিশ্ন তা দেখে বোঝা যাচ্ছে। তারপর আগের বার যখন খাদ্য সংকট ছিল তখন বলা হল দেটে ট্রেডিং করবো। তখন আমরা মিনমিন স্কুরে বলেছিলাম আবার ছরে সতীন চ্কুছে স্টেট শ্লেডিং হবে না। আমরা স্টেট শ্লেডিং সম্বন্ধে বলেছিলাম। তখন তারা বলেছিলেন স্টেট ট্রেডিং সম্বশ্ধে যদি কেউ বলে থাকে তাহলে সেটা কংগ্রেস বলছে সেটা তাদের মোলিক আবিস্কার। এভাবে তারা সমস্ত জিনিস করছেন তাতে তা **থেকে** একটা স্*রু*ল্প**ই** বড়বর্ন্ত ৰোকা বাজে। বখন একটা খুৰ হৈটে হল, আন্দোলন হল তখন তারা ব্রুলেন যে দর ধারতে ৰবে ভারসায় কি ক্যনেন বে এমন ভাবে দর ববির্লেন বাতে কোন জারসায় বাংগালেশে ঐ দার্মে

চাল ন^{িশ্}দাওয়া যায় এবং যাতে ভবিষ্যতে কোঁন মানুষে **আ**ৰু দুৱু বাঁধার কথা না বলে। এভাবে যে নেটা ট্রেডিং হবে এবং সেটা এমনভাবে হবে বাতে করে বাংলাদেশের আর নেটা ট্রেডিং-এর কথা ভবিষ্যতে আর কেউ না আনে। আপনাদের অমুক বাবুর নেততে ভেট ট্রেডিং হচ্ছে এবং আপনারা দেশকে একটা সাংঘাতিকের দিকে নিয়ে যাচ্ছেন। দেশে যেখানে ৩ টাকা করে চাল বিক্রি হচ্ছে সেখানে এভাবে দালালী করার কি মানে আছে, একট, খানি রেখে থেকে নাহয় कतुन । आभनाता मात्र नियम्बन कतलन किভाবে नियम्बन कतलन ना २७ ग्रेकात हानही ১২০ টাকায় বিক্রি হচ্ছে। তারপর প্রফল্লবাব, বললেন আমরা দেশকে টাইট করে দিচ্ছি, আপনাদের টাইট করার দরকার হত না আপনারা না করলেও হত। আপনারা থাকার জনা এ দ<mark>র বেডেছে</mark> এবং বাংলা দেশের একটা জেলাতে যেখানে ২৮. ৩০. টাকা মণ চাল বিক্রি হচ্ছে সেখানে আর একটা জেলাতে ১২০ টাকা চাল বিক্তি হচ্ছে চমংকার বাবস্থা। মেদিনীপরে, ২৪-পরগণা, বাঁকড়া ইত্যাদি সবই যেন একটা সার্বভৌম রাষ্ট্র। আঞ্জকে জাতীয় সংহতির কথা বলা হচ্ছে, কিন্তু আপনারা মেদিনীপরে, ২৪-পরগণা, বাঁকুড়া, হুগলী, হাওড়া ইত্যাদির মধ্যে ঝগড়া বাঁধিয়ে দিক্ষেন অর্থাৎ ওরা যদি বলেন জাতীয় সংহতি তাহলে সেই জাতীয় সংহতি কি **कारत काशा यात्र रंग वावन्था कर्नाह्म । श्रीता बीर मान करान माना निरामाग करावा जारान** कि करत रमणे वानजान इरव खेता रमटे रजणे कत्रयन । खेता यनि वरनन आमता रूपे स्रोडिए कत्रत्वा जाश्रम त्वाचा यात्व स्य कि करत रूपेंगे एप्रेंजिश वन्ध शत्र रामें राम्पोरे कत्रत्वन। মানুষকে আজ তিন টাকা সাড়ে তিন টাকা করে মুডি কিনতে হয়। আমি প্রফল্লবাব্র কাছে চিতে আসা বন্ধ হয়ে গিয়েছে ওঁর কাছে দাবী জানালে মুডি নিতে এসব সংঘাতিক ব্যাপার। প্রভাপবাব্ কোন সন্দেশ খান কিন্তু এপক্ষের লোকেরা তো চি'ড়ে মুড়ি খায়, কিন্তু সাধারণ মান্ত্রকে আজ তিন টাকা সাডে তিন টাকা করে মুডি কিনতে হয়। আমি প্রফল্লবাব্র কাছে জলপান কমিটির একটা ডেপটেশন নিয়ে গিয়েছিলাম মুডি চি'ডের জনা। তিনি ঠিক করে िजन ১.১২ প्रथमा करत मुिष् विक्रि हरव अवर वनातन थान जातनत नाम विश्व परवन। িন্ত তা যাতে আসতে না পারে তাও ব্যবস্থা করে দিলেন।

[2-2-10 p.m.]

আমি জিজ্ঞানা করলাম কি রকম হল, কোথায় যাবো? তিনি বললেন কলকাতার লোক কত থাবে—মুড়িও খাবে, চিড়েও খাবে, রুটিও খাবে, সন্দেশও খাবে। িনি এই রকম চাবে গড় গড় করে বলে গেলেন। তিনি বললেন সকলের আটা খাওয়া উচিত। দ্তরাং মুডি খাওয়া ক্র করে দিতে হবে। আমরা একেবারে ক্রভিন্যড হয়ে ফিরে চলে এলাম যে, না, মুড়ি খাওয়া উচিত নয়। আচ্ছা সাার, ছানা—ওটা কি বলে? সন্দেশ। সেটা উনি বন্ধ করে দিলেন। আমরা ব্যুবলুম এবারে দুধ টুধ কিছু, পাওয়া যাবে। ওঃ কি দুধ-কলকাতার রাস্তাস্তালি একেবারে সাদা হয়ে যাবে। তফাংটা কি হয়েছে? বিহার থেকে যে ক্ষীর টির আসতো সেটা সাডে তিন টাকার জায়গায় সাত টাকা দরে গেলো। বাহবা চমংকার, আপনারা যাতে হাত দেবেন, সেটাই নিরাকার, কিছু, করবার উপায় নেই আপনাদের জনালায়। আর এটার জন্য, মশাই রোজ এ'দের বস্তুতাটা দেখন দেকি? वनलान य बाउरात अन्याम वननाउ। बाउरात अन्याम वननान रम, जान थएक, गर्म निद्ध এলাম। তারপর আবার বললেন গমও পাওয়া যাবে না। আরে মশাই রাতার্র্যাত অভ্যাস কি বদলান যায়? চাল থেকে গম, এবার গম থেকে কিসে আনবে, এটা ব্রবিয়ে দিন। গমের वनत्न कि बादा आमन्ना এটা বৃত্তিবহে দিন। मृश्यमन्त्री महानम्न राजाहन आन् थाও। এই বে তাঁর মূখ দিয়ে এবার আলু কথাটি বার করেছেন আমরা দেখতে পাবো, সামনের বছরে क वमनान यात्र ? हान प्यस्क शम, अवाद शम प्यस्क किएम जामस्य, अहा दृश्चिस्त्र मिन। शस्त्रव्य हत्व, वाम रुख़ रभरमा, वाकारत यात्र याम्बत मार्घ एक्ट रुख ना । এইত অवस्था । मूलवार সাপনারা ভেট ট্রেডিং কর্ন বা মূল্য নিয়ল্যণ কর্ন, যা করা উচিত, তার কোনটা করেছেল? ৰ্দি ব্ৰেক্তাম বে কোন বিশেষ বছরে একটা ঘটনা ঘটে গিয়েছে, আপনাদের কোন অভি**ভাজ** नरे, र्स, र्वजाम, त्र बान् त्वत हुर्गि किलींड आह्न, जांगनाता मानदन द्रमत द्रमा क्रयो क्राह्म,

তাহলে আলাদা কথা। কিন্তু আপনাদের সামলাবার কোন লক্ষণ আছে? গত চৌন্দ বছর ধরে শেম থিং ইজ বিং রিপিটেড এগেন এগ্রন্ড এগেন-একই জিনিষ ঘটছে, আর কি আপনারা দিশে সংকট স্থিত করছেন, আর মনে মনে উদবিদ্যা প্রকাশ করছেন। কিন্তু ভিতরের আসল মতলব কি? আমরা গ্রামের লোক, আমরা সেখানকার খবর জানি। চাল যখন লোকে না পায় তখন তাদের কি দ্রবক্থার মধ্যে দিন কাটাতে হয়। ও'রা একটা কৃত্রিমভাবে সংকট স্থিত করলেন, ১০০ গ্রাম, ১২৫ গ্রাম করে খাদ্য লোককে সরবরাহ করলেন। এই সংকট স্থিত করলেন কৃত্রিম ভাবে, আর তারপরে, লোকেরা যখন চাল না পাছে, তখন বলা হছে, ঐ দেখো কে চাল এনেছে ঐ এলাকা থেকে? কে এনেছে চাল? কংগ্রেস। কংগ্রেস চাল এনে দিয়েছে দ্বৃতিক্ষ পণীড়ত লোকদের, দেখো, কতবড় কংগ্রেস। এতবড় প্রতিষ্ঠান কংগ্রেস, তার কাজের বহর দেখে, একেবারেটেকা দায় হয়েছে। স্কৃতরাং আপনারা সাবধান হন একট্খানি। ঐ যে ভদ্রলোক, দেখ্ন ঐখান থেকে মাথা নাড়ছেন, মনে হয় যেন একেবারে চামরমনী চাল।

(নরেজ এরান্ড ইন্টারাপসান)

যাইহোক, এখন শ্ব্ৰ্ একটা কথা বল্ন আপনারা, খাদ্য সংকট সৃষ্টি করছেন কারা? গুরাইত আজ খাদ্য সংকট সৃষ্টি করছেন। আজকে যাঁরা চোখের হল বার করবার চেন্টা করে, মনে মনে উদবেগ প্রকাশ করে, তার মধ্যে ভন্ডামী ছাড়া আর কিছু নেই. শ্ব্রু ভন্ডামী আছে। যদি ব্রুতাম যে অনাহারে লোক রয়েছে তার জন্য উদবিশন বােধ করছেন। যদি ব্রুতাম যে অনাহারে লোক রয়েছে তার জন্য উদবিশন বােধ করছেন, যদি ব্রুতাম যে দেশের লোকের কর ক্ষমতার বাইরে চালের দর চলে গিয়েছে, এবং তার জন্য আপনারা দেশের সমস্ত মান্বকে সংগঠনের জন্য আহ্বান জানিয়েছেন এবং কি ভাবে সংগঠন হবে, তা সমাধান করবার জন্য চেন্টা করছেন, তাহলে না হয় হতাে। কোন দিন বিরাধীপক্ষকে ডেকেছেন আপনারা খাদ্য সংকট সমাধানের জন্য বা কোনদিন পরামর্শ দিয়েছেন তাঁদৈর? তাইলৈ ব্রুত্যেম আপনারা সমগ্রভাবে সমস্ত দেশের মান্বকে নিয়ে খাদ্য সংকট সমাধানের চেন্টা করছেন। কিন্তু তাত নয়, কেবল পাটি বাজী হছে। আপনারা যে জাতীয় সংহতির কথা বলছেন, সেই সংহতি আপনারা চান না, আপনারা যে পাটি বাজি করছেন, তার ফলে এই ভাতীয় সংহতি আজ ট্রুকরা-ট্রুকরা হয়ে যাছেছ। এই তো আপনাদের গণতন্য?

कामरक मामनाथवाव, वनरान नम्मकी धरान, जात जातभत्र मव दिशास हरत राम । किन्छ আমরা তারপরেই দেখছি যে কিছুদিন আগে যে সমস্ত লোককে তারা ট্রাম আন্দোলনের সমর ধরেছিলেন তাদের এখনো সরকার ছাডেনি। তখন তিনি বলেন তাঁর এ ব্যাপারে কোন হাত নাই। আর ঐ নন্দজী একবার বর্লোছলেন তিনি দূরণীতি দূরে করবেন, দমন করবেন। এখন কোথায় তিনি দ্বাণীত দ্বে করতে. এসে তিনি দ্বাণীতর দায়ে ধ্ত লোকদের ছাড়াবার বল্দোবস্ত করে গৈলেন। একটা কথা আমরা ব্রেছি যে আপনারা যা বলেন তা করেন না; আর যা করেন, তা বলেন না। এই হচ্ছে আপনাদের নীতি। যেদিন থেকে কংগ্রেস গদিতে বসেছে, সেদিন থেকে আমরা ব্রুতে পেরেছি কংগ্রেস কোখায় যাচ্ছে। যতদিন এই কংগ্রেস রাজত্ব এখানে থাকবে, যতদিন এই সরকার গদিতে থাকবে ততদিন আমরা দেশের লোককে বলবো रव बादा शामित्र थाकरण एमरागद्र मश्कर कथरना मृत्य द्वार ना, मधमात्र कान मधाना द्वार ना। এ রা থাকতে দেশের চালের দর ক্রমাগত বাড়তেই থাকবে। এই হচ্ছে সাধারণ মানুষের অভিজ্ঞতা। আজকে একথা দেশের লোককে ভাল করে ব্রিমরে দিতে চাই বে এ'রা হচ্ছে কতক-গ্র্লি ভন্ড, কতকগ্র্লি চোরাকারবারীদের প্রতিনিধি, বারা আক্তকে দেশপ্রেমের নামে, জাতীর সংহতির নামে দেশের লোকের টাকাকড়িও ভাগা নিরে ছিনিমিনি খেলছে। এদের কিছ করবার বোগ্যতা নাই, এরা শহুধ, চোরকািরবারীদের প্রতিনিধিদ করছে। আজকে এদের ফাঁকা বস্থুতার দেশের লোকের মনও ভিজবে না. পেটও ভরবে না. একখা আমরা খবে করে জানি। আমাদের প্রতাপবাব, একবার চেন্টা করে দেখতে পারেন আমেরিকার মন ভেজাতে পারেন কিনা? जाकरक शम मन्दरम्य जावात कथावार्जा हत्कः। जामारमत ७ विम्वाम नारे व अरमत जामता मन

ভেজাতে পারবো। দেশে জিনিষ নাই, মন্দ্রীদের ঘর এয়ার কণ্ডিসন হরে যাছে। ঐ এয়ার
, কাণ্ডিসন-এর ভেতর কোন জিনিষ যাবে না। এই কথা বলি এইজন্য যে দেশের লোক ব্রুক্
, দেশের লোক জান্ক আপনাদের ভণ্ডামী। দেশের লোক যেদিন আপনাদের চিনবে ভণ্ডামী
ব্রুবে, সেদিন আপনাদের ঐ মুখোস টেনে ছি'ড়ে ফেলে দিয়ে আপনাদের ঐ গদি থেকে নামিয়ে
দেবে। এটা আপনারা ভাল করে ব্রুবেন।

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে প্রতাপবাবুর বস্তুতা মন দিয়ে শুনছিলাম। তিনি वनात्मन अ वस्त्र भागा विज्ञाल विधानम्हा अवकवादार नित्र खान किरस्काना नारे. कान সভা শোভাষারা বা মিছিল নাই। তার স্বারা প্রমাণিত হরেছে যে খাদ্য সমস্যার সমাধান হরেছে। अहो काद मृत्यद कथा श्राणियान, वनानन, स्नानिना। शरतत मृत्य वान थाउतावउ अकहे नीमा আছে। কিল্ড সে সীমাও মাননীয় ডঃ চল্ম ছাড়িয়ে বাচ্ছেন। আঞ্চকের থবরের কাগজে দেখেন নাট বীরেন দের কাহিনী? খাদ্য দিতে না পেরে তিনি তার ছেলেমেরে ও স্থার মধে বিষ তলে দিয়ে নিজেও বিষ খেরে আত্মহত্যা করছেন এবং তার শেব সম্বল দশটা টাকা দেশের প্রতি-ব্ৰহ্মা তহবিলে দিয়ে গেছেন। বন্ধ বাঁচিয়ে দিয়ে গেল এই মন্ত্ৰীসভাকে। তা নাহলে বে খাদ্য-সংকট সূত্র হরেছিল তাতে আপনাদের লোকে টুকরো টুকরো করে ছি'ডে ফেলতো, বে'চে গেলেন আপনারা এই যুল্খের দোহাই দিয়ে। দেশ আজ চরম সংকটের সম্মুখীন। একদিকে চীন আর অন্যদিকে পাকিস্তানের আক্রমণের ফলে দেশ আজ চরম সংকটাপন্ন: ঠিক সেই মহেতে মাননীয় মুখামন্দ্রী প্রফ্রেবাব্ গতকাল ঘোষণা করলেন 'আমরা মূল্য নিয়ন্দ্রণে বার্থ হরেছি।' আর খাদাসমস্যার সমাধানের ইপ্গিত দিয়ে তিনি বললেন যে আর ৫।৭ দিনের মধ্যে একটা খাদ্য-শস্য বোঝাই জাহাজ এসে পেশছাবে। তাহলেই খাদ্যসমস্যার সমাধান হবে, কবে সাত মণ তেল পড়েবে, আর কবে রাধা নাচবে ! আর পনের দিন পরে নতেন ধান উঠবে, সেদিন আর খাদ্যসমস্যা স্নাধানের জন্য শ্রীপ্রফল্লেচন্দ্র সেনের মন্ত্রিসভাকে এগিয়ে আসতে হবে না। এমনিই গ্রামে খাদাসমস্যার সমাধান হবে। কিন্ত তারপরের অবন্ধার কী হবে? আজকে যে খাদ্য অবন্ধা চলচ্চে তাতে সমস্ত দেশের লোক না খেরে আছে। এর মধ্যে মাঠের ফসল, কুষকের যে ধান সে ধান मार्क्त थाकरु विक्वी रुख राम आहे होका मन मदा। छात्र रकान श्रीष्ठकादात्र वावन्था नारे। शास्म গ্রামে যে হাহাকার রব উঠছে, তার কোন প্রতিকার নাই। তাই বলে এদিকে কিল্ড মাঝে মাঝে প্রফল্লবার, বাণী দিতে কার্পণ্য করেন নাই। তাঁর অতি বড শত্রুও বলতে পারবে না যে প্রফল্ল-বাব বাণী দিতে কোন সময় কার্পণ্য করেন। তাই আমি তাঁর বাণীর কথাই বলছি।

[2-10-2-20 p.m.]

তিনি বাণী দিলেন, 'সম্ভাহে একবেলা খাওরা বন্ধ কর'। কিন্তু আমি তাঁকে জিল্ঞাসা করি তিনি কি ধবর রাখেন বে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মান্ব সম্ভাহে সাত বেলাই না খেয়ে থাকে। প্রফ্রেরাব্র পক্ষে সম্ভব হতে পারে এক বেলা না খেয়ে থাকা—তিনি একট্ স্প কিছ্ পরিমাণ দই দুটো আপেল খান, কিন্তু পশ্চিমবাংলার কতন্তন মানুষের ভাগ্যে এই জিনিস জোটে সেখবর কি তিনি রাখেন? করেকদিন আগে তিনি বাণী দিলেন 'পশ্চিমবংলা সামান্য খাদা ঘাটিতি আছে, আমরা তার জন্য আমেরিকার পি, এল; ৪৮০ উপর নির্ভার করব না যা আছে তাই সমানভাবে ভাগ করে খাব।' এই বিষয়ে আমরা প্রফ্রেরাব্র সাথে একমত যে আমেরিকার রাজনীতি সর্ত সাপেক্ষ পি, এল, ৪৮০ খাদা খাব না। আমরা তা ঘৃণার সঞ্জে প্রত্যাক্ষাণ করি। কিন্তু একটা কথা আমি এই মিল্সভার কাছে জিল্ঞাসা করি, প্রফ্রেরাব্র কাছে জিল্ঞাসা করি, এই সমান ভাগে ভাগ করা এটা কি জিনিস? সাধের আরামবাগে ৬৫ পরসা এক কিছি চালের দাম আর তারি পাশে হাওড়াতে ২ টাকা ৬২ পরসা, এই কি সমান ভাগাভাগির নম্না? উত্তরবংশ বেখানকার কথা সব সমর রাইটাসবিক্তিং-এ এসে পেশিছার না সেই অব্যেক্তান উত্তরবংশার মানুষ ৩ টাকা ৭৫ পরসার চাল কিনবে, না খেয়ে মরবে, এর কোন প্রতিবিধান হবে না? মাননীর অধ্যক্ষ মহাশর, এতদিন ধরে আমরা দেখে এসেছি বে মিল মালিক, মহাজন, চোরা ক্রন্তের কাছ থেকে ঘুর খেয়ে চোরাকারবারের সহারতা করেন এই মল্টীসভা।

আজকে আমি পরিক্ষার ভাবে এই অভিৰোগ আনছি বে এই মন্ত্রীসূভা সরাসরি ভাবে চোরা-কারবার করেন এবং একজন মন্দ্রী তার সঙ্গো জড়িত আছেন। আমি অভিবোগ করছি ভটানে বে চাল পাচার হয়ে গেছে সে সংবাদ 'বস্মতী', 'আনন্দবাজার' এবং জলপাইগর্ড়ি থেকে প্রকা-শিত 'জনমত'-এ বেরিরেছে। "২রা আগন্ট তারিখে কর্মকর্তারা বললেন লক্ষাধিক মন পরিমাণ চালের হদিস পাওয়া বাচ্ছে না, সীমানত পর্লিশের শ্যেন দ্বিট এড়িরে সেই চাল কোথায় গেল তার পাত্তা নেই। ভূটান সরকারের সংগে ভারত সরকারের একটি চুন্তি মারফত এই চাল ভূটানে পাঠাবার ব্যবস্থা হয়। কিন্তু এই চাল ভূটানে গিরে পেছার্মনি বলে ভূটান সরকার জানান।" তখন চারিদিকে অনুসন্ধান শুরু হয়, কিল্তু অদ্যাবধি সেই চালের কোন সন্ধান হয়নি। তারপরে শুরু হল তদতত, সেই তদতে ২ জন হ্যান্ডলিং এজেন্টের বিরুদ্ধে—জলপাইগ্রাড়ির কিশোরীলাল এবং শিলিগ্যভীর তারাচাদ এই ২ জনের বিরুদ্ধে অভিযোগ নিয়ে আসা এবং গ্রেস্তারি পরো-য়ানা বের হল। জলপাইগড়ের িভাটেনসমেলকে গ্রেগতার করা হল কিল্ড শিলিগড়েণীর তারাচাঁদ প্রিলেশের চোখ ফাঁকি দিল, প্রিলশ ঘ্র খেল, তাকে ধরা হল ন। হাতন্থে। জলপাইস্ড়ীর মিউনিসিপ্যাল ইলেকসানের ব্যাপারে সেখানে মাননীর মন্ত্রী থগেনবাবরে দৌড়াদৌড়ি শরে হল। श्राननावात श्रातको स अरे किरमातीमाम अवर जाताजीतम वितृत्य माममा श्राजात कता रम। কি লচ্ছার কথা, এইভাবে বাংলাদেশের মন্দ্রীসভা চোরাকারবারকে সমর্থন করেন তাদের চোখের সামনে দিয়ে চাল পাচার হয়ে বায়। মাননীয় অধ্যক্ষ মহাশম কিছুক্ষণ আগে মাননীয় সদস্য কমল গুতু মহাশয় নেপাল চাল সম্পর্কে যে অভিযোগ এনেছেন সেই চাল আমি কিছ সংগ্রে করে নিয়ে এসেছি। এই চাল পশ্চিমবংশার বিভিন্ন জেলায় কুচবিহারে, জলপাইগ্রডীতে এবং দাজি লিং-এ নেপাল রাইস নামে ১ টাকা ৭০ পয়সা কে, জি, দরে বিক্রী হচ্ছে। এখানে মাননীয় সদস্য অরুণবাব আছেন: তিনি জানেন শিলিগড়েনীর বাজারে সেই নেপাল রাইস পাওয়া যায়, যার জন্য নেপালে যাওয়ার প্রয়োজন হয় না, জলপাইগাড়ীর ডি, সি: কুচবিহারের ডি সি বেঞাল রাইসকে নেপাল রাইস বলে পারমিট ইস্ক করেন। উত্তর বাংলায় চায়ের যে मार्गि मारम्था আছে फि. वि. पि-ध धवर आहे; भि; पि; ध। धहे मार्गि मारम्थात्क वना हन टामजा छेन्द्र ख़ला निनाक्षभूत एएक जान मश्वर कता स्मर्ट जालतरे किए तमाल राम जात किए. ঐ অঞ্চলের চা বাগানগালির জন্য থেকে গেল। এখন সেই চাল জেলাশাসক মারফত বাজারে ছাড়া হচ্ছে এবং সেইটাকেই নেপাল রাইস নাম করে ১ টাকা ৭০ পয়সায় সরকার নিজের হাতে বিক্রী করছেন। এর চেয়ে লজ্জার কথা আর কি হতে পারে? মাননীয় অধাক্ষ মহাশয়, দেশে আজ এক সংকটজনক অবস্থা দেখা দিয়েছে, আজকে আমাদের দেশ পাকিস্তান কর্তক আক্রান্ত আজকে সীমান্তের লোক নানাভাবে বিদ্রান্ত। আমরা গ্রামে গ্রামে ঘুরে দেখেছি যে অনেক লোকের মনে একটা ধারণা সূন্টি হয়েছে যে ওসব যুদ্ধ কিছু, নয়, ও একটা চালের দাম বাডাবার উপায়। আমরা এই ধারণার প্রতিবাদ করি। কিন্ত আমরা জানি আজ দেশে ভারত রক্ষা আইন ও ইমার্জেন্সী থাকা সত্বেও এই সরকার তা সূতিভাবে প্রয়োগ করতে বার্থ হয়েছেন, यात कना সाधात्रण माना्य এই সব कथा वला। সाधात्रण माना्य कारन ना काथाय यान्य না হচ্ছে তারা পেটের যুদ্ধ সামলাতেই বাস্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা শুনতে পাই বিভিন্ন জারগা থেকে সরকারী চাল উধাও হরে যায়, সম্প্রতি প্রকাশিত অভিট রিপোর্টে দেখান হয়েছে যে ৪১ হাজার টন খাদ্যশস্য সরকারী গুদাম থেকে উধাও হয়ে গেছে। কেন্দ্রে একটা কমিশন গঠিত হয়েছে, ই'দূর মারা কমিশন, যে কমিশনের সভাপতি হচ্ছেন কেন্দ্রীয় রাষ্ট্রমন্দ্রী শ্রীপ্রেন্দ্র শেখর নম্কর। আমি জানি পশ্চিমবাংলা সরকারও হয়ত এই রকম একটা কৃমিশন গঠন করবেন। কিল্ডু আমি বলছি এই চারপেয়ে ইন্দুর মারা কমিশন গঠন করে কিছু হবে ना यठका भवन्छ ना के भन्नाती वाद्व भछन मृ-भावत्राला रे मन्त्रापत क्षवर भन्तीमछात समझा বারা তাদের সমর্থন করেন তাদের ধরা হচ্ছে ততক্ষণ পর্যস্ত এই খাদা সমস্যার সমাধান হার

Shri Panchu Gopal Bhaduri:

মাননীর স্পীকার মহাশর, আজকে বর্থন ডক্টর চন্দ্র প্রথমে বলছিলেন তথন আমার মনে হচ্ছিল বে বোধহর তাঁর একটা হিল্লে হলো, তিনি বোধহর মন্দ্রীসভার স্থান পাবেন। কিন্তু তারপরে একটা মারাত্মক উদ্ভি করে ফেললেন বে শতকরা ৭০ ভাগ ভামি মার ৫ ভাগ লোকের হাতে আছে এবং বঞ্চন দেই পাঁচ ভাগ লোককে বখন তিনি আক্রমণের লক্ষ্য করে ফেলনের ভ্রমন ভ্রমন করে করে খ্রাপ হরে গেল। আগামী বংসরের প্রডাকশান এবং প্রকিওরমেন্ট নিরে বখন আ্রালোচনা হবে তখন ডক্টর চল্পের শেষ কথাটা আবার উঠবে। এখন এই বছরের বে খাদাসংকট সেই সম্পর্কে বিতর্কে বলতে গিয়ে আমি কালকে মুখ্যমন্ত্রী তার বন্ধুতা যে করেকটা এয়ালিভি দিয়ে পালাবার চেন্টা করেছেন সেই অ্যালিভিগ্রিল আমি প্রথমে ভাঙবার চেন্টা করিছে। প্রথমে খ্রুব ধীর নম্ম বিনীত ভাবে তিনি বললেন এবং তারপর তিনি নিজের সাক্ষাই গেরে গেলেন যে এবারের সংকটের জন্য তার কোন দায়িত্ব নাস। কেন্দ্র থেকে যে সাম্পাই দেবার কথা সোটা যদি ঠিক সময় মত পাওয়া যেত তাহলে এই সংকট হতো না। দ্বিতীয়তঃ প্রকিওর-মেন্ট যেটা হবার কথা ছিল রাইস মিল ওনারদের কাছ থেকে সেটা প্র্ণ হতে এখনও দুই মাস বাকী আছে। তারপর ঐ অখ্যাত অজ্ঞাত যারা গ্রামের মধ্যে ল্রিকরে ছিল "হালার"গর্লা, তারাই সর্বনাশ ঘটিয়েছে। এই হচ্ছে তার মোটাম্টি কথা। কিন্তু আমি তাকে জিজ্ঞাসা করব তিনি যখন উত্তর দেবেন তখন নিশ্চয়ই বলবেন তিনি যে বামপার ক্রপের কথা আগে বলেছিলেন তার কি হলো?

[2-20-2-30 p.m.]

প্রকিওরমেন্ট-এ আমরাও বার বার বলেছিলাম যে মিল ওনার-দের প্রকিওরমেন্ট করতে দেবেন ना, ডाইরেট্ট প্রকিওরমেন্ট কর্মন, তিনি তা করেননি। এবং ডাইরেট্ট প্রকিওরমেন্ট না করলে र्य नर्वनाम श्रद त्न कथा आमन्ना वान वान वर्त्वाष्ट्रनाम। आन्न এक्टो कथा मश्राक्षल म्हेगाई हिन রেশনিং করে ব্লাক মার্কেটার সবচেরে বড় পলে, বেখানে টাকা কড়ি দিতে পারে এই রকম বেশী সংখ্যক লোক আছে, সেটাকে সিল আপ করে ফেলা। সেই ব্যাক মাকে টটাকে ঢোট করে নিয়ে আসবার জন্যে সহরাঞ্চলে স্ট্যাটটোরী রেশনিং করা সে সম্বন্ধে আমরা বলেছিলাম যে অতীতের অভিজ্ঞতা নিন। ইংরাজ খুব খারাপ ছিল দেশের লোককে বেশী খাওয়ানো তার মতলব ছিল না, তব, তারা পূর্ণে রেশনিং মানে সম্তাহে সাধারণ মানুযুকে ৩২ সের আর মেছ-नींछ मान सरक 8 रमत करत द्रमन वानन्था कर्ताष्ट्रम छरवे महताशाम ज्ञाक मार्किंगिः वन्ध हम्। আর তা না হলে যা হয়েছে সহরাণ্ডলে স্ট্যাট্টারী রেশনিং-এর পাশেই বরাবর ব্লাক মাকেটিং চলেছে গড়ে বলা ষেতে পারে ৪ দিন তারা রেশন থেকে চাল নিয়ে খায় আর তিন দিন ব্যাক মার্কেট থেকে কেনে। তাছাড়া আমরা গ্রাম এলাকার বর্লেছিলাম যে সমস্ত ডেফিসিট এলাকার এবং ডেফিসিট পকেট-এ মডিফায়েড রেশনিং কর্ন এবং সরকারের হাতে যথেষ্ট চটক রাখ্ন সে দ্টক থেকে চাল বিক্লি করে আপনারা মূল্য ঠিক রাখতে পারবেন। তাও তিনি করতে পারেন নি। এবং এই যে না করতে পারার এই যে ফেলিওর, শুরুমাত্র সেটা "আমার মূল্য নিয়ন্ত্রণ ব্যর্থ হয়েছে" বললে তার জান্টিফিকেসান হয় না। তেমনি তিনি যে ঐ ১১ই অক্টোবর তিনি ফ্রালিয়ার রাস্তায় দাঁড়িয়ে হঠাৎ ডন কুইসট-এর মত নাইটলি পারভার-এর মত তাঁর উৎসাহ এসে গেল, ডন কুইস্ট যেমন উই-ড মিল-এর সঞ্গে লড়াই করেছিলেন, উই-ড মিল তার ভরানক শত্র, বর্শার ঘায়ে তাতে পতিত করতে হবে, তেমনি তিনি ঐ সাইকেল রিক্সা একা করে চাল পাচার করছে সেটাই বর্তমানে এই খাদ্য সংকটের মূল কারণ বলে তার বিরুদ্ধে উনি করে চাল পাচার করছে সেটাই বর্তমানে এই খাদ্য সংকটের মূল কারণ বলে তার বিরুদ্ধে উনি বলতে পারতেন সেখানে তিনি ছ*ুলেন না—এটা ন্তন কথা নয়। বহুদিন ধরে এটা একটা সেট মডেল বাংলাদেশে ব্ল্যাক মাকেটিং হোডিং এটা সেট মডেল হয়ে এসেছে. সেটা হচ্ছে গ্রামান্তলে বাদের ১০ একরের বেশী জমি আছে তাদের হাতেই মার্কেটেবল সারম্লাস-এর শত-করা ৮০ ভাগ তারা প্রোডিউস করে এবং সেই ১০ একরের বেশী জমি, বেটা ডঃ প্রতাপ চন্দ্র বলে গেলেন, যেটা স্টেটসম্মান-এ পড়েছেন, যে শতকরা ৫ জন লোকের হাতে শতকরা ৭০ ভাগ জমি আছে এবং জমির এই একচেটিরা মালিকানা গ্রামাণ্ডলে এবং ঐ যে একচেটিরা মালিক তারা গ্রামাণ্ডলে রয়েছে রাজনীতির কর্তা। তাদের গ্রাম্য ইকনমির উপরে যে দখল, তার জন্য তাদের গ্রাম্য পলিটিক্স-এর উপরে দখল, গ্রামের কংগ্রেস মেশিনারির উপরে তাদের দস্ত্র হত একটা দখল আছে এবং তারা গ্রামা-কলে কংগ্রেসের বেরার বা ভিত্তি। কংগ্রেসের বে ক্রমতা প্রামাঞ্চলে আছে, আজকে কেত মজুর, গরীব কৃষক, মাঝারি কৃষক নিয়ে নর। ধনী কৃষক, জোতদার, কলওরালা এবং বে ব্যাপারী;

ভারা মিলে বে শোষণের চক্ক করেছে এবং তাদের বে ইনটার কানেকসান সহস্রাশ্বলে ব্যাক্ষ মারফং একচেটিয়া ব্যাপারীদের সঙ্গে, যে ৭৪টা বড় বড় ব্যাপারী সারা ভারতবর্ষে একচেটিরা কারবার করেছে ব্যাহ্ক মারফং তাদের সংগে তাদের বোগাবোগ। এই বে বিরাট রেমিফিকেসাল-এর সপো বোগাবোগ থেকে এই সহরাওল গ্রামাণ্ডল মিলে র্যাক মার্কেট চলেছে। গত জুন, জ্বাই মাসে বারা লক্ষ্য করেছেন তারা দেখেছেন সর্বত্ত লিগ্যাল চালের মার্কেট খোলা বাজারের পাশে একটা প্রায় সমভাবে লিগ্যাল এবং ওপেন ব্ল্যাক মার্কেট চলেছে। সাধারণ লোকে নির্পার হয়ে তার সহায়তা নিয়েছে, সহায়তা নিতে বাধ্য হয়েছে। এই ব্ল্যাক মার্কেট-এর স্যাংশান গভর্ন-মেন্ট-এর নীতির মধ্যেই ছিল, শ্বর থেকেই ছিল তা আমরা শ্বর থেকেই বলেছি। আন্তকে এই সংকট সমাধান করতে গেলে যে জিনিসটা প্রফক্সে সেন মহাশরেরা করলেন না, যে জিনিসটা আমরা বার বার বলেছি, দশ্ভের সশ্গে বলিনি, বিনরের সংগা বলেছি এবং দেশের লোকের অপরিসীম বন্দ্রণা আছে সেটা বুঝে বর্লোছ, যে ডি-হোডিং করুন উইথ পপ্লার সাপোর্ট সেটা কর্ন, আমরা সহারতা করবো, আমাদের সহারতা নিন। এবং বলেছি বে রেশন কার্ড ক্যানসেল বা বাতিল করছেন তা রেস্টোর কর্ন। কালও বলেছি বে মডিফারেড রেশন ডেফিসিট এরিয়া এবং ডেফিসিট পকেট-এ চাল, কর্ন এবং বথেন্ট যোগান দিয়ে ফেরার প্রাইস সপগ্রিলর মারফং আপনার বেট্কু অভাব আছে তা প্রেণ কর্ন এবং এইটা করেন নি তারা। এবং রাইস মিল ওনারসদের উপর প্রকিওরমেন্ট-এর ভার না দিয়ে ভাইরেট প্রকিওরমেন্ট কর্ন। এ বিদি করতেন তাহলে আজকে এই সংকট থাকতো না। এ যে করেন নি কেন করেন নি তাও বলা বেতে পারে। তিনি যে শ্রেণীর সরকার, যে প'্রন্ধিপতি শ্রেণীর সরকার তার দুটো অংশ আছে, একটা হচ্ছে শিলপ, কলকারখানা, ব্যাঞ্কগ্রলির মালিকরা আর একটা হচ্ছে গ্রামশ্রলে এই যে ছোট ও মাঝারী বৃক্তিরা, যারা কৃষির সন্ধো যুক্ত এবং যাদের নিরে এই চাল-ধানের চোরাকারবার শ্রের হয়েছে, এই দুটির সঙ্গেই কংগ্রেস সরকারের যোগাযোগ আছে। একথা সতিত যে সহরাণ্ডলে রেশন করতে তারা বাধ্য হয়েছেন এই জনো বৃহৎ প'্রিজপতিদের প্রয়োজনেতে সহরাণ্ডলে শিলপকে ठाम, ताथा पत्रकात कात्रण जात्पत्र ना ताथरम राम ठरम ना स्मरेखना पत्रकात रुरत्ररह। किन्छ स्मरात्मध তারা ব্ল্যাক মার্কেটকে খোলা রেখেছেন। তাঁদের যে সমর্থক গ্রামাণ্ডলের ঐ পাঁচজন. ঐ শতকরা ৫ জন যারা শতকরা ৭০ ভাগ জমির মালিক, যারা ধনচাল মজতুত করে, যারা আজকে দেশের লোকের অপরিসীম দুঃখ দুদুর্শার সূচি করছে এবং যারা কংগ্রেসেব গ্রামাণ্ডলের ভিত্তি। এখন ন্তন একটা কথা এসে পড়েছে, ইতিহাস অভ্ততভাবে কাজ করে, ইতিহাস অচিন্তিতভাবেতে জনগণের সামনে সূবিধা এনে দেয় আর সরকারী পলিসিকে পানচার করে দেয়। আজকে এই যে যুন্ধ হল, পাকিস্তান ভারতের যুন্ধ এটা নানা দিক থেকে দঃখজনক, সকলের পক্ষে মর্মা-ন্তিক হলেও যেহেত এই যান্ধের পিছনে আমেরিকা ইংল'ড ছিল তাই এই যান্ধ প্রকৃতপক্ষে माश्वाकाताम तिरतारी युग्ध। এর মধ্যে দিয়ে অনেকগুলি জিনিস খোলা বা নশ্ন হয়ে পড়লো। প্রকাশ হয়ে গেল এবং যে যে পলিসিগালি আজকে আমাদের চোখে সাধারণ ভাবেতে শ্রহ্মার চোরাবাজার তোষণ বিলে। আজকে সেই পলিসি আজকের দিনেতে সেটা হয়ে যাচ্ছে দেশদ্রোহী পলিসি। আজকে কাজে কাজেই প্রফক্লবাব কে আমি চ্যালেঞ্জ করবো আপনার যুদ্ধের সময় উচিত ছিল ওয়ার ইমার্জেন্সীর সময় প্রত্যেক গভর্নমেন্ট এই রকমভাবে জোতদার, মজ্বতদারদের কাছ থেকে চাল বের করে লোককে খাওয়াবার দায়িত্ব তলে নেওয়া উচিত ছিল, ওয়ার ইমার্জেন্সী হিসাবে সেই মেজার নিয়ে সেই কাজ করেন নি। এবং ডাছাড়াও আজকে যখন আমেরিকান সামাজাবাদ একহাতে ম্চলেখা, এক হাতে দাসত্ত্বের ম্চলেখা, আর এক হাতে গমের পি, এল: ৪৮০ গম নিয়ে আসছে: এসে বলছে গম খাও আর আমার যুল্খে নয়া-উপনিবেশের গোলামির ম,চলেখাতে সই কর তখন তার বিরুদ্ধে যখন আমরা বলছি যে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করতে হবে দেশকে। তাহলে তার একটা দিক হচ্ছে এই যে বন্টনের ক্ষেত্রে জনগণের খাদ্যের যারা শনু, উৎপা-দনের ক্ষেত্রেও তারা জনগণের খাদ্যের প্রচর্ব উৎপাদনের শত্র, তারা প্রাচর্ব্য স্থান্ট করতে চার না, প্রচার লাভ চার এবং তারা শবেমার ব্লাক মার্কেট করে বে প্রফিট করেছে তা বছরে প্রায় ৫০ কোটি টাকা হবে এবং এই বছরে ৫০ কোটি নর ৭০ কোটি কিন্বা ৮০ কোটি। धरम्बा स्नि भरामत रहे भरमव करताहरी करे तारेन भिन धनातरमत नामरानत वहत स्थरक ५५३ কোটি টাকা এ্যাডভান্স করে এবার আর তারা নিজেদের টাকার প্রকিওর করে চোরাকারবার করবে না, এবার গভর্নমেন্ট-এর টাকার তারা প্রকিওর করে কারবার করবে। সে জিনিস আমাদের শিক্তেই করতে হবে। চালকলগ্লির সরকারকে হাতে নিতে হবে এই ভাবেতে যে তারা ব্লাক মার্কেট করবে, ব্লাক ম্নাফা করবে এবং অপরিসীম দৃঃশ্ব কণ্টের স্থিত করবে। সেই রাইস মিল ওনার এবং ঐ বার কথা বললাম ১০ বিঘা জমির মালিক যে সমস্ত জোতদার এবং জমিদার তারা আবার ন্তন করে দেশে দৃঃখকণ্ট স্থিত করবে। এটা বন্ধ করতেই হবে। আজকে দেশের যে অবস্থা, ব্শেষর যে পরিস্থিতি, আমেরিকার যে হাবভাব, আমাদের দেশকে নরা-উপনিবেশে পরিগত করার যে চক্রান্ত, পাক-ভারত য্শু, কাশমীর নিরে চক্রান্ত, এই জিনিসটা ন্তন করে আমাদের সামনে খাদাসমস্যাকে তুলে ধরেছে। কাজে কাজেই আজকে শৃধ্মাত্র সাধারণভাবে বিরোধীদল প্রত্যেক বংসর চেণ্টায় এ বংসরও চেণ্টাছে তা নয়, তার চেয়ে অনেক গ্রুত্বপূর্ণ। এবারে কংগ্রেসপক্ষকে দেশপ্রেমের সতি্তাবরের পরিচয় দিতে হবে। আমরা শ্ব্ ফাঁকা কথাতে তর্ক-বিতর্ক করছি না। সমাধান করতে হবে এই খাদ্য সমস্যার সমাধান তাছাড়া কোন গভর্নমেন্টন্ত এর অস্তিতত্বের কোন জান্টাফিকেসান থাকতে পারে না।

[2-30-2-40 p.m.]

Shri Nani Bhattacharjee:

শ্রদেধর স্পীকার মহাশয়, আমাদের শ্রদ্ধাস্পদ প্রতাপচন্দ্র চন্দ্র মহাশয়, তিনি নির্ভোপ দেখে খুব খুশী হয়েছেন। এবং বলছেন যে দেশের প্রফল্লচন্দ্র সেন মহাশয়ের খাদানীতির অন্তত আংশিক সাফল্য লক্ষ্য করেছেন বলে আজকে সেখানে কোন বিক্ষোভ দেখা দিচ্ছে ন'। বিধান সভার বাইরে কোন ঝড় ভেতরে কোন ঝড় উঠছে না বা বাংলা দেশের জেলায় জিলায় বিক্ষোভ ফেটে পড়ছে না। প্রতাপবাব, অবশা কলকাতার লোক পড়াশুনা নিয়েই কাটান। বাংলাদেশের খবর তব্ত তাঁর জ্ঞানা উচিত যে গত জ্ঞাই মাস থেকে আরম্ভ করে আগস্ট সেপ্টেম্বরের তিন চার পাঁচ তারিখ পর্যক্ত বাংলা দেশে বিক্লোভের ঝড় বয়ে গেছে। ঐ জলপাইগ্রিড় জেলাতে যেমন চাল দখল চাল ধরো আন্দোলন চলেছে - কুচ্বিহারে সেই রক্ম চলেছে। থগেন দাসগৃংত এখানে নেই- তব্ও বলবো যে তাকৈ ধাওয়া খেয়ে চলে আসতে হয়েছে—প্রায় কয়েক হাজার জনতা তাকে। ধাওয়া দিয়েছিল—পানিয়ে এসেছেন। ঠিক সেখান থেকে আরুভ কবে এমন কি নাড়তি *তেলা প*শ্চিম দিনাজপুর দেখানেও বিক্ষোভ শুনা গেছে। তার পর মালদা তার পর দেখান থেকে মু শিদাবাদ সেখানে অন্তত জলজিল থানার ধান লাট থেকে আরম্ভ করে মাশিদাবাদের বিভিন্ন থানা থেকে হাজারে হাজারে লোক নার বাব ডিস্টিক্ট মাজিস্টেটের ওখানে বিক্ষেভ দেখিয়েছে। সেখানে লাঠি চালানো হানছে তবুও তাবা সেখানে পিছাপা হয় নি কলকাতার আধেপা গ সেগুলি আপনি লক্ষ্য করেছেন। সেদিন বাটাতে ৮ হাজার মজ্বরা ঘেরাও করেছিল বি ভি. ও-কে। সেই সমুহত বিক্ষোভ নিশ্চয় পণ্ডিতমন্য প্রতাপবাব্র চোখে পড়ে নি- ক নেও নিশ্চয় অংসে নি। অধ্যাপনার ঘরের মধ্যে বদে থাকাব দর্ন সেগ্রিল ইয়তো তাঁর কানে গিয়ে পেণীছায় নি। সব চেয়ে ল্ভ্জার কথা যে প্রতাগবাব, যথন এই সমস্ত কথা বলে প্রফ্লেবাব্রে ধাৎপার সমর্থনে এসে দাঁড়াচ্ছেন। এইভাবে নিজের বিবেক বিক্রি করে দিয়েছেন। সেটাই সবচেয়ে লঙ্গার কথা। সভাকে সতা বলনে আপত্তি নেই। আজকে যে কথাটা প্রফল্পবাব, বলি বলি করেও বলতে পারেন না তাঁর কালকের প্রেটমেনেট সেটা প্রতাপবান, বলে দিয়েছেন ঘার্টতি ভীষণ। এই ঘার্টতের ধাণপাটা আমরা প্রফল্পবাব্র কাছ থেকে বহু দিন ধরে শ্নছি। কালকের বক্তায় তিনি ঘটতির কথা বিশেষ বলেন নি—আংশিক ঘাটতির কথা বলবার চেণ্টা করেছেন। কিন্তু প্রতাপবাব্র ঘাটতি ৰীৰ্ষ্যেয়াদী পরিকল্পনা ইত্যাদি ইত্যাদির কথা শ্নলাম। এখন একটু ঘাটতির ধাপপার দিকে তাকাই। আমাদের এখানে জনসংখ্যা লান্ট সেনসারের ভিত্তিতে ৩ কোটি ৪৯ লক্ষ। তার মধ্যে 3৬ লক্ষ ৮০ হাজার হচ্ছে শিশ, যাদের চার বছরের কম বয়স। টোট্যাল পপ্লেসনের যেটা ১৩.৪ শতাংশ। তারা চাল খায় না। ১ কোটি সাড়ে ১৫ লক্ষ হচ্ছে নাবালক বাদের চার থেকে 38 বছর বরস—প্রফালবাব, তাদের জনা বরান্দ ধরে রেখেছেন ৮ আউন্স করে—এখন ৬ আউন্সে মিরেছেন। আমি আট আউন্সের হিসাব ধরেছি। সেখানে দেখতে পাচ্ছি তাদের জন্য চালের ব্রকার হয় ২৫·১ মিলিয়ন মণ এবং সাবালক লোক টোট্যাল পপ্লেসনে হচ্ছে ৬১:৭ ভাগ— াদের সংখ্যা হচ্ছে ১ কোটি ৮৩ লক্ষতাদের চালের দরকার পড়ে ৮৪.১৫ মিলিয়ন মণ বর্ধাৎ মোট ১১১ মিলিয়ন মণ দরকার পড়ে—এটা টনে আনতে গেলে ৪১ লব্দ টন পড়ে।

জনসংখ্যা বেড়েছে কয়েক বছরে এবং প্রফাল্লবাব, বলেছেন এখন ৩ কোটি ৯২ লক্ষ তার ম ৪৩ লক্ষ বেড়েছে। তার জন্য প্রয়োজন হয় যদি খবে বেশী করেই ধরি তাহলে ৮ লক্ষ ট মোট ৪৯ লক্ষ্টন প্রয়োজন হয় চালের। এবং প্রফল্লবাব্র বলেছেন আমরা গম খাই ৭।৮ ট টনের মত। আমি ৭ লক্ষ টন ধরেছি। সৃতরাং গমের হিসাব যদি দিই তাহলে ৪২ লক্ষ ুআমাদের চালের দরকার এবং মুর্নিড, চিডা, থৈ এই সমুস্ত ১০ লক্ষ টনের হিসাব ধরি তাহ **१८७६ ८२ अक ऐन ठाटनत आकारत मतकात। श्रक** स्त्रवातात वाम्लात करलत रूपेरेसम्पे १८७६ (नक हैन जातभार श्रम्बादाद, कानरक एउँहेरभरनी वर्तार्ष्ट्रन य ८ नक ८४ शाकांत्र हेन आर हान इस्तर्रह। माउतार पार्वीक कि? **बरे घार्वीकत धा॰मा वारना स्तर्भत लाक वरा जाला ख** ধরেছে ালে বিক্ষোভের ঝড় উঠেছে। কিন্ত যেমন আমাদের মাননীয় সদস্য একজন বলতে যে যদের আসার দর্শে দেশপ্রেমের জারক আসায় তা স্তিমিত হয়ে গেছে। সেটা প্রফল্লেবাব ম্যুখর বিশে আনিরে মান, তার উলাত আহ্মানের কথা শুনে নয় কংগ্রেস নেতাদের বড় ব বর্প া নে নয়। দেশপ্রেমের জারক আসায় সেই আন্দোলন স্থিমিত হয়েছিল—তার পর আবা য । ি ির পর থেকে মিছিল হতে আরম্ভ করেছে। সেগ্রলি অন্ততঃ ও'দের কানে যাওয় উচিত। সেই বিক্ষোভের কথা হয়তো প্রতাপবাবরে কানে বা কংগ্রেস নেতাদের কানে না যেতে 🚧 ার 🕆 গ্রেম্যের মেটা রাড়ছে। তাহলে সংকটটা কোথায়—এই ঘাটতির থিওরি এটা একা ধাম্পা। এই সংক্রের করণ কোগায়? সংকট বাজারের মলোর ক্ষেত্রে—সেখানে দেখতে পাচি থেট বার নার অন্মর বলে। ছ. ঘাটতির তথ্য বিশ্বাস না করে আমরা বলতে পারি যে আজুবে যারা চ পের বড় বড় জোতদার গ্রেমাণ্ডলে সেগ্রনে স্বর্থের পরিবর্তন ঘটে গ্রেছ। এবং সেট শাধ্য ধান উৎপাদনের স্বার্থেই নয়, সেখানে ব্যবসায়ীদের স্বার্থ তার মধ্যে বড হয়ে উঠেছে মহাজনী বার্ণ ২ড় হয়ে উঠেছে এবং এটা তো আপনারা জানেন যে সংধারণ চাষ্ট্রীর ঘরের ধান দ্রাগা তানের গোলায় গিয়ে উঠে--ঠিক সেই মজতুদার মহাজ্নী স্বার্থ বাবসায়ী স্বার্থ বড় বলে উঠোছ যেখন গ্রামাণ্ডনে এক শ্রেণীর মান্তবের মধ্যে ঠিক চার্মান যারা ব্যবসায়ী ফাটকা-ৰ.জ. যায় চালকলের মালিক তাদের মধে একটা দুফ্ট চক্র গড়ে উঠেছে এবং **সেই চক্র** বাজার নিয়ে ছিনিমিনি গোলহে মনে পলি করছে। আমি উদ্বৃত জেলার িচ্ছ চালের বাজ্যরের **খবর** দিভি। বাইসোয়ে ১১৬৪ সালে জেন চলে বকে হয় নি—১৯৬৫ সালের জানুয়ারটিত **ওয়েণ্ট** ৰিনালেও তেকে ৪১০০ যুটিনৈ ধন একং চাৰ বুক হয় কেলুলবীতে ৬,১৪০ - **কুইনটল** ধান এবং চাল কে বয় মটো ৩,০৮৬ বুইনটল ধান এবং চাল কুক কৰা হয় -মোট ১৪ হাজার ১৫ लोटोट थान এए ठाल वर्क क्वा दश्च। এই হিসাব সরকায়ের আছে কিন্— এইভাবে यिन হয় ওলাক দি লাক ? টার বংগের ক্ষেকজন মাননীয় সদস্য বলেছেন যে ভূটানে চাল যায় না কিল্ছ স্থাম সন্তে পারি যে সেখনে নৌ মানস লাণেড বড় বড় গ্রেম গড়ে উঠেছে। **ছল-**প্রাইর ডি এবং স্ট্রিকার কেলায় সেখনে গ্রেমজাত হয়। সরকারের নির্দেশ আছে ভুটানে যা কৰে এন্ন কোটা হিসাব রাখাব -ভূটানকে হাতে রাখতে হবে, সত্তরং সেই স্যোগে অসাধ্ বাদসভারা তান স্মাদেত অমি বিশেষকরে নাম করে দিচ্ছি ফ্লছিলিং সেখানে আজকে গ্রুম পাড়ে ইটাছে। ঠিক তেমনি করে ভদ্রপরে বা ঐ রক্ম থানার-নেপালের আ**শেপাণে বহ** পোরা গাসায় গড়ে উঠেছে বানসায়ীদের এবং তারা সেইভাবে চাল নিয়ে যায় এবং আবার অতি-রিজ ৮৫° চাল নিয়ে বলে নেপাল রাইস খাওয়াচ্ছি ঠিক এইভাবে সেখানে স্মাগলিং চোরাকারবার চলতে আন সংধ্যের মান্ন্যের উপর দৃর্গতির বোঝা আপনারা চাপাবার চেষ্টা করছেন। চা-ব্যগ্ন প্রতিপ্রতিপ্রাধান ধানাপ। সেই চাবাগানগুলিতে রাইস কার্ড হয়েছে- সেখানে যা **ছিল** তা থেকে এখন ১ কে, জি-র বেশী চাল দেবেন না এটা ঠিক করেছেন। চা বাগানে চালের ষ্টকের কথা এর বার আমরা বলেছি--লেবার দশতরের সেক্টোরীকে খাদ্য দশতরে একথা বলবার জন্য আমেরা বলেছি। চা বাগানের ঘটকে প্রচার চাল থাকা সছেও ফের্য়ারী, মার্চ মাস পর্যত চাল থাকা সত্বেও সেই চাল কমিয়ে উ**ন্দ**্ৰত <mark>চাল চোরাকারবারে পাঠাবার বাকখা করেছেন—এই কার-</mark> বার আপনারা করেছেন।

12-40-2-50 p.m.]

সেভাবে চা বাগানগালোতে চলছে। আমরা দেখছি যে একমান্ত জলপাইগাড়ী সহরে ৯ জন লোক অনাহারে মারা গেছে। আমরা সেই খবর বি, ডি, ও, এস ডি ও; ডেপ্টি কমিশনার ইত্যাদি সকলকে নিয়েছি কি ফল হয়েছে তা জানিনা। তারপর জলপাইগড়ে সহরে বিভিন্ন থানার এন টেরিক রোগে মারা যাছে। ১৮১ রকমের গাছ পাতা তারা থাছে। সিরিস গাছের পাতা তারা সেম্ধ করে থচ্ছে। বিরেন দের মধ্যবিত্ত সংসারে পরিবার মারা গেছে আজ কিসের যাতনার? তার দেশপ্রেমের কোন অভাব হিল না। মৃত্যুকালে সে ১০ টাকা ডিফেন্স ফান্ড-এ দিয়ে গেছে। আজকে এখানে বড় বড় ধাপ্পার কথা চিফ মিনিন্টার বলছেন। আমি তাঁর জনা একটা হ'সিয়ারী করে দিতে চাই। বাংলা দেশে জনসাধারণের উদ্দেশে। যে চিফ মিনিন্টার কালকে কার্যভার কথা বলেছেন। তার গ্লা নিরান্তণ কার্য ইরেছে তথন কে ভিনি অনারোকলি ্রতিগ্রেমান দিচ্ছেন বা কেন? তার যদি কিছুমার লংগা থাকলো, সংস্থায় গণতান্তর প্রতি শ্রন্থ। থাকতো তাহলে বলতেন যে রেজিগনেসান দিছি। চোরাক রবারীরা বানচাল করে িছে। হোজবার বানচাল করে দিছে। আনি মেতিগনেসান নিছি। বানলে ব্যুক্তাম ভার স্থিতিয়া স্নাছে। আমি জানি তা তিনি দেশেন না কারণ এ সংসদে তার রুট মেজরিটি আছে। িহুনি হৈছিলনেসান কোন লংজায় বেবেন। সেজনা বাংলা দেশের লোক মনে করে ডিফেন্স প্লোল ইনেশ্রেলী বর্মন ফাল ও ইলপ্রেলিন। মনুত ইল ইন্সেপ্রেলিন লিকে জ্বিটার ফিক্সেস। ক্ষেত্রত আলার আপানি সাগছে বস্তায় এড়াই হবে, যে অবস্থায় এইলা দেশের স্বকার খাদা-্ির পারতেহন, যে অবস্থায় দেশকে সৈলে সিচের ভাষে রাসভায় লড় ই হ**রে। অমি হাউসের** সা ন প্রায়ণ্ট সাহিত্য নিয়া হলে ধর্মিত হা এলং কেঞ্চের উল্লেখ্য হল এক মানা আল ি লা করে হিচাল সে আছেন কিন্তু আন হোৱা সামেন ধানী ব্যৱ যাছিল গৈ আনবান নামৰ নামেৰ কাছতে হরে এবং ভার্যারিকা, ভিহ্ন, মহাকলক জন দিয়ে কে আলাম নেকান করে না।

Sm. Mashi Kanta Maitra:

মান্ত্র স্প্রিকার মন্ত্রত মান্তর খাদ্য বিত্র সাল্ডেখ বলতে গৈয়ে অমি ও প্রা**ত্র** প্রবল বিয়ো ৮৫৩ চনী বছা বেশের একটা ঘাট্টিত জেলা হল নদায়, ধর স্থত্থে এটা বিধান-মতম্ তেবে ব্যাচন। হেন্ত কটা পাটোত চাল্র ডড্গ থেকে আমি কালেক নিব চিত क्षी । विश्व महाराज के का राजिस्क किरानित भगा स्वरंश स्टिक एए औं भान প্রেল প্রেল বিশ্বে আমি বলি সংঘ্যার বলি ছবিছে যেনিল ১২লে আপনি ক্ষা সাধা ওচাৰ र गरन ८ ो समास्त्रका छो राजिल यहाकी र भार कामानी स्वाराम अन्यू यान प्रमास्त ংক্রাক এখন জ্বান প্রতি মা গোমে করি এখন হক্তা হক্তে থাবি প্রত। থাবিই হাজে এমোট क्रम का विश्व वाद्याद क्रम सम्पाद रहा । श्राहर विमाननीत द्रवन स्थान व्याप विद्यापितान ১১ই অ বৈত্ত এবং ১১ই আকৌবারে বেখানে একটা জনসভায় ভাষণ দিয়ে ফললেন । নীয়া চেবা চর্চ চুট্ট স্থালিশ বেষ, পি. এরা চার ঘাস ঘোর পার্নিস্তানী চল, এবং পরিস্তানে চাল প্রতির বি তেকে সংক্ষর ত্রেস্টের হার হার হার তার এটা জানেন এটার সাম হার। দ্বং রের हुमार के रोजन महिन्दी क्षेत्र कर के किसी सिटावर छाउचार्य किरावर काम ইনিচুল । পুল আলাভ সলকো। হাল একাছৰ দেশেৰ মাধ্যমন্ত্ৰী খাঁহ থাৰ। নগংৱ কাশ ওালেট हर्म के प्राप्त के किया के किया है। कि क्षेत्रक के किया कार्य প্রতি বিশ্ব বিশ্ धारका १ वर्षा विकास वर्षा वर्षा वर्षा क्षेत्र हारा स्थान आयार १३। राजे स्म किनिय িলোলে 🛬 সাপনাত্রক চেচারের মত জনতে হলে। মাধ্যমনতী বাংলা দেশকে এ অবস্থায় দক্ষি ক্রিল সালি বিভাগ নালি দেশ লাগি প্রথম আছে দি ক্ষাই আর ভেলিটনা**ড ট্** টলাল স্থাপ্তল কল্পিল্টালা লি লাহমের সোমার্গেট, আমি কেটাই সা**নতে চাই।** ্নৰীফ প্ৰচাৰ ১৬ হাকের নৈ ছেলা তৈরী হয় দিগেণ্ট গ্রাম প্রডিউসিং **ডিল্টিট বলে। আজকে** বে কেন্দ্র সভ্যার পাওয়া যাজে বংলা দেশের মনুষ তা থেতে পাছে না। ৫০/৬০ পার্সেন্ট ध्वा राज्या १ रहमत खार्शकाद एहाला। माथामन्त्री रतगात्नद्र रंगकाल एनवाद्र वारम्था कदरहन,

বারা জানোরার ভালবাসে তারাও খোঁড়া গর্কে এটা দিতে পারে না। আমি এ ছোলা আনব ভেবেছিলাম কিন্তু মুখ্যমন্ত্রী হয়ত বলতেন যে আমিই ধ্লা মিশিয়ে এনেছি। কিন্তু আমি বলছি আপনি তো সংসার করেন, আপনারও স্ত্রী, প্র, পরিবার আছে আপনার পরসা থাকতে আপনি কি পারেন আপনার বাড়ীর ছেলে মেয়ে বা স্ত্রীকে ঐ পাঞ্জাবের খুদ চাল এবং ছোলা চালের বদলে থাওয়াতে। কোন মন্ত্রী বা কংগ্রেসের কোন সভ্য বা বিরোধী পক্ষের কোন লোক বলতে পারে যে এটা খেতে হবে। আজকে দেশের লোককে বলছেন ভাগ করে খেতে হবে-সকলের সাথে অহা পান, আমি জিল্ঞাসা করিছ কলকাতার ৭১ লক্ষ লোক, কেন করছেন না।

Are they then the only pampered children of the State that the State Government should ensure for guaranteed supply of 1900 gramme of cereals? Way not follow the same example with regard to the mofussil people? Why not follow the same examle with regard to the raral people, the peasants, the landless tillers.

আজকে যদি ভাগ করে খেতে হয় তাহলে আমি বলছি যদি সাহস থাকে তাহলে আগামী ২ সংতাহ কলকাতায় লোকেদের জন্য ঐ পাঞ্জাবের খুদ, চাল ও ছোলা তাঁরা স্বর্বরাহ করুন। আপ-नाता एम्प्रेन य वाश्मारमण्यत लाक विरमार करते कि ना। धवर उथनरे एम्प्रेया छः हर्न्यत कर्छ **শ্তব্ধ** হয় কি না। অধ্যাপক **ডাঃ চন্দ্র বলেছে**ন বিক্ষোভ নেই, কিন্তু কেন নেই? জিজ্ঞাসা করলেই **कान**्ट भारतन वाश्नास त्य वाचा दाचा ६ थाना काशक आहर लाएन कर्श्वतार करा स्टास्ट । ম্থানতী ধনক দিয়েছেন তারা ছাপ্রেন না। আনি বলছি বাংলা দেশের সাংবাদিকদের একটা দায়ির আছে একটা বিলিজিয়াস ডিউটি আছে টু রাউজ দি পিপল, টু রাউজ দি নেশন। এটা অত্যত্ত দঃথের কথা যদি বিদ্রোহ হয়। তার চেয়ে দুঃথের কথা জালিমের বিরুদ্ধে এই ভারতবর্ষ লড়াই করে নি সিরাজের বিরুদ্ধে যে ষড়যন্ত্র হরেছিল, মিরজাফরের বিরুদ্ধে লড়াই হয়নি ইংরাজকে তারা ডেকে এনেছিল। চীন যখন আক্রমণ করেছিল তখন কেউ কেউ ভেবেছিল **होन** थारम भाम्रक। देशताक्रक रहतक बातरह, विस्तर्गारक रहता बातरह, किन्ह यास्ता हानियान বিরুদেথ লড়তে পারি নি। ভারতবর্ষের এটাই হচ্ছে একটা ঐতিহা। ভারতবরের এটাই হচ্ছে **দ**ঃখের কথা যে জালিনের বিব্যুদেধ লড়বার শিক্ষা দিতে হবে। আত্রকে বিদ্রোং লওয়া দ্বকার বিক্ষোত নেই এটা দেশের পক্ষে জ্ঞানির কথা আন্তেদ্ধ কথা না আন্তে এই মাউসে বায়ক বছর ধরে বলছি যে বাংলাদেশে চালের কোন ঘার্নির নেই। আক্রমন্ত্রী হখন কলা করে আছাত্র **উডিয়ে** দির্গ্রেছিলেন।

[2-50-3 p.m.]

কিন্তু ম্থামানতী মহাশ্য আহাকে বছগ করে ছেলে উচিতে দিলেকেন, বখনও আমার কথা মানেন নি। আমি বছাছি যে ঘোমানের দানিও এখানেই, বলা শেম। কিন্তু সংবাদপরের দানিও আছে। বদি জনমত তৈরী করতে পারেন, তাহলে এই কংগ্রেস সরকার বাধা হবেন ত'দের নীতি পরিবর্তন করতে। মাননীয় সদস্য ননীবাব্ তিনি এখানে যে ফিগারস দিয়েছেন, আমি বলছি তিনি বরং আরও বেশী করে ধরেছেন, এতও ধরার দরকার নেই। ইক্মিফস-এর একটা ল' আছে, তাকে এটাজান্ট কনজামসান ইউনিটস বলে। ৮০ পারসেন্ট হচ্ছে টোটালে পপ্রেলসান-এর এটাজান্ট কনজামসান-এর ইউনিট একশো জন লোকের যা খাওষা, ৮০ জন এটাজান্ট কনজামসান-এর ইউনিট একশো জন লোকের যা খাওষা, ৮০ জন এটাজান্ট কনজামসান-এর ইউনিট একশো জন লোকের যা খাওষা, ৮০ জন এটাজান্ট কনজামসান ইউনিট হচ্ছে ২ কোটী, ৯৬ লক্ষ ৮০ হাজার কালকুলেটেড এটাট দি রেট অফ ১৫-৩ আউন্স এ ছে বাংলার রিকোয়ারমেন্ট গিয়ে দাঁড়াবে ৪৬ লক্ষ ৪০ হাজার টন.

calculated at the rate of 13.3 ounce a day, it would come to 40,22,000 Tons and calculated at 9.3 ounces a day, that is 700 grammes as in the rationed area, the total requirement would come to 30,59,000 tons.

আমি এই ফিগার দিয়ে চ্যালেঞ্চ করছি মুখ্যমন্ত্রীর কাছে, তৈনি ফর্লাসফাই করে দিন। তিনি

তা পারবেন না। শ্ব্যু তাই নর, আমি যখন এই হাউসে মারকেটেবল সারশ্লাস কেনার কথা বিলি, তখন তিনি আমাকে পশ্ডিত প্রভু বলে হাউসে ব্যঞ্গ করেছিলেন। কিন্তু আজকে তাঁরা ১৫ লক্ষ টনস্ ফ্ড গ্রেনস বাজার থেকে কিনবেন বলেছেন। ভাল কথা। কিন্তু আপনি দেখ্ন কলকাতার কাগজে বেরিরেছে বে এই বাংলাদেশের ফ্ড গ্রেন দেটার থেকে ১ লক্ষ কুইন্টাল ৬১-৬২ অভিট রিপোর্ট অনুসারে, গারেব হরেছে। আমি বলছি আপনাকে

with all sense of responsibility as a member of this House, if any honest searching enquiry is made today the minimum shortage with regard to 1964 would be at least 15 per cent.

ুর্যাদ আমরা ক্যালকুলেট করি, তাহলে দেখা যাবে ৩ লক্ষ টনে, ২ কোটী ৪০ লক্ষ টাকার খাদ্যশস্য চার হচ্ছে প্রত্যেক বছরে। এইভাবে যদি বাংলাদেশে খাদাশস্য চার হয়, ৩ লক্ষ টনের টারন-ওভার বেসিস, ১০ পার্সেন্ট হয় আপনার ৩০ হাজারে। আমি ৩০ হাজারের দাম কর্ষেছি.— ১০০ টাকা করে টন এই হিসাবে ধরলে ২ কোটী ৪০ লক্ষ টাকার চাল গায়েব প্রতি বছর হয়ে যাচ্ছে। আমি ১৯৬৪ সালের ফিগার আপনাকে দিয়ে যাচ্ছি। আমি আবার বলছি. ৩ লক্ষ টন চালের ২ কোটি ৪০ লক্ষ টাকা চরি হয়, তাহলে ১৫ লক্ষ টন চাল, যখন এরা প্রকিণ্ডর করবেন, তখন কি পরিমাণ চরি দাঁডাবে? ১২ কোটি টাকা চরি গিয়ে দাঁডাবে। যদি **এই मार्टेड जाभना**वा वन्ध कवरू ना भारतन ठारान कथनर वाला मार्ग व मार्थ मात्र राय ना। এবং এই যে ম্যান,পুলেটেড সর্টেজ অফ ফ,ড গ্রেন হচ্ছে ফ্রম দি গ্রেন স্টোর সেটা কলকাতার वाकारत এवर भक्षः न्वल अतिहारा कातावाकारत विकस रुक्त । आर्थान कारनन, वरलारमध्य स्य हालहो আসে সেটা গভর্নমেন্টের গ্রেডাউন-এ রাখা হয়। এ সম্পর্কে গভর্নমেন্টের গ্রোডাউন নীতি যা অছে, তাতে দেখতে পাই ক্যালকাটা ফুড় ডিপার্টমেন্ট-এর গোড়াউন আছে, সেন্ট্রাল ওয়ারহাউস গোডাউন আছে এবং স্টেট ওয়ারহাউসিং কপে।রেসান গোডাউন আছে, আমি আপনাকে একজন অফিসারের নাম বলছি, মিঃ রামপাল সিং, হি ইজ ইন চার্জ অফ সেন্ট্রাল ওয়েরহাউজ গোডাউন, লোকেটেড এটা ঘ্রস্করি এবং ফ্রি ইণ্ডিয়া জটে মিল গোডাউন সেখানে এটে লিস্ট ৩০.০০০ টনস-এর খাদাশস্য মজ্বত থাকে। তাঁরা কি করেন জানেন? ১০০ ব্যাগে হয় সাড়ে সাত টন। ১০০ দেখাচ্ছেন। সেই চাল আবার রি-কাগিং করে, <mark>আবার গভর্নমেন্ট কন্ট্রক</mark>টারস এর হাতে যখন দিছেন তথন দেখাছেন লোক্যাল ৮ ৬ নৈস, গ্রামি বলছি যে খুব উচ্চ পর্যাশের একটি ক্যমিট হরে, এ সম্বর্গে এনকোয়ারী করে দেখনে, আমি যা বললাম তা সতা কিনা ? ২৪ কি ৪৮ ঘণ্টার নধ্যে আপনারা ঘুসরীতে গিয়ে এই সেন্টাল গভনমেন্ট-এর ফ্রি ইণ্ডিয়া মিল্-এর গোডাউন সছে, সেখানে অপনারা এনকোয়ারী কর.ন. সটেজি ধরা পড়ে যাবে। শুধু তাই নয়, বাংলা ্শের মান্য, আমার জেলার মান্য, ডেফিসিট এলাকার মান্য, না থেতে পেয়ে; মায়ে ভ্খা 🔨 : বলে কে'দে কেটে মরলো, তথন লেক গোডাউন-এতে চার হাজার টন চাল একেবারে ডেস্ট্রসেড 🤼 যায়, কজড বাই সিপেজ অফ রেইন ওয়াটার। আমি মুখামন্ত্রী মহাশয়কে লিখলাম আপনি ক ব্যবস্থা করছেন এর জন্য? আপনি শনেলে অবাক হয়ে যাবেন পি, ডবলিউ, ডি, চার লাখ িলর সমংশান চেয়েছিলেন, ফাইনাক্স ডিপার্টমেন্ট বলেন তা থরচ করা চলবে না। এই যে চরা সাংশান করলেন না, তার ফল দাঁড়াল এই—৪ লক্ষ টাকা খরচ বন্ধ করতে গিয়ে, ৩২ াক্ষ টাকার চাল নাট করলেন তারা? কার টাকা? সাধারণ মান,ষের টাকা, দেশের গরীব মান,ষের াকা, যারা কর দিছে, যারা জাতীয় প্রতিরক্ষা তহবিলে টাকা দিছে। ঐ যে বীরেন দে স্বপরিবারে ারা যাবার সময় প্রতিরক্ষা তহবিলে ১০ টাকা দিয়ে গিয়েছে, তাদের ঘরের টকা। মুখামদনী াহাশর কালকে বললেন টোটালিটেরিয়ান কান্ট্রি-র কথা। কিন্তু আমরাও টোটালিটেবিয়ান ^{ুর} এংগন্দেট মশাই। কিন্তু, টোটালিটেরিয়ান কান্ট্রি-তে এইরক্ম ভাবে যদি ১ লক্ষ টন চা**ল** রি বেতো, তাহলে তাকে ফায়ারিং স্কোয়াড-এর সামনে আসতে হত। আমি ফায়ারিং স্কো<u>য়াড-</u> াবু কথা ছেড়ে দিলাম, শুখু বস্দ্র উরোলন করে কয়েক গাছা চাবুকের বাড়ি পর্যন্ত তাদের পিটে ্রনি, জোটেনি। এই হচ্ছে আমাদের দেশের ভবিষ্যং। আমি বলি নদীয়াতে বেখানে ৭৪ হাজার কর পাটের জমি ছিল, আজ সেখানে ১ লক্ষ ৬১ হাজার একর জমিতে পাট চাব হচ্ছে। পাট ষ হবার পর, সেখানে ডিভারসান হচ্ছে, সেখানে ফ্রড গ্রেন রূপস হচ্ছে না। তার ফলে হচ্ছে

কি? ফুড গ্রেন তেফিসিট হয়ে যাচেছ। তাহলে এই ডেফিসিট জেলাগুলোকে খাওয়াবার দায়িছ কাদের?

Then every jute producing deficit district has a fundamental claim on the agricultural commodities produced in other surplus districts, like Burdwan, Bankura and Midnapur.

তা হবে না কেন? তাও আমরা দেখেছি, স্টেট উইদিন দি স্টেট।

উনি বলছেন সেল্ফ সাফিসিয়েন্ট। আমি অর্থনীতির ছাত্র ছিলাম, কিছ্ কিছ্ এ সম্বন্ধে পড়াশেনা করেছি, এখনো পড়াশেনা করে থাকি। আমি এটা ব্ৰুড়ে পারি না বন্ধমান একটা ইউনিট হবে, বাংলাদেশের নদীয়া জেলা সেল্ফ সাফিসিয়েন্ট ইউনিট হবে, জলপাইগ্রিড় সেল্ফ সাফিসিয়েন্ট ইউনিট হবে এটা ইন কন্সিভবল, এটা হতে পারে: অনলি ভিলেন ল' কন্সিভ অফ সাচ থিংস। আজকে নদীয়া জেলার লোক খেতে পাবে না; অথচ আজকে সকলে আমার দেখবো বন্ধমানের লোক চাল পাচ্ছে—খেতে পাবে। আজকে বীরভূমের লোক চাল পাবে। কেবল নদীয়া, ম্মিদাবাদ, জলপাইগ্রিড় ও দাজিলিং জেলার লোক খেতে পাবে না, হাওড়া জেলার লোক খেতে পারে দ্বেলা—এটা ন্যাশানাল ইনিটগ্রেসান নয়, এতে করে দেশ ন্যাশানাল ডিস-ইনিটগ্রেসান-এর পথে চলে যাচ্ছে।

শাধা আমাদের পাকিস্তানের সংগে সংঘর্ষ দেখে চললে, চলবে না, আমাদের বার বার বিভিন্ন দেশের সঙ্গে সংঘর্ষ হয়। পাকিস্তান যেমন আমাদের শত্র, চীনও তেমনি আমাদের শত্র। গতবার চীন, যখন আমাদের দেশের উপর হামলা কর্রোছল, তখন এই কমনওয়েলথ টাই-এর দোহাই দিয়ে কানাডার মত দেশ সেদিন এগিয়ে এসেছিল আমাদের সাহায়া করতে। যেমন देश्लात्फ जामारमञ्ज न्वार्थ तरहारक् ... एजर्मन जार्स्मात्रकाह्य जामारमञ्जू न्वार्थ तरहारक जानकथानि। কিন্তু কানাডা-র মত দেশ, যে বহু দূরে রয়েছে, যার সঙ্গে চীন বা পাকিস্তানের সঙ্গে এখন কোন সংশ্বর্য বা সংগ্রামের কোন প্রশ্ন নাই, এবং যে কানাডা, কমানিন্ট চীনকে কোটি কোটি ডলার-এর হুইট বিক্রয় করেছে প্রতি বংসর। সেই কানাডা এগিয়ে এসেছিল সংগ্রাসংগ্র আমাদের সাহ।যা করবার জনা। এটা সম্ভব হয়েছিল, কমনওয়েলথ-এ টাই আছে বলে। কমন-ওয়েলথ-এ থাকার আরও অনেক রকম স্মবিধা রয়েছে। আমি বলছি ইংলন্ড একাই কমনওয়ে**লথ** এব মেম্পার নয় কানাডাও নয়। একদিন ছিল যখন ইংলন্ড প্রভুত করেছিল সমূহত সামাজাবাদ রাষ্ট্রের উপর এবং সমুহত সামাজাবাদী রাষ্ট্রকে শোষণ করে নিয়ে ইংলণ্ডকে সম্মাণিধুশালী করবার জন। চেণ্টা করেছিল। কিন্ত আজকে ইংলণ্ডকে যারা ভাল করে দেখেছেন, তারা জানেন যে ক্রমশঃ ইংলন্ডের শক্তি হাস হয়ে যাচেছ। আজ ইংলণ্ড শুধু, সেকেণ্ড রেট পাওয়ার নয় সে একটা থার্ড রেট পাওয়ার হয়ে যাচ্চে। সূতরাং সেই ইংলন্ডের উপর রাগ করে আমনা কমন-রয়েছে, যাদের ভবিষাৎ রয়েছে, যাদের সংগে ইকন্মিক সংযোগের অর্থনৈতিক ফোগাযোগ অনেক কিছা সাবিধা র**য়েছে**, তাদের সংখ্য আমরা সম্পর্ক ছেডে দিয়ে চলে আসবো, এটা খাব একটা যুক্তির কাজ বলৈ আমি মনে করি না। আমরা যারা বাংলাদেশে রয়েছি আমাদের প্রত্যেকের মনে রাখা উচিত যে ময়,রাক্ষী প্রকেই যক্ষ হয়েছিল, তখন কানাডা এগিয়ে এসেছিল আমাদের সাহাযা করবার জন্য। আমাদের বিপদে এসে কানাডা অনেক সাহায়া কারছে। আমাদের যেটা একমাত্র এটামক প্রজেষ্ট, সেখানে সেই এটিমিক রিয়াক্টর দিয়েছে কানাডা। (ভয়েস— কমনওয়েলথ-এ সোভিয়েট আছে?) কমনওয়েলথ-এ সেণ্ডিয়েট নেই তা হতা। কমন-ওরেলথ-এ আমেরিকাও নেই, সত্য কথা। অথচ এই দটো দেশ আমাদের সাহায্য করছে। এদের

সংগ্য কমনওয়েলথ-এর কোন সম্পর্ক নেই। আজকে আমরা এখানে আলোচনা করছি কমন-রারাপ্তকে নিয়ে। যেখানে কমনওয়েলথকে নিয়ে আলোচনা করছি, সেখানে অনেকেই আমার পর্ববিত্তী বন্তারা চীনকে টেনে এনেছেন, তা আনার কোন প্রয়োজন নেই। তারা রাশিয়াকেও টেনে এনেছেন, তা আনার কোন প্রয়োজন নেই। রাশিয়ার সংগ্য আমাদের বয়্ধয়ভ বলে, চীনের সংগ্য বা আর একজনের সংগ্য শত্র্তা করতে হবে, এমন প্রয়োজন নেই। এ'রা ছাড়াও, অনেককে নিয়ে কমনওয়েলথ গঠিত হয়েছে।

আজকে কাশ্মীরে আমরা জানি জেনারেল নিন্দে ইউনাইটেড নেশন-এর তরফ থেকে রয়েছেন। তিনি খবে ভাল রিপোর্ট দিয়ে ছিলেন কাশ্মীর সম্পর্কে। আমরা দাবী করেছিলাম সেই রিপোর্ট প্রকাশ করা হোক। এটা নিরপেক্ষ রিপোর্ট পাকিস্তানের বিরুদ্ধে। একথা আমাদের মনে রাখা উচিত যে, জেনারেল নিন্দে, অড্রেলিয়ার লোক হয়ে এই নিরপেক্ষ রিপোর্ট পেশ করেছেন। অম্মেলিয়ায় এত সংঘর্ষ হয়ে গেলো তখনও তিনি এই রকম ভাল নিরপেক্ষ রিপোর্ট দিয়েছিলেন। আজে বলে নয়. দিনের পর দিন, ইংলন্ড এই কাজ করে যাচ্ছেন। যতবার কাশ্মীর ইস্কু নিয়ে ञालाठना श्राह्म, रेछेनारेट्रिक तमन-७, श्रेल जाभारत वित्राम्पाठवण करवरह । आस नह বরাবরই সে আমাদের বিরোধাতা করেছে। এর আগের বার ভট সাহেব যখন নাজেহাল হয়ে গিয়েছিলেন, জবাব দিতে পারেননি, তখন ইংলণ্ডের প্রতিনিধি স্যার প্যাণ্ডিক ডীনস এগিয়ে এসেছিলেন তার কেসটা, পাকিস্তানের হয়ে তুলে ধরবার জনা। ইংলন্ডও নৃতন এই জিনিষ্টা করছে না ইংল'ড চিরকাল এই রকম বাবহার করে আসছে। আমরা এই সব জেনেশ্বনে, ব্রুঝেও কমনওয়েলথ-এ রয়েছি। কমনওয়েলথ এই জনা আমরা ১৮ বছর ধরে রয়েছি, যে কমনওয়ে**লথ** একটা ফেডারেশন নয়। কমনওয়েলথ একটা ইউনাইটেড নেশনস-এর মত একটা জিনিষ নয়। তার চ্যাটারও নেই, খ্রিটিও নেই। শুধু কতকগুল ফ্যাক্টস, কতকগুল এনটেনমেণ্টস-এর উপরে, কতকগাল মন্তবোর উপরে এই জিনিষ্টা দাঁড়িয়ে রয়েছে। সাতরাং আমরা যদি গোড়া থেকে কমনওয়েলথ-এর ইতিহাস দেখি, তাহলে দেখতে পাবো, তার চেহারা বহুবার পালটেছে।

(Noise and interruptions.)

এত উর্ব্ভেভিত হবার কথা নয়। এটা উন্তেজনার কোন বিষয় নর। আমি যেটা বলতে চাই, সেটা আমাকে বলতে দিন। ইংলাও যে আমাদের শত্র, সেটা আমরা প্রতেকেই জানি, এটা ন্তন কিছু নর। আজকে মাননার সদসা যিনি এই প্রস্তাব উত্থাপন করেছেন, তিনি ন তন দেখছেন যে ইংলাও আমাদের পিছন থেকে ছর্রি মারছে। কিন্তু আমারা সকলে তানি, ইংলাও যথন এখানে সাম্রাজ্য প্রতিষ্ঠা করেছিল, তখন সে পিছন থেকে ছর্রি মারেনি, সে সামনে থেকেই গ্রিল চালিয়ে ছিল, এবং পিছন থেকে ছর্রি হয়ত অনা লোকে মেরেছিল। তারা ভুলে যাচ্চেন কারা মেরেছিল। (নয়েজ এয়াও ইণ্টারাপসনস) সে প্রান্ধন এখন ওঠে না। আজকের যে প্রান্ধন উঠেছে, সেটা আপনারা সকলে জানেন।

আমার বস্তব্য হচ্ছে এই—আজকে আমরা কমনওয়েলগ-এ রয়েছি বলেই, আমরা বিভিন্ন রকম স্থোগ পাছি নানা বিষয়ে। ইংলডের নিশ্চয় স্বার্থ আছে এবং অন্যান্য রাজ্য, হারা সেখানে রয়েছে, তাদেরও স্বার্থ রয়েছে। প্রত্যোকর স্বার্থ আছে বালই, তাবা কমনওয়েলগ-এ রয়েছে, তা না হলে কেউ থাকতো না। স্ত্রাং আমাদেরও যথন স্বার্থ রয়েছে, তথন আমরা সেখানে থাকবো।

আজকে আমরা চীনের সংশা শত্রুতার কথা বলছি, কিশ্বা পাকিস্তানের সংগা শত্রুতার কথা বলছি, কিশ্বু চীন বা পাকিস্তানের চেয়েও যে বড় শত্রু, সে হচ্ছে আমাদের দারিদ্র, এবং তাকে দ্রে করবার জন্য ইকর্নামক ডেভালপ্রেণ্ট-এর প্রয়োজন । সেই ইকর্নামক ডেভালপ্রেণ্ট করবার জন্য আমাদের সবার কাছ থেকে সাহাযোর দরকার, এবং এতে আমাদের রাশিয়া যগেণ্ট সাহাযা করছে, তার জন্য আমরা কৃত্জ্ঞ । এতে আমেরিকা, কানাডা আমাদের যথেণ্ট সাহাযা করছে, তার জন্য আমরা তাদের কছেও কৃত্জ্ঞ । আজকে কমনওরেলথ-এর বিভিন্ন দেশ আমাদের সাহাযা

করছে । এই সমস্ত সাহাযাগর্নাল আমরা যা পাচ্ছি, তা ছেড়ে সেখান থেকে পালিক্র আসার কোন প্রয়োজন নেই ।

বিভিন্ন দেশ থেকে কমনওয়েলথভক্ত দেশগুলি থেকে এই সমস্ত সাহায্য আমরা পাচ্ছি। এগুলি ক্রেডে বেরিয়ে আসার প্রয়োজন নাই। প্রথম থেকে আমরা যদি কমনওয়েলথের ইতিহাস দেখি जाइरल रम्थरवा श्रथम कमन असम कि एक राणा वर्षिण काउरनत श्री जातान है। रमिश्रस धरेर সেই জিনিষ্টার বিরুদ্ধে প্রতিবাদ করা হয়। যথন ১৯৪৯ সালে লণ্ডনে ক্মন্ওয়েলও কন-ফারেন্স হয়, তথন আমাদের প্রধানমন্ত্রী পণ্ডিড নেহর, সেখানে গিয়ে স্পণ্টাক্ষরে ব্রবিয়ে বলে-ছিলেন যে ভারতবর্ষ আসছে বছর একটা সংবিধান পাশ করতে চলেছে যে সংবিধানের ভিত্তিতে ভারতবর্ষ রিপাবলিক হবে। অতএব রিপাবলিক হিসেবে আমরা কোন কিং-কে আনরো না। সেইজনাই সমস্ত জিনিষ্টা তথন যারা কমনওয়েলথের সদস্য ছিল ইংল্যান্ড ছাড়া ষেমন অন্দ্রোলিয়া কানাডা, পাকিস্তান সিংহল, সাউথ অন্দ্রোলিয়াও ছিল তারা প্রত্যেকে বিষয়টা বিবেচনা করে এবং এ সম্পর্কে একটা স্টেটমেণ্ট দেওয়া হয় যে ইণ্ডিয়া যদিও রিপার্বলিক হচ্চে এবং সে ক্রাউনকে মানছে না, কিল্ডু এই সংযাক রাণ্ট্রগোষ্ঠী সিম্বল হিসেবে ব্রটিশকিং-কে মানছে সিম্বলিক হেড হিসেবে। এইভাবে পরিবর্তন প্রথমে আমাদের প্রচেন্টায় হয়েছে। তারপরে ক্রিনিষটাকে আরো চার্জ করা হয়। আমরা এর মধ্যে ছিলাম বলে সাউথ আফ্রিকাকে বের করে দেওয়া সম্ভব হয়েছে কমনওয়েলথ থেকে। আমাদের যদি ইংল্যান্ড ক্ষতি করে থাকে আজকে হয়ত ইংল্যা ডকে এর থেকে বের করে দেবার ক্ষমতা আমাদের নাই, কিন্ত ধীরে ধীরে আমাদের এই লাইনে প্রসিড করতে হবে যাতে ভবিষ্যতে আমরা কমনওয়েলথ থেকে ইংল্যান্ডকে এমনভাবে সেই ধরণের মেড্ররিটি রয়েছে. সেই মেড্ররিটিকে আমরা এলনভাবে মোউল্ড করতে পারি যাতে মোউল্ড বরতে পারবো, যা আমাদের অনকেলে যাবে। আক্রকে আর সমন্ত সাদা চামডা নাই— ভবিষাতে ইংল্যান্ডকে নের না করে দিয়ে ও তার ক্ষমতা কমিয়ে দেওয়া যায়। এইভাবে আছকে **জি**নিষ্টাকে আলোচনা করতে ২বে যে ইংলা:ভের ইম্পটেন্স যেটা রয়েছে তার দাটো কারণ। প্রথম হাজে লাডন হাজে কানভায়েলাখন স্থেটার যত্রার কনাছারেক্স হয় ইংলালাডের প্রাইম **মিনিন্টা**র ভাতে প্রিনাইজ করেন। ইংল্যান্ড শান একটা প্রিমাইটিণ এ টিড়ড নিয়ে বলে ব্যয়ন্তে এবং তার পারান যে অর্থনোত্র ক্ষমতা রয়েশ্যে সেই তি ভাঙে যে গোল করে আছেও থাকলর চেন্টা করছে। আর এবটা তিনিয়া বলা যায় আক্রকে ইন্দেশত ক্রম হয়েল্পের অন্যান্য দেশের **তুল**নায় অথ নৈতিক দিক থেকে ক্রমশঃ বিলেটিভ্লি পিছিলা চলেও এলং অন্যান দেশ এগিয়ে চলেছে। ভারতার্য আবেক বে জিনিন্টা করেছে পারিস্থারের বিশেষ এটা বের সকলে **উত্তে**জিত হয়ে আল্লা করিনি ঠিক। যে নেত্র অলাদের নেত্র নিজ্ঞান ভটা হনি আল্লা **উত্তে**জিত হয়ে চাবেন। মতে। কোনা তিনিম করতাম ভারতে আলে। প্রান্তরভারের বিক স্পু **এই** রকম করে যাখে করতে পালভাব না । আসম যাথ ই দাবের ি, নি তেওঁ বা নি, হার্চ চারেপন-**সিবিলি**টি নিয়ে পালিসভালের ভিন্নদেশ আমন্তা রহুখে দাভিত্রনেই। সাওঁই লেভুছের ফলে **আমরা এই ক্ষ্য**তা আনি করতে পেরেছি।

আমান সকলেই দেশবাসীর প্রতিনিধিক কংছি। কোন দলেন লোক বেশী করে বা কম কবে সে প্রশ্ন একন এওঠ না। কেন্দ্রেসী করেন স্মানি হ'ব হিন্দু কাল কা প্রশান ভবানতর। আমার ব্যক্ত হ'চে ভালভবর্ষ কোন্ত্রকা এট্নাই কৈনে বৃদ্ধে ইডিডিড হ'লে কোন জিনিষ করে না, যাকেই গ্রেষ্টু নিয়ে এবং কোন সিনিব্রিনিটি নিশ্য ক্রেছে।

[4-45-4-55 pm.]

আমরা যে তিনিন্দী গণতে চাই ও ব পারা দুলিছ নিয়ে এবং কর্তনিবাপ নিয়ে আমরা করতে চাই। আম কে খবি জনারা কমনওয়েলে পোনে মেরিয়া চার জনি, নানী ১৮টা দেশ রয়ে পোল কি লাভ হবে। জনেশ অংশক অংশীনার কালতা লোক নাম মানা কাল্যার পালি তাহলো তা পারব না। মননান সমস্য শুসভাবা একটা পুনন ভালাক যা কি হারে? আমানার সমস্ত প্রথবীর প্রতি বাব জননা গে সামত শৌশ করেনি নিন্দার আমার কালিছ ভাগের প্রতি
ত প্রত্যাকর দারিছ লালাক। আনকাল আমি জোর গলাই এই কথা বলতে পারি যে আজকে বৃটিশ গভাবিষ্ণু মাশিয়ার বির্দ্ধে যে এনকসন নিতে বাধা হছে ভারতবর্ষ কমনওয়েলথন্ত রয়েছে বলেই তারা বাধা হছে। ভারতবর্ষ বিদি কমনওয়েলথন্ত না থাকতো তাহলে তারা এই জিনিষ

ক্রতে বাধ্য হত না। ভারতবর্ষের ক্ষমতা আজকে প্রত্যেকে উপলব্ধি করতে শিথেছে। আজকে উষ্টেজন্য এই কথাই মনে রাখতে হবে যে কমনওয়েলগ্-এর কারেক্টার চেঞ্জ করছে। কমনওয়েলগু-এর ক্যারেক্টার মুমান্বয়ে চেঞ্জ করছে। আজকে ১৯টি দেশ নিয়ে ক্যানগুয়েলথ গঠিত তার মুধ্যে প্রটি মার সাদা চামডার দেশ—ইংল্যান্ডের উপর রাগ করে কমনওয়েলথ থেকে বেরিয়ে আসা এটা ভটো সাহেব মালেশিয়ার সঙ্গে সম্পর্কচ্ছেদ করার মত মনে হয় যে জিনিষটাই আমরা করব দায়িত্ব নিরেই করব। ইংল্যান্ড যে আমাদের শন্ত্র আমরা প্রত্যেকে একমত। আজ সে আমাদের শন্ত্র নয় চিরকালের শন্ত্র। ইংল্যান্ড শন্ত্র বলেই পাকিস্তান তৈরী করছে। এটা হয়ত মাননীয় অন্বিনী বায় মহাশয় কিন্বা তার পাশ থেকে যারা সমর্থন দিচ্ছেন তারা হয়ত আজ নতন উপলব্ধি করছেন ষে ইংল্যান্ড আমাদের শন্ত্র কারণ ইংল্যান্ড একদিন তাদের খ্ব বন্ধ্র ছিলেন। এবং ইংল্যান্ড পাকিল্তান সুণ্টি করছে, কাম্মীর সমস্যা সুষ্টি করেছে এবং ইংল্যাণ্ড দিনের পর দিন তারা চায় ভারতবর্ষ যাতে চিরকাল ইংল্যান্ড-এর পদানত হয়ে থাকে। কিল্ড সেই জিনিষটা আমরা উত্তেজিত হয়ে কোন জিনিষটা না ভাবে আমরা চাল, করতে পারি। যেটা আমাদের করতে হবে তা কর্তব্যবোধ নিয়ে দায়িত্ব নিয়ে আমাদের করতে হবে। তাইজন্য মাননীয় সভাপতি মহাশর আমি এই জিনিষটা বলতে চাই যে আজকে আমাদের প্রত্যেকটী বিষয় চিন্তা করতে হবে। প্রথিবীতে অন্যান্য যে সমস্ত দেশ রয়েছে এবং কমনওয়েলথ-এ অন্যান্য যে সমস্ত দেশ রয়েছে তাদের প্রতি আমাদের দায়িত্ব এবং কর্ত্তব্যের কথা ব্রুতে হবে। ইংল্যাণ্ড যে শুধু আমাদের প্রতি শত্রতা করছে তা নয় ইংল্যান্ড কলোনীয়াল দেশ তাতে আমাদের হয়ত অনেকের মনে এই জন্য একটা বিদ্রান্তির সুণ্টি হয় যে আমরা কেউ কেউ মনে করি যে ইংল্যান্ড-এর কন সারভেটিভ পার্টি বুঝি খুব রিঞাকসনারি নয়—তাইজন্য বোধ হয় লেবার গভর্গমেন্ট এসেছে বলে বোধ হয় আমরা অনেক কিছু আশা করেছিলাম, মিঃ হ্যারল্ড উইলসন বৃত্তির খুব আমাদের পক্ষে বলবেন এটাই আমরা সেটা হর্মান বলেই আমরা বোধহয় খুব উর্ত্তেজিত হচ্চি। আমি বলতে পারি এই বিদ্রান্তির কোন কারণ নেই, ইংল্যান্ড-এ কনভারভেটিভ গভর্গমেন্ট-ই থাক আর লেবার গভর্নমেন্টই থাক, ফরেন পলিসি তারা এক পলিসি চালায় – তাদের কলোনিয়াল পির্নিস তাদের চিরকালই থাকে। ইংল্যান্ড চিরকালই আমাদের শত্র থেকেছে ইংল্যান্ড পা. স্তান স্থাটি করেছে এবং কাম্মীর সমস্যা স্থাটি করেছে। এবং আজ থেকে ইউনাইটেড নেশনস যতবার কাশ্মীর সমস্যা এবং পাকিস্তানের সংগে ভারতের সমস্যা এসেছে চিরকাল ইংল্যান্ড আমাদের বিরুদ্ধে বলেছে। কিন্তু তাইজন্য কমনওয়েলথ ছেতে আসুবু সেই ঠানুধ নয়। ার ঔষধ হচ্ছে লমনওয়েলথ-এ থেকে ইংল্যান্ড-এর বিরুদ্ধে আমরা যাতে এসন একটা লবী তৈবী করতে পারি—অস্থান্য যে সমুসত দেশ ঘানার মত দেশ কেনিয়ার মতন দেশ ভামাইকা ইতাদি যে সমসত দেশ রস্তের ফাদের ইংলগণ্ড-এর সপের ঠিক একই সংঘর্ষ ইংলগণ্ড যাদের উপৰ একদিন প্রভূত্ব করেছিল তাদের নিয়ে আমরা কমনওয়েলথ-এ একযোগে কমনওয়েলথ টাকে এমনভাবে তৈরী করতে চাই যাতে ইংল্যাণ্ড-এর প্রভূত্ব আমরা ভেপে দিতে পারি। সেজনা **লণ্ডন থেকে তার হেডকোয়ার্টার রিমাভ করা হচ্ছে তার প্রথম স্টেপ। সেজন্য আমি প্রস্তাব** দির্মেছি যে লণ্ডন থেকে এই কনফারেন্স-এর ভেন্যু সরিয়ে নিয়ে বিভিন্ন যে সমস্ত কমন্তর্যাল্য-এব সভা রয়েছে ভার রাজধানীতে বাই রোটেসান বছরের পর বছর ঘুরে ঘুরে এক এক ভায়গায় হউক। এবং ইংল্যান্ড-এর যে প্রধানসন্ত্রী যে প্রিসাইড করে থাকেন সে প্রথা বন্ধ করে দেওয়া হউক। যেখানে কনফারেন্স হবে থে দেশের রাভধানীতে সেই দেশের যিনি প্রধানমূলী তিনি সেই সভার সভাপতিত্ব করেন। এই ভাবে আনুম্ভ করা হউক এবং ভারপরে সমুদ্র ইংল্যান্ড যে রক্তন অথকৈতিক দিক থেকে পিশিয়ে চলেছে এবং আমরা যেভাবে এগিয়ে চলেছি এবং সেই ভাবে এমন লবী তৈরী হউক যে বিভিন্ন ভাষগায় হলে লাভন-এর ইনফ্লয়েন্স-এর ব্যহিরে চলে এলে তথন আমবা ইংল্যাণ্ডকে ভবিষাতে আমাদের এই উদ্দেশ্য থাক যে প্রয়োজন হলে ইংল্যাণ্ড-কে সেথান থেকে বের করে দেওয়া হবে। এই নিয়ে আমি যিনি মূভ করেছেন তাঁকে আমি এই কথাই বলব যে এই রেজলি টশন-টা আনএনিমাস হউক এটাই আমরা চাই। তাইজন্য সেভারেন্স অফ অল কানেকসানস না করি তিনি ইংল্যাণ্ড-কে যেখানে নিন্দা করেছেন সেটা নিশ্চরই থাকরে তার পরে আমি যে সংশোধনী প্রস্তাব এনেছি সেটা তিনি গ্রহণ করে নিয়ে বাতে এই প্রস্তাব ার্বসম্মতিক্রমে গৃহীত হয় সেজন্য সকলের সংখ্য আবেদন জানাচ্ছি।

Shri Sved Abul Mansur Habibullah:

মাননীয় চেয়ারম্যান স্যার,—আমার পূর্ববতী বস্তা যে সংশোধনী দিলেন তা থেকেই এই প্রস্তাবের গ্রেছ আরও বড হয়ে উঠল। সংশোধনী যিনি এনেছেন তার বন্ধব্য থেকে এটা স্পন্ট হল বে আজকে আমাদের দেশে এখনও কতদরে মোহ রয়েছে সামাজাবাদের সংশা সমঝোতা করলে তার সভো আপোষ করে চললে দেশের লোকের দারিদ নাকি দরে করা যায় এটাই আজকে আপনাদের সামনে ব্রখানোর চেন্টা হয়েছে। প্রশ্নটা এই নয়—যে কমনওয়েলথ গোণ্টির মেন্বার্রাণপ থাকলো কি না থাকলো-প্রশ্ন হচ্ছে আজকে ব্রটিশ সাম্বাজ্যবাদ তার ক্ষয়িস্ক হলেও সে সাম্বাজ্যবাদ নিয়ে সে বে'চে আছে এবং তার লঠেতরাজ তার অন্যায় আচরণ পথিবীব্যাপী চলেছে বিশেষ করে দক্ষিণ-পূর্বে এশিয়ার স্বাধীনতার দক্ষিণ-পূর্বে এশিয়ার মান্ত্রের দারিদ্রতার বিরুদ্ধে বে সংগ্রাম তাকে ব্যাহত করছে। স্যার আপনাকে আমি একটা কথা বলি এই বিষয়ে যে কমন-ওয়েলথ-এর গণেগানগালি করলেন সেখানে তার চেহারা দেখা যায় না একটা অস্পন্ট ব্যাপার— আমার কাছে মনে হয় এটী মোটেই অস্পন্ট নয়। কমনওয়েলথ-এর সঙ্গো প্রত্যেকটী জিনিব श्यक । आभात भूर्व वजी वजा अन्यिनीवाद, एरिश्याहरून स्य आभारतत एरटम द्विम क्राभिरहेन যা রয়েছে তা ৫০০ কোটী টাকা এবং এর ডিভিডেন্ড-এর **সং**শ্য কমনওয়েলথ-এর যোগাযোগ রয়েছে। যথন আমাদের সংখ্য পাকিস্তানের সংঘর্ষের তিক্কতা যদেশ্বর আকার নিরেছিল সেই সময় আমি খবরের কাগজে শা' ওয়ালেস কোং ডিভিডেণ্ড-এর রিপোর্ট পডেছি। সেথানে লেখা ছিল যে ভারতবর্ষে আমরা ডিভিডেণ্ড পেরোছ ১৫ পি, সি ডিভিডেণ্ড পাকিস্তানে পেয়েছে ২০ পি. সি. ডিভিডেন্ড এবং আপনাকে সভাধক্ষ্য মহাশয় একটি খবর দিই তারা খুব দঃখ করে বলেছিল যে সিলোন-এর যে ডিভিডেণ্ড দিয়েছি সেটা প্রকাশ করা সম্ভব নয় কারণ সিলোন-এ ফরেন প্রফিট সম্বন্ধে একটা অর্ডিনাল্স আছে যার জন্য আমাদের অস্ক্রবিধার স্কৃতি হয়েছে বলে আমুবা তা ঘোষণা করতে পার্বছি না। সেখান থেকে বিদেশে প্রফিট নিয়ে যাওয়া যায় না এবং তার বিরুদ্ধে একটা আইন আছে। আবার আশা প্রকাশ করেছিল যে ডাডলে সেনানায়কের মতন লোক বখন অধিষ্ঠিত হয়েছেন তখন তার পক্ষে সেই সুযোগ—আগে বে जम्बिर्याग्रीन हिल भा अग्रातम काम्भानी-उ हायह स्मर्टे जम्बिर्याग्रीन एउ हाय यात । মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেজন্য বলছিলাম যে ব্টিশ কমনওয়েলথ-কে যিনি অদৃশ্য দেখতে পাচ্ছিলেন—অদৃশ্য বটে কিল্পু অত্যন্ত স্কুদ্শ্য যখন তার ডিভিডেন্ডগুলি দেখা যায়? কিভাবে দক্ষিণ-পর্বে এশিয়া প্রত্যেকটি দেশকে এরা লাঠতরাজ করছে এবং লাঠতরাজ করে এদেশের দারিদ্রকে আরও বাডিয়ে তলেছেন। সতেরাং প্রন্ন এই নয় যে আমি কমনওয়েলথ-এ থাকলাম কি না থাকলাম এ প্রশ্নটা বড় নয় । সেটা নিশ্চয়ই বড় কেন তা তার থেকে বোঝা যাবে আমাদের নীতিটা কোন দিকে যাছে। সেজনা প্রস্তাবকে এই আকারে রাখা হয়েছে। সেজনা তার সংগ্র আমাদের এই দ্রণ্টিভগার তফাৎ রয়েছে। আজকে সাম্রাজ্যবাদের সপো গাঁটছড়া বেধে আমরা দুনিয়ায় বে'চে থাকতে পারি কি না পারি। সামাজাবাদের সংখ্য আমেরিকান সামাজাবাদ, ব্টিশ সাম্রাজ্যবাদ তাদের প্রফিট তাদের মনোফা বিদেশী মনোফার ক্ষেত্র আজ ভারতবর্ষে করে নিয়েছেন। সেজনাই শাসক গোষ্ঠীর প্রতিনিধির পক্ষ থেকে এই রকম ব**ন্ত**ব্য এখানে রাখা হরেছে। আজকে প্রথিবীতে একথা প্রমাণ হয়ে গিয়েছে সোভিয়েট রাশিয়া আজ প্রমাণ করেছে যে প্রথিবীতে বিদেশের সাহায্য না নিয়েও দেশকে গড়ে তোলা বায়। আমি চীনের কথা বলছি না সোভিয়েট রাশিয়া তো এখন খ্ব বন্ধ। কাজেই আজকে বিদেশের সাহায্য নিতে হবে কানাভার সাহায্য নিতে অস্ট্রেলিয়া-র সাহায্য নিতে হবে বলে কমনওয়েলখ-এ থাকার দরকার একথা প্রশ্ন নয়।

[4-55-5-5 p.m.]

যে সাহায্য আমরা নিচ্ছি তার পুরিবর্তে আমাদের দেশকে লাঠ করার স্ব্যোগ দিচ্ছি, তার পরিবর্তে জামাদের দেশের ব্যুক্ত্ব মান্বের জন্ন থেকে গ্রাস কেড়ে নেবার স্ব্যোগ আমরা দিচ্ছি। নাননীর সভাধ্যক্ষ মহাশর, আর একটা কথা বলি এই সপো যে পাকিস্তানের সপো সম্পর্ক সম্বন্ধে এখানে আজকে প্রশ্ন উঠেছে। আমার কাছে এই প্রশ্নটা কিভাবে এসে দাঁড়িরেছে, ঐ বারা পাকিস্তান স্থির মধ্যে সংগ্রাম করেছে, বারা ম্বিন্সাম লীগের রাজনীতির বির্দ্ধে সংগ্রাম

করেছে তাদের কাছে কি দ্বিউভগা নিয়ে এই প্রশ্ন দাড়িয়েছে? আমরা দেখেছি পাকিস্তান বুর্নিদন স্থি হয়েছিল সেদিন আমি দ্বজনের কথা বলি, মিঃ জিল্লা একদিন লক্ষ্মো-এ দাড়িয়ে, ঘখন তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল যে পাকিস্তান করে ভারতবর্ষের একটি অপো কতকগ্রিল সংখ্যাধিক্য ম্সলমানদের জন্য তুমি পাকিস্তান চাচ্ছ কিন্তু এখানে আর ষেস্ব সংখ্যালঘ্র ম্সলমান থাকবে তাদের জন্য কি ভাবছো? তার উত্তরে তিনি বলেছিলেন.......

अगर १० कड़ोर मूस्लमान अक्सीरियन के लिए अगर ३ कड़ोर मूस्लिम अफलियत अगर कूचल जाँय तो चुचल आय।

১০ কোটি ম.সলমানের জন্য যদি ৩ কোটি ম.সলমান মরে যায় তবে মরে যেতে দাও। এবং আজাদের যে বই হ্রমায়ন কবীর বের করেছেন তার মধ্যে আর একটা কথা আমি দেখেছি তিনি একথা স্পত্টভাবে বলেছিলেন দি পার্টিশান অব ইণ্ডিয়া শ্বে ভারতবর্ষের মুশলিম লীগের সাখি নয় এবং বিটিশ ইমপ্রিয়ালিজম নয়, কংগ্রেসের নেতত্তেও এর জন্য দায়ী। এবং আমার প্রবিত্তী বক্তা হেমনত বস্ব যে কথা বলে গিয়েছেন যে ব্রিটিশ গভর্ণমেন্ট স্লুনত ভীত হয়েছিল, শ্বে বিটিশ গভর্ণমেন্ট ভীত সন্তুম্ভ ত হয়ে আমাদের দেশে স্বাধীনতা দিতে এসেছিল একথা স্তা নয়. আমার বিপক্ষ দল যাঁরা ওদিকে বসে আছেন তাঁদের নেতৃস্থানীয় বান্তিরা, তাঁদের আজকে পজো করা হচ্ছে তাঁরাও সেদিন মিঃ জিল্লার প্রস্তাবে ইমপ্রয়ালিজমের মত ভীত সন্ত্রত হয়ে কি করে দেশ -কে ভাগ করে. কি করে ব্রিটিশ কমনওয়েলথের মধ্যে থেকে সমুস্ত সামাজ্যবাদী লাঠতরাজের মধ্যে থেকে, সামান্য একটা ক্ষমতা পাবার জন্য দেশ বিভাগের চেন্টা করেছিলেন তার ইতিহাস ভারতবর্ষ ও পাকিস্তানের ইতিহাস। সেপ্টেম্বর মাসে ভারতব**র্ষের** ইতিহাসে যে পরিণতি দেখেছি, যে রাভি নদীর তীরে বসে ১৯৩০ সালে ভারতবর্ষের মানুষ প্রাধীনতার প্রণন দেখেছিল সেই রাভি নদীর তীরে তদানীন্তন ভারতবর্ষের দু পক্ষের মানু**র** রক্ত গণ্গা বইয়ে দিয়েছিল সেটা আকস্মিক ১৯৬৫ সালের সেপ্টেম্বরে অনুষ্ঠিত হয়নি তা অনুষ্ঠিত হয়েছিল ১৯৪৭ সালের ১৪ই আগন্ট তারিখে তারই ভার বহণ করে চলেছি। ষে हिन ভाরতবর্ষের হিন্দু মুসলমান পাকিস্তানের হিন্দু মুসলমান একথা বুঝতে পারবে সেদিন সতিলকারের কমনওয়েলথের সঞ্জে সম্পর্ক ছেদ হবে আজকের প্রস্তাব তারই প্রতিধর্নি কর্ক এই কথা বলে আমি শেষ কৰ্বছি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় সভাপতি মহাশয়. আজকে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে এবং তার উপর অধ্যাপক শুস্তু ঘোষ এবং মাননীয় সদস্য দেব শুরুণ ঘোষ যে সংশোধনী এনেছেন সেই সংশোধনী সমেত আমি এই মূল প্রস্তাবকে সমর্থন করছি। আমি ভারতবর্থ বিভাগের মূল ইতিহাসের পিছনে वादवा ना काद्रव स्मिणे भनसूत्र सास्ट्रव सून्यद्रजाद वर्तनस्थन । किन्छु भनसूत र्शवद्रक्षा सास्ट्रवरक জিজ্ঞাসা করবো, তিনি যেন এটা অন্যভাবে না নেন, গিলিট মেন অব পার্টিশন অব ইণ্ডিয়া এর ইতিহাস যদি কথন লেখা হয় তাহলে এরজনা অনেকেই দায়ী থাকবেন সেটা আমরা যেন মবজেক্টিভাল স্মরণ রাখি। কংগ্রেস সেদিন সরকারী দল হিসাবে যে বিরাট বিশ্বাস্থাতক্তা হরে গিয়েছিল তাতে জীবতদশায় তাঁরা কাঠগড়ায় উঠেনি ঠিকই কিন্তু আগামী দিনে ব**স্তুতা** দ্বনে অবাক হয়ে গেলাম ভেবেছিলাম তিনি বুঝি বলেন কি দরকার, ইংলাভ থেকে ইংরাজদের र्जाफ़्ट्स फिट्स वटन यारे ना ट्वन, रेश्ना॰फ्टक र्रो॰फ्सानारेख कट्ट निरु ना ट्वन, रेश्ताकी छात्राटक ্রি-ডিয়ানাইজ করে নিই না কেন. ইংরাজী ভাষা আমাদের জাতীয় ভাষা হয়ে যাক না কেন. এই রেণের একটা কথা আমরা তাঁর কাছ থেকে শ্রনেছি। কিল্ড ব্যাপার হচ্ছে এই যে কমন-ওরেলথের প্রশন এটা একটা বিরাট ষড়যন্ত্র। মাননীয় স্পীকার মহাশয়, আর্পান দীর্ঘ দিনের একজন স্বাধীনতা সংগ্রামের যোম্ধা, আপনাকে স্মরণ করিয়ে দিই, ছাত জীবনে হয়ত পাঠ করে ধাকবেন, ১৯১৭ সালের ২০শে আগষ্ট তথনকার সেক্লেটারি অব ষ্টেট ফর ইণ্ডিয়া, মণ্টেগ্ন চমসফোর্ড যে রিপোর্ট দিরেছিলেন তাতে কি বলেছেন শুনুন

The policy of His Majesty's Government with which the Government of India are in complete accord is that of increasing the association of indians in every branch of administration and the gradual development of

self-governing institutions with a view to progressive realisation of responsible Government in India as an integral part of British empire.

এটা হচ্ছে ইংরাজের চিরদিনের স্বন্দ ভারতবর্ষকে বিটিশ সাম্বাজ্যের একটা অচ্ছেদ্য অংশ হিসাকে তাঁরা দেখতে চেরেছেন এবং তাই ভারতকে তাঁরা ক্ষমতা হস্তান্তরিত করার স্বন্দ দেখে এসেছেন । আজকে যে চেহারা ভারতবর্ষের দেখছেন—এখানে অশোক বাব্ত এ প্রশন এড়িয়ে গেলেন বে ক্ষমনগুরেলথ বলতে আমার দ্যাটাস কি, আমার দ্যাটাস হচ্ছে ডোমিনিয়ান দ্যাটাস। মাননীয় সভাপতি মহাশয়, আজকে আমাকে এটা বলবার জন্য স্বোগ নিতে হচ্ছে যে কিছ্ব দিন আগে সংবাদপরে এই তথ্যটা আমি পেশ করেছিলাম, যে সংবাদপর এটা ছাপিয়েছিলেন এই সপ্পে আমি তাঁদের কাছে আমার আল্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি, সেখানে আমি দেখিয়েছিলাম ১৯৬০ সালে অক্টোবর মাসে ইংল্যান্ডের একজন জর্ডিশিয়াল ম্যাজিন্টেট একটা ম্যাণ্ডিমানিয়াল প্রসিডিং-এ রায় দিতে গিয়ে লিখছেন

India a part of Her Majesty's dominion out side United Kingdom.

আমার কাছে ফটোণ্টটো কপি আছে, আমি সংবাদপতে সেটা দির্মেছলাম। আমি শব্দিকত এবং স্তান্তিত হর্মেছিলাম আজকে স্বাধীন ভারতবর্ষের যেখানে একটা কর্নার্টটিউশন রয়েছে তাতে বলা হডেছ

India is proclaimed as a sovereign democratic republic.

কিন্তু সেই ভারতবর্য সম্বন্ধে ইংল্যান্ডের একজন বিচারপতি তাঁর মন্তব্যে বলেছেন

India a part of Her Majesty's dominion outside United Kingdom.

এটা যদি শুধু ম্যাজিন্টেটের নিজম্ব মত হতো তাহলে আমি ব্রাস এ্যাসাইড করতে পারতাম কিম্তু তা নয়। একটা প্রিণ্টেড ফর্ম-এ আমাদের দেশে যেমন আইনের বিভিন্ন ফর্ম আছে, প্রিণ্টেড় ফর্ম

Which is in vogue since long.

সেই ফর্ম'-এ এটা ছাপান। তাতে লেখা হচ্ছে ভারত হচ্ছে মহামান্যা সম্লাজ্ঞীর একটি তাঁবেদার রাজ্য মাত্র। এটা পাওয়ার পর পালামেশ্রে এটা নিয়ে যখন আলোড়ন উঠলো না তখন আমি নির্পায় হয়ে ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীলাল বাহাদ্বর শাস্ত্রীর কাছে একটা চিঠি লিখলাম ১৭ই আগণ্ট তারিখে। আমি সবটা পর্ডাছ না, একট্বখান পর্ডাছ এবং সেটা আপনার মাধ্যমের রাখছি। আমি এই চিঠিতে এক জায়গায় লিখলাম

The impression in the public mind in England about India's relationship with British Crown is such that even a Magistrate of an English Court who could be better informed and could speak of India as a part of Her Majesty's dominion outside United Kingdom and issue judicial orders on that basis. What really then is the Constitutional Status of India to day a Sovereign republic or a part of Her Majesty's domotion?

তারপর শেষে এক জায়গায় লিখলম

The recent Kutch agreement, the Orwellian big brother attitude of British Government, the shameful acceptance of humiliating Wilson formula on Kutch by India Government underline the British overlordship over Indian sovereignty. Is the Ashoka wheel then a techniwheel of British imperial chariot?

ইংরাজের যে বিরাট সাম্বাজ্যবাদী রথ সেই রথের চাকার পিছনে কামবারসাম টেকনিউইল হয়ে আমরা থাকবো? স্যার, আপনার উপরে দেখছি অশোক চক্ত, এই অশোক চক্তের পলিটিক্যাল, লিগাল, এবং ফিলোজফিক্যাল সিগনিফিকেন্স তাহলে কি রইলো? কিছুই নেই? এখনও কি আমরা টেকনিহুইল হয়ে পড়ে আছি? আমি আর একটা কথা বললাম যে প্রত্যেক বছর সংবিধান অনুযারী একথা আমরা ঘোষণা করি প্রত্যেক বছর ২৬শে জানুয়ারি রিপার্বলিকান ডে অবজার্ব

ন্দরি, প্রক্লাতন্ত্র দিবস যেখানে অবজার্ব করি, সেখানে আর এক দিকে এ দেখছি ইংল্যাণ্ডে আমাদের সম্বশ্যে খ্ব সিম্পল ক্যারাক্টারাইজেশন অব ইণ্ডিয়া হচ্ছে। এর প্রতিকার কি? সেইজন্য আমি লিখলাম

Is the proclamation in our Constitution a mere paper proclamation shorn of substance, or is there any secret understanding between the two Governments so that Her Majesty's Government could with impunity treat India as a dominion being the inescapable legal position of India's association with Commonwealth? The Government of India on the other hand delude and dupe the people of this country by proclaiming ceremoniously every year on January 26th that India is a Republic. I consider this characterisation as an affront to the nation. I would request you to clarify the position and state publicly if the aforesaid description of India as a part of Her Majesty's dominion outside United Kingdom is justified or proper or correct?

কিন্তু একথা বলা সত্বেও আমি একটা উত্তর তাঁর দশ্তর থেকে পেলাম বটে কিন্তু তিনি আজ্ব পর্যন্ত ঘোষণা করেন নি। স্যার, আপনি জানেন জেনারেল ক্লজেস এ্যাক্ট বলে একটা আইনের বই আছে, আজ পর্যন্ত যা ভ্যালিড জেনারেল ক্লজেস এ্যাক্টে, সেকসন ৩ সাবসেকসন ১২তে কলোনীর ডেফিনেশন দেওয়া আছে, কলোনীর ডেফিনেশনে বলা হচ্ছে ইন্ডিয়া ইজ এ ডোমিনিয়ান এবং এটা এ্যাকসেপ্ট করে নিচ্ছি। এই যদি আজকে দেশের অবস্থা হয় তাহলে আমাদের ভারতবর্ষ কোথায় দাঁড়িয়ে আছে। আমি আপনাকে বলছি আপনি জানেন যে সিটিজেনশিপ এ্যাক্টে নানা কেস হচ্ছে, সেখানে দেখেছি ফিজো সম্বন্ধে লোকসভাতে, আমি এটা নোট নিয়েছি, ১৯৬০ সালে ডিসেন্বর মাসে একটা প্রশোভরের ডেপন্টি মিনিন্টার বললেন

Mr. Phizo has been granted the status of a British subject specifically on the basis of Indian citizenship.

শুধু তাই নয়, আমাদের ল-কমিশন যে রিপোর্ট দিচ্ছে তাতে বলছে

By clause 2 of Article 372 power was given to President to make such adaptations and modifications as may be deemed necessary for the purpose of bringing the provisions of any law in force into concord with the provisions of the Constitution, but the adaptations and modifications were made by the President's orders in the case of existing Indian Act. British states were not touched; as a result. British states which are expressly applicable to India because India was a British possession are still supposed to be applicable to India without any change in the context.

[5-5-5-15 p.m.]

আমার লক্জায় মাথা হেট হয়ে যায় যে আমাদের পার্লামেণ্টে কেউই প্রতিবাদও করে না ষে ইণ্ডিয়া তার কলোনীর ডেফিনেসনের মধ্যে ডোমিনিয়ন বলছে। অশোকবাব, বড় বড় কথা বলছেন—আমি এই শেষ কথা বলছি যে আজকে বিশ্বাসঘাতকতার পটভূমিকায় দাঁড়িয়ে আমরা বিচার করছি। ইতিহাস আবার একদিন স্বীকার করবে ভারতবর্ষের ইতিহাস দুটো সময়ে দিবা বিভন্ত হয়েছিল এবং সেই সময়ের সন্ধিক্ষণে দুটো বাধা এসেছিল—একবার ত্রিপ্রেইতে নেতাজী স্ভাষচন্দ্র একটা পথ দেখিয়েছিলেন সেখানে কংগ্রেস বিশ্বাসঘাতকতা করে উল্টো পথ দেখিয়েছিলেন। আবার ১৯৪০ সালে রামগড়ে নেতাজী যে পথ দেখিয়েছিলেন সেখানে প্যারালাল কংগ্রেস করে তাঁর সেই নীতিকে বানচাল করা হয়েছিল। ইন্পিরিয়াল পার্লামেণ্টে—বিলাতে আইন করে ইন্ডিপেন্ডেন্স এয়াষ্ট্র অব ১৯৪৭—তাতে বলা হছে

An act to make provision for setting up an India of two independent Dominions.

এই বেখানে আইনে বলে দেওয়া হচ্ছে আমি তখন অবাক হয়ে যাই যে কি করে কংগ্রেস সদস্যরা এটাকে মেনে নেন। আজকে পাকিস্তানী যুক্তে কি ভূমিকা সেটা বড় কথা নম্ন—কেন আমরা ক্ষমনওয়েলথে থাকবো—আমরা যদি নন-এ্যালাইণ্ড হই। ক্ষমনওয়েলথে যদি থাকি বাই ন্যাচা∹ বাল কনকুন্সন, আমাদের প্রিভিলেকসন

towards Atlantic Camp.

এসে যাবে এবং আমাদের পক্ষপাতিষ এসে যাবে এবং আজকে আমরা দেখছি যে সেখানকার প্রাইম মিনিন্টার হবেন এই টিমের প্রধান লিডার মিঃ উইলসন এবং সেখানে কমনওয়েলও কাশ্তিজের ফরেন পলিসি ডিটারমিন্ড হচ্ছে। সত্ররাং আমি বলছি যে এটাকে যেন আমরা পাকিস্তান যুম্বের ভূমিকা হিসাবে গ্রহণ না করি। এটা একটা রাজনৈতিক মূল প্রদন। সেই कना निजाकी वर्षाहित्मन त्य कान तम जना तमाक महा करत न्याधीनजा मित्ज भारत ना। লডাই করে প্রাণ দিয়ে সেথানে স্বাধীনতা আনতে হয়। স**ু**তরাং কংগ্রেস যে বিশ্বাসঘাতকতা करतरह यात्र करन भागिमान ७ नक हिम्म प्रामनपान निश्च हरतरह ५ नक त्रप्रनी गुरशाता এ্যাবভাকটেড হয়েছে এবং ১ কোটি ২০ লক্ষ্ণ গৃহ ধ্বংস হয়েছিল। সেই যে কল্যকজনক ইতিহাস সেই ইতিহাসকে মতে ফেলে আমাদের আবার নতেন করে ইতিহাস করতে হবে। কান্ধেই যে কোন অবস্থাতেই হোক কমনওয়েলথে আমরা থাকবো না। এটা একটা আন্তর্জাতিক মর্যাদার প্রশ্ন ভারতবর্ষের সংবিধানের প্রশ্ন। সভ্য সভিত্ত আমরা যদি ভোমিনিয়ন না হই আমরা রিপাবলিকান কাশ্মি হই তাহলে আমরা কিছতেই কমনওয়েলগে থাকবো না। সেইজন্য আমি অনুরোধ করবো যে অশোকবাবু এইখানে দাঁডিয়ে বলে যান যে আন্মাদের ইণ্ডিয়া ডোমি-নিয়ন নয়। কেন পার্লামেণ্টে প্রাইম মিনিন্টার লালবাহাদ্রর শাস্ক্রী আজ পর্যস্ত জবাব দিচ্ছেন সমস্যার সমাধান হবে। এটা একটা গোঁজামিল। এটা আমাদের দেখের কাগজ ওয়ালারা একং জাতীয়তাবাদী নেতারা করেছেন। তাই আজকে আসনে আমরা সংকল্প নিই—সংশোধনী প্রস্তাব সরিয়ে নিন- আজকে আমাদের সমস্ত জাতির আশা আকাত্যা যে আমরা কমনওয়েল্থে যাবো না আমরা স্বাধীন সার্বভৌম রাট্র হিসাবে পূথক হয়ে থাকলে –ক্সনওয়েলথ থেকে বেরিয়ে আসবো ।

Dr. Pratap Chandra Chunder:

সভাপতি মহাশয়, কমনওয়েলথ ছাড়ার দাবী বহুবার ভারতবর্থে শোনা গেছে, বিশেষ করে কতকগ্রলি বিরোধী দলের কাছ থেকে এবং লোকসভায় এ নিয়ে বিশেষভাবে আলোচনা হয়েছে। মাঝে মাঝে যথন নানা সমস্যা দেখা দেয় বিশেষ করে রাজনৈতিক সমস্যা দেখা দেয় তথন এই প্রশ্নটা শব্বে আমাদের দেশে কেন প্রথিবীর অন্যান্য দেশেও বিশেষত যে সমুস্ত দেশগুলি কমনওয়েলথের সদস্য আছে তাদের মনের মধ্যে এই প্রশ্ন জাগে, বাস্তবিকই কমনওয়েলথে থাকার কোন সার্থকতা আছে কিনা। এমন কি আমাদের প্রান্তন প্রধানমন্ত্রী পণিডত জহরলাল নেহের, এক সময় বলেছিলেন যখন সুয়েজ সংকট দেখা দিয়েছিল যে আমাদের মাঝে মাঝে বিচার করে দেখতে হবে যে কমনওয়েলথে আমরা থাকবো কিনা। তা সত্ত্বেও আমরা দেখেছি যে তিনি ক্মনওয়েলথে থাকার পক্ষে মত দিয়েছিলেন এবং আমাদের যে লোকসভা রয়েছে সেখানে তিনি কমনওয়েলথে থাকার যান্তির-আমরা কেন আছি-সেটা বর্ণনা করেছিলেন। আজও আমরা কমন-ওয়েলথের মধ্যে রয়েছি। আজকে আবার নতন করে যে প্রশ্ন উঠেছে তার মলে কথা অশ্বিনী বাব্র বঙ্গেন যে পাকিস্তানের এই যে চক্রান্ত ও ভারতবর্ষ আক্রমণ এবং কাশ্মীর নিয়ে যে সমস্ত काक जाता करहा. প্रकातान्छरत जा समर्थन करतरहर উইलसन सारहर-जा सजा कथा। श्रकामा **छा**द्य िर्जन **व्हार्ट्सन स्व भाकिन्छात्नत्र এ**ई मार्यो मन्भर्क्य हिन्छा कत्रत्छ इत्य स्व ग्रन्स्छार्द्धेद সেখানে **প্রব্রোজ**নীয়তা আছে কিনা। আমি স্মরণ করিয়ে দিতে **চ**াচ্ছি যে পাকিস্তান তো নিশ্চর ইংরাজের স্মিট এবং স্থাতি বলেই তার প্রতি তাঁদের একটা দরদ থাকা স্বাভাবিক কিন্তু ষেটা ইংরাজের স্থিট নয়, ষেমন গোয়া—তার প্রতিও ইংরাজের দরদ ছিল। যখন গোয়া দখল করবার জন্য আমরা গেলাম তখন ইংরাজ এগিয়ে গিয়েছিল পর্তুগীজদের রণতরী দিয়ে সাহাব্য করবার জনা, স্রিকিউরিটি কার্ডিন্সল মারফং আমাদের নানাভাবে বিপদে ফেলবার জনো। খ্ব আনন্দের কথা যে তখন সোভিয়েট ইউনিয়ন আমাদের পাশে দাঁড়িয়েছিল। সেইজন্য আমরা সোভিরেট ইউনিয়নের কাছে কৃতজ্ঞ। কিন্তু তা সম্বেও কমনওয়েলখে থাকার প্রশ্ন উঠেছিল

📷 বং আমরা কমনওরেলথে আছি। কেন আছি সেটা নিশ্চর নতেন করে বিচার করবার প্ররোজন ব্যয়েছে এবং আমি অন্বিনীবাবরে সংগে একমত যে ইংরাজ একটা । লাণ্ডকার। জাতি। তারা র্বোনয়া জ্বাতি, যেখানে বাবসার সূর্বিধা হবে—সেখানে তারা বেশী ডিভিডেন্ড পাবে। বেমন बनमुद्ध मारहर वर्ष्मन रमथात जात्रा निरक्षपत्र मृतिथा करत रनवात्र रुष्णे कतरवन । स्मर्ट कातरा পাকিস্তানকে তারা দরোয়ান হিসাবে দাঁড করিয়ে রেখেছেন ভারতবর্ষের যাতে অসূর্বিধা হর **এবং ইংরাজ সাম্রাজ্যবাদী যাতে আরও একট্ শব্তিশালী হতে পারে। শ্বশ্ব পাকিস্তান নর** আরও অনেক জায়গা রয়েছে, যেমন ধর্ন চীনের মূল ভূখণেড এবং তার সমীপে যে স্বীপ त्रहार्ष्ट्र दश्कः এवः कल्न--- এতো विद्राणे मोन्न हीना क्रिकेनिम्पेरमद्र, जा मर्प्पन स्मिटे दश्कः कन्नास्त এখনও ইংরাজ সাম্রাজাবাদ ঘাঁটি গেডে রয়েছে। এবং ল_কিয়ে-চুরিয়ে কমিউনিষ্ট চীনের সপো বাবসা বাণিজ্ঞা করে যাচ্ছে। এটাই তাদের নীতি যে কি করে তারা নিজেদের বাবসার সংবিধা করে নিতে পারে । কাজেই এই নীতি জানা সত্বেও আমরা কমনওয়েলখের মধ্যে আছি কিন্ত এটা সতি৷ কথা যে আমরা জোট-নিরপেক্ষ থাকবো এবং জোট নিরপেক্ষ থাকবো বলে আমরা এক দিকে যেমন ইংরাজ এবং মার্কিন সাম্রাজ্যবাদের যেসব জোট রয়েছে সিরাটো সেন্টো প্রভাত তাতে আমরা কোন অংশ গ্রহণ করি নি, আবার অনা দিকে ঐ কমিউনিস্ট দেশের যেসব জোট রয়েছে ওয়ারশ প্যাক্ট কাণ্ট্রিজ এবং অন্যান্য যেসব জ্বোট রয়েছে তাতেও আমরা যোগ দিই নি। এই জোট বাঁধবার একটা চেন্টা বিভিন্ন দেশে যে রয়েছে. তার মধে৷ আমরা কোন অংশ গ্রহণ করি নি অথচ কমনওয়েলথের মধ্যে আমরা আছি—মাঝে মাঝে আশ্চর্য লাগে এটা কি রকম हाल । किन्छू आन्हर्य हवात्र किन्दू तनहे-किन ना कमनअस्त्रलथ अमन अक्हो वााभात राहोत्र मस्य অশোকবাব, যা বলেছেন, কোন কনম্টিটিউসন নেই—তার কোন বিশেষ র্রীতি-নীতি নেই যে **এই জিনিসটা করতেই হবে বা হবে না। সে রকম কোন কিছু নেই। মনসার হবিব সাহেব** এবং কাশীকান্তবাব, খুব জোর করে বল্লেন 'সাম্রাজ্যবাদীর দালাল', 'তার সংখ্য সমঝোতা' ইত্যাদি— কিন্তু আমি তাদের স্মরণ করিয়ে দিতে চাচ্ছি যে এই কমনওয়েলথের সদস্য থেকেও ভারতবর্ষ সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে লড়াই করেছে, ইংরাজদের বিরুদ্ধে লড়াই করেছে। যখন সুয়েজ সংকট হয়েছিল তখন ভারতবর্ষ প্রেসিডেন্ট নাসেরের পিছনে দাঁডিয়েছিল এবং কমনওয়েলথের সদস্য থাকা সত্ত্বেও ইংরাজের তাঁবেদারী করে নি। গোয়া যখন দখল করলো ভারতবর্ষ তখন ইংরা**জ** প্রাণপণ শক্তিতে বাধা দেবার চেণ্টা করেছে। কমনওয়েলথের সদস্য থাকা সন্তেও ভারতবর্ষ সেই নীতি থেকে বিচাত হয় নি এবং যখন কোরিয়াতে একটা আপোষ নিষ্পত্তির কথা হয়েছে যাতে একদিকে কমিউনিষ্ট চীনের সূর্বিধা হতে পারে, অন্য দিকে তাদের বিরোধী শক্তিরও সূর্বিধা হতে পারে, সেখানে ভারতবর্ষ যে নেতৃত্ব গ্রহণ করেছিল তখন ইংরাজ সরকার তাতে বাধা স্বাঘ্টি করা সত্ত্বেও এবং কমনওয়েলথের সদস্য হলেও ভারতবর্ষ তাতে কোন দ্বিধা করে নি। তাই আজকের দিনে কমনওয়েলথের সদস্য থাকা সত্ত্বেও যদি কেউ বলেন যে সাম্রাজা-বাদের গোলামী করছে ভারতবর্ষ, তাহলে আমি বলবো বে এটা ঠিক বলা হচ্ছে না। কাশীকাল্ড বাব, কোন ম্যাজিম্টেটের উল্লেখ করেছেন—তিনি আদালতে র্যীতমত পাক্টিশ করেন আমিও করি—আমরা জানি জজ ম্যাজিন্টেটরা অনেক সময় আবোল-তাবোল বকেন তা নিয়ে এতো মাথা ঘাসাবার দরকার নেই। প্রয়োজন হলে আপীল করা যায় করে সেটা নাকচ করা যায়।

[5-15-5-25 p.m.]

অতএব কোথায় বিলাতের কোন এক ম্যাজিন্টোট কি একটা বলেছেন তার জন্যে সংবিধান বে অধিকার দিয়েছে, আমরা একটা রিপাবলিক প্রতিষ্ঠা করেছি, সেটা নস্যাৎ করে দিরে একটা ম্যাজিন্টেটের কথা মানতে পারিনা। সেই কথাই আমাদের কাছে বড় হবে না। এটা আমাদের দেখতে হবে বে ক্মনওরেলথ-এ থাকার দর্ন ভারতবর্ষের এই বে স্বাধীন পালা এবং আলত-জাতিক ক্ষেত্রের ভারতবর্ষের স্বাধীন নীতি সেই নীতি ব্যাহত হচ্ছে কিনা? আমি যে কয়েকটা উদাহরণ দিলাম তা থেকে স্বভাবতই ব্যুক্তে পারা যায় বে ভারতবর্ষের স্বাধীন নীতি ক্ষু হুর নি। আজকে বে নীতি ভারতবর্ষ গ্রহণ করেছে সেই স্বাধীন নীতি বদি ক্ষু হত তাহলে নিশ্চমই ভারতবর্ষ পাকিস্তানের দাবী স্বীকার করে নিত। কেননা পাকিস্তানের পেছনে তার বে মনিব রয়েছে ইংরাজ, দারোয়ান হিসাবে আর্ব শাঁকে দাঁড় করিরে রেখেছে এবং ভার পেছনে ধেকে ইংরাজ কলকাঠী নাড্ছে। আজকে বদি নীতি ক্ষু হত তা হলে আমাদের জ্বোরানরা

এগিয়ে যেত না এবং এইভাবে প্রস্তুত থাকত না । কিন্তু ভারতবর্ষ নীতি মেনে নেয় নি সেইজন্য ভারতবর্য আজ সংগ্রাম করছে। তাই আমাদের বন্ধব্য হচ্ছে যে কমনওয়েলথে থাকা সত্তেও ভারত বর্ষের স্বাধীন সন্তার কোন রকম ব্যতিক্রম হয়েছে এর প দেখা যায় না। এটা সকলকেই মেনে নিতে হবে। আজকে প্থিবীতে আমরা দেখছি যে বিভিন্ন দেশগুলিকে আজকে কাছাকাছি আসতে হবে। আজকে ডিপেনডেন্স যেমন বড কথা. তেমনি ইণ্টার-ডিপেডেন্সও আন্তর্জাতিক সম্পর্কের সব চেয়েও বড কথা পরস্পরের সঙ্গো বোঝা পড়া পরস্পর নির্ভরতার অনেক দরকার । সেজনা আজকে আমারা দেখতে পাচ্ছি সোভিয়েট রাশিয়ার সঙ্গে আমেরিকার নীতিগত অনেক পার্থক্য থাকলেও বহু জায়গায় তারা একমত হয়েছে। আজকে চীনারা সোভিয়েট রাশিয়াকে যে সমালোচনা করেছে সেটা যদি সত্য হয় তা হলে এটাও ব কতে হবে. সোভিয়েট রাশিয়া চীনকে প্রামর্শ দিয়েছে ভিয়েংনামের ব্যাপারে আদ্ধকে আমেরিকার সপো তাদের বোঝাপড়ার দরকার হয়ে পড়েছে। এ সবের কারণ হল স্বাধীন দেশ হিসাবে আজকে জাতীয়তা কিন্ত এই জাতীয়তা বজায় রাখার হবে. রাখতে যে আমরা একঘরে হয়ে থাকবো, আমরা অনা কোন দেশের সঞ্চো সম্পর্ক রাখবো না। কমন-ওয়েলথ ঐতিহাসিক কারণ থেকে সূচ্টি হয়েছিল। যে সমস্ত দেশ ইংরেজ সাম্রাজ্যবাদের অধীনে ছিল সেইসব দেশের মধ্যে একটা আন্দোলন দেখা গেল। ক্রমশঃ তাদের মধ্যে ডোমি-নিয়ন স্টেটাস-এর স্বণন দেখা দিল। স্ট্যাটিউট অফ ওয়েস্ট মিনিন্টার-এর ফলে শ্বেতকায় উপ-নিবেশগুলি অধিক ক্ষমতা লাভ করে ছিল। তারপর দ্বিতীয় মহাযুদ্ধের শেষে ইংরাজ সামাজ্য-বাদ যখন যুদ্ধের চাপে ঘায়েল হয়ে পডল দেশরক্ষার জনো যখন দুর্বল হয়ে পড়েছিল তথন প্রথিবীর আরও অনেক স্বাধীন দেশ উঠল যেগ্রলি পরের্ব ইংরেজ সাম্রাজ্যবাদের অধীনে ছিল। সেই সমস্ত দেশ, আজকে আমরা দেখতে পাচ্ছি, একটা স্লাটফরম-এ মিলিত হয়ে সে মঞ্চের উপর থেকে পরস্পরের সঙ্গে ভাবের আদান প্রদান করছে। এটার মানে এই নয় যে একটা দেশ আর একটা দেশের অধীনে গেছে। ইংল্যান্ডের এমন কোন ক্ষমতা নেই যে এই কমনওয়েলপ দেশগুলির উপর পুরানো প্রভূষ বিস্তার করতে পারে। তা র্যাদ হত তাহলে সাউথ আফ্রিকা-<u>क्रिक क्रिक्श स्वर्ष्ट करल रेंग्स्ट इन्ह</u> ना। माउँथ आफ्रिका निस्क्ष्टे य ভाবে এक्स्रत रहा পড়েছে ইংল্যান্ড চেড্টা করেও তাকে আটকে রাখতে পারেনি । সাউথ আফ্রিকা-র শাসকেরা শ্বেতকায় জাতির মধ্যে। তারা এখন কমনওয়েলথ থেকে চলে যেতে বাধা হয়েছে। আজকেই আর্পনিই সংবাদপত্তে দেখবেন রোডেশিয়ার কথা। রোডেশিয়া নিজে থেকেই আজকে স্বাধীনতা ঘোষণা করেছে। কিন্ত আমরা কি দেখছি ইংল্যাণ্ড তার বিরুদ্ধে দাঁডাবে বলে ঘোষণা করেছে কারণ এই কমনওয়েলথ-এ নতন এক শক্তি সম্ভার হয়েছে। অশোকবাব, দেখিয়েছেন, যে শ্বেতকায় জাতির সংখ্যা সেখানে বেশী নয়। অশ্বেতকায় অর্থাৎ কম্বকায় এবং পীতকায় সেখানে আছে, তারা মিলে এমন একটা অবস্থার সূচি করেছে যার ফলে মুন্টিমের শ্বেতকার শাসকেরা মিলে তার বিরুদেধ দাঁডাতে পারছে না। আজকে পরস্পরের মধ্যে ভাবের আদান প্রদান হচ্ছে। ইংল্যান্ড-এর যারা কর্তপক্ষ তাদের কাছে আমরা আরও আমাদের কথা পেশছে দিতে পারবো। তাদের কথা আমাদের মেনে নিতে হবে এর কোন মানে নেই । এই যে বিধানসভায় আমাদের এই প্রসংগ উত্থাপন হয়েছে বা আমাদের নিজম্ব দলের কধ্যরা বিভিন্ন সময়ে যে সব কথা বলেন : ভার সব কথাই আমাদের মানা যায় না বা আমরা যে সব কথা বলি ভারাও সব কথা তাঁরা মেনে নেন না। তাঁরা যে সব সময় সভা বন্ধনি করছেন তা নয়, তাঁরা এখানে এসেছেন এবং আলোচনা করছেন। এবং আলোচনা করেও মিলেমিশে একটা কিছু করবার চেষ্টা করছেন।

তেমনি পৃথিবনীর মধ্যে আজ একই অবস্থা। প্রত্যেক দেশ তার নিজস্ব সত্তা বজায় রাথবার চেন্টা করেন। কোন জ্যেটের মধ্যে না গিয়ে বা কোন প্যাক্টের মধ্যে বন্ধ না হয়েও কমনওয়েলথ-এ আমরা থাকতে চাই। আজকে এই কমনওয়েলথ-এ থেকে আমরা দেখছি যে আমরা পরস্পরের কাছে আসার চেন্টা করছি, পরস্পরের মধ্যে সহযোগিতা রেখে রাজনৈতিক দিক থেকে এবং অন্যান্য দিক থেকে আমরা নিজেদের উর্মীত করবার জন্য সচেন্ট। ইংরাজ—যারা শোষণ করেছে সেই ইংরাজকেও অন্যের সাহায্য নিজেছি। আমরা ইংল্যান্ডের সাহায্য নিয়েছি। আমরা ইংল্যান্ডের সাহায্য নিয়েছি। আমরা কোরিছে, যুগোন্ডেরার সাহায্য নিয়েছি। আমরা সোভিয়ের রাশিয়ার সাহায্য নিয়েছি। কানাডার সাহায্য নিয়েছি, যুগোন্ডেরার সাহায্যও নিয়েছি। অবশ্য কেউ আর মুখ দেখে সাহায্য দেয় না। যেমন ইংল্যান্ডের কোম্পানীয়লো ভিভিডেন্ড পাছেছ তেমনি অন্যান্য দেশ সাহায্যের বিনিমরের

🖊 এন্য কিছু পাচ্ছে। কোন দেশই খয়রাতি সাহায্য করতে আসে নি—সেকথা আজকে কাউকে বলে দিতে হবে না। সেজন্য আমি বলছি আজ আমাদের কমনওয়েলথ-এ থাকা দরকার। কমনওয়েলথ-এ একটা প্লাটফরম পেয়েছি যার মধ্য দিয়ে ভারতবর্ষের মত একটা বিরাট গণতন্ত আফ্রিকার অনেকগালি দেশের সংগে যোগাযোগ স্থাপন করছে—যেটা হয়ত শাুধ্য ইউ-এন-ও-র মত একটা বৃহত্তর সংস্থার মধ্যে কাছাকাছি এসেও সম্ভব হত না। এই অপৈক্ষাকৃত **ছোট** সংস্থার মধ্যে পরস্পরের আদান-প্রদানের সুযোগ এটা একটা মুস্ত বড় কথা। তাছাড়া কমন-ওয়েলথ-এর মধ্যে অন্য সমুহত বিভিয়ে দিক--যথা সাংস্কৃতিক দিক এই সমুহত দিকেও আদান প্রদান আজ হচ্ছে। নাগরিক দিক থেকেও অনেক সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে যদিও ইংল্যান্ড চেষ্টা করছে কমনওয়েলথ সিটিজেনশিপ কিছুটা সংকৃচিত করে দেবার জনা। এতে কিছুটা অস্ববিধা হবে সতা কিন্তু আজকে বিভিন্ন দেশের মধ্যে সম্পর্ক রাথা এবং প্রস্পরের উল্লডি চেষ্টা করার এই যে একটা সংস্থা একথা আজকে সেটিকে মনে রাখতে হবে। মাননীয় মনসূর হানিব সাহেব একটি কথা ভলে গেছেন। তিনি বক্ততায় বলছেন সোভিয়েট রাশিয়ার **কথা।** সোভিয়েট রাশিয়া নিজের পায়ে দাঁডিয়েছে। আমি নৃতন করে সেসব কথার উল্লেখ করতে চাই না। আমি কেবল এই কথা বলব যেটা হয়ত আপনারা সকলেই জানেন, যে দ্বিতীয় মহায**েখের সময় ইংল্যাণ্ড ও আমেরিকার কাছ থেকে সোভিয়ে**ট রাশিয়া অসংখ্য সাহায্য পেয়েছে লেন্ড লিজ মারফং অসংখা সাহায্য পেয়েছে—এরোন্সেন এবং অস্ত্রশস্ত্র ধার নিয়েই তবে তারা নাৎসীর জার্মানীর বিরুদ্ধে লডেছে। আজকে পাকিস্তান সুণিট হয়েছে বলে কমুনেন্ট পার্টি থেকে কংগ্রেসকে দায়ী করা হয়েছে। কিন্তু তাঁরা ভলে গেছেন যে কংগ্রেস প্রথমে পাকিস্তান মেনে নিতে চায় নি । কংগ্রেস এই জনা বার বার বাধা দিয়েছে । শ্রীরাজা গোপালাচারী কংগ্রেস থেকে বেরিয়ে গিয়ে পাকিস্তানের দাবী সমর্থন করেছিলেন তখন লীগ ছাড়া একটি মাত্র রাজ্ঞ-নৈতিক দল গ্রীরাজা গোপালাচারীর পেছনে দাঁডিয়েছিল সেটা হচ্ছে কমানুনিষ্ট পার্টি।

(কংগ্রেস বেঞ্চ হইতে শেম শেম ধর্নি)

'জনয**ু**খ' কাগজ দিনের পর দিন এই কথা লিখে গিরেছিল, তারা বলেছিল যে ম**ুসলমানদের** আত্মনিয়ন্ত্রণের অধিকার দিতে হবে। শ্রীভবানী সেন প্রমূখও দলের সমস্ত নেতারা এই সব কথা বলেছিলেন। প্রানো প্যামশেলট খ'্জলেও এই সব দেখা যাবে। তাঁরা বলেছি**লেন**, এদের যদি আর্থানয়ন্ত্রণের অধিকার না দাও তা হলে কোন দিনই ভারতবর্ষ শান্তিতে থাকবে না। আজকের দিনেও শ্রীনাশ্বনিপ্রাদের মত নেতা সংবাদপতে বলেছেন। ভারতবর্ষ-কাশ্মীর-কে খ্যুরাতি করে দাও, পাকিস্তানের সংখ্য হাত মেলাও। যে জন্য আজ বামপ**ন্থী কমা**ুনি**ন্ট** পার্টির বহ**ু লোক ঐ** দল ছেড়ে আসবার জন্য চিন্তা করছেন। আজকে তাদেরই মুখ থেকে শ্নেতে হয় যে ভারতবর্ষ বিভাগের জনা দায়ী হচ্ছে কংগ্রেস। এটা অতানত দঃখের কথা। কংগ্রেসের যে সমস্ত ত্রটী আছে সে সমস্ত আমরা কখনই তুচ্ছ করে ধরি না। কংগ্রেসের **দোষ** হয়েছে যে সে জবরদম্ভী করে তার নীতিতে আঁকড়ে থাকতে পারে নি। এটা সম্ভব হয় নি। কারণ আমরা জানি যে প্রথিবীতে অনেক সময় একটা অবস্থা ঘটে যা আমরা মোটেই চাই না কিন্তু তা সত্তেও আমাদের মেনে নিতে হয়। কোরিয়ার পার্টিশন হয় নি? জার্মানীতে পার্টিশান হয় নি? ইতিহাস কি জানেনা যে পোলান্ডে কতবার পার্টিশান হয়েছিল? সাই-প্রাসে আরু কি অবস্থা আমরা তা দেখতে পাচ্ছি। প্রথিবীতে অনেক ব্যাপার ঘটে আর ঘটনা চক্রের মধ্যে অনেক সময় অপ্রিয় জিনিষকেও স্বীকার করে নিতে হয়। কংগ্রেস সেটা স্বীকার করে নিতে বাধ্য হয়েছে। কিন্তু তার মানে এই নয় যে কংগ্রেস সেখানে বিশ্বাসঘাতকতা করে**ছে** জাতির সঙ্গো। যদি বিশ্বাস্থাতকতা কেউ করে থাকে তা হলে তা হল একমাত্র কমারুনিষ্ট পার্টি। তথন মুসলীম লীগের সঞ্জে হাত মিলিয়ে, শ্রীরাজা গোপালাচারীর সঞ্জে হাত মিলিরে এর প একটা অবস্থার সৃষ্টি করেছিল যেটা আজকেও আমরা ভূলে যেতে পারিনি। আ**জকে** পাকিস্তানের সঙ্গে সংঘাত হচ্ছে সেটা সামনে রেখে নিশ্চয়ই আমরা একথা বলবো যে ইংরাজ যে পন্থা গ্রহণ করেছে, ইংল্যান্ডের প্রধান মন্ত্রী যে পন্থা গ্রহণ করেছেন সেটা আমরা মে**নে** নৈব না। আমাদের প্রধানমন্তীযে বলিন্ঠ নীতি গ্রহণ করেছেন সেই বলিন্ঠ নীতি **আমরা** সমর্থন করি। এই যে কমনওয়েলথ সংস্থা রয়েছে, সেই কমনওয়েলথ সংস্থার মধ্যে **থেকে** আজকে অন্যান্য দেশগ_লিকে বোঝাবার চেণ্টা করবো এবং সেই সংস্থার মধ্যে থেকে আমরা

আমাদের নিজেদের বন্ধব্য সারা প্রথিবীর কাছে প্রকাশ করবার চেণ্টা করবো। সেই সংস্থাকে কাজে লাগিয়ে আমরা আমাদের ন্যায্য দাবী প্রতিষ্ঠিত করবো, কমনওয়েলথ ছেড়ে এসে নর । সেইজন্য অশোকবাব, যে সংশোধনী প্রস্তাব রেখেছেন আমি সেটা সমর্থন করছি।

[5-25-5-35 p.m.]

Shri Deb Saran Ghosh:

মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে আমাদের সামনে যে প্রস্তাব এসেছে যে কমনওয়েলথ থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। এ প্রস্তাব কমনওয়েলথ অন্তভূত্তির পর থেকেই আমাদের দলের তরফ থেকে করে আসছি এবং জনসংধারণও এই দাবা করে আসছে। রিটেনের চক্রান্ত মূলক যে নীতি ভারতবর্ষকে পর্যান্দস্ত করবার যে নীতি আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতবর্ষকে অপুমানিত করবার যে নীতি আনর বহুদিন ধরেই লক্ষ্য করে আসছি এবং তার একটা বিশেষ পরিণতি হল পাকিস্তান কর্তৃক ভারত আক্রান্ত।

পাকিস্তান কর্তৃক ভারতবর্ষ আক্রান্ত হবার ফলে ব্যটেন যে পদ্থা বা নীতি গ্রহণ করেছে. তাতে আরও স্পণ্ট হয়েছে ব্টেনের সেই চক্রান্তমূলক নীতি বা উদ্দেশ্যের কথা। কাজেই চীন, ভারতের—এই সংঘর্ষের দ্বিউভগ্নীতে বা পরিপ্রেক্ষিতে ভারতবর্ষকে কমনওয়েলথ থেকে বেরিয়ে আসতে হবে, সেটাই আমাদেব একমাত্র বিচার্য বিষয় নয় বা সেটাই আমাদের একমার উপলক্ষ নয়। অতীতে আমরা ব্টেনের চত্রাত্ম্লক নীতি বহু রক্ম দেখেছি। আজকের এই দাবী সম্পর্কে বিরোধী পক্ষরা বহু দিন থেকে বলে আসছে, অধ্যনাকালে কংগ্রেসের কিছুটা মোহ ভঙ্গ হয়েছে। ব্যটন সম্পর্কে তাদের যে নীতি, তাঁদের যে ধারণা, তাঁদের যে মোহ, সেই মোহটা কিছুটা পরিবর্তিত হরেছে, তা তাঁরা স্বীকার করেছেন। বিশেষ করে ভারতবর্ষ এবং পাকিস্তান সংঘর্ষ, এবং কাম্মীরের গণভোটের দাবীকে ব্রটেনের সমর্থন করার যে নীতি. এর ফলে, কংগ্রেসের তরফ থেকে, কংগ্রেসের এক শ্রেণীর সদস্যদের মনে এই প্রশ্ন দেখা দিয়েছে যে কমনওয়েলথ-এ আমাদের থাকার কোন যৌত্তিকতা আছে কিনা? মাননীয় চেয়ারম্যান সারে আমি কিছুক্ষণ আগে কংগ্রেসের দুইজন নেতৃস্থানীয় সদসোর বস্তুতা শ্নছিলাম, কমনওয়েলথ-এর ডেফিনেসন সম্পর্কে বলতে গিয়ে তাঁরা যে জিনিষটা বলতে চেয়েছেন তা পরিকার ভাবে কিছু বলতে পরেন নি। কমনওরেলথ জিনিষ্টা যে কি. তা তারা নিজেরাই ঠিক ব্রুতে পারছেন না। তাদের বক্তবা হচ্ছে যে ক্মন-ওয়েলথ জিনিষ্টা কিছ্ই না. এবং এইটাই আমাদের তাঁরা বোঝাতে চেন্টা করেছেন। আমার বস্তব্য হচ্ছে যে সেটা যদি কিছু না হয়, তাহলে তার ভিতরে আমাদের থাকার কি সার্থকিতা থাকতে পারে? আর একটা জিনিষ তাঁরা বলেছেন যে কমনওয়েলথ-এর ভিতরে থাকবার লাভ-জ্বনক অবস্থা হচ্ছে এই যে কমনওয়েল্থ একটা ইণ্টারন্যাশানাল ফোরাম। প্রথিবীর অন্যান্য দেশের সামনে, আমাদের যা বন্ধবা, তা রাখবার একটা ফোরাম বা স্ল্যাটফরম। ১৭ I১৮ বছর ধরে সেই স্ল্যাটফরম-এ দাঁড়িয়ে বা সেই ফোরাম-এ দাঁড়িয়ে ভারতবর্ষ আজ পর্যন্ত যা বলে এসেছে তার কোনটাই রক্ষিত হয় নি। কমনওয়েলথ-এর অন্তর্ভুক্ত দেশগ্রনি থেকে ভারতীয়-দের যে বহিষ্কার করা হচ্ছে, সেখানে এমন কোন প্রস্তাব গ্রহণ করা ভারতবর্ষের তরফ থেকে সম্ভব হয়নি যে তা বন্ধ করা দরকার। কমনওয়েলথ-এ বিভিন্ন রাষ্ট্র অন্তর্ভ ভ আছে। অশোক-বাব্ বলেছেন যে সেই ফোরাম-এর ভিতরে থেকে আমাদের চেণ্টা করতে হবে, এবং আমাদের **रा**ने क्रिया कराया है दारा,—रव आमता এक मिन, कमनश्रासम्ब श्वरक छाटे वार्टनरक मीत्रास मिर्फ সক্ষম হবো।

খ্ব আশ্চর্ষ লাগে শ্নতে একজন বিশিষ্ট সদস্যের মুখ থেকে এই রকম উদ্ভি—কমনওয়েলথে ব্টেন একমান্ত সভ্য দেশ, কমনওয়েলথের প্রভা ব্টেন এবং তার সর্বময় কর্তাদেশ ব্টেন, সর্বময় ক্ষাতা ব্টেনের হাতে। কমনওয়েলথের যে সাম্লাজ্ঞী—যিনি কমনওয়েলথের গর্ব, শ্ব্ধ, তাই নয়—ব্টেনের ইচ্ছার বির্শেধ আজ পর্যন্ত কমনওয়েলথের কোন সভা আহ্বান করা কমন-ওয়েলথের অন্তর্ভুক্ত কোন দেশে সেই অধিকার ন্বীকৃত হয় নাই। ব্টেন যথন এবং যেদিন 🜉 নওয়েলথের সম্মেলন আহ্বানের ইচ্ছা করবেন, তথনই তা সম্ভবপর হবে, অ**ন্যথায় কমন-**ওয়েলথের অস্তর্ভুক্ত অন্য কোন রাত্মের মতামত গ্রহণ যোগ্য নয়।

এই কমনওয়েলথ কেন স্থি হয়েছে? আজকে সরকারপক্ষ বা কংগ্রেসের তরফ থেকে বে বন্ধব্য রাখা হয়েছে, তাতে স্বীকার করা হয়েছে যে এশিয়া এবং আফ্রিকার যে সমস্ত রা**খা আসে** বারা বৃটিশ সামাজ্যবাদের অধীনস্থ ছিল, যারা সদ্য স্বাধীনতা প্রাণ্ড হয়েছে, সেই সমস্ত রা**ন্দের** মিলিত একটা সংগঠন। কিন্তু শুধু মিলিত সংগঠন নয়, আমি মনে করি ব্টেনের ক্ষায়ক্ত সাম্রাজ্যবাদী শক্তির সেই যে প্রভূষ করবার বাসনা বা ইচ্ছা তা এর মধ্য দিয়ে প্রকাশ করছে বা वमवर कत्राष्ट्र अरे कमनअसमारायत्रं माधारम माञ्चाकावानी व्हारोतनत्र स्य धीनकस्थानी—जातनत्र स्व स्थानी ম্বার্থ, সেই শ্রেণম্বার্থ যেখানে বিঘিন্ত হয়েছে, যেখানে তা বক্ষিত বা পালিত হচ্ছে না, সেখানে তারা তাদের নীতির পরিবর্তন করছে, তার সাথে কমনওয়েলথের সিন্ধান্তও পরিবর্তন করছে। অশোকবাব, বলেছেন কমনওয়েলথে থাকবার আমাদের একটা লাভ হয়। কমনও**য়েলখের** অন্তর্ভুক্ত দেশগুনির যে অর্থনৈতিক সমস্যাগুনি আছে, সেই সমস্যাগুনি নিয়ে সে**খানে** আলোচনা করা এবং তার কিছা প্রতিবিধানের ব্যবস্থা করা। - याननीय क्र**याद्यान** স্যার, আনরা দেখছি যে আমাদের ভয় ২চ্ছে ব্রটেনের কাছ থেকে আমরা যে অ**র্থনৈতিক** সাহায্য পাই, কমনওয়েলথ খেকে বেরিয়ে এলে কমনওয়েলথের সংস্থ**ে সম্পর্ক-**-চ্ছেদ করলে আমরা সেই অর্থনৈতিক সাহায্য পাব না। কিন্ত আমরা লক্ষ্য করে দেখেছি শ্ব্ধ ক্ষনওয়েলথের অন্তর্ভুক্ত দেশ নয়, প্রিথবীর এমন বহু রাষ্ট্র আছে যাদের অনেকে ভারত-বর্ষকে অথ'নৈতিক এবং রাজনৈতিক সাহায়। করে আসছে। কমনওয়ে**লথে**র অন্ত**র্ভন্ত থাক।** সক্ষেত্র, ব্যুটনের সংগ্রে আমাদের অর্থানৈতিক সম্পর্ক থাকা সত্ত্বেও আমরা লক্ষ্য করেছি যখন পাকিস্তান ভারতবর্ষকে আক্রমণ করলো, তথন ব্রটেন শুধ্যু সরকারীভাবে অস্ত্রশস্ত্র সরবরাহ করে ভারতকে সাহায্য করা বন্ধ করেছে তা নয়, বে-সরকারী প্রতিষ্ঠানের সংগ্রে ভারতথ**র্ষের** যে চুন্তি হয়েছিল ব্রিটেন জোর করে সেই সমস্ত কোম্পানীকে ও প্রতিষ্ঠানকে বাধ্য **করেছে** ব্রিটেনের অন্মতি ছাড়া, ভারতবর্ষকে কোন অস্ত্র বা কোন প্রকার সাহায্য দেওয়া চলবে না। কাজেই এর দ্বারা প্রমাণিত হচ্ছে যে কমনওয়েলথের অন্তর্ভুক্ত ও ভারতবর্ষকে প্রিটেন অর্থনৈতিক সাহাষ্য ও অস্ত্রশস্ত্র দিয়ে সাহাষ্য করবে এমন কোন গ্যারাণ্টী আমাদের সামনে নাই। একটা প্রশ্ন আমাদের সামনে এসেছে, যে আমরা দেখেছি যে গ্রিটেন চীন যখন আমাদের **দেশ** আক্রমণ করে তখন ব্টিশ আমাদের সাহায্য করেছিল। এটা ঠিক কথা যে ব**িটশ ভারতবর্ষের** সার্বভৌমত্ব রক্ষা করবার জনা তার স্বাধীনতা যে বিপয় হয়েছে তা বক্ষা করবার জনা যে অর্থ-নৈতিক সংহায়। দিয়েছিল বা যুদ্ধান্ত াদয়েছিল তা মোটেই সতা কথা নয়। আমরা জানি যে ভারতবর্ষে কোটী কোটী টাকা বৃটিশ প'ভ্ৰিজ ল'নী করা আছে চীন যদি ভারতবর্ষ দথল করে এবং চীন কর্তৃক যদি ভারতবর্ষ আক্রান্ত হয় ভাহলে ব্টিশের সেই যে লগনী তার যে স্বার্থ পর্নজিপতিদের যে স্বার্থ সে স্বার্থ বিঘা হবে। ঠিক সেই কারণের জন্য সেই স্বার্থ বি**ঘাত** যাতে না হতে পারে সেই কারণে—ভারতবর্ষকে তারা সাহায্য করেছিল। ঠিক পরেই **আমরা** লক্ষ্য করলাম যথন ভারতবর্ষ পাকিস্তান কর্তৃক আক্রান্ত হল সেখানের বৃটিশের কোন স্বা**র্থ** বিষিত্রত হওয়ার সম্ভবনা নাই তার কারণ পাকিস্তানের সঙ্গে বুটিশের গোপন সম্পর্ক **আছে।** কারণ ব্রিটেনই ভারতবর্ষকে ভাল করে পাকিস্তান স্ফিট করেছে তার নিজের স্বার্থকে প্রে করার জন্য, কায়েম করার জন্য এই ভারতবর্ষ বিভাগ করেছে। সেইজন্য তার কোন **ভয় নাই.** তার কোন দুর্ভাবনা নাই। পাকিস্তান কর্তৃক ভারত্বর্য আন্তানত হলেও ব্রিটেনের যে প**্রিছ** তার যে অর্থ**ল**ণনী ভারতবর্ষে আছে তার সে স্বার্থ বিঘিত্ত হওয়ার সম্ভাবনা নাই। সেই কারণে ব্রিটেন আজ অর্থনৈতিক অবরোধ নীতি গ্রহণ করেছে। সেজন্য আমি **অন্বিনীবার, বে** প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব আমার সংশোধনী সমেত আমি অনুরোধ করব যাতে গ্রহণ করেন সেই আবেদন জানিয়ে আমি বস্তুতা শেষ করছি।

[5-35-5-45 p.m.]

Shri Sudhir Chandra Das:

মাননীয় চেয়ারম্যান স্যার, অনেক বিতর্ক হয়েছে স্কৃতরাং আমি আর সেদিকে ধাব না ত**বে একটা** কথা আমার মনে হয়েছে যে নিজের শব্তিতে যদি ভারত দাঁড়াবার চেণ্টা করে তাহ**লে সে এবং** নিরপেক্ষ নীতিকে যদি বজার রাখতে পারে তাহলে সমস্ত অর্থনৈতিক সাহায্য সামরিক সাহাক্ষ

বতটুকু রাষ্ট্র হিসাবে বে'চে থাকার জন্য আমাদের দরকার তা সকলে করতে বাধ্য হবে এবং সাহার্য্য আসবে। এই যে নিজের পায়ে দাঁডাবার যে শক্তি ভারতের জেগেছে যতটুকু **জেগেছে** তাতেই ব্রুতে পারা গেছে, তাতেই আত্মশস্তিতে ভারতবর্য এখন উদ্বৃদ্ধ হয়ে উঠেছে, ভারতের জনমত ব্টিশের এই বিশ্বাসঘাতকতার ভিতর দিয়ে ভারতের জনগণ আজ চায় যে ব্টিশ কমন-ওয়েলথ যেটা হয়েছিল সেই কমনওয়েলথ-এ থেকে ভারতের কোন লাভ হয়নি বরং বন্ধ বেশে শত্রতা সংযোগ পেয়েছে সে কৃথা অবশ্য কংগ্রেস দল স্বীকার করেছেন। কিন্ত কমনওয়েল**থ**-এ থাকার যে প্রয়োজন যেখানে কোন বাধাবাধকতা নেই যেখানে তার কোন প্রকারের নিয়ন্ত্রণ নাই সেই রকম একটি বিতর্ক সভায় যেয়ে কিছু লাভ আছে বলে আমরা মনে করি না। যখনই দেখতে পাচ্ছি যে বটিশের প্রভন্ন এবং ভারতবর্ষের মত একটা স্বাধীন দেশ তার কাছে নত হয়ে থাকবে একথা আজ স্বাধীন ভারতবর্ষের পক্ষ থেকে কখনও এই প্রস্তাব মেনে নেওয়া উচিত নয়। কমনওয়েলথ-এর সম্পর্ক সম্পূর্ণ ছিল্ল করা উচিত নয় একথা বলা ঠিক নয়। অধিকন্ত আমাদের বন্দ্রবেশে শূর্তার কাজ করছে এবং ভারতের পদে পদে মর্যাদা নন্ট করছে এবং বেখানে সম্পূর্ণ ব্রটিশের প্রভূত্ব রয়েছে এই রকম গোস্ঠীতে কখনই থাকা উচিত নয়। আমি দুই পক্ষেরই যুক্তি শুনেছি সেজন্য আমি মনে করি সংশোধনী প্রস্তাব যেটা আনা হয়েছে অশ্বিনীবাব্র তা খ্র স্কুদর প্রস্তাব হয়েছে এবং সেটা গ্রহণ করা উচিত। এবং কমনওয়েলথ থেকে ভারতবর্য বেরিয়ে এসে পূর্ণে মর্যাদায় আত্মশক্তিতে ভারতবর্ষ দাঁডাক এটাই আমাদের অভিপ্রায় ।

Shrimati Purabi Mukhopadhayay:

মাননীয় চেয়ারম্যান মহোদয়. এতক্ষণ ধরে যে বিতর্কের অবতারণা এখানে হয়েছে ভারতবর্ষের সংশ্য কমনওয়েলথ-এর সংশ্য সম্পর্ক ছিল্ল করার সম্পর্কে আমি মন্ত্রীসভার পক্ষ থেকে সেই প্রস্তাবের বিরোধীতা কর্রাছ এবং যদি এই প্রস্তাব সংশোধনী, শ্রীঅশোককৃষ্ণ দত্ত মহাশয় এনেছেন তা গ্রহণ করা হয় তাহলে আমাদের পক্ষ থেকে আমরা এই প্রস্তাবকে সমর্থন জানাতে পারি। এটা সম্পূর্ণভাবে উদ্যোক্তার উপর নির্ভার করছে যে তিনি এই সংশোধনী গ্রহণ করে এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে করতে দেবেন কি দেবেন না। বেশীর ভাগ যে বস্তুতা করেছেন তা শূনে শূধ্য प्रामात এकिं कथारे मत्न र्राष्ट्रक त्य रेश्तताक्षत्र रेग्जेतिक कमनश्रतक्षय-वत रेग्जेतिक वरे मत्तिक আইডেণ্টিক্যাল করা হয়েছে। বেশীর ভাগ বক্তা ইংরাজের বিপক্ষে যে মনোভাব প্রকাশ করেছেন. তার। কমনওয়েলথ-এর সঙ্গে সম্পর্ক ছিল্ল করার যুক্তি হিসাবে শুধু ইংরাজের মনোভাবের কথাই তুলে ধরেছেন। ইংরেজ কিম্বা বুটিশ সরকার আর কমনওয়েল্থ এক কথা নয়। অন্তত আজকের দিনে সে কথা আর বলা যায় না। গ্রীকাশীকানত মৈত যে নজীর তলে ধরেছেন ট্রিটী সম্পর্কে যে লেটার হেড-এ বটিশ গভর্ণমেণ্টের বা সেখানকার কোন বিচারক কি লিখেছেন তার জনা কেন লোকসভার কক্ষে বা দিল্লীর কক্ষে দাঁড়িয়ে প্রধানমন্দ্রী তার প্রতিবাদ জানালেন না- অতএব আমরা ভারতবর্ষটা রিপাবলিকান কান্টি না থেকে ডোমিনিয়ন-এ পরিণত হলাম এই যদি যুত্তি হয় তাহলে তার রিপার্বলিক সম্পর্কে কতথানি আম্থা এবং শ্রুমা এরই শুধু পরিচয় তিনি দিয়েছেন। এবং তার চিঠি সত্যিকারের যে মর্যাদা তিনি আশা করেছিলেন সেই মর্যাদা পার্নান বলে সেই ক্ষোভের কারণেই ব্রটিশের সংগ্র সম্পর্ক ছিল্ল করার অজ্ঞহাত হিসাবে কমনওয়েলথ-এর সজ্গে সম্পর্ক ছিল্ল করতে হবে এই যাত্তি কখনই গ্রহণযোগ্য নয়। তবে একটা কথা আমি এখানে বলতে চাই বেশীর ভাগ সদস্য কেন সমস্ত সদস্যই তারা বিরোধী দলেরই হউন আর কংগ্রেস দলেরই হউন তারা ব্রটিশ সরকারের মনোভাব সম্পর্কে যে এখানে ক্ষোভ প্রকাশ করেছেন আমরা সম্পূর্ণভাবে তার সংখ্যে একমত। আজকে সমস্ত ভারতবাসীর পক্ষ থেকে সমস্ত ভারতবাসীরা আমাদের এই কান্মীরে এবং ভারতবর্ষে যুন্ধ পরিস্থিতি সম্পূর্কে ব্টিশ সরকারের যে মনোভাবের পরিচয়, ব্টিশ সরকার দিয়েছেন তার বিরুম্থে তীব্র প্রতিবাদ লোকসভার কক্ষে হয়েছে বিধানসভার কক্ষে আজকে হচ্ছে এবং সমস্ত গ্রাম সহর প্রান্তরে নিশ্চরই হবে। এবং আমাদের কেন্দ্রীয় নেতারা এবং আমাদের সমস্ত রাজ্যের নেতারা এই সম্পর্কে তাদের মনোভাব প্রকাশ করেছেন। আজকে তারা যে ক্ষোভ প্রকাশ করেছেন সেই ক্ষোভের সপ্যে আমরাও গলা মেলাতে সম্পূর্ণ প্রস্তৃত আছি। কিন্তু সেটা বৃটিশ সরকারের विवर्तस्य वृष्टिंग भरनास्रात्वत्र विवर्तस्य । वृष्टिंग मत्रकात्र এवः कमनश्रतालय-एक कथनदे এक नस्रत्य

দেখতে চাইনি এবং এক নজরে দেখার কথা বলাটাও যুদ্ধিসন্গত হতে পারে না। আন্ধ যেখানে ১১টি স্বাধীন দেশ নিয়ে যে কমনওয়েলথ গড়ে উঠেছে সেই ২১টি দেশের তৈরী যে এ্যাসো-সিরেশন এই কমনওয়েলথ-কে আমরা একটি ইংরাজের দেশের মনোভাবের জন্য দেশের সম্পর্কে পরিত্যাগ করে চলে আসব আজকে সেই পরিস্থিতির স্টি হয় নি। ভারতবর্ষের পক্ষ থেকে আমরা প্থিবীতে এক বিশ্ব নেতৃত্ব দিতে এসেছি এবং দিয়ে এসেছি এবং ভবিষাতে দেব। অতএব কমনওয়েলথ-এ ব্টিশের প্রভুত্ব এটাই একমাত্ত বড় কথা হয়ে চিরদিন থাকতে পারবেনা যদিও আজকে তারা বেশীর ভাগ ক্ষেত্রে দেখা যাছে খানিকটা প্রি-ডোমিনেট রোল তাদের রয়েছে। কারণ বেশীভাগই এই ২১টা দেশের মধ্যে অন্তত ১৮টা দেশ ৬৪ সাল পর্যন্ত এই ৬৫ সাল পর্যন্ত ন্যাধীন হয়েছে।

5-45-5-55 p.m.]

একটা দেশ অনেক বছর পরে পরাধীন থেকে যখন স্বাধীনতা লাভ করে তখন কিছু সময় লাগে তার শক্তি সংগ্রহ করবার জন্য। সেই আর্থিক শক্তি কিন্বা সামরিক শক্তি সংগ্রহ করার দিক থেকে তাদের অসূর্বিধা রয়েছে বলে আজকে ব্রিটিশ সেখানে খানিকটা প্রিডোমিনেন্ট রোল নৈতে পেরেছে। কিন্ত তাই বলে ভারতবর্ষ স্বাধীন নয় একথা ভারতবর্ষের কেন প্রথিবীর কেউ স্বীকার করবে না। বর্তমান পরিস্থিতিতে এমন কোন ঘটনা ঘটেনি যার জন্য আ**জকে** এই প্রস্তাব গ্রহণ করা যেতে পারে। যেহেত কাম্মীরের ব্যাপারে রিটিশ সরকারের মনোভাব বিরূপে, যেহেতু কাম্মীরের ব্যাপারে ব্রিটিশ সরকার অত্যন্ত তিক্ততার সূ্ঘিট করেছে, অত্যন্ত আনডিশ্নিফায়েড ব্যবহার করেছে এবং পাকিস্তানের প্রষ্টা হিসাবে, অবিভাবক হিসাবে পাকি-ল্তানের পাশে এসে দাঁডিয়েছে সেহেত আমরা কমনওয়ে**লথ ছে**ডে চলে আসবো এটা কোন কাজের কথা হতে পারেনা এবং কমনওয়েলথ-এর ডেফিনেশন সদ্বন্ধে দেব শর্ণ ঘোষ মহাশয় বললেন কমনওয়েলথের ডেফিনেশন আমাদের পক্ষ থেকে দেবার চেণ্টা হয়নি, ইট ইজ ওনলি এগন এ্যাসোসিয়েশন, উই আর অল ইকুয়্যাল পার্টনার্স, সেখানে ব্রিটিশ কি করলো না করলো তার জন্য কমনওয়েলথ ছেডে চলে আসা অবান্তর প্রন্ম। তবে হাাঁ এমন কথা পশ্চিমবঙ্গা সরকারের পক্ষ কিম্বা ভারতবাসীর পক্ষ থেকে বলতে চাইনা যে ভবিষাতে যদি এমন কোন পরিস্থিতি আসে যথন কমনওয়েলথ ছাড়বার প্রয়োজন হবে উই উইল খ্টিক টু আওয়ার ওন ডিসিশন, কিছুতেই ছাড়বোনা, এ,প্রশন আসতে পারে না। প্রথিবীর পটভূমিকা অত্যন্ত দুতে পরিবার্তিত হচ্ছে এবং সেই পরিবৃতিত পটভূমিকায় ভারতবর্ষ কোন নাতি গ্রহণ করবে সেটা তখনকার পরিম্পিতি নির্দেশ দেবে। আজকে যে অবস্থার সম্মুখীন হয়েছি তাতে কমনওয়েলথ ছেড়ে চলে আসার কোন প্রশ্ন আসেনি। সেদিক থেকে শ্রীঅশোককৃষ্ণ দত্ত মহাশয় যে সংশোধনী এনেছেন সেই সংশোধনী এক কথায় উভিয়ে দেবার কথা নয়। আমি মাননীয় সদস্যদের বলবো ভালভাবে তাঁরা এটা বিবেচনা করে দেখন। যদি কমনওয়েলথ ছাড়ার একমাত্র ন্যায়সংগত কারণ হয়ে থাকে ঐ রিটিশ সরকারের মনোভাব, যেটা আপনারা বললেন, তাহলে কমনওয়েলথে আজকে তাঁদের প্রাইম মিনিন্টার যে সভাপতিত্ব করছেন এবং লণ্ডনে তার যে অফিস রয়েছে এবং তার জন্য তাদের যে থানিকটা কর্তৃত্ব রয়েছে সেই কর্তৃত্বকে কেড়ে নেবার জন্য আজ**কে** আমাদের এখানে সর্ববাদি সম্মত একটা প্রস্তাব করা উচিত যে কমনওয়েলথের অফিস লংডনে থাকতে পারবে না, কমনওয়েলথের সভাপতিত্ব প্রাইম মিনিন্টার অব ইংল্যান্ড বরাবরই করবে না, আমাদের প্রত্যেক্টি মেন্বার নেশন যাঁরা রয়েছেন তাঁদের প্রধানমন্ত্রী যথন যে দেশে অধিবেশন বসবে সেথানকার প্রধানমন্ত্রী তার প্রেসিডেণ্ট হবেন এবং সেই সময়ে এর অফিস সেই জায়গায় **স্থাপিত হবে। এইভাবে যদি বাই রোটেশন মেন্বার নেশনগালি কমনওয়েলথের অফিস এবং** ক্মনওয়েলথের সভাপতিত করেন তাহলে আহুকে যে ব্রিটিশ প্রি-ডোমিনেন্স রয়েছে তা আর পাকবে না বলে আমি মনে করি। সেইজনা আমি মনে করি আজকে আমাদের এই দাবী হওয়া উচিত যে ল'ডন থেকে এই কমনওয়েলথ অফিস সারিয়ে নেওয়া হোক এবং ইংল্যানেডর প্রধান মন্ত্রী সেখানে যে পার্মানেশ্র্টাল সভাপতিত্ব করছেন সেখান থেকে তাঁকে সরিয়ে দেওয়া হোক। আজকে বর্তমান পরিস্থিতিতে আমি মনে করি এই প্রস্তাব বদি আমরা পাশ করি এখানে তাহ**লে**

অভাসত ন্যায়সপাত এবং ব্যক্তিসপাত হবে। আজকে আফ্রিকায় নতেন নতেন যে দেশগুলি জ্ঞাত্র কর্ম্ভে স্বাধীন দেশ হিসাবে, আজকে সারা প্রথিবীব্যাপী আমরা যে ফোরাম তৈরী ক্রাবৃদ্ধি সেখানে ভারতবর্ষ থেকে আমরা নেতম্ব দিয়ে এসেছি এবং কোন দিন আমরা ইংরাজের ক্রাছে আমাদের মাথা নত করবোনা এবং এই কমনওয়েলথ কান্ট্রির একটা পার্টনার হিসাবে আমরা এই ব্রিটিশের বিরুদ্ধে দাঁডিয়ে ভারতবর্ষের সমস্ত শক্তি নিয়ে আমরা ঐ সংগ্রামী, স্বাধীনতাকামী আফ্রিকার দেশগালির সংগ্র তাদের লড়াই করতে সাহায্য করেছি এবং কমনওয়েলখ-এর সদস্য হিসাবে আমরা তা করেছি। আমি তাই শ্রীঅশোককঞ্চ দত্ত মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব সহ এই রেজোলিউশন পাশ করা হোক এই অনুরোধ করবো এবং আমি আশা করবো ষে আমাদের এই ্রতাবের বিরোধীতা করার কোন প্রয়োজন হবে না । এবং যদি এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করি েলে আমাদের যে ক্ষোভ আজকে প্রকাশ হচ্ছে ব্রিটিশ সরকারের বিরুদ্ধে সেই ক্ষোভ প্রকাশ বিধানসভার কক্ষে দাঁড়িয়ে করলে এর যে পার্বালিসিটি ভালে আছে সেটা **ইরোজ গভর্ণমেন্ট সেখা**নে জানতে পারবে এবং আমরা সমস্ত সংগ্রামী দেশগুলির পাশে দাঁডিয়ে **क्यनश्रामध्या मनमा हिमार्त्य जार**नंत्र माहाया करां भारत्या अवर अक्रो न जन भीधवी भराउ ভুলতে পারবো যে প্রথিবীতে ইংরাজ প্রভূম চিরকালের মত লোপ পারে। আমরা দেখেছি প্রকলেবার, এবং অতুলা ঘোষ মহাশয় প্রথমেই বলেছিলেন, যেদিন ব্রিটিশ প্রধানমন্ত্রী আমেরিকা-কে বলেছিলেন পি, এল, ৪৮০ বন্ধ করো, সেদিন এই পশ্চিমবঞ্চা থেকেই প্রথম প্রতিবাদ উঠেছিল। কিল্ড ব্রিটিশের বিরুদ্ধে প্রতিবাদ করবো বলে কমনওয়েলথের সঞ্চো সম্পর্ক ছিল করবো এই ব্যক্তি গ্রহণ করার পরিস্থিতি স্থিতি হয়েছে বলে আমি মনে করিনা এবং লোকসভার কক্ষে দাঁডিয়ে আমাদের ফরেন পলিসি যখন বিস্তারিতভাবে আলোচনা হয়েছে তখন এই সম্পর্সে ৰহাবার আলোচনা হয়ে গিয়েছে। শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় বললেন যে, আমি শাধ্য পাকি-স্তানের সংশ্যে লড়াই হচ্ছে বলে কমনওয়েলথ ছাড়তে বলছি না, আমি বরাবরই বলেছি আমাদের হছে আজকে ব্রটিশ যে মনোভাব পাকিস্তান সম্পর্কে কাম্মীর সম্পর্কে দেখিয়েছে সেই মনো-ভাবের বিরুম্থে যে ক্ষোভ সেই ক্ষোভের থেকে এই প্রস্তাবের স্থান্ট। কিল্ড ব্রটিশের এই विदर्भ मत्नासादात्र कना कमनस्यामध्य-अत मत्भा मन्भवं हिस कतात य श्रम्याव सार्ट श्रम्यादात्र আমরা বিরোধিতা করি।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় সভাপতি মহাশয়, এতক্ষণ ধরে কংগ্রেস পক্ষের যে বন্তব্য তা অত্যন্ত ধৈর্য ধরে শোনার পর আমার মনে হয়েছে যে বি-বি-সি-র ব্রডকাস্টিং যেন আমাদের হাউসের মধ্যে প্রতিধর্নিত হচ্ছে। এতদিন ধরে যাঁরা জাতীয় আন্দোলনের নামে বরাবর জাতীয় আন্দোলনের বিশ্বাস-খাতকতা করে ব্রিটিশ সাম্রাজাবাদের স্বার্থকে পরিপন্থে করে এসেছে এবং যার পরেস্কার হিসাবে ১৯৪৭ সালে দেশ বিভাগ তাঁরা পেয়েছিলেন আজকে তাঁদের বস্তুতা শনে মনে হচ্ছে যে সেই প্রেক্সারের প্রতি কৃতজ্ঞতার চরম পরাকাণ্ঠা দেখাবার জন্য বন্ধপরিকর হরে এসেছেন। মাননীর স্বাস্থামদনী মহাশয় তিনি তাঁর অভ্নত যান্তি জাল বিস্তার করে দেখাবার চেন্টা করেছেন রিটিশের বিরোধী এবং কমনওয়েলথ বিরোধী সমর্থনযোগ্য নয়। আমি মাননীয় মন্দ্রীকে স্মরণ করিয়ে দিতে চাই বালফোর কমিটি যখন এই কমনওয়েলথ সম্পর্কে প্রথম বন্তব্য রেখেছিলেন এবং বৰন ইম্পিরিয়াল কনফারেন্স আহতে হয়েছিল তখন ক্ষয়িষ্ট সাম্রাজ্যবাদ তার শক্তিকে শেষবারের মত আঁকড়ে রাখবার চেণ্টা করেছিল। সেই ইন্পিরিয়াল কনফারেন্স ১৯৪৮ সালে কমনওয়েলখ কনফারেন্সে রুপান্তরিত হল, শুধু মাত্র তার পিছনে ন্বার্থ ছিল ক্ষয়িক, সামাজ্যবাদীদের ভেশ্পে পড়া শক্তিকে কোন রকমে জ্বোড়া তালি দিয়ে আটকে রাখা। এখানে আমাদের সামনে কমনওরে**লথে**র গণেগান করে তাঁরা নানা বন্ধব্য রাখার চেন্টা করেছেন। কিন্ত কমনওরেলথ প্রতিষ্ঠার সমর বে বরুবা ঘোষণা করা হয়েছিল আমি তাদের সমরণ করিয়ে দিতে চাই তখন বলা হরেছিল

The British Commonwealth of Nations is founded partly on sentiment and partly on mutual self-interest.

দুহৈ শত বছর ইংরাজের গোলাম থাকার পর সেই আজকে কমনওরেলথ সাম্রাজ্যাদী স্বার্থকে

পরিপৃষ্ট করবার মত সেণ্টিমেণ্ট আমাদের নেই। আমি জানি ওপজের সেই সেণ্টিমেণ্ট এখনও রাছে, সাম্বাজ্ঞাবাদীদের প্রতি সেই দাস মনোভাব এখনও তাঁদের মধ্যে বিদামান আছে। তাই থন ভারতবর্ষের বৃক্তে রাণী এসেছিলেন তখন আমরা দেখেছিলাম সেই রাণীর রোবকে ধরে পছনে গিরেছিলেন তদানীন্তন প্রধানমন্দ্রী জহরলাল নেহেরু। তারপর লণ্ডনে যখন আমাদের প্রধানমন্দ্রী লাল বাহাদ্রের শান্দ্রী যান তখন তিনি লণ্ডনে রাণীর মায়ের সাথে দেখা করতে পারেন ন। লক্ষার কথা স্বাধীন ভারতবর্ষের প্রধানমন্দ্রী দাস মনোভাবের সাক্ষর রেখে আসেন লণ্ডনের বৃক্তে। আর এখানে জাতীরতাবাদীর নামাবলি গারে দিয়ে, দেশপ্রেমের নামাবলি গারে দিয়ে সাম্রাজাবাদীদের বিরুদ্ধে কথা বলছেন। যখন পাকিস্তানের বিরুদ্ধে সমস্ত জনগণ উদ্বেশিত হয়ে উঠেছিল, রিটিশ সাম্রাজাবাদের ভূমিকাকে নিন্দা করেছিল, তারা তখন তার বিরুদ্ধে তাঁদের বলুবা রেখেছিলেন, তখন এই কংগ্রেস পক্ষ থেকে কামরাজ থেকে ক্ষুদ্ধে নেতা অতুল্য ঘোষ পর্যাত এই সাম্রাজাবাদের বিরুদ্ধে হ্বকার করেছিলেন। আজকে স্বর পাল্টে গিয়ের বলছেন কমন-ওয়েলথ থেকে বেরিয়ে আসবোনা, রিটেনকে ঘাড় ধরে বের করে দেবো, তাদের স্পিলিট পার্সোনালিটি আজকে ম্যানিফেন্ট হয়েছে তাঁদের বলুবার মধ্যে দিয়ে। আমরা জানি যাঁদের ধমনীতে সাম্রাজাবাদের বিষ আজো প্রবাহিত রয়েছে সাম্বাজ্ববাদের সেই পাঁটস্থান কমনওয়েলথ থেকে তাঁরা সহজে বেরিয়ে আসতে পারেন না।

[5-55-6 p.m.]

সামাজাবাদীর এই পীঠচক কমনওয়েলথের মধ্যে আমরা কি দেখেছি—আমরা দেখেছি তার মধ্যে गाया माठ जात्तर कजकरानि मान जेल्लमा हिन-जेल्लमा हिन य माविधानमञ्जात भीक्रिक পরিজকে উৎসাহ দেবো। আজকে ভারতবর্ষের অভান্তরে বুটিশ সামাজ্যবাদীর এই কমন-ওরেলথে থাকার জন্য তারা তাদের স্বার্থকে পরিপুটে করেছেন। আমাদের সামনে মাননীয় সদস্য প্রতাপ চন্দ্র দেখাবার চেণ্টা করেছেন যে কমনওয়েলথে থাকার মধ্য দিয়ে আমরা অনেক আশ্তর্জাতিক রাজনৈতিক সমস্যা সমাধান করতে পেরেছি। আমি মাননীয় সদস্যকে জিলাসা क्तरण हारे य कमन्यस्वार्य थाकात कना ভात्रज्वर्य चाक भर्यक न्यायीन भत्रताची नीजि शहन করতে পারে নি । আমরা দেখেছি কণ্যোর ব্যাপারে ভারতবর্ষ তার বছরা রাখবার ক্ষেত্রে বাধা কাসাব্ভকে শ্ব্ মাত এই কমনওয়েলথে থাকার জনা। কমনওয়েলথের ভিতর সামাজাবাদীর শাঁহর চাপে আমরা আমাদের স্বাধীন মতামত ব্যব্ধ করতে পারি নি। কোরিয়ার ইউ-এন-ও-এব ছম্মবেশে, মাখোস পরে আমেরিকা যখন আক্রমণ চালালো তখন তার বিরুদ্ধে ভারতবর্ষ তার স্বাধীন বন্ধব্য রাখতে পারে নি। আমরা দেখেছি পাকিস্তান নির্বাচ্চতারে ভারতবর্ষ আক্রমণ করলো এবং দীর্ঘকাল ধরে ভারতবর্ষের সীমান্তে যখন উৎপাত করে আসছে তখন সামাজাবাদীর বে পঠিম্থান কমনওয়েলধ তার অন্যতম প্রধানমদ্বী উইলসনের চাপে কচ্চ চিত্ত সম্পাদিত হরেছিল। কাজেই কমনওয়েলথে থাকার মধ্যে আজকে ভারতবর্ষের ক্ষেত্রে অভ্যন্ত পরিক্লার ভাবে আমরা ব্রুতে পেরেছি যে ভারতবর্য স্বাধীন পররাষ্ট্র নীতি গ্রহণ করতে পারে নি। ভারতবর্ষ তার রাজনৈতিক মর্যাদাকে বজায় রাখতে পারে নি । আমরা মুখে জোট নিরপেক্ষর কথা বলি, প্রগতিশীলতার কথা বলি—তার আদর্শের কথা বলি—কিন্ত দেখা গেছে বে তারা ঠিক সাম্রাজ্যবাদীদের স্বার্থকে পরিপূর্ণ করার জন্য সমস্ত রকম ব্যবস্থা গোপনে স্ক্র্যুভাবে করবার চেণ্টা করেছেন। সেই জন্য আজকে আমি অত্যন্ত পরিক্**নার**-ভাবে এই কথা রাখতে চাই বে যখন আমরা দেখছি ব্রহ্মদেশ এবং মিশর দেশ কমনওয়েলথের মধ্যে না থেকেও আজকে সমস্ত পাথিবীর সামনে আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে তাদের স্থানকে প. ত্রতিষ্ঠিত করতে পেরেছে সেখানে আঞ্চকে ভারতবর্ষের পক্ষে অত্যুক্ত বেশী প্রয়োজন क्रिक् माञ्चाकावामी महित्र विद्वालय निरक्षमंत्र मरहण क्रवात क्रमा नानाकार्य क्रको क्रवा । क्राष्ट्रे আমাদের দেশের রাজনৈতিক মতামত করু করার জন্য আশতক্ষণিতক সিন্ধান্তকৈ প্রতিতিক করার জন্য ভারতবর্ষের উচিত এই কমনওরেলগ্ধ খেকে বেরিরে এসে আমাদের দেশের আদর্শকে প্রতিষ্ঠিত করা এবং সাম্বাজ্যবাদের স্বার্থকে সম্প্রে বিনাশ করা। সেইজন্য এখানে বে ম্ব প্রস্তাব অন্বিনীবাব এনেছেন এবং এর উপর যে সংশোধনী প্রস্তাব আমি এনেছি সেই সং শোধনী প্রস্তাবসহ ম্ল প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বন্ধব্য এখানে রাখলাম।

Adjournment

The House was then adjourned at 6 P.M. till 1 P.M. on Monday, th 15th November, 1965 at the Assembly House, Calcutta.

under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building. Calcutta, on Monday, the 15th November, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 145 Members.

HELD OVER QUESTIONS (to which oral answers were given)

[1-1-10 p.m.]

Mr. Speaker: Held over question No. *2, Shri Sudhir Chandra Das.

Shri Sudhir Chandra Das:

এটার উত্তর দেবিলে নেই।

Shri Saila Kumar Mukherjee: Sir, I crave the induigence of the House to hold over this question till the next week because various information will have to be collected from all the districts. I will give the answer next eek positively.

Mr. Speaker: All right, the answer will be given next week.

Production and import of fish in this State

- *72. (Admitted question No. *634.) Shri Abani Kumar Basu:

 বংস্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বেক জানাইবেন কি—
 - (ক) এই রাজ্যে বর্তমানে মংস্য উৎপাদনের বাংসরিক পরিমাণ কত:
 - (খ) চাহিদা অনুসারে মংস্য উৎপাদনের কোন ঘাটতি আছে কি এবং যদি থাকে তাহা হইলে সেই ঘাটতির পরিমাণ কত:
 - (গ) উত্ত ঘাটতি প্রেণের জন্য গত এক বংসরের মধ্যে কোন্ কোন্ রাজ্য হইতে কি পরিমাণ মংস্য আমদানী করা হইয়াছে এবং আমদানীকৃত মংস্যের মূল্য কত:
 - (ঘ) গত বংসর ও বর্তমান বংসর পাকিস্তান হইতে মংস্য আমদানীর পরিমাণ যথাব্ধমে কত;
 - (৬) ১৯৬৪-৬৫ সালে মংস্য উৎপাদন বৃণ্ধি করিবার জন্য সরকার কি পরিমাণ টাকা ব্যন্ত্র করিয়াছেন এবং কোন্ কোন্ কার্যের জন্য উত্ত বায় করা হইয়াছে: এবং
 - (চ) উত্ত সময়ে মংস্য উৎপাদন বৃদ্ধি পাইয়াছে কিনা এবং বৃদ্ধি পাইলে তাহা কত?

Shri S. M. Fazlur Rahman:

(ক) মংস্য উংপাদনের পরিমাণ নির্ণয় করার কোন নির্ভরিযোগ্য বৈজ্ঞানিক পদ্থা এখনও শ্বির করা যায় নাই।

- (খ) চাহিদার তুলনার সরবরাহের ঘার্টাত আছে। তবে মোট উৎপাদনের পরিমাণ না केन। খাকার ঘার্টাতর সঠিক পরিমাপ করা সম্ভব নর।
- (গ) সেপ্টেম্বর ১৯৬৪ হইতে আগস্ট ১৯৬৫, এই এক বংসর কালের মধ্যে বিভিন্ন রাজ্য হইতে মোট প্রায় ২৯,১২৪ মেট্রিক টন মাছ আমদানী করা হইরাছে। আমদানীকৃত মংস্যের মোট মূল্য ৩,৯২,০০,০০০ (তিন কোটি বিরানন্বই লক্ষ) টাকা বিভিন্ন রাজ্য হইতে প্রথক প্রথক ভাবে কত মাছ আমদানী হইরাছে সে সম্বন্ধে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপ-স্থাপিত করা হইল। [Annexure A]
- (ঘ) ১৯৬৪-৬৫ সালে ৮১,৬৩৯ কুইনটাল এবং ১৯৬৫ সালের এপ্রিল হইতে জ্বন মাস পর্যাত ৭৯৬ কুইনটাল মাছ প্রে পাকিস্তান হইতে আমদানী হইয়াছে।
- (৩) ১৯৬৪-৬৫ সালে মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য মোট ১৪,৩৭,০০০ (চৌন্দ লক্ষ সহিত্যিশ হান্ধার) টাকা ব্যয় করা হয়। যে সকল প্রকল্পের জন্য ঐ টাকা ব্যয় করা হয় তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। [Annexure B]
- (চ) বৃদ্ধি পাইয়াছে। কেবলমাত্র সরকারী পরিকল্পনার মাধামে ১,৯৫০ (এক হাজার নয়শত পণ্ডাশ) মেট্রিক টন অতিরিক মংসা উৎপাদন হইয়াছে।

ANNEXURE (A)

To the surver to starred Assembly Question No. *634 asked by Shri Abani Kumar Basu, M.L.A.

					1	(FISH BUG TGG)	un Vinte Ca	J) coat a	ISU BUG T	(8)			(an duintale)	
Month	į	C.P.	Biher	Orissa	Мясіган	Madras Andhua	Rajar than	Bom- bay	M.P.	Delhi	Delhi Mysore	Mani- pore	Kerala	Kerala Punjab
September 1964	:	6,232	116	., 14x	149	1,511	Nil.	4	9	1.459	17	N. I.	Nill	264
October 1964	:	5,2(12	311	4,939	2	1,005	Nii.	808	12	1.94		Z	N.	483
November 1964	:	2.871	282	6,893	133	 3.	69	1,198	Nil	3.462		N.	N.	814
December 1964	•	4,619	' =	6,246	236	6,01x	220	125	10 10 10	151.5	•	-	N.	953
January 1965	:	1.71	127	5,775	=======================================	1,989	747	961	8171	1.667	e e	Z	į.	5.23
February 1965	:	4,334	173	3,563	18.	3,312	630	1,256	219	2.620	Z	N.	N.	121
March 1965	:	7,047	3	4,054	2.58 S.53	4,523	888	2,617	339	6.419		31	- TIN	304
April 1965	:	11,677	158	4,050	2	3,294	1,130	603	457	4.X.1		N.	Nil.	357
May 1965	:	14,408	450	5,019	38.1	1.913	1.298	X EX	Oër	7.109		N.	Nil	1.833
June 1965	:	16,533	679	3.991	90†	2,728	822	90	380	7.447		N.	. Z	6 943
July 1965	:	14,798	1,589	5,006	587	6,312	1.785	607	416	7,487	Nii.	Nil.	Nii.	243
August 1965	:	7.866	74	5,695	706	3,447	782	740	915	3,558	•	Nii.	Nil.	1,399
[8]	:	1,02,298	4,138	67,679	3,514	41,169	8,371	8,609	3,364	51,177	100	6	Nil.	10,817

"otal arival from all sources — 2.91, 242 quintals or 29,124 metric tones (approximately).

ANNEXURE (B)

To the answer to starred Assembly Question No. *634 asked by Shri Abani Kumar Buon, M.L.A.

	Name of scheme.		Expenditure 1964-65. lakha).
1.	Development of dereliet fishes in the State of West Bengal		8.54
2.	Popularising the use of fish pond manure for increasing the product fisheries	ion of pond	i •.22
3.	Carrying out a sample survey to assess inland fishery resources of th	e State	0.62
4.	Demonstration fish farm on private parties' tanks in every thana of	the State	0.04
5.	Intensifying production of carp fry by granting bonus to culturists	••	6.83
6.	Exploitation of coastal fisheries of the State by mechanising indiger crafts	nous fishing	1.58
7.	Experimental fish farm at Kalyam		0.88
٧.	Establishment of fish's red farms for production of quality seeds through the ding of Indian major carps by hormonic treatment	uch artifici	s] 3,20
) .	Pilot Scheme for reorganisation of Calcutta fish markets		0.11
u.	γ -ryice parties to render certain service facilities, etc.		0.45
1.	Increasing the present rate of production of shark liver oil, etc.		0.59
2	Additional supervisory and Headquarters staff to cope with the volume of work.	ıncreas-d	9.16
3.	$\label{eq:Distribution of rivy} \ {\bf and \ tingerlings \ of \ Cyprinus \ Carplo \ free \ of \ cost} \ .$		9.07
4.	Utilisation of Government owned tanks for pisciculture		●.10
15.	Medium term loan scheme for fish production in semi-dereliet tanks Bengal	of West	1.77
l 6.	Assisting the needy fishermen of the State and their cooperatives by g for augmenting fish production	iving loans	0.71
7 .	Development of fisheries in the hill areas of Darjeeling		0.05
			14.87

Shri Aswini Roy:

দার, আপ্নার মাধ্যমে জানতে চাই পাকিস্থান থেকে যে পরিমাণ মাছ **আসছে সেটা কথা হরে** গছে এবং অন্যান্য ফেটা গভনামেন্ট-এর ফাছ খোক মাছের পরিমাণ বৃদ্ধি করে চাহিদা কলকাতার দেটানোর কোনো পরিকল্পনা আছে কিনা এবং সন্মান্য স্টেট এই মাছ বৃদ্ধির জন্য কোন একটা করছেন কিনা সেটা জানেন ?

Shri S. M. Fazlur Rahman?

^{মন্যান্য স্টেট-এর সাথে একটা সমঝাতা এসেছে এবং সেই কারণে ফ্র**োরেশন সেট** আপ হচ্ছে_। বং এরই সাধানে জন্যান স্টেট থেকে যাতে মাছ আসে তার চেন্টো করা হচ্ছে।}

M Shri Aswini Roy:

এখন ইমিডিরেটলি পাকিস্তান থেকে যে মাছ আসা বন্ধ হরে গেছে বা কমে গেছে তথন যেটা করা উচিত ছিল শীঘ্র অন্যান্য স্টেট থেকে মাছ আনাবার চোটা করছেন না কেন?

Shri S. M. Fazlur Rahman:

পাকিস্তান থেকে মাছ আনার পূর্বে ফরেন এক্সচেঞ্চ-এর ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্ট এটা অর্থাৎ এই ফরেন এক্সচেঞ্চ সন্ধর করতে হবে বলেই এবং পাকিস্তান থেকে মাছ আসা বন্ধ হওরার মাছের পরিমাণ বৃদ্ধি করার জন্যই কপোরিশন সেট অন্প করা হচ্ছে।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে অন্যান্য স্টেট থেকে মাছ আনতে গেলে কি পরিমাণ ফরেন **এক্সচেম-এর প্রয়োজন হচে**ই?

Shri S. M. Fazlur Rahman:

অন্যান্য স্পেট থেকে নর ফরেন এক্সচেঞ্চ-এর কথা অন্য কান্টি থেকে যেটা আসে তার কথাই ৰুলা হরেছে।

Shri Abani Kumar Basu:

ফিসারী মারেটিং কর্পোরেশন যেটা স্থাপিত হয়েছে সেটা কর্তাদনে কাজ আরম্ভ করবে?

Shri 8. M. Fazlur Rahman:

ইন্ডিভিক্তর্যাল ব্যাপার নয় তবে নভেন্বর মাসে এটা চাল, হবে এটাই আপাততঃ ঠিক আছে !

Shri Hemanta Kumar Basu:

শ্বত বংসর তিন কোটি ত্রিশ লক্ষ টাকার মাছ আমদানী হয়েছে সেটা কি দরে ছিল এবং কি প্রবিষয়েল লাভ হয়েছে?

Shri S. M. Fazlur Rahman:

বৈভিন্ন স্টেট প্রাইস ফিক্সড**্ আছে। হোল সেলার এবং রিটেলারস্রা কত দরে** এনেছে তা বলা সম্ভব নর।

Shri Arabinda Roy:

আপেনি বলেছেন মাছের পরিমাণ বৃদ্ধি পড়েছ এটা কি পরিমাণ বৃদ্ধি পেয়েছে সেটা জানলেন কি করে?

Shri S. M. Fazlur Rahman!

ৰ দিধ বে পেরেছে সেটা জানলাম যে একমান্ত কারণ এটাই যে পাকিস্থান থেকে গড়পড়তা নাছ ৰে পরিমাণ বাজারে আসত সেটা বন্ধ হয়ে যাবার পরও যে পরিমাণ মাছ আসছে তাতে বলতে হবে মাছের পরিমাণ বৃদ্ধি পেরেছে তার কারণ হল পাকিস্তান আর মাইনাস পাকিস্তান এই হয়ে যেটা দাঁড়ায় সেটা অন্যান্য ইনলান্ড থেকে সাসছে।

Shri Sailendra Nath Adhikary:

ৰাননীর মন্ত্রিমহাশয় কি জানেন যে ১৯৫৯ সালে নেহের,-নান চুক্তির ফলে পদ্মা পাকিস্তানে চলে যাবার পর মাছের সঞ্চট বৃদ্ধি পায় এবং এই তথ্যের উপর ভিত্তি করে মাছের কোন পরিকল্পনা করবেন কিনা?

Shri S. M. Fazlur Rahman:

আমার এ তথ্য জানা নেই।

Shri Kashi Kanta Maitra;

মাননীয় মল্টিমহাশয় কি বলবেন কারণ শ্রীঅরবিন্দ রায় যে প্রন্দ করলেন যে তিনি কি করে জানলেন যে মাছের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। আপনার ডিপার্টমেন্ট থেকে যে স্ট্যার্টিস্টিকস্ক.লেক্ট করেন সেটা কি ডিপেন্ডেবেল না প্রাডাকসন-এর কিছু কারচুপী আছে?

Shri S. M. Fazlur Rahman:

মোটাম্বিট ডিপেন্ডবেল। ভারতের অন্যান্য স্টেট থেকে আনার সোর্স আছে—সেগ্নলির স্ট্যাটিসটিক্স কালেক্ট করা হয়। এ ছাড়া পশ্চিম বাংলায় যে মাছ আছে সেগ্নলিও এর মধ্যে ধরা হয়েছে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মদ্বী মহাশয় কি জানাবেন যে মাছের দর যে বৃদ্ধি পেয়েছে তাতে পচা, আধপচা এবং টাটকা কি একই দর কিনা সেটা কি তিনি জানাবেন?

Shri S. M. Fazlur Rahman:

এটা অপ্রাসপ্পিক হলেও আমি বলছি যে দর বাঁধা হরেছে তাতে পচা, আধপচা, টাটকা, খাবি খাচ্ছে এ সব কিছ, নেই।

Shri Arabinda Roy:

ইংপাদন বাশ্ধির কোন পরিকল্পনা আছে কিনা?

Shri S. M. Fazlur Rahman:

উৎপাদন বৃদ্ধি করা হচ্ছে এটা আমি বলতে পারি। আমরা ডাইরেক্ট স্টেট ফার্রামং-এর মধ্যে নিয়ে এসেছি এতে আমরা ফিসারীতে ৯ হাজার বিঘা এনেছি বাকী যে সমস্ত ফিসারীজ আছে সেগ্রিল আমরা ন্তন আইন সংশোধন করবার পর ক্ষমতা পেরেছি, তার ফলে বে পরিমাণ হবে এবং অতীতে যে সমস্ত হয়েছে তা থেকে দেখতে পাওয়া যার বে নিউট্রিলন প্রোগ্রামে ১০টা রকে—এক একটা রকে ৫২টা করে গ্রাম এবং প্রত্যেকটা গ্রাম দৃই বিঘা করে পাঁচ হাজার কুড়ি বিঘা হয়েছে। আর একটা হচ্ছে আমরা পঞ্চাশটা রক ঠিক করেছি, সেই পঞ্চাশটার আশী একর নিয়ে আমাদের এইভাবে ডাইরেক্ট ফামিং-এর কান্ধ আরম্ভ হচ্ছে, ৭ হাজার বিঘা ছিল আরও দৃ হাজার বিঘা নিয়ে এটা হচ্ছে। এছাড়া কো-অপারেটিভ সিন্টেম-এ ৯৯ হাজার একর তার গধ্যে ৫ হাজার ফিসারমানে কো-অপারেটিভ-এর আছে আর বাকী দেওয়া হচ্ছে ইন্ডিভিজ্বালাল ফিসারমানকে এবং ৮ হাজার একর জমি যেটা মামলা মোকন্দমার বিষয়বন্তু—এইর্প ব্যাপারে একলক বণ্টন করে রাখা হয়েছে।

[1-10-1-20 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্দ্রিমহাশয়, উনিত বাজারে যান না। উনি যে ফিস কন্ট্রোল অর্ডার আইন করেছেন সেই অবজ্ঞারভেন্স হয় বলে, আমরা দেখিনি।

আমি হিজ্ঞাসা কর্মাছ কল্যাতার মান্বকে, শিল্পাঞ্চলের মান্যকে, গোটা বাংলাদেশের ফানাগকে, মংশ্যা সংকটেন চিন্তা থেকে রক্ষা কর্মার জন্য মংস্যা দশ্তর উঠিয়ে দেশের জন্য খ্রা সিন্যাসলি চিক্তা ক্রেছন কি?

Shri S. M. Fazlur Rahman:

मा∰ মংস্য দশ্তর উঠিয়ে দেবার কথা চিন্তা করা হচ্ছে না। বরং মংস্য দশ্তরকে আরও শান্তশাদী কববার জন্য চেন্টা করা হচ্ছে।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় মিল্মমহাশয় কি জানাবেন, কপোরেশন মংস্যা কি ভাবে ডিস্টিবিউট করবে, এবং সাধারণ মানুষ কি ভাবে মাছ পাবে ?

Shri 8. M. Fazlur Rahman:

কপোরেশনের যে চার বছরের পরিকল্পনা, তাতে তারা প্রথম বছর ১০ হাজার এম, টন, দ্বিতীর ছব ২০ হাজার এম, টন, তৃতীয় বছর ৩০ হাজার এর, টন, আর চতুর্থ বছর ৪০ হাজার এম, টন, মাছ সাম্পাই করবে। অর্থাং গড়ে তারা ৫০০ মণ করে কার্প দৈনিক সাম্পাই করবে। আর গ্রেটার ক্যালকাটায় ৫০টি গটল ঠিক করা হয়েছে, এই ৫০টি গটল থেকে, মোটাম্টি ১০ মশ করে, যে প্রাইস আমাদের ফিক্সড আছে, সেই শেইস-এ, এবং যে সমস্ত লাইসেস্স আছে, বোনাফাইড লাইসেন্স আছে, তাদের মধ্যে থেকে, যারা ভা, তাদের পিক এন্ড চুক্ত করে দেওরা হবে।

STARRED QUESTIONS (to which oral answers were given)

Milk of Haringhata Dairy Farm

- *149. (Admitted question No. *530.) Shri Kashi Kanta Maitra:

 অপন্চিকিংসা ও পণ্পালন বিভাগের মণিত্রমহাশয় অন্তহপ্বেক জানাইবেন কি—
 - (ক) সন্দেশ নিষেধাজ্ঞা অভিন্যান্স জারী হবার পর হরিণঘাটার সরকারী দ**্বংধ কেন্দ্রের** মোট দ্বেংধর সরবরাহের পরিমাণ বর্তমানে কত দাঁড়িরেছে এবং উ**ত্ত আইন জারী** করার প্রেই বা দ্বংধর সরবরাহের পরিমাণ কত ছিল:
 - (খ) টোল্ড মিল্ক ও ডবল টোল্ড মিল্ক দৈনিক কত উৎপন্ন হয় এবং তার প্রস্তৃত পন্ধতি কি
 - (গ) হরিণঘাটার দৈনিক গুড়ো দুধ কি পরিমাণ ব্যবহৃত হয়: এবং
 - (ঘ) পশ্চিমবাংলার বিভিন্ন অঞ্চল থেকে হরিণঘাটার জন্য সংগ্হীত দ্ধের পরিমাণ কত?

Shri S. M. Fazlur Rahman:

- (ক) গত ৪-১১-৬৫ তারিখে মোট দ্বেশ সংগ্রহের পরিমণা হইল ৬০,১৫৪ লিটার। সন্দেশ নিবেধান্তর আদেশ জারী হইবার পরে মোট সংগ্রহের পরিমাণ ছিল দৈনিক গড়ে ২০,০০০ লিটার।
- (খ) টোন্ড মিল্ক ও ডাবল টোন্ড মিল্কের বর্তমান দৈনিক উৎপাদন যথাক্রমে প্রায় ৪৫,০০০ লিটার ও প্রায় ২১,০০০ লিটার ইহাদের প্রস্কৃত পর্ম্বতি নিন্দে বর্ণিত হইলঃ—

টোল্ড মিল্ক

সাধারণতঃ মহিষের দংশ্বের সহিত স্নেহ পদার্থ বিহান দংশ্ব (স্কীম মিল্ক) মিশাইরা টোল্ড দংশ্ব তৈরারা করা হয়। ইহ'তে ছানাজাতীয় পদার্থের পরিমাণ ঠিক রাখিয়া স্নেহজাতীয় পদার্থের শ্রীরমাণ ক্যাইয়া শতকরা তিন ভাগ করা হয়। দেনিহপদার্থ বিহুন্তীন দুংখ শুক্রনো গ'রড়ো দুংখের সহিত পরিমাণমত জল মিশাইয়া তৈরাহু করা হয়। (টোল্ড দুংখে েন্ত্র্বাতশ্র ও ছানাজাতীয় পদার্থের পরিমাণ যথাক্রমে শতকরা ৩ ও ভাগ।)

ভাৰল টোল্ড মিল্ক

এই দ্পেষর উৎপাদন প্রণালী টোল্ড দ্পেষর মতই, তবে ইহার স্নেহজাতীয় পদার্থ শতকরা ১:৫ ভাগ আর ছানাজাতীয় পদার্থ শতকরা ১০ ভাগ।

- (গ) গত ৪-১১-৬৫ তারিখে প্রায় ০ ১৪০ কিলোগ্রাম ব্যবহৃত হইয়াছে। ইহার ব্যবহারের প্রিমাণ ক্রমণ ক্যান হইতেছে।
- ্ঘ) গত ৪-১১-৬৫ তারিখে পাশ্চম বাংলায় বিভিন্ন জেলা হইতে সংগ্হীত মোট দ্লেখর পিরমাণ নিদ্দে দেওয়া হইল:—

निनीया	\$∠0,88	লিটার
২৪-পরগণা	88.%	
ন,শিদাবাদ	8,5¢5	• • • • • • • • • • • • • • • • • • • •
र,गनी	5 % b 2	
	80,248	 লিটার

আমি আর একটা জানিয়ে দিই, এইটা এগমেন্ড করা ২চেছে আপ টা ডেট ১৪-১-৬৫ তারিখে, ৬৫.৭২৯ লিটার মিন্দ বেড়েছে। আর পাউডারড় ভিন্ক, যেটা ৩.১৪৩ কে জি ছিল, সেটা এখন নু কমে ২.৮৬৩ কে জি বাবহাত হচ্ছে।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্দ্রিমহাশয় কি জানাবেন, এই রাজ্যে থবে থেকে হরিগঘটো দুশ্য পরিকল্পনা গ্রহণ করেন, তথন থেকে কি. আপনাদের দ্বাম জনসাধারণকে জানিয়েছিলেন, যে টোন্ড, ডাব্ল টোন্ড, টিপল টোন্ড, জিনিষ তৈরী করছেন, সেগ্লির একটা সাবস্টেনশিয়াল প্রোটিন এই গ্রেড়া দুশ, জল দিয়ে গ্রেল, সেইখানে প্রাণ্ট্রাইজড করে বিক্লি করছেন? পাউডার্ড মিল্ক যে আগেই বাবহৃত হচ্ছে, এবং পাউডার্ড মিল্ক, যে গ্রেলা লোককে খাওয়াচ্ছেন, হরিগঘাটা মিল্ক বলে, এটা কি প্রথম থেকে জনসাধারণকে জানিয়েছিলেন? না, যখন ফরেন এক্সচেপ্র আটকান হল, তথনই আপনারা গ্রাহি গ্রাহি বব ছাড়গোন যে গর্বে দুখ না আসতে পারলে, ছানা বন্ধ না করছে পারলে, দুখে পাওয়া যাবে না,— আপনারা এটা কখন ঘোষণা করলেন?

Shri S. M. Fazlur Rahman:

এটা ঘোষণা করা হয় সংকট আরম্ভ হবার বহ', পারেই। গাঁড়া দাধ মিপ্রণে, যে দাধ এখানে সরবরাহ করা হয়ে যাবে, সেটা অল ইন্ডিয়া পাটোর্ণাএ তৈরী করা হয়। টোন্ড মিল্ক, ডাব্লা টেন্ড বা ট্রিপল টোন্ড মিল্ক, এটা হল অল ইন্ডিয়া পাটোর্ণা, এবং ভারতের জনান্য স্থানে যে সমস্ত ডেয়াবী আছে সবই এক পাটোর্ণার।

Shri Aswini Roy:

অংশ দ্ধের অভাবের জনা লোকে দৃধ পেতনা, এখন সন্দেশ বন্ধ হবার পরে কত পার্সেক্টেজ দ্ধে ন্তন গ্রাহককে দিলেন ও প্রোতন গ্রাইকের চাহিদা কি পরিমাণ বাড়লো?

Shri S. M. Fazlur Rahman:

মৌড কল সাটিফিকেট নিয়ে প্রায় এক হাজার ন্তন কাস্টমারকে দেওয়া হয়েছে। তাছাডা চার হাজার লিটাব দূধে ওপেন দেওয়া হয় যে ইচ্ছা করে কিনতে পারে।

Shri Kashi Kanta Maitra:

াই বে স্কীম অনুষায়ী বিভিন্ন জেলা থেকে দুধ সংগ্রহ করছেন বিশেষত নদীয়া জেলা থেকে এই যে ৪৪ হাজার লিটার কালেকটেড হয়েছে, সেই সমস্ত জেলার expected mothers, babies, old and aged infirm — এবের জনা কিছু প্রোটিন সেখানে ডিম্মিবিউট করবার ব্যবস্থা আছে কি?

Shri 8. M. Fazlur Rahman:

আমাদের সরাসারি ডিজ্মিবিউট করবার ২,বস্থ: নাই। তার। ২দি বাজারে দ্বাধ না পান, আমাদের কাছ থেকে কিনতে চান, আমাদের থেভাবে সংগ্রহ প্রশালী, তাতে সাধারণতঃ লোকাল ডিমান্ড মিট করে নেবার চেণ্টা করছি। তবে এখন আমরা হানার সন্দেশ বধ্ধ করবার পরে যে দ্বাধ পাছি, তার সাটেনি পার্সেন্টেজ আমরা সাটেনিলি ছেড়ে দেব যদি দেখ। যায় কালেকটিং শ্লান-এর জন্য সাধারণের লোকাল ডিমান্ড মিট করতে অস্ক্রিধা হয়।

Dr. Kanai Lai Bhattacharya:

এই যে মণ্ডিমহাশয় বললেন সিপ্সেল টোল্ড মিল্ক প্লি পারসেন্টেজ ফ্যাট এবং নাইন পারসেন্ট প্রোটিন থাকে, আর গর্র দুধে ফোর পারসেন্ট ফ্যাট এবং টেন পারসেন্ট প্রোটিন থাকে, সেখানে টোল্ড মিল্ক, ডাবল টোল্ড মিল্ক করবার জন্য বাফেলো মিল্কের সংগ্য মিল্ক পাউডার মেশাবার পৃশ্বতি কেন এট্ডণ্ট করা হয় নাই?

Shri S. M. Fazlur Rahman:

আমাদের দেশের নিউট্রিশন এক্সপার্টর। বলছেন সেই পরিমাণ ফ্যাট ২জম করা যায় এই **ট্রাপকাল** কান্দ্রিতে, হোল ওয়াল্ড-এর দুর্ধে ফ্যাট-এর পরিমাণ থ্রি পারসেন্ট থাকে এটাই স্ট্যান্ডার্ড-ছিক্তছ্ করা হচ্ছে স্বাস্থ্য বিভাগের নিউট্রিশন এক্সপার্টনের ওপিনিয়ান নিয়ে। কাঞ্জেই ডিফ্যাটিং করে ফ্রেট্রান্ডার সারক্ষাস থাকে তা থেকে আমরা ঘি ও বাটার পাচ্ছি।

That is conductive to human health. আমাদের সেই পারপাজ, অন্য কিছু নয়।

Dr. Kanai Lai Bhattacharya:

এই বে ফোর পারসেন্ট ফ্যাট যা গর্র দুধে আছে, তা কি আমাদের স্বাদেথার পক্ষে কন্ডিটসিড নর—ইন দিস ক্লাইমেট? আপনি প্রি পারসেন্ট করছেন কেন? ফোর পারসেন্ট করলে কি হয়? লোকের এটা ভয় যে টোল্ড মিন্দে গড়ো দুধ মিশিয়ে যা হয় সেটা বিদ্রী জিনিষ-এটা ক্ষতিকর হতে পারে। এই ধারণাটা রিমাভত করার কী করছেন?

Shri S. M. Fazlur Rahman:

এটা ক্ষতিকর কিছ্ নয়। কাজেই জনসাধারণের ভয়েব কিছ্, নাই।

Shri Sailendra Nath Adhikary:

कौंडकर ना हारा थाकलाउ वागे उपकारी वह कथाहै कि आर्थान वलादन?

Shri S. M. Fazlur Rahman:

निक्तवर्रे ।

Shri Sailendra Nath Adhikary:

বৃষ্ণ ও রোগীদের এখন এই দৃধ দেওয়ার কি বাবস্থা আছে?

Shri S. M. Fazlur Rahman:

শেওরা হচ্ছে, এক হাজার লটিার নৃতন কাণ্টোমারকে। আর এই দেওরার মানেই হলো expected mothers, ailing children, old and aged infirm. বারা, তাদের প্রায়োরিটি দেওরা হচ্চে।

Shri Sailendra Nath Adhikary:

আপনি কি জানেন কলকাতার কিছ্ন নাসিং হোম যাঁরা রোগাঁর ট্রিটমেন্ট করেন, তাঁরা সেখানে এপ্লিকেশন করা সত্ত্বেও আজও দুখে পাননি?

Shri S. M. Fazlur Rahman:

আমার তা জানা নাই। তবে আমরা ৪২৫টি ইন্ তিটিউশনকে দুধ দেই।

Dr. Abu Asad Mohammad Obaidul Chani:

मृद्ध (शतक এই काां करकेंके সরাবার পরে এই দূর্ধের কাালোরি ভ্যাল; कि काम यात्र ना ?

Shri S. M. Fazlur Rahman:

আমি এক্সপার্ট নই।

[1-20-1-30 p.m.]

Dr. Abu Asad Mohammad Obaidul Chani:

মাননীয় মন্মিমহাশয় কি জানেন, এই ফ্যাট কন্টেন্টটা সরাবার পর এর ক্যালোরিক ভ্যাল**ু কমে** যার প

Shri S. M. Fazlur Rahman:

এ সম্বন্ধে আমি বলতে পারবো না কারণ আমি এক্সপার্ট নই।

Shri Cour Chandra Kundu:

স্থাননীর মন্ত্রিমহাশর বললেন যে লোকাল ডিমান্ড মিট করার পর আমরা সেই সমস্ত জেলা থেকে ছুর্থ নিয়ে আসি। মাননীর মন্ত্রিমহাশর কি বলবেন নদীরা জেলার ১৭ লক্ষ লোক আছে. তাদের কত দুধের প্রয়োজন এবং সেখান থেকে দুধ নিয়ে আসবার ফলে তাদের স্বাটতি হচ্ছে কিনা তার হিসাব করেছেন কি?

Shri S. M. Fazlur Rahman:

তার হিসাব আমাদের নেই।

Shri Cour Chandra Kundu:

সেই হিসাব না করে কি করে মন্দ্রিমহাশয় বললেন যে সেখানকার ঘার্টাত মিটিয়ে আমরা সেখান থেকে নিয়ে আসছি?

Shri S. M. Fazlur Rahman:

মানিনীয় সদস্য যে দ্ভিউভগী নিয়ে প্রশ্নটা করেছেন সেটা হচ্ছে সন্দেশ বন্ধ করার ব্যাপার নিরে। সন্দেশ বন্ধ করা হয়েছে তার সংগ্য সংগ্য ছানা বন্ধ হয়েছে। সন্দেশ বন্ধ না করলে ছানা আসত। সন্দেশ বন্ধ করার জন্য যে দ্বেটা পাছিছ সেটা সন্দেশ বন্ধ করার জন্যই পাছিছ।

shri Cour Chandra Kundu:

সন্দেশ কথ হবার বহু পূর্ব থেকেই আপনারা নদীয়া জেলা থেকে দৃধ নিয়ে আসছেন এবং হরিণঘাটার প্রন্থ দিয়ে কলকাতায় বিলি করছেন। তার ফলে নদীয়া জেলায় চাল, ডাল, মাছ ও নৃধ পাছেনা সে খবর কি জানেন?

Shri S. M. Fazlur Rahman:

মার্পান যদি না পেয়ে থাকেন তাহলে আমার কাছে দরখাস্ত করলে আমি তার বাবস্থা করবো।

Shri Cour Chandra Kundu:

रामात्र कथा टटक ना. मिथात्न वटा लीक मार्थ भारक ना।

Shri S. M. Fazlur Rahman:

নুখ সংগ্রহ করতে না পারলে যেমন মাননীয় সদস্য কাশীবাব্র প্রশেনর জবাবে বলা হ**ল খে** সেখানে সেই রকম অবস্থা হলে নিশ্চয় সেখানে চিলিং স্লান্ট করে তারা যাতে দৃধ পায় **তার** বাকস্থা করবো।

Shri Birendra Narayan Ray:

মাননীয় মন্ত্রিমহাশয় একটা আগে বললেন যে খাঁটি গর্র দ্ধেও ৪ পারসেন্ট ফাটে থাকে, সেই জন্য সেটা ক্ষতিকারক, সেইজন্য টোল্ড মিল্ক করে ৩ পারসেন্ট ফাটে দিয়ে দ্ধ দেবার বাবস্থা করা হচ্ছে। আমার প্রদ্ধ হচ্ছে যে আপনি কি এই বাবস্থা করবেন যে যারা খাঁটি গর্র দৃষ্ধ খাবে তাদের ডি, আই, আর-এ ধরা হবে?

Shri S. M. Fazlur Rahman:

ওটা আমার এক তিয়ারের বাইরে।

Shri Abani Kumar Basu:

মাননীয় মিল্যমহাশয় কি জানাবেন, এক হাজার বে ন্তন কার্ডে তাঁরা দ্ব সরবরাহ করছেন দন্দেশ বন্ধ হবার পর সেই দুধের পরিমাণ কত ?

Shri S. M. Fazlur Rahman:

প্রত্যেক কার্ডের কোয়াফিটি এক রকম নয়, কারো এক লিটার, কারো হাপ লিটার আছে ইত্যাদি, টোটাল আমি বলতে পার্রাছনা, তবে মোর দান সিক্স থাউজ্ঞান্ড লিটার হবে।

Shri Abani Kumar Basu:

নালনীয় মন্তিমহাশয় কি জানাবেন যে, ছানা বন্ধ হয়েছে কিন্তু এই দ্বধের সরবরাহ বৃ**ন্ধির** দন্য ক্ষীরের সন্দেশ বন্ধ করা হয়নি কেন ?

Shri S. M. Fazlur Rahman:

াদি প্রয়োজন হয় তাহলে নিশ্চয়ই করবো।

Shri Abani Kumar Basu:

हात, श्रम्मणे इत्ह अत्मम निर्मालका अन्यत्म वर्ष वर्ष वात्रक्षमा मृथ वृष्धि अन्भर्त्य — वाहरम वर्षात्म कौरतत अत्मम वन्ध कर्रायन ना रकन ?

Mr. Speaker:

এটা ও'দের পশিসির ব্যাপার, এটা নিয়ে ডিটেল্ড কোশ্চেন করবেন না।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

আমি একটা প্রিভিলেজের কোশ্চেন তুলতে চাই। মাননীয় সদস্য গৌর কুন্ডু মহাশয় জিল্পাস: করলেন নদীয়া জেলায় সর্টেজ হয়েছে কিনা তার উত্তরে মন্তিমহাশয় বললেন আপনার বিদি শ্রকার থাকে তাহলে আমার কাছে দরখাসত করবেন। এই প্রহসন করার দরকার কি?

Mr. Speaker:

ছাঃ গণি, ওগালিকে আর ধরবেন না, যদি ধরেন তাহলের আমি মারা যাবো।

Shri Arabinda Roy:

মাননীয় মন্দ্রিমহাশয় বলবেন কি, যে ছানা থেকে সন্দেশ হয় সেই ছানা বন্ধ করার জন্য উনি আদেশ দিয়েছেন কিন্তু যে ছানা থেকে রসগোল্লা হয় সেই ছানা বন্ধ করার আদেশ দিয়েছেন কি:

Shri S. M. Fazlur Rahman:

না, আমরাত' ৫টি আইটেমকে বাদ দিয়ে রেখেছি।

Shri Deb Saran Chosh:

মাননীয় মন্দ্রিমহাশয় বললেন বিভিন্ন জেলা থেকে যে দুধ সংগ্রহ করছেন সেথানে যদি প্রয়োজন হয় তাহলে প্রানীয় চিলিং প্র্যান্ট থেকে জনসাধারণকে দুধ দেওয়ার ব্যবস্থা আছে। সেই দুধ কি কাডের মাধ্যনে দেওয়া হবে না ওপেন মার্কেটে দেওয়া হবে?

Shri S. M. Fazlur Rahman:

বেমন আমরা করি, কাডেওি দিই এবং ওপেন মার্কেটেও রেখে দিই।

Shri Birendra Naravan Rav:

মাননীয় মন্ত্রিমহাশয় অনেকগ্রিল হিসাব দিয়ে বললেন যে এত লিটার দূধ পের্য়েছি, এত দূর্ব ন্তন কার্ডে দির্য়েছি, কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন গত বছর নভেন্বর—ডিসেন্বর মাসে যারা কার্ডের জন্য এয়াপলাই করেছিল তাদের কার্ড দেওয়া হর্যনি?

Shri S. M. Fazlur Rahman:

গাড়া বছরে হতে পারে কিন্তু এ বছরে যারা করেছে তাদের সকলেই পাচ্ছে। যদি এই রকম ঘটনা হয়ে থাকে তাহলে আমি নিশ্চয়ই দেখবো।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মিল্যমহাশয়কে আমি জিজ্ঞাসা করছি এই ডবল টোল্ড মিল্ক যথন তৈরী হয় তথন দুধে জল মেশান হয়, না জলে দুধ মেশান হয়?

(নো রিপলাই)

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন দুধ কালেকুশন করবার জন্য বাংলাদেশে সমসত জেলায় চিলিং শ্ব্যান্ট বা কালেকুশন সেন্টার আছে কিনা?

Shri S. M. Fazlur Rahman:

সমস্ত জারগায় নয়, তবে আমাদের ১০টি চিলিং স্ল্যান্ট আছে এবং এ মাসের শেষ দিকে আরো ৫টি হচ্ছে।

Shri Girish Mahato:

্যাননীয় মন্তিমহাশয় কি জানেন, শুম শিক্ষা বিদ্যাপীঠে বে দ্ধে দেওয়া হয়, সেধানকার ছাত্রা আমাকে দ্ধে দেখিয়েছে, সেই দ্ধে পোড়া গন্ধ এবং সকলেই বলছে এটা খারাপ, <mark>এটা কল্ম</mark> কল্লেন কি?

Shri S. M. Fazlur Rahman:

এই রকম কোন ঘটনা যদি আমাদের গোচরিভূত হয় তাহলে সেটাকে এগনাকিসিস করে দেখার ফন্টেট্ট করার জন্য ল্যাবরেটরিতে পঠান হয়।

Fish Corporation

- *150. (Admitted question No. *661.) **Shri Sanat Kumar Raha:** মধ্যা বিভাগের মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) পশ্চিমবশ্যে মংস্য করপোরেশন গঠিত হইরাছে কি না; এবং
 - (খ) গঠিত হইয়া থাকিলে, তাহার কাজ কি এবং তাহার সদস্যগণের নাম কি?

Shri S. M. Fazlur Rahman:

- (ক) ভারত সরকার কর্তৃক সেন্টাল ফিসারিজ করপোরেশন গঠিত হইয়াছে। ইহার সদর
 দৃশ্বর কলিকাতায় হইবে।
 - ্র) উক্ত কপোরেশন নিশেনাক্ত কর্ম সাচী গ্রহণ করিবেঃ -
 - (১) ভারতের বিভিন্ন রালে হইতে মংসা সংগ্রহ করিয়া কলিক'তার বাজারে সরবরাহ:
 - (২) মংসাজীবী ও তাহাদের সংস্থাগালিকে উপকরণ ও ঋণ দিয়া সাহাষ্য করা:
 - (e) রাজ্য সরকারের সহযোগিতায় মংস্য উৎপাদন ব দ্বির জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ: এবং
 - (৪) গভীর সমু:দু মংসা শিক রের জনা প্রয়োজনীয় বাকস্থা গ্রহণ।

নিন্দোভ ব্যান্তিবর্গ উদ্ভ করপোরেশনের সদস্য নিয়ন্ত হইয়াছেনঃ-

- (১) শ্রী এ, এস, ওয়াস, চেয়ারম্যান, ভারত সরকারের খাদ্য দুর্গতরের সচিব,
- (২) খ্রী জি. এস. মিত্র, ন্যানেজিং ডিরেক্টর, ভারত সরকারের মংস্য উল্লয়ন উপদেষ্টা,
- (৩) শ্রী কে, এল, পাসরিচা, ডিরেক্টর, ভারত সরকারের মংস্যা দণ্ডরের যুক্ম সচিব,
- (৪) শ্রীমপাল বিহারী, ডিরেক্টর, ভারত সরকারের অর্থ মন্টিমহাশারের উপ-অর্থ-উপদেষ্টা খোদ্য বিষয়ে).
- (c) मी धम, क, करकर्टी, छित्रहेत, छात्र मतकादात वाणिका मन्त्रणामासन छेल-महिन,
- (৬) 🖹 জি. এন, নায়ার, ডিরেক্টর, চিফ ইঞ্জিনিয়ার স্পোরিন্টেন্ডেন্ট, দক্ষিণ-পূর্বে রেলপথ ও
- (৭) শ্রী জি. এস. ব্যানাজ্রী, ডিরেক্টর, মীন পোষ অধিকর্তা, পশ্চিমবর্গ্য সরকার।

মধ্যা বিভাগের ভারপ্রাণ্ড মন্ত্রীমহোদয় কর্তক অন্যোদিত।

Shri Sanat Kumar Raha:

এই যে কপোরেশনটি গঠিত হয়েছে এটা পশ্চিমবংগ সরকারের সংগ্রে পরাম**র্শন্তনে ৭ জন** সদস্য নিয়ে গঠন করা হয়েছে। এই ৭ জন সদস্য কে কে থাক্রেন সেটা পশ্চিমবংগ সরকার জ্যানের কিনা ?

Shri S. M. Fazlur Rahman:

পশ্চিমবংগ সরকারের সংখ্যা কথাবার্তা বলে ঠিক করা হয়েছে।

Shri Sanat Kumar Raha:

कानकालाय भरमा मत्रवतार कतार कि धन धनभाव छेटन्नमा?

Shri S. M. Fazlur Rahman:

উত্তরে বলা হয়েছে মংসাজীবী ও ত হাদের সংস্থাগর্লিকে উপকরণ ও ঋণ দিয়া সাহায্য করা, ব্রাজ্য সরকারের সহযোগিতায় মংস্য উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ করা।

Shri Sanat Kumar Raha:

মুল্ডিমহাশুর এক জায়গায় বললেন যে কলকাতায় মংস্য সরবরাহ করার ব্যবস্থা করার জন্য.....

Shri S. M. Fazlur Rahman:

সাংলাই কলকাতার হবে কিম্তু মংস্য ব্লিধর জন্য সমস্ত পশ্চিম বাংলায় বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হবে।

Shri Sanat Kumar Raha:

পশ্চিমবুণ্য রাজ্যে যে মংস্যা বিভাগ আছে তার সংগ্য কর্পোরেশনের কি যোগাযোগ থাকবে ?

Shri S. M. Fazlur Rahman:

আমাদের নিজন্ব যে সমন্ত বিভাগীয় পরিকল্পনা আছে তা ছাড়া ব্হত্তর পরিকল্পনা করবার জন্য ইন এ্যাডিশন ট্ আওয়ার ন্কীমস্ এ্যান্ড স্প্যানস্ যদি আমাদের সামর্থ এবং টেকনিক্যান্ত এক্সপার্টস না থাকে তাহলে সেগালি তারা করবেন।

Shri Sanat Kumar Raha:

এই কপোরেশনের জন্য ফাইনাস্স সরবরাহ কেন্দ্র থেকে হবে, না পশ্চিমবঙ্গা সরকার থেকে হবে?

Shri S. M. Fazlur Rahman:

আব্দরাইজ্ড কাাপিটাল ৫ কোটি টাকা, ইস্ড ক্যাপিট্যাল ৬০ লক্ষ টাকা, তার মধ্যে আমাদের ২৫ পাসেন্টি শেয়ার ইচ্ছে ১৫ লক্ষ টাকা।

Shri Nani Bhattachariee:

মাননীয় মন্দ্রিমহাশয় কি বলবেন এই যে পশ্চিমবংগ মংস্য কপোরেশন, এই কপোরেশন বাংলা ধেলে মাছ চাষের সূবিধা দেবার জনা কি কোন পরিকল্পনা এর মধ্যে গ্রহণ করেছেন?

Shri S. M. Fazlur Rahman:

মোটাম্বিট সাউথ সণ্ট লেক. একটা বিরাট পরিকল্পনা তাদের বিষয়ভুন্ত আছে, সেটা তাঁরা সার্ভে করছেন।

11-30-1-40 p.m.

Shri Nikhil Das:

মাছ তো বাজারে পাওয়া যাছে না। আমরা দেখলাম খবরের কাগজে একটা খবর যে বর্তমানে বে খাদা সংকট চলছে মংসোর উৎপাদন বাড়িয়ে খাদা সংকট উপসমের একটা পরিকল্পনা হচ্ছে সেট পরিকল্পনা কি মংসা করপোরেশন করবেন।

Shri S. M. Fazlur Rahman:

আমাদের মংসা দশ্তর গ্রামাণ্ডল পর্যান্ত ব্যাপকভাবে ছড়িরে দেবার জন্য পরিকল্পনা করছেন— প্রোগ্রাম এবং রক ওয়াইজ যেটা বল্লাম ৫০টি রকে সেখানে ৮০ একর করে কিছু কিছু রকেরণ সাথে করে ১৬ লক্ষ টাকা অলরেডি পঞ্চারেংকে দিরে দেওয়া হরেছে এই কাজস্থাকি করার ভাষা এছাড়া আরও অনেক পরিকল্পনা আর্ছে।

Shri Nikhil Das:

এতে উৎপাদন কত বাডবে যাতে করে খাদ্য সম্কট মেটানো যাবে?

Shri S. M. Fazlur Rahman:

ষতই উৎপাদন বাড়্ক না কেন আমাদের বে জলাভূমি আছে তাতে পশ্চিমবংগের চাহিদা মেটাবার জন্য নয়। আমরা একটা মোটাম্টি ধারণা করে শতকরা ৮০ পারসেন্ট মাছ থায় এই করে ধরেছি যে ৫ লক্ষ মেট্রিক টন আমাদের দরকার। কিন্তু এখন আমাদের যা হয় তা हু এর কম হয়, কাজেই অন্যান্য ন্টেটের সাহাযা ব্যতিরেকে বাংলা দেশের চাহিদা মেটানো সম্ভব নয়।

8hri Aswini Roy:

এই যে সেন্ট্রাল ফিসারী ইনস্টিটিউট—সেখানে নৃতন পর্ম্বতিতে যে মাছ ধরার জন, যে ২৫ মান্ত কোস করেছেন, সেখানে প্রত্যেক রাজ্য সরকার শিক্ষার জন্য ছাত্র পাঠিয়ে থাকে আমাদের রাজ্য থেকে কোন ছাত্র পাঠানো হয়েছে কিনা মন্তিমহাশয় বলবেন কি?

Shri S. M. Fazlur Rahman:

এখানে ইনল্যান্ড ফিসারী যেটা আছে বারাকপ্রের ইন্ডিয়া গভর্নমেন্টের সেখানে গ্রাজ্বরেট কোর্য়ালিফিকেশন—সারেন্স গ্রাজ্বরেট বা আই, এস, সি, এই রকম সব হয়। নাকুলামে যেটা আছে সেখানে ডাইরেক্ট ফিসিং যারা করে সেই রকম চার জন ফিসারম্যান আমরা পাঠিরেছি।

Shri Nani Bhattacharlee:

এই যে মংস্য করপোরেশনের মতে সল্ট লেক প্রকল্প যেটা দেওয়া হয়েছে সেই প্রকল্প যদি সিচ্ছ হয় তাহলে কি পরিমাণ মাছ আসতে পারে?

Shri S. M. Fazlur Rahman:

সেটা আমি এখন বলতে পার্রাছ না-প্রথক প্রশ্ন দিলে বলবো।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি বল্লেন যে বাংলা দেশে ৫ লক্ষ মেট্রিক টন মাছ দরকার হয় মোটামটি তার মধ্যে অক্ষ পরিমাণ আমরা বাংলা দেশ থেকে পাচ্ছি যার জন। বাইরের থেকে আমাদের আনতে হচ্ছে। কিন্তু এর মধ্যে সমুদ্রে যে মাছ পাওয়া যেতে পারে সেটাকে ধরেছেন কি?

Shri S. M. Fazlur Rahman:

সাম্দ্রিক মাছ আমাদের খ্ব প্রোর--সেটাকে এক্সম্পায়েট করবার জন্য আরও চেণ্টা চলছে ।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি কি জানাবেন যে ডিপ সি ফিসিং দ্বারা আমরা যে মাছটা পেতে পারি তার জন্য আপনারা চেটা করে দেখেছেন কি মাছের অভাব মেটাবার জন্য?

Shri S. M. Fazlur Rahman:

এগালি আমরা চেন্টা করছি—মেকানাইজ বোর্ড যেটা করেছি সেটা আরও বাড়াচ্ছি এবং সেজনা নাকুলামে ফিসারম্যানদের ট্রেনিং-এর জন্য পাঠানো হচ্ছে—সেন্টাল গভর্নমেন্ট থেকে মেজর হারবার ডিপ সি ফিসিং-এর জন্য হলদিয়ায় হচ্ছে সেটা হলে ডিপ সি ফিসিং ভাল হবে।

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister-in-charge be pleased to state whether the Salt Lake Fishing will meet the same fate as the Deep Sea Fishing?

Shri S. M. Faziur Rahman: Please repeat the question.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state whether the Salt Lake Fishing will meet the same fate as the Deep Sea Fishing?

Shri S. M. Fazlur Rahman: No.

Museum at Jiagunj

- *151. (Admitted question No. *899.) Shri Birendra Narayan Ray: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) নুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জে নিম্বীয়মান মিউজিয়ামটি শেষ হইতে কর্তাদন লাগিবে; এবং
 - (খ) উত্ত মিউজিয়ামটির জন্য পশ্চিমবঞ্গ সরকার এবং কেন্দ্রীয় সরকার কত টাকা মঞ্জুর করিয়াছেন?

Shri Rabindralal Sinha:

- (क) ভবন নির্মাণ শেষ হইতে কতদিন লাগিবে সে বিষয়ে নিশ্চিতভাবে এখনই বলা সম্ভব নয়।
- (খ) উক্ত মিউজিয়ামটির জন্য পশ্চিমবঙ্গ সরকার ২৫,০০০ টাকা ও কেন্দ্রীয় সরকার ২৫.০০০ টাকা দিয়াছেন।

Shri Birendra Narayan Ray:

আপনারা এই যে ২৫ হাজার টাকা দিয়েছেন – এটা কবে দিয়েছেন এবং কাজটা কতদ্র হ**রেছে** বলতে পারেন কি?

Shri Rabindralal Sinha:

আমরা টাকাটা দ্ব কিম্প্তিতে দির্মোছ—প্রথমে ১৫ হাজার টাকা দির্মোছলাম তার পরে ১০ হাজার টাকা দির্মোছ। একজ্যাক্ট ডেটটা ঠিক বলতে পারছি না।

Shri Birendra Narayan Ray:

প্রব্রেসটা কতদরে হয়েছে সেটা খবর রাখেন কি?

Shri Rabindralal Sinha:

প্রসেটা আমরা যা রিপোর্ট পেয়েছি তাতে বলছে

brickwork in cement concrete in foundation and plinth area including earthwork, soling and cement concrete; entrance lobby with R.C. roof; 8' wide two staircases from ground floor to 1st floor 14' high; two halls $(20'\times25'\times14')$ complete with R.C. roof on the above foundation partly; two halls completed with R.C. roof on the above foundation partly.

Shri Sailendra Nath Adhikary:

এই যে মিউজিয়ামটা হতে হতে মাঝখানে কাজ বন্ধ হয়ে গেছে, এর জন্য পশ্চিমবংগ সরকার ক তাদের কাছে কোন চিঠি লিখে জানতে চেয়েছেন যে এই টাকাটা ঠিক মত ইউটিলাইজ হয়েছে কিনা?

Shri Rabindralal Sinha:

প্রথম কথা হচ্ছে এই জিনিসটার জন্য কেন্দ্রীয় সরকার ৫০ হাজার টাকা দিতে সম্মত হরেছিলেন, ব তার ২৫ হাজার টাকা তারা দিয়েছেন আর রাজ্য সরকার ২৫ হাজার টাকা দেবেন বলেছিলেন—তা বির্দ্ধেশ—তা ছাড়া বর্তমানে ওয়ার্কিং ফান্ডের অভাবে তাঁরা কাছ কর্মাণ্টট করতে পারেন নি ক্রিং কেন্দ্রীর সরকারকে তারা ফের লিখেছেন বাতে কেন্দ্রীর সরকার যেটা দিতে সম্মত হয়েছিলেন ভার বাকী ২৫ হাজার টাকা তারা দেন। তারা অভিট রিপোর্ট পাঠিরেছেন— অভিট রিপোর্টে বেশা বাছে ১৯৬৫ সালের মার্চ অবধি ৪৩,৬১০ টাকা ৩০ পরসা খরচ হয়েছে। তবে আমরা বর্লোছ অভিট রিপোর্ট ভাল করে একজামিন করতে এবং এদের সম্বন্ধে আরও ভিটেলস সংবাদ নিতে।

Shri Sailendra Nath Adhikary:

আপনি বে বল্লেন অডিট রিপেটে তারা পাঠান, এই অডিট রিপোর্ট পাঠিরেছেন কে—একটা কমিটি না একটা ব্যান্তি, কমিটি কর্তৃক পাসও হরে ভ্রুনিডাড হরে পাঠানো হরেছে কি?

Shri Rebindralal Sinha:

কমিটি মিটিংরে ্রিসভার্ভ হরেছে কিনা সেটা বলা আমার পক্ষে সম্ভব নর—ন্যাচার্যালি কমিটির পক্ষ থেকে সেক্রেটারী এটাই করেন, সেক্রেটারী ফরোরার্ড করেছেন—আমরা একজারিক করতে বর্লোছ—অভিট রিপোর্ট সম্পর্কে বলা এখন আমার পক্ষে সম্ভব নর, কেননা, সেটা এখনও একজামিন্ড হয় নি।

Shri Sailendra Nath Adhikary:

আপনি কি জানেন বে এই মিউজিয়াম কমিটির মিটিং গত ১ বছরের মধ্যে ডাকা হয় নি?

Shri Rabindralal Sinha:

। না. আমার জ্বানা নেই।

Shri Birendra Narayan Ray:

আমি আগের সেসানে এই সংক্রান্ত একটা প্রন্যেন বলেছিলাম যে ঐ জমির অন্যতম মালিক বীরেন সিংহ—তিনি সই করেন নি ডিড অফ গিফ্টে সেইজন্য ওটা ডিফেক্টিড হয়ে আছে—আপনি বলেছিলেন খবর নেবেন, খবর নিয়েছেন কি?

Shri Rabindralal Sinha:

আমাদের রিপোর্ট-এ আছে the title is all right. গড়র্নমেন্ট শিল্ডার এয়প্রভেক্ত করেছেন।

[1-40-1-50 p.m.]

Technical building of Cantai Kshetramohan Vidyabhawan

*152. (Admitted question No. *933.) Shri Sudhir Chandra Das:
শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশর অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) কাঁথি সহরের উপকল্ঠে কাঁথি ক্ষেত্রমোহন বিদ্যান্তবনের টেক্নিক্যান্ত বিভিডং-এর এবং ওরার্কসপের জন্য কোন্ তারিখে কত টাকা দেওরা হইরছে:
- (খ) ইহা কি সতা যে টেক্নিক্যাল বিল্ডিং ও ওয়ার্কসপ এখনও নিমিত হয় নাই; এবং ঐজন্য সরকারী টাকায় পার্রামট প্রদত্ত প্রায় ৮০০ শত ব্যাগ সিমেন্ট গ্র্দামে জমিল্লা নন্ট হইতেছে:
- k (গ) ইহা সতা হইলে এই সম্পর্কে কি বাবস্থা গ্রহণ করা হইরাছে: এবং
 - (च) এতদিন গৃহ নির্মাণ না হইবার কারণ কি?

Shri Rabindralal Sinha:

- (ক) ১৯৬১ সালের ২৫এ সেপ্টেম্বরে ৩৫,০০০ (পর্যাত্রশ হাজার) টাকা সরকারের ক্লেব্র প্রথম কিশ্তি হিসাবে দেওরা হইরাছে।
- (थ) (ग) धवर (घ) विमानदात एकिनिकान विन्छिर धवर अहार्कम्पात निर्माण कार्ब চলিতেতে।

৮০০ শত ব্যাগ সিমেন্ট গুলামে জমিয়া নন্ট হইতেছে বলিয়া কোনও অভিযোগ পাওয়া बाब नाहै। जत्व ७ मन्दरम्य यथायेथ अन्यन्थान कविवाद निर्माम पिछता इटेब्राएए।

Shri Sudhir Chandra Das:

১৯৬১ সালে ৩৫ হাজার টাকা দিয়েছেন ঘর তৈরী করবার জন্য আর আজ হল ১৯৬৫ সাল লে বর তৈরী হয় নি এর কারণ কি?

Shri Rabindralal Sinha:

এক কথার বলতে গেলে বলতে হয় এই ঘর আমরা তৈরী করছি না, পুরা টাকা আমরা দিচ্চি না। আমরা গভর্নমেন্ট থেকে গ্রান্টস দিচ্ছি এবং কমিটি এটা তৈরী করবে। প্রথম কিদিত হিসাবে আমরা ৭০ হাজার টাকা দিতে সম্মত হরেছি, এর ষেটা প্রথম কিন্তি সেই ৩৫ হাজার টাকা আমরা দিয়েছি এবং পরের কাজ অর্থাৎ ১০ হাজার এই মোট ৪৫ হাজার টাকার পরো কালে দেখলে। এই যে ১০ হাজার এটা হল লোকাল কন্মিবিউসান। এটার কাজ দেখলে তবে আমরা সার্বাসকোরেন্ট টাকা রিলিজ করবো সেই জন্য চীফ ইঞ্জিনীয়ার কনস্ট্রাকসন বোর্ডকে আমি ডিটেল স রিপোর্ট দিতে বলেছি।

Shri Sudhir Chandra Das:

এই স্কুল বিলিডং তৈরী নিয়ে এবং পরিচালনার ব্যাপার নিয়ে কোম দুন্নীতির অভিযোগ পেয়েছেন কি?

Shri Rabindralal Sinha:

विमानस मन्भरक भाइनि, विनिष्ठिः मन्भरक भारति ।

Shri Sudhir Chandra Das:

৮০০ বাাগ সিমেন্ট নন্ট হয়ে গেছে এটার তদন্ত করতে কাকে বলেছেন?

Shri Rabindralal Sinha:

চীফ ইনেম্প্রকার টেকনিকালে এডকেসান এবং কনস্মীকসান ডিভিসানকে এটা দিরেছি।

Plying of old buses in Midnapur district

- *153. (Admitted question No. *1043.) Shri Ananga Mohan Das: **শ্বরাখ্র** (পরিবহণ) বিভাগের মন্দ্রিমহাশর **অন্গ্রহপ্**রেক জানাইবেন কি---
 - (ক) মেদিনীপরে জেলার ১৫ বংসরেরও পরোতন কতগালি বাসকে যাত্রীবহন করিতে দেওয়া ্ হইতেছে: এবং
 - (খ) ঐগ্রেলর বাল্লবিহন ক্ষমতা আছে কিনা তাহা কে কিভাবে পরিদর্শন করেন?

🔔 Shri Saila Kumar Mukherjee:

- (क) ১০৪ খানি বাস।
- (খ) ঐ বাসগ্যলির বাত্রীবহন ক্ষমতা আছে কিনা তাহা মোটর ভিক্লস্ ইন্সপেটর কর্ত্তক প্রতি ছয় মাস অন্তর পরীক্ষা করিয়া দেখা হয়।

Shri Ananga Mohan Das:

১৫ वरमत्त्रव উপর যে বাস চলে সেগর্লি প্রায় খারাপ হরে যায় এটা জানেন কি?

Shri Saila Kumar Mukherjee:

সেচনাই ৬ মাস অন্তর পরীক্ষা করবার ব্যবস্থা আছে।

Shri Ananga Mohan Das:

আপনি কি জানেন যে এক একটা রুটে বিভিন্ন জায়গায় যতগুলি বাস আছে তার অর্ধেকই হল পুরাতন গাড়ী এবং এই গাড়ী খারাপ হয়ে যাওয়ার দর্শ্ব যাচীদের অস্বিধা ভোগ করতে হচ্ছে?

Shri Saila Kumar Mukherjee:

এগনুলি সরকারী বাস নর মোটর ভিক্ল্স্ এগান্ধ এবং রুলস্ অনুসারে সেটা চলে। এই মোটর ভিক্ল্স্ এগান্ধে কৈন ক্ষমতা নেই যে গাড়ীকে বসিয়ে দিতে পারে যেহেতু ১৫ বংসর হয়ে গেল। ১ মাস অন্তর স্পেসাল এক্সপার্ট দিয়ে পরীক্ষা করিয়ে সেগনুলিকে সার্টিফিকেট অফ ফিটনেস্ নিতে হয়। এই সার্টিফিকেট অফ ফিটনেস্না নিলে সে গাড়ী বসে যায়।

Shri Ananga Mohan Das:

আপনি বলপেন যে প্রাইভেট বাস গর্মলের উপরে আমাদের কোন হাত নেই। কিংতু জনসাধারণের অস্বিধ হচ্ছে অতএব খারাপ গাড়ী রেখে জনসাধারণের যে অস্বিধা হচ্ছে এটা তো নিশ্চরই সরকার চান না, সতেরাং সেটা কি করবেন?

Shri Saila Kumar Mukheriee:

ভাহলে আইনের পরিবর্তন করতে হয় মোটর ভিক্ল্স্ এরাক্টে এরাপ কোন ক্ষমতা নেই যাতে প্রাইভেট বাসগালি কথ করে দিতে পারে।

Shri Nani Bhattacharya:

আপনি বললেন যেহেতু বাস খারাপ এবং আইনের ফারাক নেই স্তরাং ৬ মাস অশ্তর তাদের

ফিটনেস পরীক্ষা করে সাটিফিকেট নিতে হয়। এবং তা সত্তেও অনেক ক্ষেত্রে অচল হয়ে যায়

এবং যাত্রীদের অস্ববিধা ভোগ করতে হয় তাহলে এটা কি বলতে পারেন যে ফিটনেস সাটিফিকেট
নেবার জনা যের্প ভালভাবে পরীক্ষা করা দরকার সের্প ভাবে করা হচ্ছে না?

Shri Saila Kumar Mukherjee:

সেটা বলতে পারবো না সারা বাংলা দেশে ২ হাজার থেকে আড়াই হাজার পরাঁক্ষা করা হয়। তবে বদি বলেন কোন বিশেষ বাসের কথা তাহলে বলবো সেটা আমাদের জানালে আমরা একসার্ট পাঠিয়ে পরীক্ষা করবার বাবস্থা করতে পারি যাতে তা আ রনা চলে। যদি ব্যক্তিগত কমপেলনের কথা বলেন তাহলে বলবো স্থানীয় লোকের কাছ থেকে কোন কম্পেলেনই আমাদের কাছে আমে নি।

Shri Cour Chandra Kundu!

বাদনীর মন্তিমহাশয় বললেন যে ১৫ বংসরের বেশী যে সমস্ত গাড়ী তাদের আনফিট ভিক্লেয়ার করতে হলে পরীক্ষা করে করতে হয়। আপনার কাছে এর্প কোন রিপোর্ট আছে? Shri Saila Kumar Mukherjee:

প্রদেন তা নেই বদি তা থাকতো তাহলে পরিবেশন করা বেড।

Shri Abani Kumar Basu:

माननीत मिन्नम्यानम् कि खात्मन य मार्गिकित्को अरु किरोत्नम भग्नम पित्न किन्ति भ अता बाद ?

Shri Saila Kumar Mukherjee:

দ্রনীতির উপর মন্ত্রিমহাশরদের কোন হাত নেই এটা সকলেই জানেন।

Shri Aswini Roy:

মাননীয় মদ্যিমহাশ্রের ফাইল-এ এ তথ্য আছে কি ন্তন এবং প্রোন নিরে কত বাস মেদিনী-প্রে চাল্ আছে ?

Shri Saila Kumar Mukherjee:

প্রশ্ন করলে বলতে পারবো।

Shri A. H. Besterwitch: Sir, the Hon'ble Minister says that there are men who examine the buses and give fitness certificate. The fitness certificate is given for the engines, brakes, etc. Will the Hon'ble Minister please tell us whether fitness certificate is given for the body of the buses also?

Shri Saila Kumar Mukherjee: Certificate of fitness is meant for the roadworthiness of buses. If a bus is not roadworthly, no certificate is given.

Shri A. H. Besterwitch: I am sorry, Sir, the Hon'ble Minister does not know. The fitness certificate is not given for the body of the bus. The body may be in a ragged condition. Fitness certificate is given only for the engines, brakes, steering, etc.

Shri Saila Kumar Mukherjee: In Chapter V of the Motor Vehicles Rules there is specific provision for Certificate of Fitness. That statutory provision is being complied with.

Circular Railway

*154. (Admitted question No. *1128.) Shri Gopal Banerjee:

ন্দ্ররাম্ম (পরিবহণ) বিভাগের মন্দ্রিমহাশর অন্ত্রহপূর্বক জানাইবেন কি কলিকাতার চক্তবেড় রেল চাল্ম করিবার সম্পর্কে ব্যবস্থা কডদ্রে হইরাছে?

Shri Saila Kumar Mukherjee:

(क) কেন্দ্রীর সরকার কশিকাভার চক্রবেড় রেল নির্মাণ সম্পর্কে ও মেট্রোপলিটন ট্রান্সপোর্ট সম্বন্ধে জমত করিবার জন্য বিশেষজ্ঞগণকে লইরা সম্প্রতি একটি স্ট্যাভি টিম গঠন করিরাছেন। ঐ-স্ট্যাভি টিম রাজ্য সরকার কর্তৃক মনেলীত বিশেষজ্ঞগণের সহযোগিতার শীল্লই তদস্ত আরক্ষ করিবেন। রাজ্য সরকারও একটী স্টাভি টিম গঠন করিরাছেন।

Shri Monoranjan Roy:

এত তদন্ত করে আরম্ভ হবে এবং আশা করেন কবে শেব হবে?

Shri Saila Kumar Mukherjee:

ক্ষিকা একটা টেলিফোন মেসেজ পেরেছিলাম যে আগামী ১৭ই তারিখে ওরা আসবেন, তারপর আবার একটা মেসেজ পাঠিয়েছেন এবং বলেছেন কবে যাবেন সেটা শীঘ্র জানাবেন কারণ ঐ দিন স্টাডি টিম আগের মেসেজ ক্যানসেল করেছেন বলে।

Shri Monoranjan Roy:

ৰুত দিনে শেষ হবে?

Shri Saila Kumar Mukherjee:

ভাদের ১৫ জন বিশেষজ্ঞ আছেন আর আমাদের ৫ জন—মোট ২০ জন বিশেষজ্ঞের একটি দল whole Metropolitan area Circular, Overhead Rail, Underground Rail.

ইন্ড্যাদি নিম্নে দেখবেন কলকাতার জন্য এটা জানি। মাদ্রাজ, কলকাতা, বোশ্বাই, দিল্লী এই ৪টা জায়গায় হবে, তবে তার মধ্যে কলকাতার সবচেয়ে গ্রুর্ছ দেওয়া হয়েছে তারা কলকাতার এসে বিপোর্ট দেবেন।

Shri Aswini Roy:

ভাপনি বললেন স্টাডি টিম আসছেন এবং তাতে আমাদের ৫ জন আছেন এরা কারা কার। ক্লাবেন কি?

Shri Saila Kumar Mukherjee:

নাম এখানে নেই তবে মন থেকে বলতে পারি ট্রান্সপোর্ট-এর হেড্ স্টেট ট্রান্সপোর্ট-এর রেলওরে রিটায়ারড্ ইঞ্জিনীয়ার, চীফ ইঞ্জিনীয়ার, সি এম পি ও-র ২ জন আছেন এবং ইঞ্জিনীয়ারস্ এক্সপার্টস্, ট্রাফিক এক্সপার্টস আছেন।

[1-50-2 p.m.]

Shri Nikhil Das:

চক্রবেড় রেল, এটা কলকাতার খ্ব প্রয়োজনীয় ব্যাপার। এই হাউস থেকে ছয় মাস আগে সর্ব-সম্মতিক্রমে এই সম্পর্কে একটা প্রস্তাব গ্হেতি হর্মেছিল, এবং সেই প্রস্তাব পাশ হবার পরে. জাপনার এই প্রদন থেকে, ব্রতে পারলাম যে এখনও পর্যন্ত তদন্তই শ্রুহ হর্মনি, তাহলে এই চক্রবেড় রেল কবে হবে বলে আপনারা আশা করছেন?

Shri Saila Kumar Mukheriee:

আমিও আশা করছি যত শীন্ত হর, কালকে হলে খুসী হই। এমন মানুষ নেই যিনি এটা চাল না। এ সম্পর্কে স্প্রানিং কমিশন, ইন্ডিয়া গভর্নমেন্টের সপ্সে পরামর্শ করে করবেন, এবং যাতে ১ হাজার, ২ হাজার কোটি টাকা খরচ হবে, তাতে কবে এটা শেষ হবে, তা আমি বলতে পারবো না। তবে, যাপে, যাপে কাজ অগ্রসর হরে যাছে, তার একটা বিবাট স্টেপ নেওয়া হয়েছে।

Shri Kashi Kanta Maitra:

আমি মাননীয় মন্দ্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, এই চক্রবেড় রেলের জন্য আপনাদের এক্স-পার্টরা পশ্চিমবন্ধো বাঁরা রয়েছেন, তাঁরা কি চক্রাকারে ঘ্রছেন, না, সরাসরি সোজা বাচ্ছেন, এইটা জানতে চাছি!

Shri Saila Kumar Mukherjee:

আপনি যদি তাঁদের প্রসিভিংস চান, আমি পাঠিরে দেবো, তারা চক্রাকারে, বা ব্তাকারে, বা সরকাকারে যাচ্ছেন, তা আপনি ব্রুতে পারবেন।

Shrimati Ila Mitra:

আপনার কথা শন্নে মনে হচ্ছে যে চক্রবেড় রেল পরিকল্পনা; এটা বোধ হয় আপনার বাতিনি করবার মতলব রয়েছে। কারণ আপনার উত্তর শন্নে মনে হচ্ছে, ঐ যে স্টাডি টিম করেছেন; তারা কবে বসবে ঠিক নেই; তাঁদের অন্সন্ধানের কাজ শেষ হতে কতদিন সময় লাগবে, তার ঠিক নেই, এই সম্পর্কে আপনি তো কিছুই বলছেন না?

Shri Saila Kumar Mukherjee:

িক করে থাকবে! ১৯৩৭ সাল থেকে এটা আরুত করা হয়, পাঁচ বছর ধামাচাপা পড়েছিল, তোলা হয় এ বছর, এবং ছয় মাসের মধ্যে একটা বিশেষজ্ঞ কমিটি গঠিত হয়েছে। ভাতেও ধৰি অপনারা চান, কবে বলে দিতে হবে, তাহলে আমি তা পারবো না। আমি অপারগ।

Shri Cour Chandra Kundu:

কাজেই এই যথন মডিফায়েড রেশন-এর অবস্থা এবং ঠিক এই আদেশ জারী হবার পর বাজারে যখন চাল ১-২০ নয়া পয়সায় পাওয়া যাচ্ছিল, এখন আর চাল সেই দরে পাওয়া যাবে না, হয়ত দেড় টাকা থেকে, ২ টাকা হয়ে বাবে। দ্বিতীয় সমস্যা হচ্ছে, আজকে চাষী যথন ন্তন ধান ওঠার সাংগ্র সাংগ্র তারা গ্রাঞ্জ নিয়ে যাবে তথন কিনবে কে? এই আদেশে বলা হয়েছে মিল-ওনার্স এবং গ্রন্থনেন্ট কিনবে। আমরা জানি গ্রন্থনিনেন্টের কিনতে গেলে. সেখানে যে মেসিনারী সটা আপ করা দরকার, তা, তাঁরা এখনও করতে পারেন নি। কাজেই দেখা বাছে বে, কৃষক वा ठायी घाएमत थान विक्रम कदाव जाताह थातात मत निर्मिष्ठे करत एएट. स्मर्टे अकट्ठिंग्रेम मिन-মালিক। আমি গতবার বলেছিলাম, মিলমালিকরা যথন কেনে, তথন ১৫ টাকা যে দর ছিল সেই দরে তারা কেনে নি। তার চেরে নীচু দামে তারা কিনেছিল। কাঞ্চেই এই আদেশ জারী হবার সাথে, সাথে, যারা সাধারণ চাষী, যারা ধানের দাম চায়, তারা তাদের ধানের দাম পাবে না, অর্থাৎ তারা ঐ নির্ধারিত দরে ধান বিক্রয় করতে পারবে না। তারা ডিসণ্টেস সেল করতে বাধ্য ফৈছা করলেই চাষীদের ধান সিজ করতে পারবে। তারা কি সিজ করে. তা আমরা জানি। গতবারে মে মাসে, যখন সাধারণ চাষী সিন্ধ ধান নিয়ে গিয়েছে হাসকিং মেসিন-এ ভাগেতে, হয়ত েই কুইণ্টাল, কি আছাই কুইণ্টাল ধান, সেই সিন্ধ ধান, তারা সিক্ত করেছিল। সভেরাং বোকা বাঁছে যে এই আইন জারী হওরার সংগ্য সংগ্য, এই সব অফিসারদের প্রতিভিয়া কৃষক সমাজের উপর কিভাবে হবে। সেই জন্য আমি বলবো এ সম্পর্কে এখানে আলোচনা হওয়া উচিত। সেই জনা আমার দাবী হচ্ছে এই সমস্যাটা, অন্যান্য বিজ্ঞনেস বা বিষয়ের উপর প্রায়েরিটি দিরে.

আলোচনা করা হোক। দিস্ ইজ এ সিপ্ট ফ্রম দি ওল্ড ক্স্ড পশিসি। কাজেই দেখা বাচ্ছে বে, ' এর ব্যারা আমাদের বিধান সভার সভাদের স্ক্রে অধিকার রয়েছে, সেই অধিকার ক্রম করা হয়েছে। আমি আপনার কাছে অনুরোধ করবো বে, এটা আজই অন্যান্য আলোচ্য স্টার মধ্যে নিরে আলোচনা করা হোক।

Shri Bejoy Kumar Banerjee:

মিঃ স্পীকার স্যার, আমরা এটা নিয়ে অনেক দিন ধরে আকোচনা করছি। এই হাউসের সদস্যদের সতিটে কোন অধিকার আছে কিনা, তা আপনাকে জিল্ঞাসা করেছিলাম। আপনি বলেছিলেন তাহলে স্কুল খুলতে হয়। আমরা ধরে নিয়েছি, আমাদের এখানে কোন অধিকার নেই। এজনা আমরা অত্যন্ত দুঃখিত। আপনার কোন অধিকার আছে কিনা, আগে সেটাই মাথাব্যথা। আপনি সেদিন আমাদের ব্রাঝিয়ে দিয়েছিলেন যে যদি মুখামন্ত্রী মহাশয়, বা কোন মাল্রমহাশয় আমাদের পশ্চিমবশ্গের জন্য খাদ্যনীতি প্রচার করতে চান, তাহলে হাউস থেকে সিন্ধান্ত নিয়ে, তবে সেটা করা উচিত। আপনার দায়িত্ব রয়েছে রুলিং দেওয়ার। আজকে আমরা মাননীয় মুখামন্ত্রী মহাশরের কাছ থেকে এ সম্বন্ধে কোথার, কোন নীতি, তিনি কি করেছেন, জানতে পারলাম না। আমরা সংবাদপত্র থেকে, শুধু এইটক দেখেছি। আমরা আপনার কাছে নিবেদন করেছি যে আপনি দরা করে মুখামন্ত্রী মহাশরকে এখানে ডেকে পাঠান, তিনি এসে, এখানে এই যে সমস্ত অভিযোগ করা হয়েছে তা খণ্ডন কর্ন, এবং সমস্ত জিনিসটা একট, ব্রিঝায়ে সুবিধয়ে দিন। কিন্তু অদ্যাপি তিনি এলেন না এখানে। জানি না আইনে ক্ষমতা আছে কিনা, বে তিনি না এসে পারেন। আমি জানিনা মে-র বইতে কি লিখা আছে? আমরা জানি তিনি স্পীকারের রুলিং মানেন নি, অথচ স্পীকারও তার কোন এাকসান নেননি। আমার অভিযোগ হচ্ছে আপনি স্পীকার, আপনার রুলিং ভাওলেটেড হয়েছে। যদি কোন মূল নীতি বাইরে প্রকাশ করা হয়. সেটা এখানে বিবেচনা করার আগে, তাহলে তিনি হাউসের অবমাননা করেছেন। আমি জিজ্ঞাসা কর্রাছ যে, এই হাউসে যে ক্ষমতা আপনাকে দেওয়া হয়েছে, সেই ক্ষমতার বলে আপনি সকল বিষয় যথোপয়ত্ত ব্যবস্থা অবলম্বন করতে পারেন। কিন্তু আপনি স্যার, নিজে এ্যাডমিট করেছেন, এবং ভাল করে বুঝিয়ে দিয়েছেন যে এই রকম নীতি হওয়া উচিত, তা না হলে ঠিক হয় না। এ নীতি হচ্ছে আপনার নীতি। এ রুলিং আপনি দিয়েছেন। আজকে সেই র, লিং এাডিমিটেডলি ভাওলেটেড হয়েছে। আমি জিজ্ঞাসা করি এই হাউসে হয়ত আমাদের সে রকম কোন অধিকার নেই. ক্ষমতা নেই. কিল্ড. আপনি এই হাউসের স্পীকার, আপনার কোন ক্ষমতা আছে কিনা? আপনি এয়জ এ স্পীকার, যদি আপনার রুলিং যদি না মানাতে পারেন. তাহলে এই বিধানসভা আজকে তালাচাবি দিয়ে কম্ব করে দেওরা উচিত। এই বিধানসভা রাখার কোন সার্থকতা নাই। যদি পূথিবীর কোন জারগায় এই রকম হয় তাহলে সেথানকার গভর্নমেন্ট রিজাইন দেয়। ডেমোক্রেসীর কথা এখানে আর না বলাই ভাল। ডেমেক্রেসী কোথায় এখানে? কোন ডেমোক্রেসী এখানে নাই। আমি প্রিভিলেক্তে বলাছ, কোন ইররেলেভেণ্ট কথা বলছি না। আপনি যে রুলিং দিয়েছেন, সেই রুলিং অনুযায়ী চীফ মিনিন্টার যদি বাধ্য না হয় চলতে. তাহলে আপনি সাার সেরকম রুলিং দেবেন না। এখানে কী নীতি তাঁরা করছেন? আপনি যদি আমাদের বসতে বলেন, রহলিং দেন, তাহলে নিশ্চয়ই আমাদের বসতে হবে। তা না হলে তাড়িয়ে দিতে পারেন সার্জেন্ট ডেকে। কাজেই আপনি যে র.লিং দিয়েছেন, আপনার সেই র, লিং তাপনি ইমপ্লিমেন্টেসান করাবেন কিনা? সেটা আমরা জানতে চাই।

Shri Nani Bhattacharya:

মাননীর স্পীকার মহাশর, আমি সামানা-পন্-একটি কথা বলছি। আমি বলেছিলাম এাডেভাইসরি কমিটির মিটিং-এ এই খাদ্য বিতর্ক আগে করবার জনা। এই ফ্রড ডিবেট যদি আগে দেওরা হতো. তাহলে আর এই ঝামেলা হতো না। কিন্তু ফ্রড ডিবেট আগে হল না, সরকারের সেই পলিসিনিরে স্নালোচনা হল না। আপনি জানেন কারেন্ট ফ্রড ভিবেট-এর দিন ঠিক হলো, সে ডিবেট-এর হলো। হরত এয়ডেভাইসরি কমিটির প্রত্যেকটা মেন্বার ভালভাবে জানেন আগামী ফ্রড পলিসি যেটা হবে. সেই ফ্রড পলিসি সন্বদ্ধে একটা সেটিমেন্ট এখানে মুখামল্যী দেবেন। চীফ মিনিস্টার উইল মেইক এ স্টেটমেন্ট বিফোর দি হাউস এবং তা নিরে এখানে পরে ডিসকাসন হবে। তার

দীর পরে ঠিক হবে। এই কথা বলেছিলেন। এ্যাকডিংলি পরবরতী কালে আপনাকে বলেছিলাম তাড়াতাড়ি কর্ন। এটা কি একটা জঘনা ব্যাপার হচ্ছে। এই যা হচ্ছে একে সংসদীর গণতন্ত্র বলে না। যতই আপনারা সংসদীর গণতন্ত্র বলে চাাঁচান সব ডুবে যাবে। আপনি এখানে আছেন, পার্লামেন্টারী র্যাফেয়ার্সের মিনিন্টার-ও আছেন, তিনি অন্ততঃ আছে কালের মধ্যে ফ্রড় ডিবেটের একটা প্রোগ্রাম দিন না কেন? খণেন বাব, ডেপ্ন্টী লীডার, তিনি বল্ন কাল হোক, পরশ্র হোক যে-কোন দিন হোক তিনি শীন্ত এই ফ্রড় ডিবেট দিয়ে দিন। তাহলে সব ঝামেলা মিটে যায়।

Shri Anadi Das:

माननीय स्थीकात मरागय मृथामन्तीत कार्याकनात्थत प्वाता राউत्मत व्यक्तित ऋह रायह. 🤰 প্রিভিলেজ নন্ট হয়েছে সেবিষয় কোন সন্দেহ নাই। এটা জেনারেল নলেজ। আজ গভর্নমেণ্ট যাঁরা তৈরী করেছেন এ্যাজ এক্সজিকিউটিভ অব দিস্হাউস, এই হাউস ইজ দি জেনারেল বডি অব মেন্দ্রারসূত্র অথবা জেনারেল বডি অব মেন্দ্রারসূতার যখন আধবেশন থাকে, তাঁরা যখন বসেন, সভা করেন তখন তাঁদের বাদ দিয়ে একজিকিউটিভদের কোন ক্ষমতা থাকা উচিত নয়, নাই ও। তারা কাজ করতে পারেন ইন্ডিপেন্ডেন্টাল কখন? অনলি আটে দি টাইম যখন জেনারেল বডি অব মেন্বার্স মিটিং করছেন বসভেন : না। এটা ના. লোকের জেনারেল নলেজ। এমন কি ক্লাবগুলিতেও কাজের এই হয়। এই যে গভৰ্ন মেন্ট জায়গায় এই হাউসের কাজকর্ম একজিকিউট করবার জন্য। হাউসের সেই সমস্ত পশিসি তারা নির্ধারণ করবেন। হয়ত হতে পারে আপনারা মেজরিটী আছেন, আপনারা যে পলিসি তৈরী করেছেন তার মেজরিটীর জোরে গভর্নমেণ্ট হয়ে যে পলিসি করেন আমরা তার বিরোধিতা করলেও সেটা চাল, হয়। এটা ' ঠিক, তবে ঘটীল এটাই প্রিন্সিপেল যে কোন নৃতন পালিসি চালা, করতে গেলে সেটা প্রথমে এই হাউসের কাছে উপস্থাপিত করতে হয়। এই হচ্ছে সাধারণ নিয়ম যেটা ক্রাবেও ফলো করা হয়। আপনারা একে গণতন্ত্র নাম দিয়েছেন। অথচ সেটা যদি আমরা ফলো না করি, অনুসরন না করি, তাহলে গণতন্ত্র আর থাকে কোথায়? গণতন্ত্র আর থাকে না। যেটা থাকে এজন্য যে কেমন করে লোককে ঠকিয়ে গণতল্পের নামে লোককে বিদ্রান্ত করে আমরা আর কিছুদিন গণিতে বসে থাকতে পারি। তা পলিসি হিসেবে চলে। সেইজন বলছি খাদোর পালাস যেটা তৈরী হয়েছে. এটা খ্বই মারাত্মক ব্যাপার। পাইকারী ব্যবসায় আর চলবে না। আমরা কি মত দেব কি না দেব সে আলাদা কথা। এটা বিশেষ গ্রেত্বপূর্ণ প্রস্তাব। লেভী করে ধান আনতে হবে। সমস্ত মিল মালিককে কিছু কিছু অধিকার দেওয়া হবে কিনা, চোরাকারবার চলতে থাকবে কিনা নানা প্রশন এর সংগ্রে জড়িত। গ্রন্থেন্ট পলিসির উপর সমুহত কিছু, নির্ভর করছে। আমরা বংলাদেশের কোটি কোটি কি দরে চাল পাব, সমুহত লোক চাল পাবে কিনা? গ্রামে চাল নাই তাদের খাওয়াবার দায়িত্ব কে নেবে? এসম্বন্ধে কি ব্যবস্থা হবে? মডিফায়েড রেশন দিয়ে যখন পারবো তথন দেব, না, প্রোপ্রির সারা বছর খাওয়াবার দায়িত্ব নেব? এই রকম অনেক প্রশ্ন একসংগে জড়িত।

[2-30-2-40 p.m.]

জীবন মরণের প্রশন্ খাবার মত জিনিষ যেখানে সেখানে আপনারা একটা পরিলিস নিলেন যথন আমাদের এই জেনারেল বিড, এই হাউসের অধিবেশন চলছে তখন না নিয়ে। অবশ্য একটা ভাল কাজ করেছেন যে আপনারা যা নিয়েছেন এতে মন্দ ত হবেই, আপনারা যাতেই হাত দেন তার পরিণাম কি হয় সেটা আমরা জানি। স্তরাং এর সমস্ত দায়িত্ব আপনাদের হবে, গভর্নমেণ্টের হবে। তবে পরিলিসিটা এখানে নিলে আমরা জনসাধারণের কথা এখানে বলবার কিছ, সংযোগ পেতাম। স্তরাং আমি মনে করি, যেটা ননীবাব, বলেছেন, সে অন্ততঃ দ্টো দিন আলোচনার জন্য দেওয়া হোক এবং এই যে প্রিভিলেজ নন্ট হয়েছে এটা দেখা হোক এবং শীঘুট একটা আলোচনার দিন ঠিক করা হোক এই কথা আমি বলছি।

Dr. Narayan Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দ্ভি আকর্ষণ কর্রাছ আর একটা দিক থেকে। এটা অত্যত গ্রেছপূর্ণ, আমরা সকলেই জানি এডমিনিসেঁশন এবং ভিষোজ্যাসি কতটা কোলাস্স করেছে। আপনি একটা ভেবে দেখন আপনি যদি একটা দিক থেকে মানাতে না পারেন তাহলে । ভবিষাতে যখন ডিসিন্সিনের কথা বলবেন তখন আপনি কি আশা করতে পারেন আমাদের এদিক থেকে ডিসিন্সিন ঠিক ভালভাবে মানবে? ক্লুসজন্য আপনি বে লাইন নিচ্ছেন আপনাকে তা প্রমাণ করতে হবে দুন্দিক থেকে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহাশয়, যে প্রিভিলেজের কোন্চেন উঠাতে চেয়েছিলাম সেটা একটা অন্য রক্ষের খগেন বাব, কি উত্তর দেবেন বা কি বলবেন সেটা নয়। আমি ষেটা আপনার কাছে স্ক্রেস করতে চেরেছি সেটা হচ্ছে এই আপনি এর আগে দ্বার একথা এই হাউসকে বলেছেন যে চিফ মিনিন্টার বা গভর্নমেন্টের তরফ থেকে যে পলিসি নেওয়া হবে হাউস চলা কালীন সেই পলিসি হাউসকে জানান দরকার এবং আপনার কথা হাউসের কাছে ম্যান্ডেটরি এবং আপনার কথা সোদন বলবার পরও আজ যখন চিফ মিনিন্টার আবার সেটা ভণ্গ করলেন তখন এই দায়িত্ব এসে পড়ছে হোল হাউনের কাছে বে সেটাকে কিভাবে ডিল করা হবে। আজকে সেই প্রণনটাই আপনার কাছে রার্থাছ যে এই ইমপ্রপার এ্যাকশন এই হাউস কিভাবে ডিল করবে সে সম্বন্ধে আপনি একটা নির্দেশ দেবেন। দ্বিতীয় কথা হচ্ছে, আপনি এর আগে বলা সত্তেও যেভাবে ফ্রাউট করা হচ্ছে তাতে আমাদের কাছে এটা স্বতঃই প্রমাণিত হচ্ছে যে হাউসের যে ডিগনিটি সেই ডিগনিটি লিডার অব দি হাউস ইচ্ছা করে ভাংগছেন এবং হাউসের ডিগনিটি যদি লিডার অব দি হাউস ভাষ্ণেন তাহলে সেখানে হাউসের কি কর্তব্য হবে সেটাও আপনি নির্দেশ দেবেন এবং আপনার নির্দেশের উপরেই এখানে গণতন্ম বাঁচবে। আমি সেজন্য দুটো পয়েন্টের উপর কোন্চেন অব প্রপ্রাটিই আপনার সামনে রাথছি এবং শেষে যেটা আমি দেখছি কাগজে চিফ মিনিস্টার একথাও বলেছেন এই যে নতেন ফুড পলিসি তাঁরা করতে যাচ্ছেন সেটা নাকি কংগ্রেসীদের সমস্ত সহযোগিতা ছাড়া চলবে না। এটাও লিডার অব দি হাউস এবং সংসদীয় গণতন্ত্রের কথা যিনি বারে বারে বলেন তাঁর কাছে একটা পার্টিজান স্পিরিট এটা সংগত কিনা, হাউস চলা কালীন এইভাবে মুক্তব্য করা প্রপ্রাইটির ৷

Shri Jaharlal Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শৈলেন বাব্ এক্সিকিউটিভ নীতি কি হবে না হবে সে সম্বন্ধে ষেটা বলেছেন সেটা এখানে উল্লেখ করা যেতে পারে কিনা?

(তুম্ল হটুগোল)

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই বিধানসভাতে থাদানীতি যে প্রশ্নতাতি আছে বলে শ্রুনেছিলাম সেটা আজ পর্যন্ত আনা হয় নি বলে আমাদের অধিকার ক্ষ্ম হচ্ছে নানা বিষয়ে। যে সব বস্তারা আমাদের অধিকার ক্ষ্ম এবং হাউসের মর্যাদা ক্ষ্ম হবার কথা বলেছেন আমি তার সঞ্জে দ্-একটা কথা যোগ করতে চাই সেটা হচ্ছে প্রশ্তাবিত খাদানীতি কি হবে, প্রকিয়োরমেন্ট কি হবে, ক্রেতা, বিক্রেতা কারা থাকবে, পাইকারী ব্যবসা কি হবে সে সন্বন্ধে যে প্রশ্ন করা হয়েছিল এই হাউসে তার বেশীর ভাগই ডিস এটালাউড হয়েছে, কারণ দর্শান হয় নি। আমার ধারণা এই হাউসের সন্পত্তি হিসাবে প্রশ্তাবিত খাদানীতি এসে হাজির হয় নি যার ফলে এর উত্তর দেওয়া কোন মন্ত্রীর পক্ষে কখনও সন্ভব নয়। তক্ষাপি দাবী করছি আপনি খাদানীতি সন্পর্কে এই হাউসে অবিলন্ধে আলোচনা করার স্যোগ দিন এবং আমাদের প্রশ্নের জবাব দিন। যদি আপনারা খাদানীতি আলোচনা না করেন তাহলে একদিকে যেমন হাউসের অধিকারকে ক্ষ্মে করা হচ্ছে তেমনি সন্পেগ সংগে মেন্বার হিসাবে আমাদের যে এই নীতি সন্পর্কে অনেক প্রদন্ন আছে সেই প্রশ্নের জবাব থেকে আমরা বিশ্বত হচ্ছি। স্পীকার মহাশয়, আমি এজনা আপনাকে বলছি য়ে অবিলন্ধে আমাদের খাদানীতি সন্পর্কে বিস্তারিত আলোচনা করা দরকার। কারণ গ্রাম সহরে

জর্বত নিখ্তভাবে ন্তন গাঁলাস সম্পর্কে জানতে চায়, আমরা সেখানে আমাদের বন্ধব্য পেশ করতে পার্রাছ না। আম্রা কি বলতে চাই, সরকার কি চান, সেটা পারক্ষার হওরা উচিত। দেশের মধ্যে মনোপলি প্রকিয়োরমেণ্ট কিভাবে চলতে পারে, সেটা কি আমাদের কাছে এখনও আশংকার বিষয় হয়ে রয়েছে। কারণ হচ্ছে এই রেশনিং-এর বিরুদ্ধে একচেটিয়া প্রকিয়োরমেণ্টের বিরুদ্ধে সমুহত বাংলাদেশের মধ্যে এমন একটা দল এমন একটা গোষ্ঠী আছে যারা এটাকে স্যাবোটেজ করতে চায়। সেত্রন্য সরকার থেকে এই খাদ্যনীতি সম্পর্কে যদি বিধানসভার সামনে আঙ্গোচনা না করেন তাহলে আমার মনে হয় যারা এটাকে স্যাবোটেজ করতে চায়. এই নীতিকে ধ্বংস করতে চায় তাদের হাতকে জোরদার করা হবে, সরকার তাদের উসকানি দিয়ে বার্ডিয়ে দেবার সুবোগ দেবেন। আমার মনে হয় এই নীতি বার্থ হয়ে গেলে ভবিষাতে সরকার হয়ত বলতে পারবেন যে খাদানীতি বার্থ হয়েছে, কারণ দেশের লোক এটা চায় নি। আমাদের বন্তব্য হচ্ছে যদি র্যাশনিং-এর শুরুকে, স্টেট ট্রেডিং-এর কোণঠাসা করতে হয় তাহলে আবলন্দের এখানে খাদ্যনীতি এনে এালোচনা করা উচিত এবং এর বিরুদ্ধে যারা সমাজে আছে তাদের বিরুদ্ধে আমাদের ঐকাবন্ধভাবে আলোচনা করা দরকার। বিধানসভার কার্জ বিধানসভা কর্ক মল্টীম্বের কাজ মন্ত্রীরা কর্কে, জনসাধারণ ব্রুবে সংহতভাবে র্যাশনিং মনোপলি স্টেট ট্রেডিং আমাদের বাংলা দেশে চলছে। বাংলা দেশ সারা ভারতবর্ষের মধ্যে নৃত্ন পথের ইভ্গিত দেবে। আমি মনে করি এই বিষয়ে আর দেরী না করে অবিলম্বে মিটিং ডাকুন, আলোচনা সূর, করুন, আমাদের অধিকার প্রাদন করার পাকরে এবং উত্তর আমরা পাবো এবং আমরা নিজেদের নির্বাচন কেন্দে গিয়ে বলতে প্রবো যে এই স্টেট ট্রেডিং সঠিকভাবে পরিচালনা করা দরকার তা না জানার আগে পর্যশ্ত কিছতেই ব্রুতে পার্রাছ না সরকার নিন্দার সন্ধ্যে এই স্টেট ট্রোডং চান কি চান না।

Shri Cour Chandra Kundu:

মাননায় অধ্ক মহাশয়, এই যে প্রশ্নটা উঠেছে এই সম্বন্ধে আমি বলতে চাই। মাননীয় মুখামক্ষী যে খাদ্যনীতি গ্রহণ করেছেন সেই নীতির ফলে আমাদের বাংলাদেশে দর্ভিক্ষের অবস্থা দেখা দিয়েছে। আমি একটা অ্যাডজোর্নমেণ্ট মোশন দিয়েছিলাম যে আমাদের নদীয়া জেলাতে প্রায় দ্রভিক্ষের অবস্থা দেখা দিয়েছে সেখানে রেশান সপে চাল পাওয়া যায় না. বাজারে কোন চাল পাওয়া যায়না, লোকে না থেয়ে আছে। তাছাড়া আমরা দেখেছি গ্রামের চাষীদের মধ্যে এই প্রকিরোরমেণ্ট নিয়ে একটা চরম প্যানিকের স্থিত হয়েছে, চাষীদের মধ্যে একটা বিশৃৎথলা স্থিত হয়েছে এবং বিভিন্ন জায়গায় জনসাধারণের মধ্যে এই খাদানীতি সম্বন্ধে একটা বিশৃৎখলার স্ভিট হয়েছে। অথচ মুখামন্দ্রী এই আইন সভায় কোন রকম আলোচনা না করে একের পর এক বিবৃতি দিয়ে যাক্তেন আর সমসত চাল উধাও হয়ে যাচেছী এবারে তিনি যে কর্ডন করলেন সে সম্বন্ধ আইন সভার কোন রকম আলোচনা হল না। তিনি কাগজে একটার পর একটা বিব্তি দিরে বড় বড় চোরা কারবারীদের সূ্যোগ করে দিয়ে দেশকে দৃভিক্ষের কবলে ঠেলে দিছেন। সমস্ত বাংলা দেশের লোক আজ এই নিয়ে চরম চিশ্তিত। আমরা আইন সভার সদস্যরা এখানে এসে গভর্নমেশ্টের বিলের পর বিল পাশ করিয়ে দেবো তাথচ মুখামশ্চীর নীতির ফলে বাংলা আপনার কংছে আবেদন করছি যে, যে পয়েন্ট অব প্রিভিলেজ গত দিন উঠেছিল তার কোন ফরসলা হয় নি, আজ যে পরেণ্ট অব প্রিভিলেজ উঠেছে তার যদি ফরসালা না হর তাহলে মুখামন্দ্রী তাঁর নিজের একক নীতির ফলে দেশেকে জাহামামে পাঠিয়ে দেবেন। সেইজনা এই বিষয়ে আলোচনা করার জন্য আমি আপনার কাছে দাবী করছি যে আপনি পয়েন্ট অব প্রিভিলেজ গ্রহণ কর্ন এবং অবিলম্বে মুখ্যমন্ত্রীকে এখানে আসতে আপনি নির্দেশ দিন। তিনি এসে একটা বিবৃতি দিন আমরা আলোচনা করি, তারপর ষেটা ভাল হয় সেটা করা যাবে।

Shrimati Ila Mitra:

মাননীর অধ্যক্ষ মহাশর. এই যে এইভাবে আমরা আমাদের যে বন্তব্য রাখছি এতে দেখছি যে হাউসের স্পীরিট অত্যক্ত হালকা হরে যাছে, বিশেষ করে এই গ্রের্ছপূর্ণ ব্যাপারে। কাজেই আপনার কাছে আমি ডিমাণ্ড করছি আপনি এই ব্যাপারে একটা সিম্পান্তে এসে পেশিছান এবং একটা রায় দিন। আপনার কাছে আমরা সকলেই বিচার প্রার্থী। এইভাবে শুখা বার বার এই রকম কথা বলে কি লাভ আছে? এই রকম একটা গ্রুখণুণ বিষয়ে, বিশেষ করে আমরা আইন সভার সদস্যরা যখন বলছি এবং তার যখন কোন ফল হচ্ছে না তখন হাউসের স্পীরিটটা নণ্ট হয়ে যাছে। কাজেই এবারে আপনি কিছু বলুন।

[2-40--2-50 p.m.]

Shri Bhakti Bhushan Mandal:

মাননীয় স্পীকার মহাশয়, এই জিনিষটা অনেক দিন থেকে ভাওলেশন ঘটছে। প্রিভিলেজ কোশেচনটা প্রিভিলেজ কমিটিতে যদি না পাঠান হয় বা বিষয়টা নিয়ে যদি গ্রুত্বপূর্ণভাবে আলোচনা করে সিম্পান্ত না করা যায় তাহলে দুই পক্ষেরই একটা মিসকনসেপশান থেকে যাবে। সেজন্য আমি বলতে চাই যে ওয়ানস্ ফর অল ডিসাইড হওয়া উচিত। এবং যদি এটা হিথর হয় এবং হিথর হওয়া উচিত এবং হিথর হয়েছে যে মুখ্যমন্ত্রী কোন বিষয়ে সেশন চলা কলিন তার বক্তব্য এখানে পেশ না করে বাহিরে প্রকাশ করতে পারবেন না। যেটা এর আগে আপনি স্যাংশান দিয়েছেন যে হাা পারা উচিত নয় এবং পারেন না। সেটা যদি হিথরীকৃত হয় এয়জ এ কনভেনশান চীফ মিনিন্টার আমি মনে করি তিনি আর বেই হউন স্টেটের তিনি আরবান্ত দি ল নন, এবং about the procedure and convention.

তা যদি না হয় তাহলে তাঁকে এখানে আনার আপনার কোন অধিকার নাই। কিন্তু তাঁর বির্দেধ প্রসিডিং করা এবং সে বিষয়ে ডিসাইড করার ক্ষমতা আপনার আছে বলে আমি মনে করি। এবং মনে করি এই জন্য যে আপনাকে আমি অন্বোধ করব যে আপনি একট্ শন্ত হয়ে এখানে জার্ট ডিসিশান দিন। এবং ডিসিশান দিলে অন্তত বাংলাদেশের লোক ব্রুবে যে চীফ মিনিন্টার বাংলাদেশে হতব্দিধ হতে পারে কিন্তু হাউস যারা চালায় তাদের মধ্যে অনেক ব্লিখ্যান লোক আছে। আমি তাই আপনার কাছে এই হাউসের মর্য্যাদা রাখবার জনা বলছি এবং আপনি এই বিষয়ে একটা গ্রুব্ধুপূর্ণ সিন্ধান্ত নিন এবং সিন্ধান্ত নেবার পর যদি পানিশমেন্ট দেবার প্রয়োজন মনে করেন তাহলে দিন। এবং যাতে একটা স্থির সিন্ধান্ত নেওয়া হয় তার জন্য আমি আপনাকে অন্রোধ কর্যছি। এই জনা আমি এখানে এই প্রশ্নটা উত্থাপন করছি।

Shri Jiban Krishna Dev:

মাননীয় সভাপতি মহাশয় এখানে আমবা অনেক আগে থেকে দেখে আসছি যে আজকে খাদ্য ব্যাপারে যা ঘটছে তাতে আমরা মনে করেছিলাম যে সরকার পক্ষ থেকে এ্যাসেম্বলি এর আগে অধিবেশন ডাকবেন। কিন্তু আমরা দেখলাম না সরকার পক্ষ থেকে তেমন কোন উদ্যোগ নিতে। তারপর বছরের শেষে প্রাভাবিকভাবে যখন আর আাভয়েড করা গেল না এবং যখন অধিবেশন চলছে তখন আমরা দেখছি এ্যানেম্বলীকে বাদ দিয়ে বাহিরে থেকে আজকে মন্দ্রিসভা তাদের খ্রিসমত সমস্ত কাজ করে যাচ্ছেন। কাজের নম্নাটা কি এখানে আমরা যথন বসে আছি তখন মন্ত্রীমন্ডলী তারা বাহিরে তাদের খুসিমত বিবৃতি দিয়ে বেডাচ্ছেন। আমরা এখানে বেফয়দা वरम আছি। वाद कान मूला नारे। कान मात्र नारे। ये मिलामा एपक ५०।५२ जन या ठिक করে রেখে দিয়েছেন সেটাই চরম কথা এবং সব কিছু সেই ভাবে চলবে। তারা আমাদের এখানে রেখেছেন কিছু শোনার জন্য। তারা কেবল দেশের লোকের কাছে সাক্ষী হিসাবে, আমাদের আসামী হিসাবে এখানে রেখেছেন। আমরা বিরোধী পক্ষ স্বাধীনচেতা সদস্য নই। আমাদের রেখেছেন কাসটোডিয়ান হিসাবে। যে দক্ষেকস্থা আজ দেশের মধ্যে এসেছে তা আগামী বছরে আরও বেশী ভাবে তারা চালিয়ে যাবেন। অথচ তারা দেশের কাছে বলছেন যে আইন সভার সদস্যরা বিরোধ**ীদল** তারাও অনুমোদন করছে। আমরা নাকি তাদের এই সমস্ত কাজ এ্যাপ্রভ করোঁছ এবং সায় দিয়েছি। দেশের লোককে ধোকা দেবার জন্য এই সমস্ত ব্যবস্থা করা হচ্ছে। এবং আইন সভার সদস্য হিসাবে অমেরা বাধ্য হচ্ছি এদের এই ষড়যন্ত্র প্রত্যক্ষ না হলেও পরোক্ষভাবে সাহাষ্য করতে। সভাপতি মহাশয় আমি ব্যক্তিগতভাবে এর থেকে অব্যাহতি পেতে চাই। এর

কি উপায় আছে আমি জানি না। আমরা দেখছি আমাদের দলের বহু সদস্য আজও জেলের মধ্যে ► ब्रद्धार । তাদের কি অপরাধ তারা জানে না। আমাদের যারা শাসকদল তাদের অপছন্দ হলেই তাদের ধরে নিয়ে জেলে রাখে। এবং তাদের জেলে রেখে দিয়ে এইভাবে তারা তাদের কর্তব্য খালাস করছেন। আবার বাহিরে কিছু লোককে রেখে দিয়েছেন কবে কাকে নেবেন তা কেউ জানেন না। স্যার এমন কি আপনিও জানেন না। দুইদিন আগে আমি এবং আরেকজন সদস্য শিরালদহ দেটশনে যখন দাজিলিং মেল থেকে নামলাম তখন হঠাং দেখলাম ১০।১২ জন আই. বি, আমাকে ঘিরে ফেলেছে এবং তাদের মধ্যে থেকে দুইজন এগিয়ে এসে আমাকে জিজ্ঞাসা করল যে আপনি কোথা থেকে আসছেন। আমি তাদের বললাম যে বলব কেন. তখন তারা আমাকে वनन य आभत्रा आहे. वि. थिएक आर्माष्ट्र। এই त्रकम अवन्था माफिस्तर्राष्ट्र। এই त्रकम करत सारमत আপনারা পছন্দ করেন না তাদের জেলে পারে রাখছেন আর যাদের রাখেন নি তাদের প্রতি মহাতে এসপিওনেজ করে ঘেরাও করে রেখেছেন। এটাই একটা ইনডিকেশান সরকার কি নীতিতে চলেছেন। সরকার যে নীতি নিয়ে চলছেন তাতে আমরা পারত্কার জানি. বর্ঝি এবং মনে করি ষে আগামী বছর বিরোধীপক্ষীয় সদস্যদের ৪ ভাগের এক ভাগও আপনি দেখতে পাবেন না। হয়ত শেষ পর্যান্ত আপনি থাকবেন, হয়ত আমাদের পাঁচুদা যার কোন উপায় নেই তিনি থাকবেন কিনা তাকৈও রাখবেন কিনা জানি না। এই রক্মভাবে ও'রা রাজত চালিয়ে যাবেন। আইনসভা চলাকালে আমরা দেখেছি কাগজপতে যে ১০৬৮ পয়সা দরে সরকারের ডিস্টিক্ট কন্টোলার চাল বিক্রী করছেন এবং স্প্রিপত দিচ্ছেন। সরকারের তত্তাবধানে, সরকারী পরিচালনায় ১১৬৮ পয়সা দরে যেখানে চাল বিক্রী হতে পারে সেখানে কি অবস্থা সেটা স্যার আপনি বিবেচনা করে দেখুন। ব্রাক মার্কেটিয়াররা আবার ৩ ।৪ টাকা দরে বিক্রী করে। কাজেই আমাদের কর্মকর্ভারা নিজেরাই ১.৬৮ প্রসা দরে ডিন্ট্রিক্ট টাউনে ভাল চাল বিক্রী করেন। যথন অনেক চেন্টার্মেচি হৈ চৈ করা হল তথন তিনি বল্লেন নেপাল রাইস কিন্তু পরে জানা গেল যে নেপাল রাইস নয়। এমনিভাবে একটা অরাজক রাজত্ব চালিয়ে যাচ্ছেন প্রফল্লে সেন মহাশয় তার খাদানীতির নামে। তিনি পাইকারী বাবসা তলে দিলেন। পাইকারী বাবসা থাকা উচিত কি উচিত নয় এটা নাীতগত ব্যাপার, র্যাদও ওরা বলছেন যে এটা নীতির মধ্যে পড়ে না। আমরা বলোছলাম যে ভাগচাষীদের অবস্থা কি হবে। বাধ্যতামূলকভাবে ওরা বাজার থেকে বার্ডতি চাল কিনে নেবেন। ৭৫ কে জির বেশী কেউ বেচতে পারবেন না। আমরা বর্লাছ যে ডিসেম্বরের পরলা থেকে ৪০।৫০ লক্ষ মণ ধান ভাগচাষী সন্দ হিসাবে আজকে যারা মানি লেণ্ডিং বিজনেস করে তাদের দিয়ে দিচ্ছে। কারণ গভর্নমেণ্ট ভাগচাষীদের পয়সা দেয় না। তাদের বিশ্বাস করে না। কাজেই তাদের ধার নিতে হয় কাব্ লিওয়ালা, মহাজন, স্কুদখোরদের কাছ থেকে এবং সক্র হিসাবে তারা ধানটা দিয়া দেয়। গভর্নমেণ্ট কি ব্যবস্থা করেছেন। ডিসেম্বর মাসে যখন ধান কিনতে নামবেন তখন ৮ লক্ষ ভাগচাষী তাদের ধান সূদ বাবদ মহাজনদের গোলায় পেণছে দেবে এবং আসল বাবদ আরো কয়েক লক্ষ মণ প্রায় ১ কোটি মণ ধান অফিসাররা চোরাকারবারীদের বাড়ীতে পেণছে দেবে কারণ সে জানে সরকার টাকা পয়সা দেবে না। .একমাত্র মজতুতদাররাই তাদের টাকা দেবে। অতএব তাদের বাড়ীতে ধানটা দিয়ে দেবে। তা না হলে তারা ধার পাবে না। আমরা এ ব্যাপারে একটা প্রশ্ন করেছিলাম, সেটা ডিসয়্যালাউড হয়েছে। এটা নাকি আলোচনা হবে না। ৮ লক্ষ ভাগচাষী সরকারের কাছে টাকা পাবে কিনা, ভাগচাষীদের ধান নেবার জন্য সরকার কি ব্যবস্থা করছেন এটা र्यान आमता धथात्न आलाहना ना कतरा भारत जारल धरे आलाहना कतरान काथान्र—मार्ट. ময়দানে? সেথানে তো আবার পর্বলিস গদা হাতে নিয়ে দাঁড়িয়ে আছে, তারা বলবে ভাগচাষীদের নিয়ে মিটিং করছো। নিশ্চয়ই তোমাদের কিছু মতলব আছে এই বলে তো গ্রেশ্তার করবে। স্তরাং এখানে ভাগচাষী মধ্যচাষীদের কথা বলা যাবে না? খাদানীতি কি হবে সে সম্বশ্ধে আমাদের কিছুই বলা হবে না কেবল মন্দ্রিসভার কতিপর লোক খুসীমত বা করবেন তাই চলবে এই জিনিস হচ্ছে কিল্ডু এর পরিণতি অতিশয় ভয়াবহ। মিঃ স্পৌকার সাার, আমি মফঃস্বলের লোক অ,মি খুব বেশী এখানকার আলোচনায় যোগদান করি না কিণ্ডু আমি জানি যে সামনে কি ভরাবহ অবস্থা আসছে। কি কঠিন অবস্থা আছে। এখানে আমাদের হাসান সাহেব আছেন। তিনি দান্তিলিং-এর সদস্য, তাঁকে জিজ্ঞাসা কর্মন যে আজকে ফ্রন্টে যে তারাও সোলজার যুস্থ করে প্রাণ দিছে, রম্ভ দিছে, আপনি খোঁজ নিন দেখবেন দাজিলিং-এ তাদের বাড়ীঘরে আজ খাবার নেই এবং দ্র-দিন পরে দেখবেন তাদেরই ছেলে মেয়েরা খাদ্য চাই বলে ভূখা মিছিল করবে। তখন

শ্বাবার হয়ত প্রফ্,ল্লবাব্ বলবেন যে কমিউনিল্ট পার্টির লোকেরা আমাদের সৈন্যদের মধ্যে জশা। স্িটি করছে তথন হামাল সাহেবকে গ্রেণতার করবেন। আমাদের গ্রেণ্ডার করবেন কিন্তু আমারে গ্রেণ্ডার করে ডি আই রূল প্রয়োগ করে তাদের আটকানো যাবে না। মান্ব যথন থেতে পার না থেয়ে থাকে তথনই মিচিং, আন্দোলন, মিছিল হয়, কারণ এছাড়া আর কোন পথ নেই। কাছে মিঃ শ্পীকার স্যার, আমরা জানি যে আজ সরকার এই নীতি নিয়ে চলেছেন। আইনস্নানকো বাস্তে রাখা হয়েছে এবং আমাদের আসামী সাক্ষী করে রাখা হয়েছে দেখে লোকের কাছে বলার জন্য যে আমরা নাকি এ নীতি সমর্থন করি প্রফ্রেরাব্রের নীতির সমর্থ আমরা আছি। এ দ্রবক্থা থেকে অব্যাহতি আমরা চাই। আমরা চাই স্কুডাবে খাদ্য সর্মস্থ একটি সমাধান হোক, আজকে এটা নিয়ে আলোচনা, পরামণ্য করা হোক এবং এটা যদি না ই তাছলে অত্যন্ত অস্ক্রবিধা হবে বলে মনে করি।

[2-50-3 p.m.]·

Shri Sudhir Chandra Das:

মিঃ স্পীকার স্যার, আজকে একটা অর্ম্বাস্তকর অবস্থার মধ্যে আমরা পড়ে গোঁছ। আপন রুলিং দেবার পর আমরা আশা করেছিলাম যে কার্যসূচীর মধ্যে ফুড ডিবেট আপনারা নিশ্চয় রাখবেন। ৩ দিন আগে আপনার কাছে ফ্রড ডিবেট রাখা হয় নি কেন সে বিষয় উত্থাপ করতে গিয়েছিলাম এবং আশা করেছিলাম যে তাঁরা এটাকে প্রনার্ববেচনা করে বিসনেস কমি ডেকে একটা কিছু, ঠিক করবেন। কিন্তু কোন আত্মসন্মান বিশিষ্ট সভ্যের এখানে বসাই কুছ স্পীকারের এ বিষয়ে স্পন্ট রুলিং দেওয়া আছে যে এরূপ কোন খাদানীতি বা বিশেষ কোন নী **राज्ञान हमाकामीन कथन** र्जिन कनमान्हें ना करत प्रमर्थन ना निराम स्वायना कतरा भातरान ना অথচ খবরের কাগজে প্রকাশ করা হয়েছে যে ১লা ডিসেম্বর থেকে নতেন খাদ্যনীতি চাল্য করা হবে অর্ডার চলে গেছে, পাইকারদের ব্যবস্থা করা হচ্ছে, অথচ চাষীরা কি দাম পাবে খোলা বাজা থাকবে কিনা, মফস্বলে ধান চাল বিক্রি করা হবে কিনা এবিষয়ে মফস্বলের লোকেরা যথন আমা কাছে এসে জিল্পাসা করছেন যে খাদ্যনীতি কি তখন আমরা একেবারে নির্পায়। অথচ মুখ্যমন্ত্র এখানে এসে তিনি একটি স্টেটমেন্ট দেবেন সেটা নিয়ে এখানে আলোচনা করা হবে এটা তিটি পরিক্ষার আভাস দিয়েছিলেন। কিন্তু এ বিষয়ে একেবারে নীরবতা প্রকাশ করলেন। মুখ্যমন্ত্র এই হাউসে দাঁডিয়ে খাদ্যনীতির ব্যর্থতার কথা স্বীকার করেছেন। বিরোধী দলের সহযোগিত তিনি এবিষয়ে নেন নি। এই খাদানীতি কেন বার্থ হয়েছে, কাদের কর্ম কুশলতার জন্য? খাদ্য দণ্তর ना श्रीमा विकाश-यात्मत्र ৮० काश मार्टि किरके मिरत रतस्थरकन, ना भीनामका निरक्षता मन পাকাবার জন্য করছেন—এ সব কথা আলোচনা করলে অনেক জিনিস পরিষ্কার হতো। কিন্তু তিনি এই স্টেটমেন্ট দেওয়াতে স্পীকার-এর রুলিং দেবার পরেও হাউসের মর্যাদা তিনি নন্ট করলেন এজন্য আত্মসম্মান বিশিষ্ট সভ্যের পক্ষে ' এখানে বসে আলোচনা করা উচিত নয়। এখানে বিলের আলোচনা অভ্যন্ত লঘ্ব হয়ে দাঁড়িরেছে। কারণ আসল বেটা খাদ্য সেটাকে ভারা দুরে রেখে দিয়ে কতকগুলি বিল যেগুলি পরে আলোচনা করতে পারা যেত এবং এমন কতকগুলি অনাবশ্যক বিল আমাদের ঘাড়ে চাপিয়ে দেওয়া হচ্ছে সেগালৈ না আনলেই হত। সতেরাং আহি মনে করি স্পীকার যদি দৃঢ় হন এবং প্রিভিলেজ কমিটি যদি হাউস-এর মর্যাদা রক্ষার জন আলোচনা করেন তাহলে নিশ্চয়ই সংকটের অবসান হবে এবং সংখ্যাগরিণ্টতার দম্ভ শেষ হবে। বিজয়বাব, বললেন তালাচাবি বন্ধ করে চলে যান। আমাদেরও সেই মত। এখানে বিলের কোন আলোচনা ভাল লাগছে না যতক্ষণ পর্যশ্ত না খাদানীতি একটা দৃঢ় হচ্ছে অর্থাৎ আগামী মরস্ক্রমে थान हारमञ्ज क्या विक्रम, जात वर्णन वावस्थी हेजामि मुख्य, जार वारमाहमा ना कता हरव उजक्रम পর্যন্ত এ হাউস চালান উচিত নয় বলে মনে করি। বিরোধী দলের সকল সদস্যই এক মত হবেন যে খাদ্য বিতক হবে, ফুড পলিসি সম্পর্কে মুখ্যমন্ত্রী স্টেটমেণ্ট দেবেন এবং তারপর আমরা আমাদের কর্মনীতি স্থির করবো এবং বিরোধী পক্ষ থেকে আলোচনায় অংশ গ্রহণ করবো কিন স্থির করবো।

Shri Saila Kumar Mukherjee:

দ্যার: আমজ তিন দিন হল ভবিষাতের খাদানীতি নিয়ে মাননীয় সদস্যরা বিরোধী পক্ষের আপনার কাছে প্রিভিলেজ মোসান রেখেছেন। এর আগে ২ দিন আপনিও আপনার বন্তব্য রেখেছেন। নউব্ধ পেপার-এ একটা সংবাদ প্রকাশিত হয়েছে তা নিয়ে এখানে আলোচনা হচ্ছে। নিউব্ধ পেপার হচ্ছে ইন এ ডেমোক্রেটিক কার্নায় উই হ্যাব এ ফ্রি প্রেস। তারা বে সংবাদ পরিবেশন করেন তার বিরুদ্ধে কারুর কিছু, অভিযোগ নেই। কিন্তু আজকে যে অভিযোগ হল যে ভবিষ্যতে খাদ্যনীতি দম্পর্কে যেটা বেরিরেছে ওয়ান অব দি এ্যাডামনিম্প্রেটিভ স্টেপস অব এ ডিসিশন কিল্ড এটা ২ মাস আগে ক্যাবিনেট গ্রহণ করেছিল। ভবিষাৎ খাদানীতি এত বাপেক এবং প্রেখান প্রেখর পে যটার নানান দিক আলোচনা করবার আছে সেটার সম্পর্ণে চিত্র গ্রহণ করা সম্ভব নর। তা ছাড়া ন্তন খাদ্যনীতি আসবে ১লা জন ১৯৬৬ থেকে। এখনও পর্যান্ত পরোন খাদ্যনীতি পরিবর্তন করা হয় নি। যা করা হচ্ছে তা হচ্ছে প্রস্তৃতি পর্ব। অর্থাং যা ডিসিসান নেওরা হয়েছিল কেবিনেট থেকে সরকারের কর্তব্য হচ্ছে সেগর্নাল সম্বন্ধে এ।ডোর্মানস্টোটভ ডেটপ নেওয়া। খবরের কা**গজে** কি বেরিরেছে তা থেকে যদি বলেন যে মুখ্যমন্ত্রী খাদানীতি ঘোষণা করেছেন তাহলে বলবো সেটা ঠিক নয়। এই হাউসে কর্মাম্লটলি এয়াসওরেন্স দেওয়া হয়েছে যে ভবিষ্যতে খাদানীতির চিত্র যখন সম্পন্ন হবে তখন নিশ্চয়ই আলোচনা করবো, তা থেকে সরকার নিশ্চয়ই সরে দাঁড়ান নি। আমি বলবো যে খাদানীতি গ্রহণ করা হয় নি আজকে এক একটা স্টেপ নেওয়া হচ্ছে ভবিষ্যতে খাদ্যনীতি সম্পর্কে। সতেরাং এর বিরুম্ধে কোন প্রিভিলেজ মোসান আসে কিনা সেটা বিচার কর্ন, কারণ এটা সম্পূর্ণ আপনার এত্তিয়ারের বিষয়।

Mr. Speaker:

মল্লিমহাশয় ক্যাটিগোরিকালি বলেছেন যে যখন ন্তন খাদনীতি সম্পূর্ণ রূপে নেবে তথন হাউসে ডিসকাসান করা হবে।

Shri Bejoy Kumar Banerjee:

মুখ্যমন্ত্রী আসছেন না কেন? এভাবে ধামা চাপা দিয়ে লাভ কি?

Mr. Speaker:

একজন মন্ত্রী বললেই তার একই ভ্যাল, থাকে।

Shri Panchu Gonal Bhaduri:

াপনার রালিং দেবার আগে আমাদের কি কোন রাইট অফ রিপ্লাই আছে?

Mr. Speaker:

প্রিভিলেজ পরেন্টে আগর্বমন্টে রি'লাই থাকে না, যদি থাকতো তাহলে আমি শ্নতাম। বিকজ ইউ উইল বি হেলাপিং দি ইস্। সে ডিসিসানের জন্য হোয়েদার ইট ইস এ পরেণ্ট অফ প্রিভিলেজ—এ বিষয়ে আমি কিছু বলতে বলি ন। বরং আপনারা যেগ্লি বললেন যে কাগজে কোন স্কীম কোন পলিসি দিয়েছেন কিনা, খবরের কাগজে বেরিয়েছে কিনা এবং ডবিষ্যং পলিসি হলে হাউসে বলবেন কিনা এই তিনটা পরেণ্ট। আপনারা বললেন নট অন দি পয়েণ্ট অফ প্রিভিলেজ অতএব প্রিভিলেজের পয়েণ্ট এটা বলবার কোন প্রয়োজন নেই যখন আমি ডিসিসান আগেই দিয়ে দিয়েছি। আমি এ ডিসিসান দিছি যে "অধিকারগত প্রশন উঠে না, এই রুলিং এই পয়েণ্ট আমি প্রেই দিয়াছি এবং আমি সেই ডিসেসান রি-ইটারেট করবো। খবরের কাগজে কি প্রকাশ হয়েছে তার সত্যাসতা সেটি নিউ পলিসি কিনা তাহা আমি কিছুই বলিতে পারিব না। আমি এই মাত্র বলতে পারি যে যদি কোন নিউ পলিসি থাকে ও হাউস যদি সেসান্-এ সেই সময়ে বসে তবে পলিসি হাউস-এ প্রথমে জানান উচিত। কিন্তু তাহা না জানালে অধিকারগত প্রশন উঠে না"। যেটা আমি আগেই বলেছি সেটার প্রনেরাব্তি করলাম। উনি শেষ সিম্পিউসানও জানিয়ে দিলেন।

Message

[3-3-10 p.m.]

Secretary (Shri P. Roy): Sir, the following message has been received from the West Bengal Legislative Council, namely:—

"The West Bengal Legislative Council at its meeting held on the 9th November, 1965, agreed to the Calcutta Municipal (Second Amendment) Bill, 1965, without any amendment.

Calcutta: The 10th November, 1965.

> PRATAP GUHA RAY, Chairman, West Bengal Legislative Council."

Covernment Bills

The West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965

Mr. Speaker: Now, the West Bengal Panchayat and Zilla Parishads (Amendments) Bill, 1965. There are motions for circulation of the Bill of All the motions are in order and taken as moved. Now, Shri Gour Chandra Kundu may speak.

Shri Gour Chandra Kundu: Sir, I beg to move that the West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

মাননীর অধ্যক্ষ মহাশয়, যে বিলটি, এরামেন্ডমেন্ট বিল হিসাবে আমাদের সামনে উপস্থিত করেছেন, সেটি যদি ও একটি এ্যামেল্ডমেন্ট বিল, কিন্তু বিলটি খুব গুরুত্বপূর্ণ। কারণ বাংলা দেশের লক্ষ্ণ, লক্ষ্ণ গ্রামের লোকে, যাঁরা স্বায়ত্ব শাসনের অধিকার লাভ করেছেন তাঁদের সংগ্রামের ব্বারা, সেই স্বায়ত্বশাসনের অধিকারের মধ্যে বহুবিধ গলদ আজকে এই কংগ্রেস সরকার ঢুকিরে দিয়েছেন সেই জন্য এই বিলটি আলোচনা করতে গিয়ে একটা মৌলিক অধিকারের কথা এসে পড়তে পারে। অতএব আমি প্রথমে বলবো বখন জেলা পরিবদ বিল, ও পঞ্চায়েত বিল এখানে আলোচনা হয়, তখনও আমরা অনেকগ্নলি মৌলিক অধিকারের কথা বলে ছিলাম, সেই কথাগ্নলি এখনও উল্লিখিত হতে পারে। আমি আশা করবো মলিয়মহাশর, সেগ্রনির সম্বন্ধে চিন্তা করবেন, এবং যথাযথ উত্তর দেবেন। প্রথম কথা হচ্ছে, আজকে এই যে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা করার জন্য প্রচেণ্টা স্বর্ হরেছে, সেই পঞ্চায়েত রাজ ভারতবর্ষের অন্যান্য প্রদেশে যে ভাবে আছে, এখানে একটা অঞ্চল পঞ্চায়েত, একটা অঞ্চল পরিষদ, এই রকম জিনিষ করা হয়েছে। কিন্তু আমরা অন্যান্য প্রদেশের খবর জানি, যে সেখানে তাঁরা গ্রাম পঞ্চায়েতগ্রনিকে, অত্যণ্ড ব্যাপক ক্ষমতা দেওরা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন বে স্বায়ত্বশাসনের কথাটা হচ্ছে আমার এলাকার কিছাবে কাজ চলবে, তা আমি নিজে নির্ধারণ করবো। মিউনিসিপ্যালিটিগুলিতে দেখা বায় সেখানে মিউনিসিপ্যালিটির ভিতর বাঁরা বসবাস করেন, ভারাই সেখানকার সমস্ত কাজকর্ম পরিচালনা করেন। অর্থাৎ সেখানকার স্যানিটেশান থেকে আরুভ করে. টাাক্স কলেকসান প্রভৃতি সমুস্ত কিছু ব্যাপারে সেখানকার মিউনিসিপ্যালিটির একট্য সার্বভৌম অধিকার থাকে। কিন্তু আমরা দেখছি যে আমাদের গ্রামে পঞ্চারেতগংলো নামকো আর্ন্টে

াঠন করা হরেছে। সেখানে তাদের উপর কতকগুলি কাজের দায়িছভার দেওরা হয়েছে। কিন্তু স্থানকার আসল কাজ হচ্ছে কেবল ট্যান্ত সংগ্রহ করা। অর্থাৎ সেখানকার প্রত্যেকটি লোকের ধরর গ্রাম পঞ্চারেতের সদস্যরা যে ভাবে জানবেন, অঞ্চল পঞ্চারেত বা জেলা পরিষদের সদস্যরা ঠক সেইভাবে জানতে পারবেন না। গ্রামের লোকের কার কত ইনকাম, কার কত ট্যান্ত হওরা টচিত, কিভাবে তারা ট্যান্ত দেবেন, সেটা গ্রামের লোক, বাঁরা গ্রাম পঞ্চারেতে আছেন, তাঁরা যে ভাবে জানবেন, বাইরের লোক, যাঁরা অঞ্চল পঞ্চারেত বা জেলা পরিষদে আছেন, তাঁদের পক্ষে সেই ভাবে জানা সম্ভবপর নয়। আজকে সেই মৌলিক অধিকারটা গ্রাম পঞ্চারেতের হাত থেকে কেড়ে নেওয়া হচ্ছে। এবং সেটা কেড়ে নিয়ে, অঞ্চল পঞ্চারেত ও জেলা পরিষদের হাতে সেটা তুলে দেওয়া ইচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জিজ্ঞাসা করছি অণ্ডল পণ্ডায়েতের কী ফাংসান? আমরা তার কোন ফাংসান দেখিনা একমাত্র ট্যাক্স বসান ছাড়া এবং সেই ট্যাক্সের টাকা ভাগাভাগি করে দেওয়া ছাড়া। গ্রামের উন্নতির জন্য স্যানিটেসান, রাস্তাঘাট ইত্যাদি সমস্ত বিষয় কিভাবে হবে তা তাদের উপর পড়ল না। সমুহত কিছু গ্রাম পঞ্চায়েতের ভাগে পড়ল। এই অঞ্চল পঞ্চায়েৎ কেবল ট্যাক্স ইমপ্রজিসান করবেন এটা এ্যামেন্ডমেন্ট এর মধ্যে আছে। কিন্তু আমার বন্ধবা হচ্ছে গ্রামপঞ্জায়েংকে সেই ট্যাক্স ইমপজিসান-এর ক্ষমতা দেওয়া উচিত। আমি বিশ্বাস করি অঞ্চল পলাযেং যেভাবে গঠিত হয়েছে তাতে সেখানে কেবল ব্লিখমান ব্যক্তিরা আছেন, আর গ্রাম-পণায়েতে কতক্যুলি অর্বাচীন লোক আছে এই ধারণা ঠিক নয় ভূল। এই গ্রাম পণারেতের মধ্যে ও অনেক ব্রুদ্ধিমান বিচক্ষণ লোক থাকবে এবং অণ্ডল পণ্ডায়েতে ও অনেক ব্রুদ্ধিমান লোক থাকবে। কাজেই এই গ্রামপঞ্চায়েতের উপর যথাযথ বিশ্বাস স্থাপন করা উচিত বলে আমি মনে আমি এই অঞ্চল পঞ্চায়েংও অঞ্চল পরিষদ তলে দেওয়ার পক্ষপাতি। আমি বলবো মন্ত্রী মহাশয় যদি একটা ঘারে ইনকোয়ারী করে দেখেন, তাহলে দেখবেন যে জিনিষগালির প্রয়োজন নাই এমন একটা সিস্টেম আমাদের ঘাড়ের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। আমাদের বিভিন্ন প্রদেশের কথা আগেই বলেছি পণ্ডায়েৎ রাজ যেখানে প্রথম স্ক্রে, হয়েছিল উত্তর প্রদেশে,° যেখানে এই অঞ্চল পঞ্চায়েং ও আঞ্চলিক পরিষদ নাই। এই ইউ পি, বিহারে কি হলো তা দেখার প্রয়োজন নাই। আমরা দেখছি অঞ্চল পঞ্চায়েংগ, লি বসেন মিটিং করেন এবং যথন কোন কাজ করতে হয় ধরুন কোন রিলিফ দিতে হয় বা ট্যাক্স কসাতে হয়, জি আরের লিস্ট দিতে হয়, তখন এই গাম পঞ্চায়েতের বিশেষ কোন কাজ নাই। কতকগুলি লোককে প্রোভাইড করবার জনা, কতকগুলি লোককে কংগ্রেসের দলীয় তাঁবে রাথবার জন্য এই অঞ্চল পঞ্চায়েৎ সূচিট করা হয়েছে। আর এই আঞ্চলিক পরিষদের কি ফাংসান থাকতে পারে? সব কিছুতো বি ডি ও অফিসার-এর কাজই করা হয়। এই বি ডি ও অফিসের মাধ্যমে জেলা পরিষদের তরফ থেকে যে লোন আসে তা বিল কটা করা হয়। এ ছাড়া আঞ্চলিক পরিষদের আর কোন ফাংসান নাই। বি ডি ও সাহেবের অফিসাররা যা কিছু করবার তা করেন, তাদের সঞ্গেই ডাইরেক্ট যোগাযোগ জেলা পরিষদের এই ফাংসানগ্রাল যদি গ্রাম পণ্ডায়েতের মাধ্যমে হয়। তাহলে কাজগ্রাল ঠিকমত হতে পারে এবং স্বায়ত্বশাসনের কাজগর্নানও সর্ক্তর্ভাবে হতে পারে। সেদিকে লক্ষ্য রেখে বলবো এই অঞ্চল পঞ্চায়েং, ও আঞ্চলিক পরিষদ রাখার কোন যুক্তি নাই বা দরকার ও নাই। কেবল কতকগ্রলি দট্যান্ডিং কমিটি বা কমিটি করে পার্বালকের টাকা পরসা তচনচ হয়ে যাছে। এটা তিনি ভাল করে জানেন।

তিন নন্দ্রর পরেন্ট হচ্ছে নৃত্ন একটা ক্লজ্ এখানে থেকে করা হরেছে। ট্যাক্স আগে ঠিক হরেছিল জমি বা বাড়ীর মৃল্যের উপর না, ইনকামের উপর করা হবে ঠিক ছিল। এখন তারা বলছেন জমি এবং বাড়ীর মৃল্যের উপর এই ট্যাক্স ধার্য করা হবে। এ বিষরে মানানীর মিন্দ্র-মহাশয়কে একট্ চিন্তা করতে অনুরোধ করছি। ঐ যে ট্যাক্স করা হবে ২ পারসেন্ট পার ইয়ার হবে বলেছেন, তা করলে কি হবে? ধর্ণ গ্রামের লোক যার ৫ বিঘা জমি আছে চাবী পর পর কয়ের বছর ফসল হল না, তার ফলে ট্যাক্স দেওয়ার আর তার ক্ষমতা থাকবে না। তা ছাড়া বর্তমানে তার কি ইনকাম ডা গ্রামপঞ্চায়েতের লোক জানে। একজন গর্র গাড়িওয়ালার কি ইনকাম সেটা গ্রামপঞ্চায়েতের লোকে জানে। কাজেই এখন যা ট্যাক্স ধার্ম্য করবার পশ্বতি আছে, সেই গ্রাম পঞ্চায়েতের লোকের হাতে ভার দেওয়া হলে এটা সুন্ধুভাবে হতে পারে। তা নাহলে খুবই

क्रमानिधा शत। धर्मन अकिंग लाक शास्त्र त्रसाह, मश्त्रत मार्था वाफ़ी आहर, आत्र अक्कन् চাৰী বার জীবনধারণের জন্য যে ন্যুনতম জমি থাকা উচিত তা নাই. সে ক্ষেত্রে ঐভাবে জমির জালের উপর বদি টাব্রে ধরা হয়, তাহলে সেই টাব্রে তার পক্ষে খুব বেশী হয়ে যাবে। আর একটা পরেন্ট বলে আমি শেষ করবো সেটা জেলা পরিষদের সভাপতি এবং অঞ্চল পরিষদের সভাপতিকে বে মাইনে দেবার প্রশ্ন উঠেছে সেটা চিন্তা করবার বিষয়। কারণ আজকে জেলা পরিষদের সভাপতি যদি বিজেসবাব, হন তাহলে তিনি এখান থেকে মাইনে পাবেন আবার ওখান থেকেও মাইনে পাবেন, দুর্নিক থেকেই মাইনে পাবেন। সেইজন্য আমি ঐ প্রতিশন উঠিয়ে দেওয়া কর্তবা বলে মনে কবি।

[3-10-3-20 p.m.]

Shri Bhakti Bhushan Mandal: Sir. I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 4th February,

মাননীর স্পীকার মহাশয়, এই এ্যামেন্ডমেন্টটা ষেভাবে আনা হয়েছে তাতে আমি প্রথমেই আইন-সংগত একটা অবজেকশন তলছি। কারণ ওয়েন্ট বেংগল পঞ্চায়েত এ্যাক্ট বলে একটা এ্যাক্ট পাশ করা আছে এবং ওয়েন্ট বেপাল পঞ্চায়েত এটা বলে আর একটা এটা পাশ করা আছে, দটোকে কমবাইন করে এক সণ্গে এই যে এ্যামেন্ডমেন্ট করা এটা আইনসংগত কিনা সেটা মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে বলছি। কারণ দুটোর ভিতরে অনেক কিছু, প্রভিশন আছে যে প্রভিশনগর্নল जामामा जामामानाद विद्युक्ता करा इस्स्टिन ध्वर स्थात अक्टी धारमन्द्रमणे विस्तृत न्वारा महरो। এাাইকে এাামেন্ড করা এটা আমরা হিস্তিটিতে দেখিনি, আমার মনে হচ্ছে এখানে এই রকম প্রিসিডেন্ট আছে কিনা জানিনা। আমার মনে হয় এটা করা ঠিক হবে কিনা জানিনা, এটা র্যাদ कार्टे अव म এ यात्र जाराम अमे किया किया महिला अमे कर्जा । अवः स्मर्रेका मन्त्री মহাশয়কে এ বিষয়ে চিম্তা করতে বলছি। দিবতীয়ত আমি বলতে চাই এই বিলের ভিতরে দটো অংশ আছে, একটা হচ্ছে পঞ্চায়েত আৰু সন্বন্ধে, আর একটা হচ্ছে জেলা পরিষদ আই সন্বন্ধে। ख्या भविषम आहे मन्दर्य वना शरहा य क्यावमान जारेम क्यावमान अव खना भविषम **এদের সব বেতন হবে এবং অঞ্চল পরিষদে যাঁরা প্রেসিডেন্ট হবেন, ভাইস** প্রেসিডেন্ট হবেন, তাদের বেতন হবে এবং প্রেসক্রাইবড অর্থারিটি সেটা করবেন। এখানে আমার বন্ধবা হচ্চে যে আমাদের এ বিষয়ে খবে বিরোধিতা করত হবে এইজনা যে যদি আমার এর স্থাকচার লক্ষা করি জেলা পরিষদ এবং আণ্ডলিক পরিষদের তাহলে দেখবো কংগ্রেস তার নিজের কাজ সূত্রিধা করার জন্য আজ সারা বাংলা দেশে বেভাবে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট আগুলিক পরিষদে করেছেন আন্ত্রপ্রক্রান্ত্রিক ওরেতে তাতে তাদের লোকদেরই টাকা দেওরা হবে। এটা খবেই অন্যায় হবে এবং আমি বলবো আমাদের প্রত্যেকের এটার ভীষণভাবে বিরোধিতা করা উচিত। আমি অবশা এটা বলতে পরি আমার এলাকায় সারা বাংলা দেশের মধ্যে আণ্ডলিক পরিষদের প্রেসিডেন্ট আমাদের লোক হয়েছে, তব্ ও কেন আনডেমোক্র্যাটিক বলছি সেটা শুনুন। কারণ আমরা, এ রাজ্যের বলেছি জেলা পরিষদ বিল যখন এসেছিল তখন তাতে চারটি নমিনেটেড সদস্য রাখা হয়েছে, ফর্মেসানটা দেখা দরকার কিভাবে জেলা পরিষদ এবং আণ্ডালক পরিষদ তৈরি আছে। এখন এই জেলা পরিষদ এবং অণ্ডল পরিষদের ৪ জন মেন্বারকে নিমনেট করছে কে? না পশ্চিমবঙ্গা সরকার। কারা নিমনেশন পেরেছেন? না নিমনেশন পেরেছেন এমন লোক কংগ্রেসের যাঁরা সহধর্মিণা. বেশার ভাগ সহধর্মিণাদৈরই মনোনীত করা হরেছে। এমনও পর্যন্ত আমরা দেখেছি যিনি বাইরে কোন দিন বের হননি তাঁকে পর্যন্ত আঞ্চলিক পরিষদের মেশ্বার করে দিরেছেন। তাদের মেশ্বার করে দেবার পর বাকী দর্জন মেশ্বার হরেছে কোঅপশনে এবং সেটাও ওপেন ভোটে হরেছে। প্রথিবীতে ষেখানে সিকরেট ব্যালট ব্যবস্থা আছে সেখানে আপনারা ওপেন ভোট করছেন। এইভাবে ৬ জন মেশ্বার কংগ্রেস হাতে গালে রেখে তারপর বলছেন অঞ্চল পরিষদ তৈরী কর্মন। এই বে আনচিমোক্রেটিকওরে অধিকাংশ জারগার সেকটিন্টরা হেরে বাবার কারণই হচ্ছে এইটা। বেখানে প্রার সমান সমান আণ্ডলিক প্রধান ছিল সেখানে সেই ৬ জন মেন্বার ওরেড করে দিয়ে অর্থাৎ এটাকে যোগ করে

দেবার পর লেফটিন্টরা অটমেটিক্যালি হেরে গিয়েছে। আমার অঞ্চলে অবশ্য ব্যাপারটা আলাদা হরেছে. সেখানে আমরা এত একসেপশনালি স্থাং যে সেখানে কাগ্রেসের মাত্র দ'লেন প্রধান ছিল, আমাদের ছিল ৯ জন, কাজেই সেখানে তাঁরা ঐ ৬ জন যোগ করেও জিততে পারেনি। তব্ আমি নীতির দিক থেকে বলছি যে এটা অত্যন্ত অন্যায় হচ্ছে। সারা বাংলা দেশে এই রকম কুকার্য, অন্যায় কার্য করে তাঁদের সব জারগায় চেরারম্যান এবং ভাইস চেরারম্যান প্রেসিডেন্ট এবং ভাইস প্রেসিনডন্ট করতে চাইছেন এবং আন্ধকে সেন্ধন্য তাদের পোষবার জন্য এই বিলটা নিয়ে এসেছেন। এই বিলটা আমরা সর্বান্তঃকরণে সমর্থন করতাম যদি দেখতাম যে এই লোক বারা ইলেকটেড হয়েছে তারা প্রকৃত গণতান্দ্রিক উপায়ে ইলেকটেড হয়েছে। কিল্ড তা হয়নি। কারণ ৪ জন নমিনেশন পেয়েছে আর ২ জনকে ওপেন ভোটে দেওরা হয়েছে কাজেই এর চাবিকাঠি রেখে যদি আপনারা বলেন যে আমরা গণতল কর্বাছ এবং আমরা গণতলের পঞ্জারী তাহলে আমি মনে করি ভারতবর্ষের এই গণতন্দ্র দেখে অন্যান্য গণতান্দ্রিক দেশ হাসবে এবং বলবে যে বোকা বোঝান হচ্ছে। তাই আমি বলছি এই যে ও'দের বেতনের কথা বলা হয়েছে এটা কংগ্রেস তার নিব্দের স্বার্থে এবং সূর্বিধা বিশেষভাবে পাবার জন্য এই বিশ্বটা এনেছেন। আর একটা কথা আমি বলতে চাই এখানে বলা হয়েছে যে চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান অব দি জেলা পরিষদ আর প্রেসিডেন্ট অথবা ভাইস প্রেসিডেন্ট অব দি আর্দ্ধালক পরিষদ এবা ফাইনান্স এবং এন্টাবলিসমেন্ট ব্কমিটিতে পদাধিকার বলে চেয়ারক্ষান হবেন। আমি এটার বিরোধিতা করছি এইজন্য যে একটা ব্যালেন্স অব চেক ছিল, থিয়ের্নির অব চেক এয়ন্ড ব্যালান্সে দেখা গিয়েছে যে কোন জায়গায় এমন অবস্থা হয়েছে যেটা এস্টাবলিশমেন্ট ফাইনান্স কমিটি বলে সেখানে অন্য লোক প্রেসিডেন্ট হয়েছে, অন্য লোক চেয়ারম্যান হয়েছে কিন্ত এখানে কি করে দেওয়া হচ্ছে, না, ঐ যে অগণতান্মিক উপায়ে দুজন লোক ইলেকটেড হয়েছে তাদের সমুষ্ঠ ক্ষমতা দিয়ে দেওয়া হচ্ছে। তারা টাকাটা চরি, জুয়াচরি, বাটপারি, যাথ,শি তাই করবে কিল্ড তা কোন জায়গায় চেক হবার কোন উপায় থাকবে না। সৈজন্য আমি বলতে চাই ফাইনান্স, এন্টার্বলিসমেন্ট किमििंग्रें अमिरिकात वाल य एउत्रातमान এवः प्रानिष्टक्ते शत अपे सम्पूर्ण अनाम शक्त অগণতাল্যিক হচ্ছে। কারণ আমরা জানি কি সব মাল প্রেসিডেন্ট হয়ে আসে আঞ্চলিক পরিষদে আর কি সব লোক চেয়ারম্যান হয়েছে জেলা পরিষদে। এই সব লোকদের যদি এপ্ট্যার্বালসমেপ্ট এবং ফাইনান্স কমিটিতে পাঠান হয় তাহলে এই টাকাগুলি যে রকম কোরাপটেড ওয়েতে খরচ হবে সেটা একট, চিন্তা করে দেখবেন এবং চিন্তা করে দেখে আমার মনে হয় ফাইনান্স এবং এস্ট্যার্বালসমেন্ট কমিটিতে অন্য বরং একজন চেয়ারম্যান আপনাদের করা উচিত। সেজন্য আমি বলছি যে এই যে বিলটা আনা হয়েছে এই বিলটার সম্পূর্ণ সার্কুলেশন করা দরকার। এই সংগ্র আমি আর একটা কথা বলি সেটা হচ্ছে ওয়েন্ট বেশল পন্ধায়েত এট্ট এবং জেলা পরিষদ এট্ট এই দুটি এট্রেক কমবাইন্ড করে যদি একটা কর্মপ্রিহেনসিভ এট্রেট তৈরী করতেন তাহলে ফ্রম দি ভেরি বিগিনিং টু দি ডিস্ট্রিক্ট লেভেল আমরা সমস্ত জিনিসটা পেতাম। কিন্তু সেইভাবে বিলটি তিনি নিয়ে আসেন নি, শুধু একটা প্যাচ্ ওয়ার্ক করবার জনা বিল এনেছেন। रमक्रमा आमि वलाउ हारे अशासाउ कार्ड बदर स्क्रमा श्रीत्रवर क्यार कम्पारेन करत करा কর্মপ্রিহের্নাসভ এট্রে করা হোক এবং সেটার যে কোন নাম দেওয়া যেতে পারে এবং সেইভাবে করা । ছব্ব তবর্তি

[3-20-3-30 p.m.]

আরেকটা কথা বলতে চাই বে এটা আনলেন অথচ স্কুল বোর্ডের যে ব্যাপারটা সেটা চাপাই থাকলো সেটা এল না এই বিলের ভিতর দিরে। আমরা দেখেছি এই স্কুল বোর্ডের ফাংসানটা কি অবস্থার এসে পোছবে। যখন একটা এ্যামেন্ডমেন্ট আসছে তখন সমস্ত ব্যাপারগালি চিন্তা করা উচিত ছিল। আমি দেখি সেটা সন্বন্ধে কেবল কিছুই করা হরনি। আরেকটা কথা ভালিরেসান সন্বন্ধে বলেছেন টাঙ্কেশন ব্যাপারে সেটা একট, ভালভাবে দেখতে বলি কারণ ২ পারসেন্ট বেটা বলেছেন এই আনেসমেন্ট্রাল কারা করবেন ভার কি কেমন প্রান্তিনার অগ্নছে এবং এই সব করার ফলে দেখা যাবে বে এমন একটা অবস্থার দাঁড়াবে বে গ্রামে এই নিরে দলাদালি আরম্ভ হবে। সেজন্য বলাছি কিভাবে কালেকসান হবে ভালিরেননটা একটা বেলিস্যু এখানে

দেওরা উচিত ছিল বলে আমি মনে করি। সেজন্য এই বিলের বিরোধীতা করছি এবং ফালকুলেসন-এর দাবী জানাচ্ছি।

Deputation of Rickshaw pullers

Shri Monoranjan Roy:

লাপনার মাধাম এখানে বলতে চাই এখানে চীফ মিনিন্টার বা শ্রমমন্টাও নেই কিন্তু প্রার ২০ হাজার রিন্দাপ্রার তারা এই এয়াসেন্বলীর কাছে অপেক্ষা করছেন যদি মন্টাদের কেউ বেতে পারতেন তাহলে রিন্দাওরালাদের কিছ্ বলতে পারতেন। বেন্টিক জ্বীটের উপর দিয়ে কার্নিন্দার রাজ্য জারতেন। বেন্টিক জ্বীটের উপর দিয়ে কার্নিন্দার মাল নিয়ে লোক চলাচলের বন্ধ করে দেবার ফলে তাদের শুধ্ আর্থিক ক্ষতি হয়েছে তা নর। জনসাধারণের এবং ছোট ছোট দোকানদার এবং যারা বাবসা করেন তাদের ভীষণ অস্ক্রিধা হয়েছে। এতে স্যার আরও মালের দাম বেড়ে যাবে। টাক্সিতে গোল সেই ভাড়া তাদের মালের উপরে চড়বে। ঠেলা গাড়ীও বন্ধ। সেজনা রিক্ষার ব্যবন্ধা যাতে হয় তারজন্য দারী জানিয়েছে। টেন্পো করে মাল নিয়ে গোলে তার ভাড়াও বেশী পড়ে। এবং রিক্সাপ্রলার এবং প্যাসেঞ্জারকে প্রলিস মারধর করছে। স্যার, সেখানে অরাজকতা লাছে। তাদের এত বেশী ফাইন করছে যে তারা দিতে পারছেনা। এই জ্বাম বন্ধ করা দরকার। তারা একটা মেমারেন্ডাম নিয়ে এসেছে সেটা আপনার কছে দিছি।

The West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965.

Shri Aswini Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st December, 1965.

এই বিলাটা জনমত প্রচারের জন্য আমি মোসান দিয়েছি এবং সেটা সমর্থন করে বলছি। প্রথমে গক্তে দুটো বিল আলাদা আলাদা কেন এক সংগ্যে আনছেন। একটা হচ্ছে পঞ্চায়েত এয়াই आदकों इतक स्कला भीवरूप आहे। अथन अर्थे मुट्टी विन जानाव উल्पन्ध शरू मनमास्पव একটা ধোকার ফেলা। এখন এই যে সংশোধনী বিলটা আনা হয়েছে তাতে উদ্দেশোর ক্ষেত্রে বলা হরেছে বে সেকশান টু আই যে ব্রুটিটা ছিল সেই ব্রুটিটা হাইকোর্ট থেকে দেখিয়ে দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সমস্ত বিল আলোচনা হয় নির্বাচনের ক্ষেত্রে তথনই আমরা একটা বলে থাকি যে প্রেসক্রাইবড় অর্থারিটি কথাটাকে ভেগ রাখবেন না। এই প্রেসক্রাইবড় অর্থারিটির জায়গায় একটা অন্তত বেসিস থাকা উচিত পপ্রেশান যাই হউক ওরা আমাদের কথা শ্নেলেন না--না করার পর এই বার হাইকোর্ট থেকে একটা স্থিকচার দিয়েছেন বে এই ৰে গ্রাম সভার ৰে ভিতটা হবে সেটা অনুদি বেসিস অবুদি মেশ্বারস অবুদি গ্রাম সভা। যাদের ২১ বছরের বেশী বয়স তাদের নিয়ে হবে। এতদিনে ও'রা এইট.ক পরিবর্তন করছেন। এখানে উন্দেশ্যের মধ্যে কি বলছেন সে অঞ্চল পশ্চায়েতের যে সমস্ত সদস্য আছে তাদের সংখ্যা কমানো সেক্ষেত্রে অধ্যক্ষ এক্স অফিসিও হিসাবে ও'রা ঢুকিরে দিচ্ছেন। এখানে মাননীর অধ্যক্ষ মহাশর, পঞ্চারেড আইনে এমন কোন বাধা নেই বে অধ্যক্ষ থেকেও তিনি অঞ্চল পণ্ডারেতের নির্বাচন প্রাথী হতে পারবেন না। কাজেই এই ধরণের বেটা করার মানে হচ্ছে এক অফিসিওর সংখ্যা ভালভাবে অঞ্চল পণ্ডায়েতে বেশী হয় সেই একটা উন্দেশ্য রয়েছে। আর একটা উন্দেশ্য কি বলছেন জমি বা বাড়ীর উপর ট্যান্স এটাও হাইকোর্ট থেকে একটা স্মিকচার আছে যে ট্যান্সের লিমিটেসন কি হবে ষেটা আমরা বার বার বলে থাকি সেটা আছে। আর জেলা পরিবদ বিলের বেটা স্লেডে নিরে আসভেন সেটা হচ্ছে জেলা পরিবদের বাঁরা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান থাকবেন তাঁদের ভেতর, আঞ্চলিক পরিবদের চেরারম্যান, ভাইস চেরারম্যানের ভেতর এবং সবচেরে মারাত্মক যেটা নিরে আসছেন সেটা হচ্ছে এই জেলা পরিবদের চেরারম্যানকে বিধিগত ক্ষমতা দেরা হচ্ছে এই পরিবর্তন ওরা আনছেন। এখন এর মধ্যেও মাননীয় অধাক্ষ মহাশয়, বহু, চুটি থাকছে, আগেও চুটি ছিল, এখনও থাকছে এবং সেই চুটিগুলো ইচ্ছা করেই ওরা রাখছেন। তাহলে আমাদের বেসব বন্ধরো বে ডিপার্টমেন্টে আছেন তাঁরা কি ভাল করে এসব ভাল দেখেন না?

আমি যতদরে জানি তাঁরা বিশেষ করে এসব জিনিস ভাল দেখেন কিন্ত দেখলে কি হবে। এ'দের উপর সেদিন দেয়া হয় যে যতদরে পার চুটি রেখো আইনের মধ্যে কারণ এই যে রুলিং পার্ট তাঁদের একচেটিয়া কড়ম্ব পঞ্চারেতে? গ্রামসভায় এবং জেলা পরিষদে রাখতে গেলে এই ধরণের ফাঁকের অবকাশ রাখার দরকার আছে, সেজন্য আন্ডান চেণ্টা করলেও এই সমস্ত ফাঁকগালো থাকছে সেগুলো বার বার করে হাইকোর্ট থেকে নাকচ হয়ে যায়। যখন হাইকোর্ট থেকে নাকচ হওয়ায় ক্ষেত্রে আমরা যারা আইন বলে করি এটা আমাদের ডিসক্রেডিট। সেজনা আমি বারুবার করে আপনার সামনে অন্ততঃ সদস্যদের অনুরোধ করছি যে ১৯৫৬ সালে যে পঞ্চায়েত আৰু পাশ হয়েছে সেই পঞ্চায়েং য়্যাক্ট তিন তিন বার সংশোধন হয়েছে, আবার সংশোধন হতে যাছে কিন্তু পঞ্চায়েং য়্যাক্ট চাল, করার পরে যে অভিজ্ঞতা ভাল আছে সেই অভিজ্ঞতায় ভিত্তিতে আইনটাকে কিভাবে সম্প্রভাবে করা যায় তার কোন বস্তব্য পাওয়া যাচ্ছে না, সেজন্য তাড়াতাডি দটেটা আইন নিয়ে সংখোধনীগুলি পাস করিয়ে নেয়া কতখানি সমীচীন হয়ে মাননীয় সদস্যদের কাছে আপনার মাধ্যমে সেটা চিন্তা করার জন্য রাখছি। তথন এখন যেটা হচ্ছে, এই মুটী ভাল কিসে দেখা যাচ্ছে না, গণ সংশোধনী আনছেন ৪৬, ৯৪, ১৬, ১৭, এমন কি আজকে যদি আলোচনা না হত তাহলে আমাদের মন্ত্রী মহাশয় আরো কিছু সংশোধনী আনতেন। তথন সত্যিকারের আইনটাকে চাল, করে যাতে জনসাধারণের ভাল হয় সেই উন্দেশ্য যদি থাকতো তাহলে এত সংশোধনী আনতে হতনা। কাজেই আমি বলবো যে এই আইনের মধ্যে এক অফিসিওর সংখ্যা বাড়ানোটা অতান্ত অগণতান্ত্রিক এবং সেখানে অধ্যক্ষের অধিকার রয়েছে নির্বাচনে খাডা হবার বা নির্ধারিত হবার সেখানে আইনে এরকম সংশোধনী হওয়া উচিত নয়। তৃতীয় কথা হচ্ছে যে এই প্রেসক্লাইবড় অথোরিটি কথাটা এতদিন পরে যখন স্বীকার করা হয়েছে তখন বেসিস অব দি পপ্লেসনটা সবক্ষেত্রে হওয়া উচিত। আমি পঞ্চায়েত অ্যাক্টের ক্ষেত্রে আর বেশী কিছু বলছি না, তবে জেলা পরিষদের সন্বশ্ধে আমার একটা বস্তব্য রয়েছে সেটা হচ্ছে এই যে এই জেলা পরিষদ আইন এক বছর আগে পাশ হয়েছে কিন্ত জেলা পরিষদগালি গঠনের সময় একটা কথা ছিল ডিসেন্ট্রালাইজে-সন অবদি পাওয়ার আরো গণতালিক অধিকার দেয়া সেই গণতালিক অধিকার বর্তমান আইনে ক্ষর হচ্ছে. সেটা কিসে।

[3-30—3-55 p.m.]

আপুনি জানেন যে জেলা পরিষদের আইন আছে যে দট্যান্ডিং কমিটিগুলো সব কিছ, করার। এখন মনে করেন একটা স্ট্যান্ডিং কমিটি করা সিম্পান্ত যেটা নিল জেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটি ৭।৮ জনে একটা সিম্পান্ত নিয়েছে। এখন জেলা পরিষদের ৬৪. ৬৫ জন মেন্বার এর যে সিন্বান্ত বদল করবার ক্ষমতা নেই। কাজেই স্ট্যান্ডিং কমিটি সাবজেই টু দি আপ্রেভাল অব দি জেলা পরিষদ এরকম ধরনের যদি সংশোধনী আনতেন তাহলে ব্রুতাম যে আরো ডেমক্রেটিক রাইটস একসার্ট করার জন্য এনেছেন। সেই স্ট্যান্ডিং কমিটিই থেকে যাচ্ছে। জেলা পরিষদে যেখানে বলা আছে চেয়ারম্যান ভাইস চেয়ারম্যান-এ পাওয়ার ভেস্ট করবে সেথানে আজকে তিনি সে ক্রম্জ ডিলিট্ করে আইনে দেওয়া হচ্ছে স্টেট গভর্নমেন্ট-এ ভেস্ট করবে। চেয়ারম্যান ভাইস-চেয়ারম্যান এর উপর জেলা পরিষদের কোন হাত থাকছে না এটা সমীচীন হচ্ছে না। দ্বিতীয়ত এই স্ট্রান্ডিং কমিটিগুলোর উপর এডকেশন স্ট্যান্ডিং কমিটি যেটা আছে সেটার গঠন কিভাবে হবে তা বলা আছে। বর্তমানে যে স্কুল বোর্ড আছে সে স্কুল নোর্ড বহুদিনের বিটীশ আমলের প্রাইমারী এড়কেসান এ্যাক্ট অনুসারে গঠিত। এর বিরুদ্ধে দেশের লোকেরা আন্দোলন করেছে যে এর প অগণতান্ত্রিক আইন থাকা উচিত নয়। এ আইন অনুসারে যে স্কুল বোর্ড গঠিত হবে। কে দকুল বোর্ড উইল ফাংসন অ্যাঞ্জ দি এডুকেসন অ্যান্ট এই যে অগণতাশ্বিক যে প্রথা তার যদি সংশোধন করতেন তাহলেওও ব্রুঝতাম। প্রাইমারী এড়কেসন এ্যা**র্ক্ট রিটিশ** আমলের এ্যার্ক্ট. অগণতান্ত্রিক এন্ত্রাক্ত সারবর্তন করে নতেন আইন এনে অগণতান্ত্রিক যে সমস্ত পশ্চতি স্কুল বোর্ড-এর নির্বাচনের ক্ষেত্রে আছে সেগর্লিকে পরিবর্তন করে বাদ আইন আনতেন এবং সে অনুযায়ী যদি এড়কেশন স্ট্যান্ডিং কমিটি ও স্কুল বোর্ড গঠন করবেন তাহলে ব্রুতাম ষে ভালর দিকে নিয়ে যাচ্ছেন। কাজেই এটা একটা বিচার করার বিষয় এবং ধারাবাহিক আলোচনার সময় আমি এটা সম্বন্ধে বিশেষভাবে বলব। এই যে স্ট্যাণ্ডিং কমিটির উপর বদি চেরারম্যান ভাইস-চের্যারর্র্যাল-এর ক্ষমতা দেওরা হয় তাহলে এটা একটা ফার্সিস্ট ডিকটেটারসীপে পরিণত হবে। সেজন্য সাকুলেসান মোসান বেটা এসেছে সেটা সমর্থন করছি এবং সেই সপো সভ্যদের কাছে বিশেষ করে ট্রেজারী বেণ্ডে বারা আছেন তাঁদের দ্বিট স্ট্যান্ডিং কমিটি সন্বন্ধে আকর্ষণ করিছি। আমরা জানি জেলা পরিবদ আঞ্চলিক পরিষদ আছে কিন্তু এর পরিচালনা ক্ষমতা ম্বিটিমের কতকজনের হাতে থাকা উচিত নয়। কাজেই এ অস্ববিধাগ্র্লি বাতে চলে বায় সেজনা জনমত প্রচারের জন্য দাবী রাখছি।

[At this stage the House was adjourned for twenty minutes]

(After Adjournment)

[3-55-4-5 p.m.]

Shri Deb Saran Chosh:

চেয়ারম্যান স্যার, গতকাল এ বিলটা আইন সভায় পেশ করার সময় মুখ্যমন্ত্রী যে কথাগুলি বর্লোছলেন তার মধ্যে মূলতঃ হচ্ছে জেলা পণ্ডায়েত এবং গ্রাম পণ্ডায়েতের পর্যায়ে গঠনতন্ত্রের কতকগ্রিল অসুবিধা দেখা দেওয়ার জন্য মামলা মকন্দমা দায়ের হওয়ার ফলে পঞ্চায়েতের পরিচালনায় সংকট অবস্থা স্থিতি হয় এবং সেই কারণে সেই সমস্ত চুটি বিচ্যুতি সংশোধন करवात क्षना होने आवात द्याम পणारत्राज এवः क्षिमा পणारत्राज आहेनरक সংশোধন করার জন্য একটা সংশোধনী বিঙ্গ এনেছেন। আপনি জানেন গ্রাম পণ্ডায়েত বা অণ্ডল পণ্ডায়েত ৫।৬ বংসর हम वाश्मारमध्य प्रमञ्ज जलात हान, इरायाह अवः राजना अलाया आय ५ वश्मत इन याहीमाही সমস্ত জেলাতে চাল্ম হয়েছে। গ্রাম পণ্ডায়েত এবং অণ্ডল পণ্ডায়েতে শাসনতাল্তিক কাজকর্ম করার যে সমস্ত অস্ববিধাগ্রিল দেখা দিয়েছে বাস্তব দ্বিউতে বিচার করে সে অস্ববিধাগ্রিল দ্রে করার উন্দেশ্য নিয়ে যদি এখানে বিল আনতেন তাহলে শাসনতান্ত্রিক যে অধিকার দেবার সুযোগ সাধারণ মানুষ পেয়েছিল তা কিছুটা বাস্তবে রূপায়িত হতে পারতো। আমরা জানি গ্রামপন্তারেত থেকে জেলা পণ্ডারেত পর্য্যায়ে ৪টা পর্য্যায় আছে গ্রাম পণ্ডারেত, অণ্ডল পণ্ডায়েত, আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদ। এ ৪টা পর্য্যায়ের মধ্যে কোন সমস্রয় না থাকার জন্য এবং বিভিন্ন বিষয় বৈষম্য থাকার ফলে গ্রামের সমাজ কল্যানমূলক যে সমুস্ত কাজ তা সুস্পূর্ণ ব্যর্থ হরে গেছে। বিগত ৪।৫ বংসর ধরে বাংলাদেশে অঞ্চল পঞ্চায়েত গ্রাম পঞ্চায়েত চালু হবার পরে সাধারণ মানুষ যা আশা করে ছিল তা বার্থ হয়ে গেছে তার কারণ আইনের চুটি বিচ্যাতি আপনি জানেন পণ্ডায়েত পর্যায়ে হাতে কলমে কাজ করবার ক্ষমতা গ্রামের উন্নতির জন্য কিছ করবার ক্ষমতা গ্রাম পণ্ডায়েতের হাতে নাস্ত আছে কিন্তু সে উন্নতিমূলক কাজকরবার জন্য যে অর্থের প্রয়োজন গ্রাম পঞ্চায়েতের সে অর্থ সংগ্রহ করার কোন সূ্যোগ এ আইনে নেই। অঞ্চল পঞ্চায়েত সমস্ত অঞ্চল থেকে টাব্লে তোলে। তার ইচ্ছামত যে অর্থ গ্রাম পঞ্চায়েতকে দেবে তাই দিরেই গ্রামের মধ্যে কাজ করতে হবে। কাজেই গ্রাম পণ্ডায়েতের গ্রামের উন্নতির জন্য যে সমস্ত কাজ করা দরকার, অর্থের অভাবে তা তারা করতে পারছেন না বিগত কয়েক বংসর থেকে আমরা সেটা লক্ষ্য করছি। অঞ্চল পশ্চারেত নিব্দে কোন দারিত্ব নিরে কাজ করতে পারেন না, কারণ, আইনে সে বিধান নেই। অঞ্চল পরিষদের যে অবস্থা, জেলা পরিষদের ঠিক সেই একই অবস্থা, সরকার থেকে অর্থ দেবে, সেই অর্থ নিয়ে জেলা পরিষদ এবং অঞ্চল পঞ্চায়েত কাজ করবে। এই অস্বিধা থাকার দর্ন, গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েতের সদিচ্ছা থাকা সম্বেও গ্রামাণ্ডলে কোন উর্মাত স্থল বা কাজ করা তাদের পক্ষে সম্ভব হচ্ছে না। এই দ্যিউভগ্যী পরিবর্তন করা দরকার। কিন্দু, সেদিকে লক্ষ্য না রেখেই মাননীর মন্দিরমহাশর গঠনতন্ত্রের কতকগ্রনি ধারা, উপধারা जरामाधन क्याब **छे**ल्लामा, जिनि आत अकिंग जरामाधनी विक अत्नाहन। अहे विस्तात ग्रासा अकेंग জিনিব দেখছি বে গ্রাম পঞ্চারেতের বাঁরা অধ্যক্ষ তাঁদের অঞ্চল পঞ্চায়েতে নিয়ে আসা হচ্ছে। কিন্তু এমন কোন বাধা আগের আইনে ছিলনা, বে অঞ্চল পঞ্চায়েতের সদস্য, গ্রাম পঞ্চায়েতের সদস্য হতে পারবেন না। এখন তাদের এক্স-অফিসিও করে আনবার জনা, এটা সংশোধন করা হচ্ছে। পরে ৰফাওরারী আলোচনার উপর আমি বিস্তারিতভাবে এ সম্ব**ন্ধে বলবো**।

এই বিলে একটা জিনিব আমার চোখে খ্ব খারাপ লাগছে, সেটা হচ্ছে. যে সেকেন্ডারী এডুকেনটাকে জেলা পঞ্চারেত বা জেলা পরিষদের অধীনস্থ করা হচ্ছে। এটা খ্বই গাঁহত কাজ করা হচ্ছে। সেকেন্ডারী এডুকেসনের মধ্যে বহু শিক্ষিত ব্যক্তি, এমন কি প্রফেসার পর্যারের লোক পর্যাক্ত থাকবেন, তাঁদের এই আইনের বলে জেলা পরিষদের কর্মচারী বলে গণ্য করা হচ্ছে, এটা খ্বই গাহতি কাজ বলে আমি মনে কর্মছ। সেকেন্ডারী এডুকেসানকে, জেলাপরিষদের আওতার মধ্যে কেন আনবার চেন্টা করছেন, তা আমি ব্রুতে পারি না।

সেই টাকা দেবার কি বাবস্থা? ব্যতত টান্ত্র করার ক্ষমতা দেওরা থাকল। আমি বলাছ, এমন নীতি হোক যে মানুষের দু-বেলা খাওয়া-পরার সংস্থান নেই তার উপর কোন রক্ম টাক্স আদার না হয়—এই রকম নীতি থাকুক। ভারতবর্ষের পঞ্চায়েতী রাজের মধ্যে অধিকাংশ প্রজাদের বাদের জীবিকার মান নিম্নতম, যাদের দ-বেলা পেট ভরে খাবার পর বাড়তি সংস্থান থাকে না ডামের উপর কোন ট্যাক্স হবে না। আইনে আছে, যারা এক আনা চাঁদা বা ট্যাক্স দিতে পারবে না তানের উপর ট্যাক্স রেহাই করার জন্য হাড়িশিপ একজেমণ্ট একটা ক্রজ আছে। এটা অত্যন্ত মামলী ধরনের হয়েছে। কারণ ট্যাক্স চাপিরে দিলে ধার করেও দিতে হবে। আমার মূল দ্রণিউভণ্নী राष्ट्र, चून मत्रमভाবে नमराज राज यामारामत्र भागातमञ्जी त्रारक वर्मन मानास यात्रा बाकरन साराज 🖺 বেলা খাবার পরার সংস্থান হয় না, টাকা জমে না—তাদের কোন প্রকার ট্যান্স ভারতবর্ষের রাজত্বে দিতে হবে না। এই দুষ্টিভগা নিয়ে আসা উচিত ছিল। কথা হচ্ছে, পরোক্ষ নির্বাচনের মাত্রা বাডিয়েছেন, যেখানে এক্স-অফিসিও অধ্যক্ষ করা হয়েছে সেখানে সেটা খুব আপত্তিজনক ন। হ**লে** মেখানে শতকরা হার কমান হয়েছে, ২৫০ করা হয়েছে—৫০-এর জায়গায় ৫০০ করা হয়েছে. সেখানে পরোক্ষ নির্বাচনের মাত্রা কমিয়ে দিয়ে প্রতাক্ষ নির্বাচনের মাধ্যমে প্রতিনিধি আসকে সেটাই চাই। মার একটা বন্তব্য হচ্ছে, জেলা পরিষদের অধ্যক্ষ নির্বাচনের ব্যাপারে একটা বড় মহকুমা-বহরমপরে, বর্ধমান ইত্যাদি জায়গায় যেখানে ৬ IQ Ib লক্ষ লোকের বাস—সেখানে ২ জন প্রতিনিধি। আ**বার** कीर कानना, काटोसा राथात २।७ नक लात्कर वाम स्थातन २ कन প্রতিনিধ। এই গ্রানোম্যালি দরে করা দরকার। পরিশেষে আমার বন্তব্য হচ্ছে, সমবার আন্দোলনের কোন প্রতিনিধি পঞ্চায়েতী রাজের মধ্যে নেই। সমবায় আন্দোলনকে কিভাবে পঞ্চায়েতে নিয়ে এসে সমবারগ**্রেলকে** টাব্দুলীবিত করা যায় সেই দুন্দিউভগী নিয়ে সমবায় প্রতিনিধিকে অন্তল পণ্ডা**রেং আর্ণ্ডালক খু**রিষদ, জেলা পরিষদে প্রত্যক্ষভাবে অংশ গ্রহণ করান দরকার এবং তার আ**লো**চনা, সমালোচ**নার** ভিত্তিতে সামগ্রিকভাবে পঞ্চায়েং নীতি চালান উচিং। আরও বিস্তৃত আলোচনা করার সুয়োগ পেতাম বদি আরও কর্মাপ্রহেনসিভ ওয়েতে বিল আসত এবং সামগ্রিকভাবে যদি সতি। পণ্ডারেতী রাজ গঠন করার দুগিউভগাী থাকতো তা হলে ভাল হোত।

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th January, 1966.

মঃ চেয়ারম্যান স্যার, আজ যে বিল এসেছে সেই বিলের সারকুলেশান মোশন-এর সমর্থন করতে াসয়ে আমি কতকগ্মলি বিষয়ের প্রতি মন্দ্রিমহাশয়ের দুটিট আকর্ষণ কর্রাছ। স্টেটমেন্ট অফ মবজেক্ট-এ বলা হয়েছে যে কোর্টে কতকগুলি কেস হয়েছে এবং তাতে কোর্টের বিরুদ্ধে াশ্তব্য করে বলে সেই মন্তব্যের ভিত্তিতে কতকগ**্রাল** এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে। তা ছাড়াও মারও কতকগালি কেসের কথা মাননীয় মন্ত্রী মহাশয়ের জানা উচিত ছিল। আমি আশা করি নাননীয় মন্ত্রী মহাশয় জানেন কোর্টের কেসে যে সমস্ত অসুবিধা সুন্থি হয়ে থাকে অন্ততঃ সগ**্রাল** মনে রেখে এই এ্যামেন্ডমেন্ট আনা উচিত ছিল। এখানে আমি মাননীয় মন্ত্রিমহাশরের ্রিট আকর্ষণ করছি যে আমার এলাকায় এই রকম একটা কেস হয়েছিল, এবং আশা করি, তিনি ন্দ্রুর সেই কেসের কথা জানেন। তারপর কো-অপসনের ব্যাপার *সম্পর্কে* আমি আপনার ্রিট আকর্ষণ করছি। আঞ্চলিক পরিষদের দু জন মেন্বার কো-অপটেড হবেন। সেখানে এই কম হয়েছিল যে. যিনি অলরেডি মেন্বার হরেছিলেন, অধ্যক্ষ হিসাবে তাঁর নাম আবার ্রপোজড হয়েছিল কো-অপশানের জন্য। আমি একটা ইনজাংশন-এর জন্য কোর্টে প্রার্থনা হর্ত্তিলাম, তাতে কোর্ট ইনজাপেন গ্র্যাণ্ট করেছিল। তার ফলে আঞ্চলিক পরিষদের গঠন ৰ্ষাগত. আর হয় নাই। তারপর জেলা পরিষদের যে নির্বাচন, সেই জেলা পরিষদের নির্বাচনের ।কটা ইনজাংশন জারি হরে জেলা পরিষদের নির্বাচন বাতিল হয়ে বায়। এটা অভ্যাত अध्यत विश्वत त्य मानामर काना भित्रसम्बद উल्प्यायन कत्रवात कना मानामीत मृशामणी नि नि ক্রনের যাওয়ার কথা ছিল কিন্তু ঐ ইনজাংশান হওরার দর্ন তিনি যেতে পারেন নি। তাই निष्ठि. এই কেসগুলির কথা মনে করে বর্তমান গ্রাষ্টের মধ্যে বে সকল দুর্বলতা আছে, তা ুর করনার জনা, সেইভাবে, এটাই এটামেন্ড করা উচিত ছিল। অঞ্চল পরিষদে কো-অপশুন অঞ্চ শি মেন্দার্স-এর বেলার ঐ ৫২ ধারার ররেছে বে. গ'লেন মেন্দারকে কো-অপশাস ক'রে নেওক্র ছবে। এখন এই দক্তেন মেন্বার কারা হবে? ঐথানে অঞ্চল পরিবদের বিনি ক্লেপ্সর ছিলেন তার নাম প্রপোজড হয়েছিল কো-অপশান করবার জন্য। এই রকম ছটনা क्षात्म च रहे शिख्राह । अहे त्रकम अवन्यात्र, यीन अकहा आस्मन्डसम्हे अत्म, अकहा शिस्त्रा আড়ে করে দেওয়া হত, তা হলে আমি মনেঃকরতাম যে এই আট্ট আমেন্ড করার যে সুযোগ সেটা তিনি গ্রহণ করেছেন। কিন্ত তা করা হয় নি এটা অত্যন্ত দঃখের বিষয়। সেখানে আরও অনেক কেস হয়েছে। প্রাইমারি টিচার্স, যারা জেলা পরিষদের মেম্বার হয়ে গিয়েছে, তাদের সম্পর্কে কোর্টে কেস হয়ে গিয়েছে। সতেরাং আমি বলবো এ বিষয়েও একটা আমেন্ডমেন্ট আনা উচিত ছিল। আমি আর একটা বিষয়ের প্রতি মাননীয় মন্দ্রী মহাশয়ের দুট্টি আকর্ষণ কর্মছা সেটা হল ওপেন ভোটিং। কো-অপশানের ব্যাপারে, কিংবা স্ট্যাণ্ডিং কমিটির ক্ষেত্রে-যেখানে অ'ণ্ডলিক পরিষদের ৮ জন, আর জেলা পরিষদের ৯ জন, যাঁরা হবেন—এ'রা সবাই ওপেন জ্ঞোটিং-এ হবেন। আজকে গভর্নমেন্ট থেকে বলা হচ্ছে যে অঞ্চল পরিষদ জেলা পরিষদ গ্রাম পঞ্চায়েত ইত্যাদি যা গঠন করা হচ্ছে তা সব গণতান্দ্রিক ভিত্তিতে হবে। অথচ এখানে ওপেন জোটিং-এর বাবস্থা রাখা হয়েছে-এর অর্থ ব.ঝতে পার্রাছ না। একটা অ্যামেণ্ডমেণ্ট এনে. এখানে এই ওপেন ভোটিংগালি কম্ম করা উচিত ছিল ক্ষিত তা আপনি করেন নি। আর একটা বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দুফি আক্ষণ করীছ। সেটা হচ্ছে জেলা পরিষদ আক্রের ৩২(৩)তে—যেখানে প্রাইমারী এডকেশন আক্রি আমেণ্ড করা হয়েছে, যদিও ঐ জেলা পরিষদ আছের মধ্যে প্রাইয়ারী এডকেশন আছে আয়েন্ড করার প্রয়োজন ছিল না।

[5-25-5-35 p.m.]

কিন্ত ঐ জেলা পরিষদ আক্ট্র-এ প্রাইমারী এডকেশন আক্ট্র আমেন্ড করা হয়েছে। সেখানে ৩২(সি) ধারাতে বলা হয়েছে, দু-জন মেন্বার সেখানে আপয়েন্ট করা হবে। আমি এখানে বলি যে জেলা পরিষদ আরু যদি আমেন্ডমেন্ট করা হলো তা হলে প্রাইমারী এডকেশান আর্ছ্র-এর ভেতর যে গলদ ছিল, তার জন্য অন্তত একটা আমেন্ডমেন্ট করা উচিত ছিল যে কিভাবে ডিম্মিট্ট স্কল বোর্ড-এর যে ৩ জন মেন্বার ইলেকটেড হয় তাৰা ইলেকটেড হয় ওপেন ভোটিং-এর মাধ্যমে। সমুহত জেলাতে মাত্র ৩ জন মেন্বার নেওয়া হয়। সেই ৩ জন মেন্বার বাই ওপেন **ভ**्णिर-७ टेलकर्ए हम् जा अथात वन्य क्या डिंग्ज हिन। क्नना अहे समस्य निम्न स्थानक ৰগড বাটি আগে হয়ে গেছে বিশৃত্থলা সৃতি হয়েছে। এই সমস্ত আমন্ডেমেন্ট এর মধ্যে নিয়ে আসা হয় নাই। তারপর আমি বলতে চাই এই বে প্রেসিডেণ্টস অফ দি আঞ্চলিক পরিষদ এবং **জ্বোরম্যানদের অনারেরিরাম দেওরার কথা হরেছে—এতে কি অবস্থা হবে? এখন আমাদের দেশে** এমারজেন্সি চলছে এই সময় প্রতিবক্ষা তহাবিলের জনা আবেদন নিবেদন করে দ্বিদ জনসাধারণের কাছ থেকে আপনারা চাঁদা আদার করছেন। অথচ এই রকম অবস্থার মধ্যে আপনারা বে অনারেরিরর মেওরার প্রশ্তাব করছেন তার তীব্র প্রতিবাদ আমরা করি। তা হলে কি হবে? বাংলাদেশে ৩০৩টি ব্রক আছে। আমরা শেপারে দেখেছিলাম আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্টকে ১৫০ টাকা **জাইন-প্রেসিডেন্টকে ১০০ টাকা এবং জেলা পরিষদের চেয়ারমানকে ৫০০ টাকা ভাইস-চেয়ার**-স্মানকে ২৫০ টাকা—এইভাবে দেওয়া হবে। ১৬টি জেলার ৩৩৩টি বকে এইভাবে দিতে গেলে আমি হিসেব করে দেখেছি মাসিক খরচ হবে ১৫,১৫০ টাকার মত তাদের এই মাইনে দেবার ব্দ্য। এই বে ৯৫.২৫০ টাকা মাসিক গড়র্নমেন্টের খরচ হবে এটা এই ম.হ.তে খরচ করা উচিত হৰে কিনা মন্দ্ৰিমহাশয়কে ও মাননীয় সদসকের ভেবে-দেখতে বীল। এই প্ৰস্পো আর একটি ৰূপ বলি এই বে আঞ্চলিক পরিবদের প্রেসিডেন্ট ও জেলা পরিবদের চেরারম্যান ও'রা বর্ষন **নিৰ্মণিটিভ হয়েণিছলেন তথন ত'ৱা এট** ব্ৰক্ষ আখা কবেন নাই। কেননা তালেছ আ**শা ভিটা** অইকভানিকভাবে ভানদাধারণের দেবা তাঁরা করবেন। সাত্রাং এই মাইনে তাঁদের না দিলে তাঁরা বে ক্ষেপদৰ্শন শ্ৰী হয়ে বাবেৰ তা নয়। তার পর আর একটা কথা বলতে চাই—এই বে কাইনান্স ज्यान्त अन्त्रेनिनम्यानो क्रीमीं कांत्र क्रिनायमाग्यान भाग जाश्वीनक भीत्रसम्बद्ध (श्रीमहान्ते किरवा জ্ঞেলা পৰিবলের চেরারজালকে লেউয়া হবে বলা চবেছে। কেন এটা চবে? এট আটে-এউ बद्धा अवस्य ४० नवाद वास्त्र -वीर्व दर्शकरकारे जाग्द्रीगर शीरवास्त्र गोर्गान्यः वीर्वादेव राज्याव स्त्री

🜓 🖏 এর-অফিসিও চেরারমান হবেন। সাতটি স্ট্যান্ডিং কমিটি, প্রত্যেকটি স্ট্রান্ডিং কমিটির ক্ষিত্রমান কিংবা প্রেসিডেণ্টকে এখানে দেখা বাচ্ছে। প্রত্যেকটি স্ট্যাণ্ডিং কমিটির চেরারমান হচ্ছেন অর্থাৎ প্রথম এই যে ফাইনাস্স আন্ডে এস্টার্বালসমেন্ট কমিটি এটা একটা মৃত্য বড় গরে, ত্বপূর্ণ কমিটি—ত বৰু চেয়ব্ৰমান তিনি হবেন। ঐ চেয়াব্ৰমান ও প্ৰেসিডেন্ট ছাড়া আৰু কেউ কি বোগ্য লোক নেই তার চেয়ারম্যান হবার। তারপর অ্যামেন্ডমেন্ট-এর মধ্যে আর একটা জিনিস আছে-ডেলিগেসন অব পাওয়ারস—১৬ নন্বর ও ৬৩ নন্বরে—তা অমিট করার কথা বলা হয়েছে। এখানে জিলা পরিষদের ও আণ্ডলিক পরিষদের উপর ভার দেওয়া ছিল চেয়ারম্যান ও প্রেসিডেন্ট কতক-গ্রালি পাওয়ারের ব্যাপার তাঁরা ঠিক করে দেবেন। এটা এখানে অমিট করে দেওয়া হচ্ছে। কেন? তার কারণ ব্রুতে পার্রাছ না। অর্থাং জেলা পরিষদ এবং আণ্ডলিক পরিষদ নামেই খালি রাখা হচ্চে। তাদের প্রকৃতপক্ষে কাজ করবার কোন সুযোগ দেওয়া হচ্ছে না। তারপর অধাক্ষদের এই এব্র-অফিসিও মেন্বার করে নেওয়া হচ্চে। প্রত্যেক অঞ্চল পঞ্চায়েতের এবং প্রতি ৫০০ **জনের** জনা একজন করে মেম্বার অর্থাং ইলেকটেড মেম্বার হবার কথা, তার সংখ্যা অর্ধেক **কমে গেল।** ষারা ইলেকটেড, তারা কম সংখ্যার আসবে। আমি বলবো ৫০০ জনের কম র্যাদ হয়, তা **হলে** তার বিরুদ্ধে মেশ্বার যেতে পারছে না। ট্যাব্রের ব্যাপারে একটি কথা বলতে চাই যে আন-ইকনে।মক হোলিডং হলে কি হবে? তার কোন বাবস্থা এখানে দেখতে পাচ্ছি না। টাক্সে বাডানোর কথা হয়েছে, সেখানে ম্যাক্সিমাম ২৫০ টাকা ইনকামের উপর করবেন। আমি এর বিরোধিত। করছি। কিন্ত একটি সমস্যার কথা বলছি—মনে করনে গ্রামে একটা কোন ফ্যাকটার গভে ath তার যদি আর খুব বেশি হয়, ইনকাম যদি ম্যাক্তিমাম হয়—৫০ হাজার ৮০ হাজার বা এক লক্ত इय—ा शल कि थे २८० प्रोका शिराय मिए शत? अहे समन्त कथा अकरे फिन्हा करत सम्बा দ্বক্ব।

Shri Apurba Lai Majumdar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th day of April, 1966. মিঃ স্পীকার, স্যার, যে সংশোধনী বিল আমাদের কাছে উত্থাপন করা হয়েছে সেই সম্পর্কে হাইকোর্টের দ্রটো নজীর উল্লেখ করে যে সমুষ্ঠ করি এই আইনের তাঁরা দেখিয়ে দিয়েছেন সেগ লি সংশে ধনের চেষ্টা করছেন বলে তাঁরা অভিনান্স পাশ করেছিলেন এবং সেই অভিনান্সক কার্য করা করার জন্য এই বিল উত্থাপন করেছেন। প্রথমে আমি আপনার দুদ্ধি আকর্ষণ করছি সেকসন ১১র প্রতি যার উপর একটা কেস হর্মেছল এবং যে কেসটা স্টেটমেল্ট অব অবজ্ঞেইস অ্যান্ড রিজনসের মধ্যে দেখিয়েছেন (এস, সি. চৌধুরী ভারসেস স্টেট অব ওস্টে বে**পাল**)। এখানে মূলতঃ চারটি বিষয়ের প্রতি দূল্টি আকর্ষণ করে হাইকোর্ট বলেছিলেন বৈ দেট গভন্মেক এই আইন পাশ করে লেজিসলেচার এই আইন পাশ করে এমন একটা অবস্থার স্থাতি করেছেন যে আইনকে ট্রেণ্ট করে প্রেসক্রাইবড অর্থার্ন্টির ইচ্ছা অনুসারে রুলিং পার্টির খেয়াল-খুলি চরিতার্থ করতে পারে। যে চারটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছিলেন তার একটা হল গ্রামসভা কত লোক নিয়ে গঠিত হবে, কি তার চেহারা হবে, সে সম্পর্কে আইনে কোন ধারা ছিল না। দু: নং হচ্ছে ৰুনস্টিটিউয়েন্সীগু:লি কেভাবে ভাগ হবে এবং প্রতিটি কুনস্টিটিউয়েন্সী ইকোরাল হবে কিনা, কি বেসিসে হবে, ওরেম্ব বেসিসে হবে, না পশুলেশন বেসিসে হবে, বা**উ-ভা**রি অব দি কর্নান্টিটিউরেনিস কিন্তাবে হবে সেগরিল আমাদের আইনের মধ্যে কিছু ছিল না। তিন সং হচ্চে রিপ্রেন্সেন্টটিউস অব ইচ কর্মান্টটিউরেন্সি কি রকম হবে অর্থাৎ একটা কর্মান্টটিউরেন্সিতে বদি ৪০০ লোক থাকে তা হলে তার দক্রন হতে পারে, যদি ২০০ লোক থাকে তা হলে একটা হতে পারে এই রক্ম কোন বিধান আইনে না থাকার জন্য প্রেসক্লাইবড অর্থারটি অনেক সমর ২০০ লেকের জনা তিন জন রিপ্রেলেন্টেটিভ করে থাকে, আবার তিন শত লোকের জন্য দুই क्षन जिल्लास्मिणिक करत थारक। এই मय ज्ञारानार्याम मय कात्रगात शरहरू। हात्र नर शरहरू हेरनकरहे तान तान मन्भरक्। धेरै हेरनकरहोतान स्तान श्चमक्राहेक्छ अर्थांत्रहि वा वि. 🕏 👁 পাবলিশ করে দেবেন। তার বিরুদ্ধে কোন অবজেকশন দেবার অবকাশ নেই তার বিরুদ্ধে কোন ক্রেম পিটিশন দেবার উপার নেই, ইচ্ছাকুতভাবে বাদি ভুলও করে দেন, কারো নাম বাদ ছিলে ক্রেম জা ছলেও তার বিষ্টেশে কোন ক্লেম বা অবজেকশন কাইল করার কোন সাবোগ এই আইনের জনা

ছিল না। প্রধানতঃ এই চারটি মাল বিষয়ের প্রতি দুন্দি আকর্ষণ করে সেকশন ১১কে তাঁরা আল্টাভারারস ডিক্সোর করে দিয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মধ্যমে माननीय मिल्मामाराय प्राप्त पारिय आकर्षण कर्वाष्ट्र, जिनि स्व स्मक्नान ১১-व मरामायनी अस्तरक्त, সেকশন টু অব দি বিলু তাতে এই মূল চারটি বিষয়কে তিনি এর মধ্যে কোথায় এনেছেন? আমরা দেখতে পাচ্চি এবারে যে নতন বিল উত্থাপন করেছেন তাতে তিনি সম্পূর্ণ ফাঁক রেখেছেন। তিনি বলছেন, এবারে আমি অর্থারিট ডেলিগেট করে দিচ্ছি, রূল মেকিং পাওয়ার আমি স্বীকার করে নিচ্ছি। আইনের ১২০ ধারা অনুযায়ী রূল মেকিং পাওয়ার সাব-সেকশন ৪এ আছে। কিন্তু রূল মেকিং পাওয়ারের হাতে আবার যদি সমস্ত পাওয়ার ডেলিগেট করেন তা হলে কি ধরনের সেই রূল তৈরী হবে, তার মধ্যে দিয়ে কর্নাস্টিউরোন্সগলে কিভাবে ডিভাইডেড হবে, তার কি প্রিনসিপল হবে এবং কত লোক নিয়ে গ্রামসভা হবে, কিভাবে কতজন রিপ্রেজেন্টেটিভ কোন কর্নাস্টিটিউর্ফোন্স থেকে নির্বাচিত হবে এবং ফর্মেশন ক্যারেক্টার কি हर्त हैलकरो। ताल या हर्त स्थापन वि. जि. ज. शाम र्वामरम हैलकरो। ताल करत দেবেন, ক্রেম আণ্ড অবজেকশনের কি প্রিনসিপল হবে, কি প্রসিডিয়োর লেড ডাউন করবেন সেগ্রেল সম্বন্ধে আপনারা কোন নীতির ধার ধারেন নি। কোন একজন পোট অফিসার সেখানকার ইনষ্ক্রানের্যাল লোকের বা কংগ্রেস নেত্রতের চাপে পড়ে তাদের স্ক্রীবধামত সব রক্ষ ব্যবস্থা করে দেবেন সেই বাবস্থাই করেছেন। আমরা আগে জানতে পারি নি শেষ মহেতে হয়ত জানতে পারলাম যে কতকগ্রলি বোগাস ভোটার সেই কর্নান্টটিউর্যোম্সর মধ্যে চকে গেল। এই রক্মভাবে জনসাধারণের বে চাহিদা সেই চাহিদার কোন মূল্য আপুনি এই আইনের মধ্যে দেন নি। সেজন্য আমরা আপনার কাছে বলতে চাই, যখন হাইকোর্ট থেকে এই চারটি বিষয়ের উপর লক্ষ্য রেখে আইনকে আল্ট্রাভায়ারস ডিক্রেয়ার করেছেন তখন আপনারা আইনটাকে পরিংকারভাবে আননে আমরা পঞ্চায়েতের মাধ্যমে ক্ষমতা বিকেন্দ্রীকরণের যে ন্বন্দ দেখেছিলাম সেটাকে কার্যকরী করার ব্যবস্থা করনে। কিল্ড আপনারা সেই ১১নং ধারার এমন সংশোধনী এনেছেন যাতে যে মূল চারটি বিষয়ের প্রতি দ্বিউভগা রেখে এই সেকশনটাকে আলট্রাভায়ারস ডিক্লেয়ার করেছেন সেটাকে কার্যকরী করার কোন চেন্টা করেন নি এবং সেই চেন্টা না করে আপনারা সমস্ত পাওয়ার **ডেলিগেট করছেন কার হাতে.** না. রলে মেকিং পাওয়ারের হাতে, গভর্নমেন্টের হাতে। আমি স্বীকার করে নিচ্ছি রূল যখন তৈরী হবে তখন সেকশন ১২০ অনুসারে সেই রূল বিধানসভার মধ্যে উপস্থাপিত করার সুযোগ আছে. এখানে লাইব্রেরী টোবলে সেটা লেড ডাউন হয়ে থাকবে ध्यर स्मर्थे नारेखरी क्विंग्ल स्मर्ग भए जन्मावन करते यान क्या क्या क्या कि আনবার চেষ্টা করেন বা মডিফিকেশন করবার চেষ্টা করেন তা হলে সেই সুযোগ খানিকটা তাঁর আছে। কিন্ত সেই রূপেকে আপনারা লোকচক্ষর অন্তরালে রেখে বিধানসভার কাছে উদ্বাপন করার দায়িত্ব রাখছেন না, সেগ্রিল সম্বন্ধে ডিসকাশনের সুযোগ আপনারা রাখছেন না। আমাদের আশা ছিল, যে চারটি মূল বিষয়ের উপর হাইকোর্ট রায় দিয়েছেন সেটা তিনি আইনের মধ্যে নিয়ে এসে আমাদের সামনে রাখবেন কিল্ড আমরা দেখলাম হাইকোর্টের সেই রায়কে এডিয়েং গিয়ে আপনাদের যে মালগত উদ্দেশ্য দলীয় স্বার্থ বজায় রাগা তার জন্য আপনি সেকশন ১১কে এইভাবে সংশোধন করবার চেণ্টা করেছেন। তাই আমি শান্তানাম কাঁস্টির প্রতি আপনাদের দুষ্টি আকর্ষণ করতে চাই। এই বিল যখন প্রথম বিধানসভায় উত্থাপন করা হয়েছিল তখন এই শাশ্তানাম কমিটি সম্পর্কে আমরা আমাদের বস্তবা পেশ করেছিলাম। বিভিন্ন প্রদেশে যে সমস্ত পরিষদ, পণ্ডায়েত আছে সেখানে কি কি সিসটেম আছে সেগুলি আমরা উল্লেখ করেছিলাম এবং বলেছিলাম যে, একমাত্র পশ্চিমবঞ্গ ছাড়া ভারতবর্ষের—বিহারই বলুন, উত্তরপ্রদেশই বলুন, আর বশ্বেতেই বলনে—কোন জায়গাতে ফোর টায়ার সিসটেম নেই।

[5-35-5-45 p.m.]

র্তিন শিষার সিসশেম সমস্ত জায়গায় আছে। কিন্তু আমাদের এখানে একটা অভ্যুত জিনিস তৈশী বরবার চেন্টা করছেন যার মাধ্যমে রিয়েলে রিপ্রেজেন্টেটিভ অব দি পিপ্ল বত কম আসতে পারে এবং ইনডাইরেক্ট ইলেকশনের পথ খেলবার চেন্টা করছেন। আমরা ভারতবর্ষের জন্যানা

/**পুরুষার পঞ্চারেত রিপোর্ট উত্থাপন করে হাউনের অনেক সদস্য এবং আমি দেখিয়েছিলাম বে. এই** মিসিভিওর হওরা উচিত নয়। আবার যখন সংশোধন আনলেন তখন আশা ছিল বে, অন্যান্য জামগার পঞ্চায়েত যে পর্ম্মতিতে চলেছে সে সন্বন্ধে জ্ঞান লাভ করে এবং শাস্তানাম কমিটির প্রতি থানিকটা শ্রন্থা রেখে ভারতবর্ষের অন্যান্য ভাষগায় যে ৩ টায়ার সিসটেম আছে সেটার বাবস্থা তিনি এখানে করবেন। কিন্ত তা না করে সেই গ্রামসভা, অঞ্চল পরিষদ, আঞ্চলিক পরিষদ জেলা পরিষদ—একটা কামব্রাস করেছেন এবং এই কামব্রাস সিচুয়েশানের মধ্যে আমাদের অনেক রিয়েল রিপ্রেজেনটোটিভ সেখানে গিয়ে বসতে পারবেন না এবং এইভাবে সত্যিকারের আপনারা ক্ষমতা িক্রেন্সক্রিংণের পথে বাধা সান্তি করছেন। তারপর সেকশান ৫৭তে আপনারা বে আমে-ডমেন্ট এনেছেন সেটা খাব ইমপট্যান্ট যে সম্পর্কে হাইকোর্ট রায় দিয়েছেন (বি. সি. ব্যানাজী ভার্সাস ডিস্মিক্ট পঞ্চায়েত অফিসার, নদাঁয়া) সেই ৫৭ ধারার প্রতি ট্যান্তের ব্যাপারে ু সাপনার দুদ্টি আকর্ষণ কর্রছি। এখন প্রথমে যা ছিল ইনকামের উপর আন্সেসমেন্ট করার পাওয়ার ্দিরোছিলেন। কিন্ত ইনকামের উপর আমরা অ্যাসেস করতে পারি না, আন্ডার দি কর্নাস্টটি**উশন** আমাদের যে বার আছে সেই বারের জনা সেকশন ২৭কে তারা আলট্রাভায়ারস ডিক্রেয়ার করেছেন যে. ইনকাম ট্যাক্স অ্যাসেস করার জারিসডিকশন সেন্ট্রাল গভর্নমেন্টের। সেই সেন্ট্রাল গভর্নমেন্টের জ্বরিসাডিকশন ওভাররাইড করে আমরা স্টেট লেজিসলেচার ইনকামের উপর আাসেস করতে পারি না এবং সেই অনুসারে আর্টিকেল ২৭৬-এ ষেটুকু পাওয়ার আপনাকে দিয়েছে, তাতে ১৫০ টাকা ইনকামের উপর অ্যাসেসমেণ্ট করতে পারেন। আপনি সেইভাবে করেছেন, আমার কিছ**ু** বলার নেই। কিল্ড মূলতঃ যেটার প্রতি আপনার দূদ্টি আকর্ষণ কর্রাছ সেটা হচ্ছে সেকশন ৭-এর এ(১) আপনি যদি লক্ষা করেন সেখানে দেখবেন

Tax on lands and buildings within the local limits of its jurisdiction, a tax not exceeding 2 per centum of the annual value of such lands and buildings to be paid by the owners or occupiers or owners and occupiers thereof

এখানে আমার বন্তব্য আছে। এখানে বন্তব্য হল টু পার্সেন্ট যে আপনারা করছেন, বলতে পারেন, যে মিনিমামটা আমি বে'ধে দিই নি সেটা ওরান পার্সেণ্ট অর হাফ পার্সেণ্ট ট ট পার্সেন্ট, এখানে এইভাবে না করে আমার সাজেশন ছিল। এখানে এইভাবে না করে আমার সাজে-শন ছিল এখানে টু পার্সেন্ট থেকে ব্যাড়িয়ে দিতে পারেন, তাতে আমার আপত্তি নেই, কিন্তু মিনিমাম অ্যানুয়াল ভ্যালুয়েশন যাদের আছে, মিনিমাম একটা ধরে নিন যাদের প্রপাটি ভ্যালু ৫ হাজার টাকা, ১০ হাজার টাকা, তাদের আপনাকে বাদ দিতে হবে। অবশ্য বন্দেতে যে অ্যাক্ট আছে সেখানে সিক্স হাফ পার্সেণ্ট ট্, ফিফটিন পার্সেণ্ট ট্যাক্সেশন করার পাওয়ার আছে। আমি একথা এজন্য বলছি ষে, গ্রামে অনেক ইন্ডান্ট্রি আছে যেমন আমি এগজামপল দিতে পারি আমাদের বাউড়িয়া অণ্ডলে ফোর্ট প্লস্টার স্পেট যার এক কোটি টাকার উপর প্রপার্টি আছে গ্রানে, সেগানে আপনি কত পাবেন? যার ১০ হাজার টাকা বছরে ইনকাম তাকেও আপনারা ট্র পার্সেন্ট করছেন আর যার বছরে ১০ লক্ষ টাকা ইনকাম তার উপরেও ট্রাপার্সেন্ট করছেন। মিনিমাম আপনি বল্ন এটাকে সংশোধন করা হোক। এখানে আপনি বল্ন যাদের প্রপার্টির ভালেরেশন ৫ হাজার টাকার কম তাকে আমি কোন ট্যাক্স করবো না। তার পর থেকে ৫ হাজার থেকে আপনি বল্ন ১০ হাজার পর্যন্ত আপনি বল্ন আমি ২ পার্সেন্ট করব। এবং ১০ হাজার থেকে ৫০ হাজার টাকা যার ইয়ার্রাল ইনকান তাদের বলান যে ১৫ পার্সেন্ট পর্যান্ত ট্যাক্স করবার অধিকার গ্রাম পঞ্চায়েতের থাকরে। আপনি পরে বলবেন যে, গ্রামের উলয়ন হচ্ছে না টাকা কোথায় পাই ট্যাক্স বাডাবার স.যোগ আমার নাই। আপনি বলবেন যে আমার হাতে ফাইনাম্স নাই। সেজন্য আমি সাজেশান রাখছি বে, বাদের ৫০ হাজার টাকার উপরে ইয়ারীল ইনকাম আছে তাদের ১৫ পার্সেন্ট কেন ২০ পার্সেন্ট করপেও অত্যাদের অন্তত বিরোধী পক্ষের কারো আপত্তি থাকরে না। সেজন্য আমি বলছিলম যে, আপনারা এখানে তাদের সুষোগ করে দিলেন সেই সমস্ত ল্যান্ড লড দের। আমি বাউরিয়া অণ্ডলে ফোর্ট প্লস্টার-এর মালিককে ১০ হাজার টাকা ট্যাক্স ধার্য করা ইয়েছে। সে স্বেচ্ছায় এসে বলছে যে আমি ৬ হজাব টাকা দিচ্ছি। সে ৬ হাজার টাকা পেমেন্ট করে দিরেছে অলরেডি। তেমনি বহু, মিল আছে, এবং হাওড়া জেলার ২৪-পরগণার বহু, মিল

আছে। এই সৰ বন্ধান কেকে বহু হাজার হাজার টাকা আমরা এই পভারেতের বাবারে আননার করে কিরে গ্রাম উন্নরনের ব্যবস্থা করতে পারি। কিন্তু আইনটা ঠিক এইভাবে করা হরেছে হৈছিল করা করেছে হৈছিল এইভাবে করা হরেছে হেছিল আরা বেণ্টে বাছেল। গারীব লোক হলে ২ পারেশিও বররে আরা কোটি টাকার মাজিক ভাদেরও ২ পারেশেও এর বেশি আপনি করভেশিরছেন না। বন্বেতে ১৫ পারনেও করার প্রতিশন ররেছে। আপনি কেন বাংলাদেশে বারা গ্রামকে চুবে নিচ্ছে সেই ইন্ডাশিরালিস্টদের কাছ থেকে বতট্তু স্ব্রোগ আপনি পেতে পারতেন তা করছেন না? মিউনিসিপ্যালিটির আ্রাসেসমেশ্ট-এরও সেই রকম অবস্থা। আপনি পণ্ডারেত আইনের মধ্যে দিরেছ ইছা করলে করতে পারেন এবং সেজন্য আমি বিশেষ করে সমস্ত সদস্যদের কাছে এবং মন্দ্রী মহাশরের কাছে অন্বরোধ করছি যে, মিনিমাম একটা বেণ্ধে দিরে ম্যাক্সিমাম ৫০ থাউজেন্ড-এর উপরে বাদের ইনকাম ইয়ারলি ভ্যাল্রেশন প্রপাটি আছে তাদের আপনারা গাভেণ্ড করে দিন এবং ১৫ পারসেণ্ট করে দিন।

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1965.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

Shri Sowrindra Mohan Misra:

মাননীয় স্পীকার মহাশায়, এই সারকলেসন মোসান-এর উপরে বিরোধী পক্ষের এবং এ পক্ষের বন্ধরো যে সমস্ত কথা বলেছেন আমি খুব মনোযোগ সহকারে শুনেছি। আমি প্রথমে ভব্তিভূষণ মণ্ডল মহাশরের প্রশেনর জবাব দেব কেননা তিনি একটি আইনগত প্রশ্ন তলেছেন। তিনি বলেছেন যে দটো আইনের আমেণ্ডমেণ্ট নাকি করা যায় না। আমি দেখছিলাম যে, এর আগেও এই রকম আমেন্ডমেন্ট এখানে হরে গেছে এবং সেটা আগে নর ওয়েন্ট বেণ্যল টাব্রে লন্ধ ১৯৫৯ হয়েছে। তারপরে দি ক্যালকাটা অ্যান্ড স্বারবন বিলস্ (অ্যামেন্ডমেন্ট) আই. ১৯৬২-তে হয়েছে। তাঁকে আমি এই কথাই জানাতে চাচ্ছি যে, এর নজীর আছে বলেই দুটো আইনকে একত করা হয়েছে। দ্বিতীয় কথা মাননীয় ননী ভট্টাচার্য মহাশয় তুলেছেন। একটু অপ্রাসন্গিক হলেও এই নিয়ে একটা আলোচনা করা প্রয়োজন যে, পশ্চিমবাংলায় ৪ টায়ার কেন মহাশর, অন্ জায়গায় ৩ টায়ার আছে। উনি কখনও বলেছেন আণ্যলিক পরিষদ না রাখা উচিত আবার কখনং বলেছেন অঞ্চল পরিষদ না রাখা উচিত। আমি আপনাদের কাছে এই বিষয়ে বলব যে, শাশ্তানা কমিটির রিপোর্ট-এর বিষয় নিয়ে এখানে অনেকেই আলোচনা করেছেন এবং বলেছেন যে শান্তানা কমিটি তো বলেছিল যে ৪ টায়ার না করে ৩ টায়ার কর। আমি আপনাদের কাছে আগেকার কথ না বলে এখনকার কথা বলছি। যখন শাশ্তানাম কমিটি আমাদের কাছে এই কথা বলেছিলেন তখ আমরা বলেছিলাম যে গ্রাম পঞ্চায়েত একটা এত ছোট বডি হবে যাদের পক্ষে ট্যাব্রেশান করা একট चम्द्रीवंशा हरत। তारमञ्ज भरक अकलन कर्मा ठाउँ। ज्ञान श्राह्म भरकार भारत हरत ৫টি গ্রাম পঞ্চারেতের সমষ্টি। ইচ্ছা করলে তারা একজন একটাখানি শিক্ষিত লোক রাখতে পারবে যে হিসাব নিকাশ রাখতে পারবে।

[5-45-5-55 p.m.]

কিন্ত সত্যিকারের কাজ প্রামের উমরনম_ে কে কাজ গ্রাম পঞ্চারেত করবে। অতএব সত্যি কথা করে ছেলে ৩ টারার ইরেছে। অঞ্চল পঞ্চারেত টারে করে, টারে আলার করে আডমিনিস্টেশন, করে, কিন্তু থরাচ করে সমন্ত গ্রাম পঞ্চারেত, গ্রামের উমরনের সমন্ত কাজগ্মিল গ্রাম পঞ্চারেতের করে কেন্তুর আছে। আজকে অনেক বছার মুখে এই স্বেটা কুটে উঠলো বে, বুটোর মধ্যে খ্রম্পিক্ত করে। ত্রামের করেছের মুখে এই স্বেটা কুটে উঠলো বে, বুটোর মধ্যে খ্রম্পিক্ত করেছে। ত্রামের করেছের আছি অন্যানিক্ত করি বা। ক্রামের করি বা

क्रियात २० राजम शान श्रवताक चाटा. कात मध्य दन क्लाका-श्रवदावा धानदा या का ना. क्रिक **ঐতি**তিটি ক্ষেত্রে অঞ্চল পঞ্চারেত এবং গ্রাম পঞ্চারেতে বে বগড়ো আছে ব**লছে**ন একমা সভ্য নর। বরং অনেক জারগাতে তারা একবোগে কাজ করছেন। আর একজন প্রণ্ন তলেছেন বে, অধ্যক্ষ কেন নিলেন? মনসূর সাহেব খুব আবেগভরে শাল্ডানাম কমিটির কথা বলেছেন. কিল্ড আমি শাশ্তানাম কমিটির রিপোর্ট দেখেছি, শাশ্তানাম সাহেবের সংগ্র আলোচনাও করেছি। তিনি বলেছেন যে, নির্বাচন কমিরে দেওয়া ভাল, অন্ততপক্ষে গ্রামসভার অধ্যক্ষদের নাও। যা হোক বে কথা আমি বলতে চাচ্চিলাম সেটা হচ্চে এখন সমস্ত ভারতবর্ষে যে কমিটি আছে তাঁরা একথা আন্তর্কে চিন্তা করছেন যে পশ্চিমবণ্য যেভাবে অঞ্চল পঞ্চায়েত করেছে হয়তো সমুস্ত ভারতবর্ষে स्रोते भवर्जन कवरूर शत । क्रिक **अक्षम भक्षाराज ना शत्मक कराव**की वारका क्रे शाम भक्षाराज्य গুলি ছোটখাট একটা সমিতি করে সরকারী কর্মচারী বা বেসরকারী কর্মচারী নেবার কথা ভাবছেন। আমি সারে আপনার কাছে জানাই যে এ বিষয়ে যে আইন করা হয় বিভিন্ন রাজ্যে কি হচ্ছে না হচ্ছে তা দেখে বছরে একবার করে আলাপ-আলোচনা করে অভিন্ততার ভিত্তিতে এই আইনগ্রিল হচ্চে। কান্ডেই যারা মনে করছেন যে, দলীয় দ্বার্থ দেখার জনা কেবলমার্ট এই আইন পরিবর্তন করা হচ্ছে আমি তাঁদের বলবো যে তাঁরা হয় একটা কল্পনা বাজে আছেন না হয় কালো চশমা দিয়ে দেখছেন। এই আইন যে সংশোধন করা হচ্চে এটা কোন দলীয় স্বার্থ দেখার क्षमा नम् न जन এको। वारम्था। भन्नारमुकी वारम्थाम क्षमका विरुक्त केवान्य कथा जाए कारक्र वेद বহু, পরিবর্তন হবে আমি স্বীকার করছি। এর পরেও হয়তো আরও আইনটার পরিবর্তন করতে হবে। কারণ এটা একটা নতন জিনিস। বিভিন্ন ক্ষেত্রে কাজ করতে গিয়ে নানা অসহবিধা দৈখা যাছে। সেজন্য আইনটার পরিবর্তন করতে হচ্ছে। একটা কথা আজকে প্রায় সকলের কপ্তে ফটে উঠেছে ট্যাক্সেশন সম্বন্ধে, তাও আবার দেখলাম মত দূরকম আছে। অপূর্ববাব, বললেন ২ পার্সেন্ট কেন ১৫ পার্সেন্ট পর্যন্ত বড়লোকদের করা হোক আরার গিরিল মাহাতো মহালয় আবেগময় কণ্ঠে বললেন ভীষণ ট্যাক্স করবার জন্য আইনটা পরিবর্তন করা হচ্চে। মানে ট্যাক্স বন্ধি করবার জন্য নাকি এই আইনের পরিবর্তন করা হচ্চে। আমি আপনার কাছে জানাই যে কোন ট্যাক্স व्भित बना এই আইন कता रहा नि। अभूव वाद, भूव ভाषভाবে म्कान करताहन। आইरन विगे বলেছে দ্ব ভাগে ভাগ করে দেওয়া সেটা হাইকোর্ট বলেছে। গুরা তার উপর বেসিস করে এটা বলেছেন দুভাগে ভাগ করুন এবং আমি স্বীকার করছি যে, যা আছে তার থেকে যাতে বান্ধি না হরু, কর্মাত না হয় সেদিকে লক্ষ্য রেখে করা হয়েছে। ও'রা বলেছেন বোস্বেতে ৬ পার্সেন্ট ট্র ১৫ পার্সেন্ট আছে। আমার একবার লোভ হয়েছিল যে করে দিই সেটা তার পরে ভাবলাম এখানে এমনিতে কথা উঠে যে, টাব্রেশন বৃদ্ধি ছাড়া দলীয় স্বার্থ ছাড়া আরু আমরা কিছু দেখি না এটা করলে তো আরো বেশী উঠবে। কিন্তু এখন অপূর্ববাবার কথাতে মনে হচ্ছে যে করে দিলে বোধ হয় স্বীকার করে নিতেন অর্থাৎ তিনি অন্তত সমর্থন করতেন। আমি একথা এখানে বলি বে. এই বে ট্যাক্সেশান করা হচ্ছে আইনত ২টা ভাগে ভাগ করে ইনকাম আমরা দিতে পারি না। আগে ইউনিয়ন বোর্ডে কি টাব্র ছিল? একটা সাত্রিস্ক্রান্তর উপরে টাব্র হত। তা নিতে গিরে বেটা আমরা দেখেছি বে কোথাও বেশী হরে ছিল। এগুলির কতক কোটো চালেঞ্জ হরেছে। তার অভিজ্ঞতা থেকে ন্তন করে করছি। তাতেও বাদ কোনখানে দেখি যে অস্ত্রবিধা হক্তে ভবিষাতে পরিবর্তনের জন্য আনাবো। আপাততঃ যা আমরা করেছি তাতে গিরিশবাব, বা কারো আশক্ষা कत्रवात मत्रकात तारे त्व हो। जारेन व निषद सना आहेन कती हत्कः। आहेन कता हत्क त्व त्वहेन व्यामात्र कता २७ त्मिंग्रेक् व्यामात्र कतवात्र स्नना। এको कथा अशात्म स्टेटिस अम्बन्सन कियाँ। নিরে। এই এডুকেশন সম্বন্ধে বলতে গিয়ে একজন সদস্য একটি পরোতন গলেপর কথা বললেন যে জেলা পরিষদ শিক্ষার এই অভিজ্ঞতা। বদিও এ গলপটা বহু, পরোতন, প্রার পচে গেছে। আমি এ গণ্প বছর ৮ আলে শুনেছি। ঐ হরধন্ ভণ্গের গণ্প এবং ঐ গল্প কেছালাতে আমি বছর ৩ আগে একটা পাবলিক মিটিংএ বলেছিলাম বখন সংস্কৃত ताथा रात कि रात ना कथा राष्ट्र । अञ्चल स्थाना भीवतम रुवात वर, भारत व अक्ना भारताञ्च शक्मो न एन करत हानावाह क्रको करत्रहरून किन्छु खेरी त्रकलाई खात। अथन अस्ट्रक्मन त्रन्यत्य বলতে চাই। আমি বলি সে কথাটার খানিকটা সনংবাব, বাস্ত করেছেন। তাঁর সংগে আলোচনা se: সেটা ভাররেকটিভ প্রিসিগিল অফ দি কনন্টিটিউসান অর্থাৎ ১৪ বছর ব্যাস প্রতিত

বে শিক্ষার ব্যবস্থা—শবে বিশেষক্ষ একটা কমিটি হাইলি সেন্দ্রালাইক কমিটি বোর্ড অফ সেকে-ডারী এডকেসানের হাতে না থেকে বা এডকেসান ডিরেক্টারের হাতে না থেকে প্রত্যেক জ্লেনার জেলার িত্র ত্রীক্রণ করাটা বাঞ্চনীয়। তা না হলে এই ১ থেকে ১৪ বছর পর্যনত শিক্ষাটা দ্রত যত এগিয়ে যাওয়া উচিত ছিল তা বাচ্ছে না। আমি শিক্ষা বিভাগের কাজ দেখে দেখেছি সনংবাব य कथा वनलन य अष्ट्रक्मन, थे मिक्फानी अष्ट्रक्मन वनए शहे म्कून शहात मिक्फानी ছাড়া অন্য কোন চিন্তা আমাদের মধ্যে নেই। জহরবাব, যে কথাটা বলছেন তাঁর মাথাতে কিন্ত সেকেন্ডারী এড়কেসন বলতে হাই স্কুল ছাড়া অন্য কোন চিন্তা আসছে না এবং মাননীয় অনেক সদস্যের মাধারও সে চিন্তা আছে। আমি বলছি জ্বনিয়ার হাই আপ ট্র দি এজ গ্রন্থ অফ ফোর্টিন যেটা ডায়রেকটিভ প্রিলিসপল অফ দি কর্নান্টিটিউসান হচ্ছে যে ১৪ বছর বয়স পর্যত প্রত্যেকটা লোককে শিক্ষা দেওয়া দরকার এবং সেটাকে বিনা ব্যয়ে যাতে শিক্ষা গ্রহণ করতে পারে তার ব্যবস্থা করা উচিত। বাংলা দেশের অবস্থা কি? যত হাই স্কুল বা হায়ার সেকেন্ডারী আছে জ্বনিয়ার হাই স্ক্রলের সংখ্যা তার চেয়ে কম আছে। কারণ এদিকে যে পরিমাণ নজর দেওয়া উচিত ছিল ঠিক সে পরিমাণ নজর হয়তো দেওয়া হচ্ছে না। শিক্ষা বিভাগের আণ্ডারে আমি ২টি বিভাগে আছি বলে তাই জ্বোর করে বলছি। আমি এজন্য মনে করি যে জেলা পরিষদ বা জেলার জেলায় িক্রেইন্মণ হলে জানিয়ার হাই স্কুল পর্যন্ত কাজ ভালভাবে চলবে। এখন কথা হচ্ছে যে আপনারা যা আইন করছেন তাতে সমস্ত সেকেন্ডারী চলে আসতে পারে। তা হলে কি করা

[5-55-5-59 p.m.]

হবে? এখন কি করা হয়েছে-না এর আগে ছিল অ্যাডান্ড এডুকেসানের কিছু কাজকর্ম, সোসাল এড়কেসানের কাজ, জেলা পরিষদ বা স্ট্যান্ডিং কমিটি করতে পারেন। এখন শুধু সেই প্রভিসান করে নেওয়া হয়েছে যে প্রয়োজন হলে মাধ্যমিক শিক্ষার কাজ জেলা পরিষদ করতে পারবে। তারপর মাধ্যমিক শিক্ষার কতট,কর কাজ দেবেন, কি দেবেন না সেটা আক্টে-এর উপর নির্ভর করছে। আমি আপনার কাছে বলতে পারি, পঞ্চায়েতের মাধ্যমে কাজ করার বিষয় অনেকথানি এগিয়ে এসেছে। তার মধ্যে মহারাদ্ধ সমস্ত সেকে ভারী এড়কেশানকে জুনিয়ার হাই স্কুল-এ সমস্ত কাজ দিয়ে দিয়েছেন। এখনও পর্যন্ত সরকারের মাথায় যা আছে সেটা হচ্ছে জুনিয়ার হাই স্কুল পর্যন্ত, তার উপরে নয়। স্টেপ বাই স্টেপ যাওয়া উচিত। আর একটা কথা প্রত্যেক সভ্য বলেছেন যে, নিজের দলের লোককে প্রোভাইড করার জন্য এই অনারেরিয়াম দেবেন। কিল্ত আমি দেখছি क्रमण । अर्थ्यक्रीया करत यीन कारकत जात रागी करत मिर्छ दस जा दरन राज कार्क मुख्यार করতে গেলে তার জনা একটা অনারেরিয়ামের বাবস্থা করা অনায়ে নয়। জেলা পরিষদে চেয়ারম্যান ভাইস-চেয়ারম্যান, আঞ্চলিক পরিষদে প্রেসিডেণ্ট, ভাইস-প্রেসিডেণ্টকে বেশী করে কান্ধ করতে দেওয়া হবে বলে আশা করা যাচ্চে এবং ভবিষাতে আরও ক্ষমতা অর্পণ করার জনা সরকার যেখানে তৈরী হচ্ছেন সেখানে তাদের একটা অনারেরিয়ামের বাবস্থা করা অনায় নয়। কারণ অঞ্চলে যিনি প্রেসিডেন্ট তিনি ঐখানেই থাকেন আবার অনেক আঞ্চলিক পরিষদের সভাপতিকে দরে থেকে এসে কাঞ্চ করতে হয় বলে তাকে একটা অনারেরিয়াম দেওয়া যান্তিসপাত। জেলা পরিষদের চেয়ারমানকে অনেক সময় বাইরে যেতে হয়। তাঁকে ডেইলী এলাউন্স দিতে গেলে অনেক পরসা পড়ে যয়। সেজন্য আমি মনে করি এটা করাই ভাল। মহারাষ্ট্র এবং গ্রেজরাটের দিকে যদি তাকান তা হলে দেখবেন যাদের গরেছপূর্ণ কাজ দেওয়া হয়েছে তাদের কিছ, কিছ, অনারেরিরমা एनवात वावन्था আছে। ञ्राठ এव न ्छन करत किছ क्त्रा श्राह्म ना। खानतक खाद्रा खानक कथा वर्षण्डन स्मार्गामत क्रवार्व मिरा शारता आरता अस्तिक ममस मागरत, य ममस आर्थान मिरावन ना। ম্লকথা বলতে চাই সারকুলেশান মোসান এনে আরো একটা দেরী করিয়ে দেওয়া। আমরা সকলেই - জানি ৩০০-র উপর গ্রামসভার এখনও নির্বাচন হয় নি। আমি সেজন্য নিজেকে আর দোষী করতে हारे ना। जिल्ला मातकुर्णमान स्थामान स्नवात कान यहित आहि क्ल मस्न कीत ना अवर ममन्छ সার্কুলেশান মোশানের বিরোধিতা করে আমি আমার বন্ধব্য শেষ করছি।

The motion that the Bill be circulated for eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Sowrindra Mohan Misra that the West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965, be taken into consideration, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-59 p.m. till 1 p.m. on Wednesday, the 17th November, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 17th November, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 10 Ministers, 4 Ministers of State and 181 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1-1-10 p.m.]

Rate of taxes on land

- *184. (Admitted question No. *973.) Shri Aswini Roy: ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্দ্রমহাশর অনুগ্রহণ্ট্রক জানাইবেন কি—
 - (ক) ইহা কি সত্য যে পশ্চিমবঞ্চা সরকার ভূমি রাজন্থের হার বৃত্তির সিত্তালত লইয়াছেল;
 এবং
 - (খ) সতা হইলে, ইহার কারণ কি?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটি এবং প্রশ্ন নং *১৯০ একই) ধরনের, সে জন্য এদন্টি এক<u>রে নেওয়া</u> হোক।

Proposal for increasing taxes on land

- *190. (Admitted question No. *1291.) Shri Gour Chandra Kundu: ভাম ও ভাম রাজন্ব বিভাগের মণিকমহাশর অন্যৱস্থাবিক জানাইকো কি—
 - (ক) ইহা কি সত্য যে গ্রামাণ্ডলে খাজনা বৃদ্ধি করিবার জন্য সরকারী প্রস্তাব আছে; এবং
 - (अ) मठा श्रहेरम कि भित्रमान भावना वृत्तियत कथा क्रिन्छ। क्षित्रराज्यका ?

প্রথম্টির (ক) না।

(খ) বর্ষিত প্রতিরক্ষা ব্যর এবং উময়ন ব্যরের সম্পোল করিবার জন্য ভূমি রাজন্যের উপর শক্তকর ২৫ ভাগ কর্মিকরে (সারজার্জ) বনাইকর প্রশাসন সমস্যারের বিকোলাধীন আছে।

ন্বিত্তীরটির (ক) দের খাজনার উপর অধিভার বসাইবার প্রস্ভাব বিক্লেনাধীন আছে।

(খ) সরকারের ভূমি রাজ্ঞান্তবর উপর শতকরা ২৫ ভাগ অধিক্রান্ত (সাক্ষার্জ) বসাইবার প্রদতাব আছে।

िर्मान्दन। द्वाद :

এই বে সারচার্জ বসাবেন, বর্তমানে বে হারে থাজনা আদল হচেছ, দেই হারেছ উপর, না আন্ত কোন কিছুর উপর?

Benefitte witter:

ब्रियम्ब अन्डाकीरे श्रृटींड दर्जनि: अन्डाकीरे क्रियम्बा क्या रह्यः। कारकरे, कि दास्त वजान दृह्यः या ना रहतः, छा अथनेड क्या बात ना।

Shri Aswini Roy:

মোট রাজস্ব আপনার পশ্চিমবংশে কত আদায় হয়, এবং এই রকম সারচার্জ ব্রাসয়ে, আপনারা কত টাকা বেশী পাবেন?

Shri Syamadas Bhattacharyya:

আমাদের মোট রাজন্বের দাবী হল প্রায় ছয় কোটি টাকার কাছাকাছি। তার শতকরা ২৫ ভাগ যদি সারচার্জ হয়, তাহলে দেড কোটি টাকার মত হতে পারে।

Shri Sanat Kumar Raha:

সারচার্জ বদি বসানর সিম্পান্ত হয়, তাহতো সেটা, ছোট, বড় সকলের উপর সমানভাবে বসানর জন্য চিন্তা করছেন, না, সরকারের এমন কোন সিম্পান্ত আছে যে একটা সেক্সন কে ছেড়ে দুরুলা হবে?

Shri Syamadas Bhattacharyya:

সমস্ত বিষয়টা বিবেচনাধান আছে।

Shri Deb Saran Chosh:

বর্তমানে খাজনার যে স্মাক্টার আছে, তা পরিবর্তন করবার কোন চিম্তা করছেন কিনা?

Shri Syamadas Bhattacharyya:

ना ।

Shri Abani Kumar Basu!

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, ভূমি রাজস্ব বৃদ্ধি করা সম্বন্ধে প্রশন ছিল, সেখানে ভূমি রাজস্বের কথা না বলে, সারচার্জের কথা বলছেন কেন?

Shri Syamadas Bhattacharyya:

প্রশন ছিল এই, ভূমিরাজন্ব বৃদ্ধি করবার কোন প্রস্তাব আছে কিনা? ভূমিরাজন্ব বৃদ্ধির কোন প্রস্তাব নেই। তবে সারচার্জ বৃদ্ধির প্রস্তাব আছে সারচার্জ বৃদ্ধি হয়, তাহলে ভূমি রাজন্বের যা আদার হয়, তার সপ্যে একটা আন্পাতিক হারে আদার হতে পারে, এবং সারচার্জ বসানও বেতে পারে। সেইজনাই এই ভাবে উত্তর দেওরা হছে।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন? ভূমি রাজস্ব যেটা ডিটারমাইন হয়েছিল, সেটা শেষ কতদিন আগে, এই ভূমি রাজস্ব নিমিতি হয়েছিল?

Shri Syamadas Bhattacharyya:

অনেকদিন এই ভূমিরাজন্ব বৃন্ধি করা হরনি। ১৯৩৭ সাল পর্বন্ত। আগেকার দিনে জমিবাররা বৃন্ধি করতে পারতেন। সেই সময় বৃন্ধির পরিমাণ কম ছিল। ১৯৩৭ সালের পর থেকে আর ভূমিরাজন্বের পরিমাণ বৃন্ধি করা হর নি।

Shri Abani Kumar Basu:

মল্মীমহাশয় বলবেন কি পশ্চিমবশ্যের গড়পড়তা ভূমি রাজন্বের পরিমাণ কত?

Shri Svamadas Bhattacharyya:

প্রার হর কোটি টাকার মত।

Shri Sailendra Nath Adhikary:

এই ভূমিরাজন্তের উপর সারচার্জ বেটা মন্তিমহাশন্ধ বৃন্দি করবার জন্য চিস্তা করছেন, সেটা করতে গিরে যে সমস্ত আন-ইকনমিক লয়ন্ড আছে, সেই সমস্ত ল্যান্ড বাদ দেওরার কথা 🌱 বিবেচনা করবেন কি ?

* Shri Syamadas Bhattacharyya:

🚵 মি আগেই বলেছি সমস্ত বিষয়ই বিবেচনাধীন আছে।

Shri Sailendra Nath Adhikary:

আপনি কি এই সায়চার্চ্চ করবার ব্যাপারে একটি এক্সপার্ট কমিটি নিয়োগ করে, তাদের উপদেশ নিয়ে এই সায়চার্চ্চ ঠিক করবেন, না আপনি এ বিষয়ে অলর্য়েড স্মাকচার ঠিক করে ফেলেছেন?

Shri Syamadas Bhattacharyya:

আমি নিশ্চয়ই আপনাদের উপদেশ নেব। আমরা নিজেদের এক্সপার্ট মনে কাঁর কিনা সেটা মতামতের বিষয়।

Shri Nani Bhattacharjee:

এই যে মন্দ্রিমহাশয় বলেছেন ভূমিরাজন্তের হার ১৯৩৭ সালের পর থেকে বাড়ান হয় নাই এবং এখন ৬ কোটি টাকার মত ভূমিরাজন্ব আদায় হচ্ছে। আনডিভাইডেড বেণ্গলে কি পরিমাণ আদায় হতে। তার কোন রেকর্ড আছে ?

Shri Syamadas Bhattacharyya:

তা বলতে পারবো না। এই কথা বলেছি যে পরিমাণ আদার হতো আগে, সেই পরিমাণ আদার হছে। মাননীর সদস্য নিশ্চরই জানেন এক্টেটস আব্দুইজিশন আফ্রট অনুবারী আমরা যখন সমুশ্চ জমিদারী বিলোপ করলাম এবং রারতের সঙ্গো সরাসরি সম্পর্ক স্থাপন করলাম, তখন এটা ঠিক হলো বে রারত যে খাজনা দিতেন আগে, সেই খাজনা এখনো তিনি দেবেন। ১৯৩৭ সালের পর থেকে কোন ভাবেই খাজনা বিশ্বতি হয় নাই। কিন্তু তার আগে খাজনা সামান্য বৃদ্ধি পেরেছে। তখন যে পরিমাণ খাজনা আদার হতো, এখনো ঠিক সেই পরিরাণ খাজনা আছে যদিও উৎপক্ষ ফসলের মূল্য যথেন্ট পরিমাণ বৈডেছে।

Shri Nani Bhattacharlee:

এই যে ১৯০৭ সালের পর থেকে ধার্য খাজনা বাড়ান নাই, দ্যাট মে বি কারেক্ট, জামদাররা অবিশুক্ত বাংলায় যে খাজনা দিতেন, সেটা ৩ কোটি টাকার বেশী নয়, এ্যাজ ফার এ্যাজ আই রিকলেক্ট, এখন আপনারা ৬ কোটি টাকা ভূমি রাজস্ব পাচ্ছেন। এটা কি ঠিক জানেন যে বার বার এই দাবীটা ছিল বাতে জমিদাররা খাজনা কমান ১৯৩৭ সাল বা তার আগে যেভাবে খাজনা চাষীর উপর বাড়াতে বাড়াতে চলেছিল, তাতে সেই সময় একটি দাবি উঠেছিল সমস্ত কৃষক সংগঠন থেকে, সমস্ত রাজনৈতিক দলগালি থেকে যে এই খাজনার অতিরিক্ত বোঝা সাধারণ চাষীর উপর বে চাপিরে দেওয়া হয়েছে, তা কমাতে হবে, লাখব করতে হবে।

* Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে দীর্ঘ প্রশন করলেন তার মধ্যে এই ইণিগত আছে ষে প্রজাদের উপর আগে যে খাজনা বসান হতো ১৯৩৭ সালে বা তার আগে, তা অতান্ত গার্বভার ছিল। তবে একথা ঠিক যে সেই সময় প্রজারা সেই খাজনা দিতে পারতেন না। তাঁরা জামিকে বলতেন যম। খাজনা দিতে পারতেন না বলে জাম ইন্তফা দিতেন। একথা ঠিক। কিন্তু তারপর থেকে অবন্থার পরিবর্তন হয়েছে। তারপর খাজনা কমের আন্দোলন হয়েছিল। জামির উৎপর ফসলের দাম অতান্ত কম ছিল বলে প্রজারা খাজনা দিতে পারতেন না। আজকে সেই ফসলের মূল্য বহুগুণ বেড়েছে অথচ খাজনার হার বাড়ে নাই। কাজেই এখন আর সেকথা খাটে না। খাজনা কমানোর যে আন্দোলন ছিল ১৯০১ সালে ১৯০২ সালে যে ভিস্তোলা চলছিল, যখন ধানের দাম কম হয়ে গিয়েছিল, তখনকার আন্দোলনের সন্ধো এখনকার কোন

[1-10-1-20 p.m.]

ज्ञिननी छद्रोहार्य

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, আন ইকর্নামক হোল্ডিংওয়ালা যেসব কৃষক তারা ত কোন লাভবান হচ্ছে না, তাদের ক্ষেত্রে খাজনা মকুষ করার কোন সিম্পান্ত নেবেন কিনা?

শ্রীশামাদাস ভটাচার্ব:

বাদি সতিয় কথা বলেন তাহলে খাজনা হয়ত একদিন মকুব করে দেওয়া হবে। তবে সমস্ত বিষয়টা বিবেচনাধীন আছে।

श्रीखबनी कृषात वन्:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ৬ কোটি টাকা ভূমি রাজস্ব আদায় হয়। আমি তাঁর কাছে জ্বানতে চাই পশ্চিমবংশ্য একর প্রতি ভূমি রাজস্ব গড়পড়তা কত?

ीन्यामान क्लांग्य :

গড়পড়তা ৩ টাকা ১২ আনার মত হবে।

श्रीभांद्रशाभाग छाम्,छी:

শ্বাননীয় মন্দ্রিমহাশয় কি জানাবেন, বর্তমানে নির্ধারিত খাজনা আর বৈজ্ঞানিক পম্ধতিতে ইকর্নমিক রেন্ট যাকে বলে তার সংগ্য কি পার্থক্য আছে?

श्रीमग्रामान एक्नेहाय":

এটা অত্যন্ত গ্রন্থতর বিষয়, সত্য বলতে কি যে এর সংগ্য মতামতের প্রশ্ন এত জড়িত যে এটা সাম্পিমেন্টারি হতে পারবে কিনা মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে আমি নিবেদন করছি।

শ্ৰীৰলাই লাল দাস মহাপাতঃ

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই যে খাজনার উপর সারচার্জ ধার্য করা হয়েছে সেখানে সেচ এলাকার বহির্ভৃতি ৫ একর জমির উপর পর্যন্ত বাদ দেবার কথা ছিল, সেটা মকুব করার কথা ্রেচনা করবেন কিনা?

श्रीमाधामात्र क्रोहार्य :

আমি বলোছ যে, সমদত বিষয়টাই বিবেচনা করা হবে।

প্রীভদ্র বাহাদরে হামাল:

মন্দ্রিমহাশ্য এখনই বললেন যে, গড়পড়তা ৩ টাকা করে খাজনা, কিল্ডু আপনি কি জানেন যে চা ৰাগানের যে জমি ভেস্টেড হয়েছে তার খাজনা ৩৭ টাকা ৮৭ নয়া পয়সা করা আছে. সেটা কমাবার কথা বিবেচনা করবেন কিনা?

श्रीभाषामाम फहाहार १

এখানে কথা হচ্ছে আগে যে প্রকারের খাজনা দিতেন সেই প্রকার খাজনাই আমরা আদায় করবো। আগে প্রজা ও রায়ত জমিদারকে যে খাজনা দিতেন তার চেয়ে বেশী আদায় করছি না। তবে ষে নমুস্ত জমি ভেন্টেড হয়েছে সেখানে একটা নির্দিন্ট হাবে স্থানীয় রায়ত বা প্রজাদের বন্দোবস্ত দিছি, তবে এই বন্দোবস্ত স্থায়ীভাবে দেওয়া হয় নি। আমরা শীঘ্রই স্থায়ীভাবে দেবো, তবে তার হার বিভিন্ন জায়গায় বিভিন্ন রক্ষম হবে। মাননীয় সদস্য যে ৩৭ টাকার কথা বললেন সেটা খ্ব স্মুভবতঃ তিনি নন এগ্রিকালচারাল টেনান্টের কথা বলেছেন। এর মধ্যে দুটি জিনিষ আছে, একটি হচ্ছে কৃষি প্রজা, আর একটি হচ্ছে অকৃষি প্রজা। মাননীয় সদস্য বোধহয় জন্দান্থেতের কথা বলছেন, বেশীর ভাগ নন এগ্রিকালচার্লাল টেনান্ট হারা তাদের জন্য এই রেশ্ট আছে।

শ্রিকালালা ভাদ্যভূগী:

মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন ১৯৩০ সালে আইন অমান্য আন্দোলনের সময় মহাত্মা গান্ধী যে ১১টি পয়েন্ট দেন তার মধ্যে একাদশ পয়েন্ট হচ্ছে যে খাজনার ভার ৫৫ ভাগ কমান। সে দিক থেকে জাতীয় আন্দোলনের যে দায়িত্ব ছিল খাজনার ভার ৫০ ভাগ কমান সে সন্দেশে আর একটা প্রশেনর উত্তরে বলেছেন যে ম্লাব্দির জন্য সে কথা ভাবছেন না, কিন্তু তব্ও যে জমিগ্নিলর খাজনা ধার্য করা উচিত নয় সে সম্পর্কে তাঁরা মকুব করেন নি। তাই জাতীয় আন্দোলনের যে প্রতিশ্রতি সেটা কিভাবে পালন করবেন বলে ভাবছেন সেটা জানাবেন কি?

वीनाभाग कोतार्य:

ৰুখন জাতীয় আন্দোলন হয়েছিল তখন খাজনার হার সত্য সতাই অত্যন্ত গ্রহ্ভার বলে পরিগণিত ছিতো। তখন জিনিষ পত্রের মূল্য এত কম ছিল যে এক বিঘা জমির খাজনা দিতে জমির সমঙ্ক ফসলই বিক্লি করে দিতে হতো। আজকের দিনে এক বিঘা জমির খাজনা দিতে কৃষককে পাঁড়িত হতে হয়না। যেমন ফসলের দাম বেড়েছে তেমনি খাজনা আদায়ের পাঁরমাণও অনেক বেশাঁ বেড়েছে।

শ্রীপাঁচুগোপাল ভাদ্কৌ:

মাননীয় মন্চিমহাশয় তাহলে জানাবেন কি, ম্<mark>লোব্ন্সির জন্য তাঁরা প্রোনো খাজনা কমাবার কথা</mark> যেহেতু চিন্তা করছেন না সেহেতু কমপেনসেশন হিসাবে আন ইক্নমিক হোলিডংএর খাজনা একজেমশন দেবার কথা চিন্তা করছেন কি?

শ্রীশ্যামাদাস ভটাচার্য:

জ্ঞাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছি যে, সমস্ত বিষয়টা বিবেচনাধীন আছে, এখনও কোন সিম্পান্ত গ্রহণ করা হয়নি।

Cramdan in Murshidahad district

*185. (Admitted question No. *1007.) Shri Birendra Narayan Roy:

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

- (ক) ইহা কি সতা যে ১৯৬২ সালে বিনোবা ভাবের পাদ পরিক্রমার সময় মানিদাবাদ জেলার নবগ্রাম থানার (১) লক্ষণপরে, (২) ঝালনপরে এবং (৩) বরকতপরে নামক তিনখানি গ্রাম তংকালীন ভারতের প্রধানমন্ত্রী জহরলাল নেহর, এবং পন্চিমবঙ্গের মাখ্যমন্ত্রী প্রীপ্রফালের সেনের উপস্থিতিতে দান করা হইয়াছিল; এবং
- (খ) সতা হইলে, উক্ত স্থানগ্নলিতে কয় বিঘা কৃষি এবং অকৃষি জমি আছে?

शिभागामात्र छहोहाय :

- (ক) হাাঁ।
- (খ) কৃষি জমি ১৩৩১ বিঘা। অকৃষি জমি ২০৭ বিঘা।

मीवीरतन्त्र नातामन बास:

এই তিনটি জারগার দান করার পর এর উন্নতির জন্য বর্তমান সময় পর্যন্ত কি কি করেছেন আপনারা?

श्रीमाप्रामाम कर्ताहार्य:

এখানে দান করবার পর আশাদা করে কিছু করা হয়েছে এই রকম খবর আমার কাছে নেই।

प्रतिमानम् नाथ जीवकानीः

মাননীর মন্তিমহাশর কি জানাবেন, এই যে ভিনিটি গ্রাম গ্রামদান এয়ার অনুসারে নেওরা হরেছে সেখানে গ্রামদান এয়ার এয়াপলারেড হরেছে কিনা?

श्रीमग्रमानान कड़ोठार्य :

গ্রামদান আইন আমরা যখন করি তখন বিনোভান্ধীর উপদেশ মত করেছিলাম এবং বিনোভান্ধীর কাজকর্ম এখানে যিনি দেখাশোনা করেন, গ্রীচার, চন্দ্র ভাণ্ডারী মহাশরের পরামর্শক্রমে করেছিলাম। তারই পরামর্শক্রমে গ্রামদান আইনের নিরমাবলি রচিত হচ্ছে, এখনও সেই নিরমাবলি চুড়ান্তভাবে সংশোধিত হর্মনি, প্রকাশিত হর্মনি। সেজনা আইনটা প্ররোপ্ত্রির প্ররোগ হয়েছে একথা বলতে পারিনা।

শ্ৰীশৈলেন্দ্ৰ নাথ অধিকাৰীঃ

মাননীয় মন্দ্রী মহাশয় কি আমাদের এই কথা বোঝাতে চাইছেন যে যেহেতু গ্রামদান এয়ার পান্দ হবার পরে র্লস্গানিল তৈরী হর্না সেহেতু এই সমস্ত দানকৃত গ্রামগানি ঠিক যে জায়গার আগে ছিল সেই জায়গার রয়ে গিরেছে, এর দ্যাটাসকো অলটার হর্নান?

শ্রীশ্যমাদাস ভট্টাচার্শ :

মাননীয় সদস্য ঠিকই বলেছেন।

डीननश्कृषात बाहा:

সেই জায়গাগালি বর্তমানে কার ভোগ দখলে আছে?

म्मार्गियातातः **उद्दोराय**ः

নোটিশ দিলে বলতে পারবো।

श्रीवीद्यन्त्र नावायन बायः

তাহলে কি ব্রুতে হবে, স্যার, ১৯৬২ সালে আচার্য বিনোভাজীর সামনে, প্রধান মন্ত্রী পাঁন্ডর্ড নেহের্য এবং মুখ্যমন্ত্রী শ্রীপ্রফব্লে সেনের সামনে যে দান পাওয়া গেল সেটা কি পার্বালককে ধোকা দেবার জনা?

श्रीमग्रमामात्र कहोहार्यः

এটা মতামতের প্রশন। জিনিষটা হল এই যে, মাননীয় সদস্যরা বোধ হয় ভূলে গিয়েছেন আমি যখন গ্রামদান আইনটা এখানে উপস্থিত করেছিলাম তখন বলেছিলাম গ্রামদান আইনটা সম্পূর্ণ বিনোভান্ধীর পরিকল্পিত এবং এখানে গ্রীচার্চন্দ্র ভান্ডারীর কথামত আমরা এর নিয়মাবলী রচনা করছি। এবং গ্রামদান এ্যান্টের যে সব সংশোধনী আনছি, সেগর্নল গ্রীচার্চন্দ্র ভান্ডারীর পরামার্শক্রমে আনছি। তাঁরা এই বিষয়ে কাজকর্ম করছেন, তাঁরা যেভাবে সংশোধন করতে বলছেন সেভাবে নিয়মাবলি রচনা করা হছে। এই সম্পর্কে কাজ কর্মের ভার পরিপূর্ণভাবে ভূদান ক্মীদের উপরেই আছে, সরকারী কর্মচারীরা তাঁদের সাহায্য করবেন মাত্র। সেই মতই অগ্রসর হচ্ছি কিন্তু এতে দেখতে পাচ্ছি খ্ব তাড়াতাড়ি অগ্রসর হওয়া যাচ্ছেনা। আমাদের দিক থেকে স্পণ্টভাবে বলতে চাই এই সম্পর্কে সরকারী কর্মচারীরা ইনিসিরেটিভ নিয়ে এগিয়ে গিয়ে নিজেদের দায়িছে কাজ করছেন না, ও'দের পরামর্শ নিয়ে কাজ করছেন।

श्रीरमवनवन रचाव:

মাননীয় মিল্যমহাশয় কি জানাবেন, যে সমস্ত গ্রাম বিনোভাজীকে দান করা হয়েছে সেই সমস্ত গ্রামের অধিবাসীদের কি এখনও স্মরণ আছে যে এই গ্রামগর্নলি বিনোভাজীকে দান করা হয়েছে?

श्रीमग्रमानात्र छहोहार्यः

সেটা বলতে পারবোনা।

फाः कानावे नान फवेकार्यः

মাননীয় মন্দ্রিমহাশয় বলেছেন যে, ইমন্দিমেন্টেশন আর ইনিসিরেটিভ সরকারী কর্মিন্ট্রেন্ট্রিন্ট্রেন্ট্রেন্ট্রেন্ট্রেন্ট্রেন্ট্রেন্ট্রিন্ট্রেন্

अभागात कहाहाय :

আমি কতবার একই কথা বলবো জানিনা, আগে বরাবরই বলেছি যদি মাননীয় সদস্যগণ মন দিরে না শোনেন তাহলে আমি নাচার। ভূদান বন্ধ সম্পর্কিত যে আইন এবং গ্রামদান সম্পর্কিত বে আইন তা সম্পূর্ণভাবে ক্রিডেডেম্বের পরিকল্পিত। আমরা বর্ধন এখানে দুটো আইন মাননীয় সদস্যগণের সামনে উপস্থাপিত করি, প্রিএয়ামবেলেও একথা বলা আছে এবং আমার বন্ধুতার সময়েও বারবার সেই কথাই বলেছিলাম যে ইনিসিরেটিভ আমাদের সরকারী কর্মচারীরা গ্রহণ করলে ভাল হবে বলে মনে করিনা, ও'রা গ্রহণ করলে ভাল হবে। সেইজনা ও'দের হাতে সম্পূর্ণরূপে এই কাজ করার ভার দির্মোছ এবং আমরা তাদের সাহায্য করবো।

7-20-1-30 p.m.]

শ্ৰীৰলাইলাল দাস মহাপার :

মাননীয় মন্দ্রিমহাশয় বলবেন, যে কথাটা আমি আপনার কথা থেকে ব্রুতে পারছি যে, যেখানে গ্রামদান আইন প্রযুক্ত হয় নি, সেখানে কি পঞ্চায়েত আইন প্রযুক্ত হয়েছে?

श्रीमहामात्र करोहार्य:

পঞ্চায়েত আইন হবার কথা নিশ্চয়।

श्रीवीरतन्त्र नाताम् । तामः

তাহলে আমি একথা ব্রুতে পারছি এই তিনটি গ্রামদান এ্যাকচুয়ালি আইন অন্সারে গ্রামদান ইয়ান এবং এই তিনটি গ্রামের জনসাধারণ যাঁরা, তাঁরা জমি কেনা-বেচা করতে পারে কিনা ? কিন্তু আমরা জানি গ্রামদান যদি হয়ে যায়, তাহলে জমি বিক্তি করতে পারে না। ব্যাপারটা কি ?

श्रीमहामाना छहे। हार्य:

আপনি ওকথা ব্রুবতে পারেন। কিন্তু একথা ব্রুবলে আপনি খুব ভুল করবেন।

New Roads in Midnapur district

*186. (Admitted question No. *1044.) Shri Ananga Mohan Das:

প্ত (রাস্তা) বিভাগের মলিমহাশয় অন্গ্রহপ্রক জানাইবেন কি—

- (ক) মেদিনীপ্র জেলা উন্নয়ন কমিটি গত তৃতীয় পরিকল্পনাকালে যে ২০টি রাস্তার নাম স্বৃপারিশ করিয়াছিলেন সেই রাস্তাগ্র্লির কাজ আরম্ভ হইয়াছে কিনা: এবং
- (খ) যদি 'ক' প্রশেনর উত্তর 'না' হয়, তবে ঐগর্বালর কান্ধ আরম্ভ না করিবার কারণ কি?

শ্রীবগেন্দ্রনাথ দাসগতে:

(ক) (খ) মেদিনীপুর জেলা উন্নয়ণ পর্যাৎ তৃতীয় পণ্ডবার্ষিক পরিকল্পনায় রাস্তা সম্পর্কে অগ্রাধিকার অনুসারে ৫৬টি রাস্তা স্পারিশ করিয়াছিলেন। ঐ ৫৬টি রাস্তার মধ্যে কেনিকোন ২০টি রাস্তা সম্পর্কে প্রশন করা হইয়াছে তাহা বুঝা যাইতেছে না।

যাহোক তৃতীয় পরিকল্পনায় মেদিনীপ্রে জেলার যে সকল রাস্তা নেওয়া ইইয়াছে তাহার মধ্যে কতকগুলির কাজ আরুদ্ভ হইয়াছে এবং করেকটি রাস্তার কাজ ভূমি দখল না পাওয়ার জন্য আরুদ্ভ করা সুদ্ভব হয় নাই।

ক্ষিত্ৰপা মোহন দাস ঃ

জ্ঞেলা উন্নয়ন পর্যাৎ যে প্রায়রিটি লিস্ট করে. বতগঢ়িল রাস্তা তৈরী করেন, প্রায়রিটি লিস্ট আপনারা কি মান্য করেন, না পাল্টা পাল্টি করেন।

द्यीयराग्यमाथ मामगर्•णः

প্রায়রিটি লিস্ট সাধারণত মান্য করা হয়, কিস্তু যদি কোন ক্ষেত্রে প্রয়োজন হয়, তাহঙ্গে একট্র পাল্টা পাল্টি করা হয়।

श्रीजनभा स्माहन मानः

মেদিনীপরে জেলার উন্নয়ন কমিটি ৫৫টি রাস্তার স্পারিশ করেছিলেন, তার মধ্যে আপনারা কতটা রাস্তা গ্রহণ করেছেন?

श्रीयरगण्यनाथ मानगर्भकः

মেদিনীপরে জেলার প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার স্পীল ওভার রাস্তা তৃতীয় পঞ্চবাষিক পরিকল্পনায় আমরা ধরেছি ২৭টি আর ন্তন রাস্তা আমরা গ্রহণ করব বলে স্থির করেছিলাম ৩৬টি।

শ্রীজনতা মোহন দাসঃ

মেদিনীপরে জেলার প্রথম পরিকল্পনায় এবং দ্বিতীয় পরিকল্পনায় কতগর্লি রাস্তা শেষ হয় নি?

শ্রীষণেন্দ্রনাথ দাসগতেঃ

প্রথম এবং দ্বিতীয় পণ্ডবার্ষিক পরিকল্পনায় যেগুলো নেওয়া হয়েছিল, তার প্রত্যেকটি কাজ শেষ হয়েছে, দ্ব একটি সামান্য বাকি থাকতে পারে। গোপীবল্লভপরে এবং নয়নগ্রামে রাস্তার একটা প্ল বাকি আছে। আর থালের উপর দ্বটো প্ল বাকি আছে। আর পটাশপ্রে বাহ্চকে কিছ্টা কাজ বাকি আছে। আর থেজুরীহেড়িয়া রাস্তার ৫০ ভাগ কাজ শেষ হয়েছে। বাকি জমির পুরুদ্ধন পাওয়া যায় নি।

শ্রীঅনপা মোহন দাস:

আপনাদের পরিকল্পনার কাজ কিছ্ব বাকি রয়ে গেল, আবার দ্বিতীয় পরিকল্পনায় কিছ্ব রাস্তা আরম্ভ করলেন, আবার তৃতীয় পরিকল্পনায় যে রাস্তাগ্নিল নিলেন, তাও কিছ্ব বাকি থেকে গেল। অর্থাৎ, প্রথম এবং দ্বিতীয় পরিকল্পনার কাজ কিছ্ব বাকি থেকে গেল। আবার তৃতীয় পরিকল্পনায় আপনারা ন্তন রাস্তার কাজ নিলেন। এই রকম করে কেন আপনারা করছেন? যে কাজগ্নিল প্রথমে ধরেছেন, সেইগ্নিল শেষ করা উচিত ছিল, তা না শেষ করে পরে পরে ন্তন রাস্তা নিয়ে কেন গোলমালের স্থিত করছেন?

श्रीथरगन्मनाथ मानगर् छ:

আপনাকে ব্রিয়ের দিছি। প্রথম পরিকল্পনার যে টাকা ধরা থাকে. প্রায় তার দ্বিগ্রণ রাস্তা আমরা গ্রহণ করি। ধর্ন, পরিকল্পনার ২১ কোটি টাকা আমাদের ধরা ছিল, ৪২ কোটি বা ৪৫ কোটি টাকার রাস্তা আমরা নিই কারণ অনেক সময় এমন হয় যে, ২১ কোটি টাকার মধ্যে আমরা যে সকল রাস্তা করব বলে স্থির করেছিলাম, তার হয়ত অনেক স্থানে জনির পজেশন পেলাম না এবং অনেক স্থালে আলাইনমান্টের প্রশ্ন নিয়েও হাইকোর্টে বিবাদ উপস্থিত হলো। এই জন্য আমরা ঠিক সময়মত কাজে এগোতে পেলাম না। পজেশন না পাওয়ার জন্য অনেক রুতার কাজ শেব হর না। সেইজন্য একসংগ্য সব শেব হয় না। যেগ্রালি পজেশন পেলাম, সেগ্রনির কাজ করলাম। এইরকমভাবে নানা রকম বাধা বিপত্তি আসার জন্য এবং স্থানীর অধিবাসীর কাছ থেকে আপত্তির জন্য অ্যালাইনম্যান্ট নিয়ে, যাতে আমাদের টাকা খরচ বন্ধ না হয়, এইজন্য আমরা বেশী বেসনী রাস্তা ধরে কাজ আরুল্ড করি।

ব্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:

মশ্বিমহাশয় বললেন বে, জেলা উন্নয়ন কমিটি আছে, সেই কমিটির স্পারিশগ্রনি সাধারণত মানা হয়। তবে কোন কোন ক্ষেত্রে মানা হয় না। আমি মাননীয় মাল্যিমহাশায়কে প্রধন করছি, জেলা ক্ষিয়ন কমিটি থেকে বে স্পারিশ আসে তার বেগ্রিল আপনারা মানবেন না, সেগ্রিল কি ফের সেখানে রেফার করা হয় বে কেন মানা হচ্ছে না অথবা এক্স পার্টি করা হয় ?

क्रियरशस्त्रनाथ मानगरूकः

আমরা তাঁদের জানাই না, আমরা সাধারণত তাঁদের কাছ থেকে রেকোমেন্ডেশান চাই, তারপর আমরা বিবেচনা করে দেখি কোনগর্নাল নেওয়া সম্ভব আর কোনগর্নাল নেওয়া সম্ভব নায়। বেমন মেদিনীপরে জেলা থেকে ৫৫টা রাস্তার নাম পাঠিয়ে দিয়েছিলো, কিন্তু ৫৫টা রাস্তা আমাদের তৈরী করতে হলে যে পরিমাণ অর্থের দরকার, সেই পরিমাণ অর্থ আমাদের ছিল না।

श्रीभवनी क्रमात वन्तः

মাননীয় সদস্য শ্রীঅনণ্য দাস যে প্রশ্ন করলেন যে দেরী হচ্ছে, প্রথম পরিকল্পনা শ্বিতীর পরিকল্পনা এবং তৃতীয় পরিকল্পনার কাজে আমি মন্দ্রী মহাশয়ের কাছে প্রশন রাখছি তিনি কি অবগত আছেন যে, বহু জমি দথল হয় নি ল্যান্ড এয়কুজিশন হয় নি বলে রাস্তাগ**্রালর কাজ** পিছিয়ে যাচ্ছে?

শ্রীমগোল্মনাথ দাসগাণ্ডঃ

জমি দখল না পেলে আমরা তো রাস্তার কাজ করতে পারি না।

श्रीखबनी कुमान बन्हः

মন্ত্রমহাশয় কি জানেন যে, জমি দখল যাঁরা দেবেন, সেখানে ল্যান্ড এ্যাকুজিশন ক্যালেকটারের অফিসে লোক না থাকার জন্য এই কাজ বন্ধ হয়ে যাচ্ছে বছরের পর বছর ধরে ?

শ্রীধগেন্দ্রনাথ দাসগতে:

ল্যান্ড এ্যাকুইজিশন ক্যালেকটারের অফিসের খবর আমি বলতে পারব না।

श्रीरेगलग्मनाथ अधिकाती:

মন্তিমহাশয় কি এখন জানাবেন সীমান্তের সড়কগন্ত্রি যেগ্রাল পাক বর্ডারে রয়ে গিয়েছে নদীরা এবং মন্ত্রিদাবাদ প্রভৃতি জায়গায় এই সমস্ত গ্রেত্বপূর্ণ সড়কগন্ত্রি এবার টেক আপ করবার কোন ব্যবস্থা হচ্ছে কিনা?

শ্রীখগেন্দ্রনাথ দাসগতেঃ

এটা মেদিনীপুর জেলা সম্পর্কে প্রদন। মেদিনীপুর জেলার কোন জায়গায় কোন সূটমান্ত নেই।

श्रीवनाहे नान मात्र महाभाव:

মন্দ্রমহাশর কি বলবেন, তিনি বললেন জেলা উন্নয়ন পর্যং যেগনলৈ সনুপারিশ করেন, তার মধ্যে কিছ্ন পরিবর্তন করেন এবং এও বলেছেন যে তাঁরা ৫৫টা রাশ্তার নাম পাঠিয়োছল, তার মধ্যে ২০টা নিয়েছেন, আর্থিক অবস্থা দেখে, আমার প্রশন হচ্ছে এই যে তাঁরা যে প্রায়রিটি লিন্ট তৈরী করে দেন, তার মাঝখানে আপনারা কোন পরিবর্তন করেন কিনা এবং যদি করেন কি কারণে করেন?

श्रीयरमञ्ज्ञाध मानगर्णः

প্রায়রিটি লিস্ট আমাদের পরিবর্তন করতে হয় এইজন্য মেদিনীপুর জেলার প্রথম রাস্তাটি বে সাব ডিভিশনে দ্বিতীয় রাস্তাটি হয়ত সেই সাব ডিভিশনে তৃতীয়টি হয়ত একই সাব ডিভিশনে এই তিনটে রাস্তা বদি নিতে বাই, তাহলে আমাদের যে টাকা আছে, তাতে অন্যান্য সাৰ ডিভিসানের রাস্তা নেওয়া সম্ভব হয় না। সেজন্য প্রতিটি সার্বাডিভিসানের রাস্তা যাতে ঠিক্মত নিতে পারি তার জন্য আমাদের পরিবর্তন করতে হয়।

वीरणाहे जान मात्र प्रदाशातः

^{ছ-}আপনি বললেন যে, আপনারা এখানে বিবেচনা করে দেখবেন যে কোনটা করা দরকার। আমার বন্ধব্য হচ্ছে এই যে, সেখানকার জেলার বিভিন্ন মহকুমা সদস্যরা থাকেন, তাঁরা বিবেচনা করে দেখেন যে কোন রাস্তাটা আগে হওয়া দরকার এবং সেই অনুযারী প্রার্ররিট সাজিরে দেন।